Datta's Educational Series.

THE


-333

# PROSE AND POETICAL READER.

BY

### NABINA CHANDRA DATTA.

Compiler of "Khagola Bibaran," "Kshetra Byabahar," &c.



''নরত্নং হর্লভং লোকে বিছাতত্র স্বহুর্লভা"।

#### Calcutta:

PRINTED AT THE SUCHARU PRESS, BY LALLCHAND BISWAS, NO. 336, CHITPUR ROAD.

THE REST TO 10 YEAR OF THE PARTY OF THE PART

# গ্ৰন্থাপ্ৰ।

প্রীতিভাজন শ্রীযুত বাবু গিরীশচন্দ্র মুখোপাধ্যায় প্রিয়স্থছদ্বরেষু।

আ্যা !

আপনার সাহিত্যে বিশেষ অধিকার আছে বলিয়া এই অভিনব 'সাহিত্যমঞ্জরী" নামক গ্রন্থ-থানি আমি আপনাকেই অর্পণ করিলাম। বিশেষতঃ, এই গ্রন্থ কতদূর আদরের সামগ্রী হইয়াছে তাহা জানিনা, সেই জন্ম ইহাকে এককালে সাধারণের হস্তে দিতে আমার সাহস হয় না. আপনার হস্তে দিলাম, আপনার সংশ্রেবে ইহা যে খানে যাইবে আদরে পরিগৃহীত হইবে। ফলতঃ, ইহা আপনাকেই দিবার যোগ্য, মঞ্জরী অতি কোমল; আপনার ন্থায় কোমল ও মধুর প্রকৃতিবিশিষ্ট লোকের নিকটে ইহার রক্ষা হওয়া সম্ভব।

ইতি শ্রীনবীনচন্দ্র দত্তস্থ সহৃদয় নিবেদনং<sup>°</sup>।

### विकाशन।

বন্ধবিদ্যালয়ের উচ্চত্রেণীস্থ বাদকগণের সাহিত্যপাচোপ-যোগী এাম্ব অতি বিরল। এই দেখিয়া এই পুতক প্রণয়ন রিভে প্ররত্ত হই। সময়ে সময়ে আমার যে সকল গছ-প্রবন্ধ পত্রিকাদিতে প্রকাশিত হইয়াছিল, তাহার মধ্যে ক্ষেক্টী নির্ম্বাচন ক্রিয়া ও তুই একটা বিষয় শুভক্রী প্রতিকা, রহস্ত-সন্দর্ভ প্রভৃতি হইতে পরিবর্ত্তন পূর্ব্বক উদ্ধৃত করিয়া এই আন্তে সন্নিবেশিত হইয়াছে। পভাপ্রবন্ধ গুলি প্রায় সমুদায়ই সঙ্কলিত। এই প্রায়ে বিশ্বান্তর্গত নানা প্রকার প্রাক্ত বিষয়ের রক্তান্ত, জনসমাজ সম্বন্ধে কতিপায় প্রস্তাব ইত্যাদি নানা হিতকর বিষয় সকল নিবেশিত হইয়াছে। ভাষা শিক্ষাসহকারে প্রাক্তত, পদার্থ ও প্রাকৃতিক নিয়ম শিকা করা যে বালকগণের পক্ষে নিতান্ত প্রয়োজনীয় জাহা বলা বাত্ল্য। এই গ্রন্থে যে ক্ষেকটী বিষয় লিখিত হইয়াছে, বোধকরি, তৎপাঠে অমূলক কল্পিত উপাখ্যান প্রাঠ অপেক্ষা অনেক উপকার দর্শিতে পারিবেক।

পরিশেষে, সক্তত্ত হৃদয়ে স্বীকার করিতেছি, এই পুস্তক মুদ্রিত হইবার সময়ে আমার প্রিয় স্কদ শ্রীযুক্ত বারু ক্শানচন্দ্র মুখেপাধ্যায় অনুগ্রহ পূর্বক দেখিয়া দুয়াছেন।

ক্ষকাতা, যোড়াবাগান, নং ৯ } শীনবীন চন্দ্র দত।

# स्**ही পত্ত।** भन्छ।

পশ্চিম যামে প্রকৃতি সন্দর্শন।	
अर्याधान अभाषक्रमा वर्ग ।	4
প্রাকৃতিক আলোচনা কি মনোছর !	. 50
মধুমক্ষিকু ।ু (শুঃ পঃ পরিবর্ত্তিত)	. 45
মানুষের জন্ম।	88
বিভা ৷	48
স্বচিন্ত স্বাবলয়ন।	७३
অদেশানুরাগ।	აან
সামাজিকতা।	***
দয়া	٠٠ ٩٥
বাতাস। (শুঃ পঃ পরিবর্তিত)	be
***	504
প্ৰতিধনি।	১৭৯
আলোক।	585.
ু মৃগতৃষ্ণ ৷	>46
অগ্নি।	1584
শক্রধমু	Sate
निनित्र। ··	550
বিছাৎ। (রঃ সঃ পরিবর্ত্তিত)	. 396
ভূমিকম্প ।	519
र्म <sup>'</sup> तक्रश्र ।	. SHO
পৃথিবী বিভাগ করণের বিষয় ।	) ^\$ <b>&gt;</b> 9
त्रमांश्रग ।	. دود
পদার্থ বিছা।	. ુર્ફેંશ


# भन<u>ु</u> ।

প্রভাত বর্ণন।	***	¢
মন্দোদরীর প্রতি দশানন।	•••	>0
वर्षे हक्त ।		२७
কোকিল।		80
জीर्ग भव।	•••	ده
জীৰ্ণ তৰু।		٥٤
বিৰয় শৃত্য পুৰুষের প্রতি।	•••	95
ক্তিয়দিগের প্রতি রাজা ভীম	সিংহের উৎসাহবাক্য।	90
বাজ বাহাহুরের হিন্দুরাণী।	***	90
মিথিলাধিপতির আক্ষেপ বচনে	ন লক্ষ্মণ	
শৈৰচাপ গ	ভাঙ্গিতে উদ্ভত।	99
स्मिका स्रश्नर्यारम डिमारक मर्नन		৮২
কোন ইন্দ্রিজত সত্রাটের প্রা	ত এক জিতেন্দ্রিয়	
	জানীর উক্তি।	24
আকাশ।		200
5 <b>37</b> I	•••	509
माविजी।	•••	254
िखा। (वः (गः भः)	•••	285
मात्रः काल।		248
रेखध्यू ।	•••	Sar
शिवा नहीं।	•••	199
युक्तकारम कर्मन्न উৎमाञ्चाका।	·	394
अभीना रीवबरम डेकीख इहेग्रा	বীর স্ত্রীর স্থায়	
উৎসাহবাক্য প্রদান		225
मधाकि स्था।	•••	22.1
(ग्राम्भ ।		249

200

## শুদ্ধিপত্র।

প্	পং	অশুদ্ধ	• • • • • • • • • • • • • • • • • • •
<b>5</b>	2	<b>শর</b> নমন্দির	শর্নমন্দির,
¢	8	रेउटउ:	मूर्थन
٣	>>	মৰজ	মুরজ
۲	२२	ডালে	শাখার
\$	22	হর্মের চূণোপরি	হর্মোপরি
৯	ント	ছিন্নিকত	ছিন্নীকৃত
30	20	ভূমিতি	ভূমিতে
90	২৩	শান্তকিশার	শাক্ত শিক্ষার
273	Œ	অবিশ্রয়	ুঅধিশ্রয়
248	42	বিন্দু	রত্ব
200	2	সিক্তধর পরি	. অতিহরা গড়ি
200	٩	<b>कूरन</b>	ৰোতঃ
200	b*	খোবেলো	শাখার '
200	>	স্বৰ্ণ আসে বিহল্প হেম	াল বিহল খোৰে
ऽकर	9	খাকে	शंदकन



বী পামি দশ ঘটকার সময় শয়ন করিয়া-বিশির পরম রমণীয় শয়ন-মন্দির এবং স্থচাক পর্যারে স্মকোমল হ্রগ্ধ-ফেণনিভ শ্যা সংস্থাপিত ছিল না বটে—এক সামান্ত গৃহ ও তহুপযুক্ত শ্য্যাই আমার প্রতিক সম্পত্তি, তথাপি দিবাভাগের পরিশ্রমের পর তথায শরীর সংস্থাপন করিয়া আমি অনির্বাচনীয় সচ্ছন্দ লাভ করিলাম। ভাবিতে লাগিলাম, আমরা যতই হীনাবস্থায় পতিত হই না কেন, সকল অবস্থাতেই কিছু কিছু সুখ-ভোগ করিতে পারা যায়, এই রূপ চিত্তা করিতেছিলাম, এমত সময়ে নিজা আ'সিয়া সহসা আমার নয়ন-যুগল অধিকার ও চৈত্তা হরণ করিল। গুরুতর পরিশ্রমের পর প্রায়ই প্রাণাত নিদ্রা হইয়া থাকে, স্মতরাং আমি ক্লান্তি-হারিণী স্বয়ুপ্তির মনোরম আবেশে অভিভূত হইয়া যামিনী-যাপন করিলাম। ছয় হোরা নিজা হইলেই আমার যথেষ্ট হয়, স্মৃতরাং চারিটার অব্যবহিত পূর্ব্বেই আমার নিদ্রা ভদ হইল ৷ অতি স্থান্দা হইয়াছিল বলিয়া তৎকালে আমার আর কিছুমাত্র জড়তা বা আলম্ম ছিল না। দেখি-

লাম, সমুদার ক্লান্তি দ্রীভূত ক্রাক্ত এবং মন প্রসন্ন ও আনন্দে আপ্লাবিত হইয়া আর শ্যায় পতিত থাতি জিমিল, আমি তৎক্ষণাৎ ক্ষাইরে গিয়া দণ্ডায়-মান হইলাম। দেখিলাম, তখন প্রকৃতি এত আক্রিয় পোডা ধারণ করিয়াছে। পৃথিবী শীতল জ্যোৎস্বাজ্ঞালে দিগন্ত উদ্ধানিত হ গন্ধবহের মন্দ মন্দ হিলোলে পাদ্ সঞ্চারিত ও তদ্ধারা দিক সকল এক বা শব্দায়মান হইতেছে। চতুৰ্দ্দিগে দৃষ্টিপাত নব আনন্দ অনুভব করিলাম। বোধ হইল দিগুলয়ের কেন্দ্র স্বরূপ দণ্ডায়মান রহিয়াছি; কিন্তু দিবা-ভাগে ঐ বলয়াকার দিয়ওল যত বিস্তীর্ণ দেখায়, আলো-কের স্বংপতা প্রযুক্ত তখন তাহাকেতদপেক্ষা অনেক সঙ্কৃচিত বোধ হইল। যাহা হউক, তদ্ধারা দুখোর শোভা विकि वह थर्क इस नाहै। विकित यथन जामि छेट्स দৃষ্টি নিক্ষেপ করিলাম, তখন আমার আহলাদের আর পরিসীমা রহিল না। দেখিলাম, নভোমগুল ক্রমশঃ অবনত হইয়া দিগলয়ের সহিত মিলিত হইয়াছে, এবং তথার ভূলোক ও ভ্লালোক যেন একত্র সংযুক্ত বোধ হই-তেছে। অচিরাতিক্রান্ত বর্ষাকালীন নীল নীরদচয়ের আব-রণ হইতে মুক্ত হওয়াতে, আকাশ মনোহারিণী অসিশ্রাম-শোভা ধারণ করিয়াছে। যদিও প্রারটকালীন জলদা-বলীর অপূর্ব্ব নীলিমাও আড়ম্বরে আমি প্রীতি লাভই করিয়া থাকি, তথাপি একাদিক্রমে অনেক দিন সেই
সৌন্দর্য্য সন্দর্শন করিয়া, এখন শরতের মেঘমুক্ত অস্থরের
সহজ আনীল আভার শোভায় অধিকতর আনন্দ হইতে
লাগিল। তাদৃশ স্বচ্ছ নভোমগুলের মধ্যস্থলে, ঠিক আমার
মন্তকোপর্শীর সমুজ্জল স্থাংশুমগুল, তথা হইতে সিত
রিশি বিকীর্ণ করিয়া ভুবন আলোকময় করিতেছিল ও তাহার চতুঃপাশে ছই চারিটা মাত্র অতি উজ্জল নক্ষত্র শোভা
পাইতেছিল; অপরাপর সমুদায় গ্রহনক্ষত্র নিশাকরের
সর্ব্বাতিশায়ী জ্যোতিঃ প্রভাবে মান হইয়া আলুগোপন
করিয়াছিল। ফলতঃ, অন্তরীক্ষকে বোধ হইতে লাগিল,
যেন একখানি আনীল চন্দ্রাতপ ও তাহার মধ্যস্থল হীরক
মণিতে গুক্ষিত হইয়াছে।

কম্পনাশক্তি মধ্যে মধ্যে অনির্বাচনীয় আনন্দ বিতরণ করিরা থাকে, দেই আনন্দ বস্তুতঃ অমূলক হইলেও ইন্দ্রিয়-ভোগ অপেক্ষা তাহা দোষস্পর্শ শৃত্য ও অধিকতর হৃদয়-প্রাহী। আমার মনে হইল, যেন আমি এক অর্দ্ধ গোলাকৃতি বিস্তীর্ণ বিনোদ গৃহে উপবিষ্ট রহিয়াছি—দিখলয় যেন প্রাসাদকুটিমের পরিধি এবং নভোমগুল তাহার ছাদ, চন্দ্র ও নক্ষত্রগণ তথায় দীপমালার কার্য্য করিতেছে, এবং গন্ধবহ মন্দমন্দ বীজন করিয়া আমার সেবা করিতেছে। আবার, নিশাতুমার বিটপিগণের উন্নত পল্লব হইতে নিম্নান্থিত পাল্লবের উপর বিন্দু বিন্দু পতিত হইয়া এক অশ্রুতপুর্ব্ব মধুর ধনি উৎপন্ন করিয়া আমার রুণস্থ জ্লাইতেছে। বীণা, বেণু প্রভৃতি বালভাতের ধ্রীর

ন্থার উক্ত নৈসর্গিক শব্দের মূর্ছন। বা লয়বিশেষ ছিল না বটে, তথাপি তাহার মাধুর্য্যে আমি মোহিত হইলাম। এই নিরুপম প্রাসাদ মধ্যে থাকিয়া আমি আপনাকে রাজাধিরাজ অপেক্ষাও অধিকতর ঔশ্ব্যাশালীও সোভাগ্য-সম্পন্ন মানিলাম, এবং আমারু সন্তোব্যর নিমিত্ত যিনি ঐ সমস্ত স্থ্যাধন সাম্প্রী প্রস্তুত করিয়া রাখিয়াছিলেন, ক্তজ্জচিত্তে তাঁহার শত্মহত্র বার ধ্যুবাদ করিলাম।

আহা দেই সময়ের ভাব কি চমৎকার! তাহা নিশীথ সময়ের স্থায় প্রাণাট ও ভয়স্করও নহে, এবং প্রাতঃকা-লের তায় নিরবচ্ছিন্নই আমোদ-ভূয়িষ্ঠও নহে। ঘোরা তামদী নিশীথিনীর মধ্যভাগে বোধ হয়, কেবল সমস্ত সংসার কালের করাল কবলে পতিত হইয়াছে, আবার রজনী অবসানে, দিবাভাগে বোধ হয় যেন বিষয়-আসবে সংসার উন্মত্ত হইয়া নাচিতেছে। কিন্তু এখন প্রকৃতিকে দেখিলে বোধ হয়, যেন শান্তিবিধায়িনী বিভাবরী বস্মাতার সন্তানদিগকে শান্তিবিধান ও মিশ্ব করিয়া ধীরে ধীরে পলায়ন করিতেছে। এই শেষ যামিনী কি রমণীয় কাল। এই সময়ে সকলই প্রশান্ত। আমাদের মনে সাংসারিক চিন্তা এখনও স্থান পায় নাই, কর্ণ বধির করে এমন যে বিষয়-কোলাহল, এখনও তাহা আরম্ভ হয় নাই, কর্ম-ক্ষেত্রের দার এখনও মুক্ত হয় নাই। সমস্ত দিবসের মধ্যে প্রকৃতি এক সময়েও এমন মধুর ভাব ধারণ করে না, এই সময়ে সকলই মধুময় পবিত্র ও পরমার্থ রসে পরিপূরিত।

শেষ যামিনীর এই রূপ অপূর্ব্ব শোভার, যে ব্যক্তি সেই স্বপ্রকাশ পরমেশবের সেন্দির্য্য জ্যোতিঃ দেখিতে না পার, তাহার হৃদর পাষাণ, এবং যাহারা আলস্থের আলিঙ্গনে আবদ্ধ থাকিরা অধিক বেলা পর্যন্ত শ্যায় ইতন্ততঃ করে ও ঐ পবিত্র শোভা সন্দর্শনে বঞ্চিত হয়, তাহারা নিতান্ত হতভাগ্য •

### প্রভাত বর্ণন।

গত নিশা হেরি উষা করে আগমন।
পূর্ব্ব ভাগে রক্ত রাগে রাজিল গগণ॥
দেখি দিন হল ক্ষীণ নিশাকর-কর।
একে একে লুকাইল তারকা-নিকর॥
তগোময় বেণুবনে বিদয়া কুলায়।
হেরি ভোরে স্থখ ভরে ফিঙা গান গায়॥
অপ্প অপ্প অন্ধকারে সমারত প্রায়।
পূর্ব্ব দিকে পাদপের মাথা দেখা যায়॥
মন্দ মন্দ বহে ধীর শীতল সমীর।
দেবনে সে সমীরণ যুড়ায় শরীর॥
পাড়িছে শিশির বিন্দু পাতায় পাতায়।
শোভিছে স্থন্দর অতি মুক্তাফল প্রায়॥
লালত পঞ্চম স্বরে ডাকিল কোকিল।
জাগিল জগৎ বাসী পুরিল অখিল॥

তৰুশাখে বসি স্থাখে পাখী করে গান। শুনি সে স্থার স্বর যুড়াইছে কাণ॥ উদিত অৰুণ সহ তৰুণ তপন। উত্তপ্ত কাঞ্চন কান্তি লাঞ্ছিত বরণ॥ দীপ্রিমান্ ভারু ভাতি ভুবন ভরিল। আলোকে ভূলোকলোকে পুলকে পুরিল। কুটিল কুমুম কলি কাননে উছানে। ছুটিল সেরিভ অলি ধায় মধুপানে॥ মুদিত কুমুদ-কুল প্রফুল কমল। তোষামোদী সম ভ্রমে ভ্রমর সকল।। উদিছে তরঙ্গ রঙ্গ সরসী সলিলে। হেলিছে ছলিছে পদা মৃহল অনিলে॥ তটিনীতরঙ্গে রঙ্গে অঙ্গ ভাসাইয়া। ভ্রমিছে মরালদল ভাকিয়া ভাকিয়া॥ **धीरत धीरत जरम जीरत वनाकात मन।** ডাকিছে ভাসিছে জলে সারস সকল। রাখাল গোপাল লয়ে নাচিতে নাচিতে। চলিল মাঠেতে সবে প্রফুলিত চিতে॥ রুষভ লাঙ্গল আদি লয়ে অতি সুখে। চলিছে ক্ষকগণ ক্ষেত্ৰ অভিমুখে। দেখিয়া প্রভাত শোভা এই মনে হয়। শিশুকাল সকলেরি অতি স্থময় II

### व्यायायात वाज्ञ इमिना वर्गन।

কশাবর্তী নগরীর রাজপ্রাসাদের শ্যাা-গৃহে একদা রযুকুলতিলক রামচক্রের জ্যেষ্ঠ পুত্র কুশ শরান আছেন; রাত্রি প্রায় হুই প্রহর; দীপশিখা চঞ্চল ভাবে মৃত্নমন্দ জ্যোতিঃ প্রদান করিতেছে; পরিজনেরা সকলেই স্থপ্ত, কেবল তিনি মাত্র জাত্রং ছিলেন। এমন সময়ে বিরহিণী-বেশ-ধারিণী একটা রমণী মহারাজের জয় হউক বলিয়া বদ্ধাঞ্জলি হইয় তাঁহার সন্মুখে দণ্ডায়মান হইল। গুছের দার কদ্ধ ছিল, তথাপি তাহার মধ্যে এক জন অপরিচিত রমণীকে প্রবেশ করিতে দেখিয়া, রাজা অতান্ত বিশিত इहेलन, এवर देवर छेठिशी विमाश विलितन, "आभात ঘরের দ্বার কদ্ধ রহিয়াছে, তথাপি তুমি অনায়াসে প্রবেশ করিয়াছ, অথচ তোমার কোন যোগ প্রভাব দেখিতেছি मा ; किन्छ हिमाना निनी यमन मिनि। इरेश यात्र, তদ্রপ তুমি বিরহিণীর আকার ধারণ করিয়া লাবণ্য হীনা হইয়াছ। অতএব হে শুভে! বল তুমি কে? কাহার বা পরিগ্রাছ ? কি জন্মই বা আমার নিকটে আসিয়াছ ? রঘু-বংশীয়দিগের মনোরতি পরদারে বিমুখ এই কথাটা স্মরণ রাখিয়া আরুপূর্বীক আত্মরতান্ত বর্ণন কর ।" রামাত্মজের এই বাক্য প্রবণ করিয়া সেই অবলা বলিলেন। "মহারাজ! তোমার পিতা বিনা দোষে যাহাকে পরিত্যাগ করিয়া সমস্ত প্রজাকে সমভিবাহোরে লইয়া গোলকধামে গমন করিয়া-ছেন; আমি সেই অ্যোধ্যা প্রীর অধিদেবতা, সম্প্রতি অনাথা হইয়াছি। পূর্ব্বে তোমার পূর্ব্বপুক্ষেরা আমাকে এরপ সমৃদ্ধিশালিনী কয়িয়াছিলেন, যে অলকাপুরীও আমার নিকটে দাঁড়াইতে পারিত না; কিন্তু হে প্রবল প্রতাপ স্থ্যবংশীয় রাজন্! তুমি বিভ্যমান থাকিতেও আমার এরপ ফুর্দ্দশা হইল।"

স্থ্যান্তের পর কখন কখন উত্রা বাত্যা দ্বারা মৈঘ সকল সঞ্চালিত হইয়া গ্রাণ্মগুল আচ্ছন্ন ক্রিলে যেমন মধুর প্রদোষ কাল শোভাহীন হয়; আমার প্রভুর অবিভ্রমান-বশতঃ শত শত রাজপ্রাসাদ ও দীর্ঘ দীর্ঘ প্রাচীর পতিত ও পর্যান্ত হইবার অবিকল তজপ জীভ্রম্ট হইরাছে। অগ্রেযে রাজপথে অভিদারিকাগণ সূপুরধনি করিতে করিতে রত্না-লোক বিস্তার করিয়া প্রিয়তমের অন্বেষণে গমন করিত, এখন সেই রাজমার্গে শৃগালের। মুখোণ্ডিত উল্কালোকে আমিষ অধেষণ করিয়া বেড়াইতেছে। অত্যে যে দীঘীকার জলে প্রমদাগণ করাস্ফালন করিলে ধীর ধনি উদাত হইত. সম্রতি সেই বাপীনীরে বহু মহিষেরা শৃঞ্গাঘাৎ করিয়া কর্কশ শব্দ বিস্তার করিতেছে। অথ্যে যে সকল ময়ূর মৃন্দ্রের মধুর ধনি হইলেই অমনি পুচ্ছ বিস্তার করিয়া তৃত্য করিত, এখন সেই কলাপীসমূহ মকজশব্দাভাবে তৃত্য পরিত্রাণ করিয়াছে, তাহাদের আবাস-ঘঠি ভালিয়া পডিয়াছে, দাবানলে কলাপচক পুড়িয়া গিয়াছে, এখন বনবহির ক্ষের ডালে বসিয়া রহিয়াছে। অণ্ডোযে সোপান-প্রে রম্ণীগণ আর্দ্র অলক্তাক্ত পদক্ষেপণ করিয়া দিতল গেছে গমন করিত, ইদানী সেই সিঁড়িতে শার্দ্নের।

হরিণ দেহ সভা বিদীর্ণ করিয়া ক্ষিরলিপ্ত পদ বিক্ষেপ করিতেছে। করী পদ্মবনে অবতীর্ণ হইয়াছে ও করের আদিয়া তাহার মুখে মৃণাল-ভদ্ধ তুলিয়া দিতেছে, এই ভাবের চিত্র অণ্ডে গৃহের শোভা সম্পাদন করিত, অধুনা সেই চিত্র-শ্বিপকে সিংহেরা প্রকৃত হস্তীজ্ঞানে রাগোজ্জ্বলিত হইয়া নখাকুশাঘাতে তাহাদের কুন্ত বিদীর্ণ করিতেছে। অত্যে স্তম্ভোপরি যোধিৎজাতির যে সকল দাৰুময়ী প্রতি-যাতনা নানা বর্ণে স্থানোভিত ছিল, এক্ষণে তাহাদিগের বর্ণ-বিক্তাস উঠিয়া গিয়া ধূসর বর্ণ হইয়াছে, এবং সর্পকঞ্চক স্ত্রোপরি পতিত হইয়া স্ত্রনাবরণ হইয়াছে। অত্যে যে হর্মের চূর্ণোপরি চন্দ্রালোক পতিত হইলে অতিশয় দর্শ-নীয় হইত, কালক্রমে সেই সকল গৃহে ইতন্ততঃ তৃণাক্বর উদ্ধাত হইয়াছে ও শৈবাল ধরিয়া মলিন হইয়া গিয়াছে। স্ত্রাং, অংশুমালীর কিরণমালা মুক্তামালার ন্যায় বিশুদ্ধ হুইলেও তাহাতে আর প্রতিফলিত হুইতেছে না। অগ্রে যে সকল উদ্যান-লতার শাখাগুলি সদয় ভাবে নত্র করিয়া বিলাসীগণ পুস্পাচয়ন করিত, এখন সেই সকল উপবন-লতিকা বানরতুল্য বন্য পুলিন্দকর্তৃক ছিল্লিক্ত হইতেছে। অত্যে যে সকল গৰাক্ষ নিশাকালে দীপালোকে আলো-কিত ও দিবসে কামিনীকুলের মুখশোভায় স্থশোভিত হইত, এবং রন্ধন-শালার প্রভূত ধুমোদ্ধামে পরিপূর্ণ থাকিত, ইদানী সেই সকল জালক উর্ণনাভির উর্ণাজালে আচ্ছন হইয়াছে। অতো যে সর্যু নদীর নির্মাল জলে তাদৃশ পোরবর্গ অচ্ছে স্থান্তি তৈল মর্দ্দন করিয়া অবগাহন করিতঃ

এবং বিবিধ প্রকার পূজোপহারে শৈবলিনী তটের উদার শোভা বিস্তার করিত, হা! এখন সেই স্রোতস্বতী কেবল বেনাবনে ব্যাপ্ত হইয়াছে।

হে রাঘব শ্রেষ্ঠ ! এই সমস্ত পর্য্যালোচনা করিয়া আমার হৃদয় বিদীর্গ হইয়া যাইতেছে, এ অধরণ এই প্রাথমন করে, যে যেমন তোমার পিতা মানুষীতনু পরিত্যাগ করিয়া পরমাত্ম মূর্ত্তি প্রাপ্ত হইয়াছেন, তজ্ঞপ তুমি এই কুশাবর্ত্তী পরিত্যাগ করিয়া আপনার কুল-রাজধানী উত্তর কোশলায় গমন কর। অযোধ্যা পুরীর এই ক্রণজনক বাক্যের অবসান হইলে, কুশাবর্তীধর কুশ তথাস্ত বলিয়া আপনার পিতৃভূমিতে গমন করিতে প্রতিশ্রুত হইলেন, এবং অযোধ্যা পুরীর অধিদেবতাও প্রকুল বদনে আন্তরিক প্রস্করণ প্রকাশ করিয়া তিরোহিত হইলেন।

### মন্দোদরীর প্রতি দশানন।

কি কথা কহিলা অয়ি রক্ষকুলেশরী ? বীরাঙ্গজা, বীরপত্নী, বীর-প্রসবিনী, বীর্য্যবতী-বামা যেই, তার কি বক্তব্য এই, —হা কি লজ্জা! হলাহল উগারে ফণিনী, সুধান্তাবে বিধু-প্রিয়া চল্রিকা সুন্দরী। ১

তুরদৃষ্ট মম !—তাই ও বিধুবদনে, বিষময় সন্ধির প্রস্তাব উপস্থিত! কোথা রক্ষকুলেশ্বর, কোথা শুক্র কোথা সন্ধি! মৃগপতি শিবার সন্ধিবারে সমত কি হয় বরামনে ? ২

প্রীণপ্রিয় যেই জন কীর্ত্তিপ্রিয় ক্রিক্তিজ বেই, করে দেই
নিষ্কি প্রবলের সহ, কিন্তু প্রাক্তি কিন্সে দেইরূপ হীন এখন ত দেই ভূজন্ত

সত্য রাঘবের রণে কিতি তাবন,

হইল অসংখ্য পুত্র, বন্তসংখ্য গোধ,

অসংখ্য শোকের বাণ, জর্জারিল মম প্রাণ্

তরু আমি সে সকল করি তুচ্ছ বোধ

শোকে অধীরিতে নারে স্থরেন্দ্রের

পুত্র, পোত্র, জ্ঞাতি, বন্ধু, বান্ধব, স্ক্রেন, বিশকে সমাঙ্গন্ধ হয়ে, হীন বলগণ, বর্ষে মাত্র অঞ্জনীর, কিন্তু যে যথার্থ বীর, সে স্ক্রেন-হতা শির না করি ছেদন, কথন শোকের অঞ্জ করে না ক্ষেপণ। ৫

ইবিয়াছে তাপন রাঘব দৈব বলে, মম বংশধরগণে,—এক এক জন, শ্বলেষ্ঠ ইন্দ্রজিত,
শহার বাবে তাবে ধংসিল লক্ষ্মণ!
বিশেষ কোপা-হতাশন জুলে। ৬

হেন হরচোর পাপি শ্রেষ্ঠ নরাধম
সক্রে ক্রিক্রির বিশিব জীবন ?
ক্রিক্রিকের ক্রের্ডিন, কোন্ সুখ আসাদনে,
রিক্রিকের ক্রের্ডিন ?
আগ্রহত্যা করা

নাই ভাই কুন্তকণ - নরামর ত্রাস,
তাজের সমরে—নাই, বীরবান্থ বীর,
বীরকুলচুড়া যেই, সেই মেঘনাদ নেই,
বীবনে, যারা গর্ব্ব এ পুরীর
কাশিল রাঘ্ব চীর-বাস। ৮

এমন অমূল্য বীররত্ন-অগণন,
হারাইয়া আপনার এছার জীবন,—
এ য়ণ্যজীবন হায়! কোন্ স্থখ প্রত্যাশয়,
রক্ষি ? হয়েছি আমি নিস্তেজ এমন!
স্বপ্নেও এরপ প্রিয়ে, ভেবো না কখন। ১

ন্ত্রীবুদ্ধি তোমার !—তুমি যদিও ধীমঞ্জী, হও স্থলোচনে,—তাই করহ বিশ্বাস,

রাঘব অখিল স্বামী, কি আর কহিব আমি, রাম যদি ঈশ্বর, তা হলে বনে বাস, ক্রিবে কি হুঃখে, ভাল কহ দেখি সতি ? ১০

জিদানন্দ চিমায় বৈকুণ্ঠ অধীপার,
কমলা-বলভ, বাঁর—চরণ কমল,
কমলা কমল করে, যতনে সেবন করে,
যে পদ ধ্যায়েন ধ্যানে, যোগী ঋষিদল,
যে পদ সমাধি করি চিত্তেন শঙ্কর। ১১

হাররে সে জ্বাদের এই পরিণাম!

ভামতি প্রান্তরে কুশাক্ষুরে হয় ক্ষত,
কত রক্ত ধারা বহে তবু অবোধেক্স ক্রে,
নিতান্তই মারামুধ্র অজ জন মত,
গোলকের পতি, এই দাশর্থী রাম। ১২

ভাসারেছে সে কুছকী সিন্ধুজলে শিলা, আশ্বর্য কি, নল-করস্পর্শে শিলা ভাসে, শুদ্ধ গৌতমের বরে, পদরজ দানে করে, শিলাময়ী অছল্যারে মানবী, প্রকাশে, রামের প্রমন তাতে কিবা দৈবলীলা!

এ জিজালৈ মুগা হয় রমণীর মন, চতুর স্থবিজ তাতে উদ্ভাতি না হয়! রাম যদি বিভূ হবে, ভরত কি জন্মে তবে, দিবে তারে জনপ্য অরণ্যে আত্রয়। কেন ব্যাধ বেশে বনে করিবে ভ্রমণ। ১৪

খাক্ এসকল কথা—সীতা যদি হয়

মৃত্তিমতী কমলা, বল না বল তবে

অশোক কানন মাঝে, দীনা কাঙ্গালিনী সাজে,
কাঁদে কেন অমুক্ষণ রাম রাম রবে ?

কমলার প্রাণে এত যাতনা কি সয় ? ১৫

বে জানকী লাগি মম প্রিয় সহোদর,
প্রাণাধিক পুত্র সব বান্ধব স্বজন,
ব্যায়ল জীব বি খন, সে জানকী সমর্পণ,
জীবিয়া কি করিবারে পারে দশানন!
সে কি এত কাপুরুষ নিস্তেজ পামর ? ১৬

হয় হোক্রামচন্দ্র অথিলৈর স্বামী,
হয় হোক্সীতা মূর্ত্তিমতী পদালয়া,
স্ববংশে বিধংস হই, তথাপি সম্বত নই,
প্রার্থনা করিতে রাম—ভিক্তের দয়া!
বরং মরণ রণে শ্লাঘ্য মানি আমি। ১৭

वीव वाकावली।

### প্রাকৃতিক আলোচনা কি মনোহর!

যাবতীয় স্ফ পদার্থের যথার্থ তত্ত্ব অবগত হওয়া মতু-ব্যের পক্ষে নিতান্ত আবশ্যক, এই তত্ত্বানুসন্ধানে অনির্ব্বচ-নীয় স্থাধ্যের হয় এবং মনুষ্য মাত্রেই এই স্থাধ্যের অধিকারী হইতে পারেন। প্রাক্তিক আলোচনাতে বাল্যরোপিত ও অজ্ঞানসম্ভত কুসংস্কার সকল সমূলে উন্মূলন হইয়া যায়, ইহার দারা নির্মাল জ্ঞান ক্রমে ক্রমে সঞ্চারিত হইয়া তমসা-চ্ছন্ন মনকে আলোকময় করে; যে দেশে যে পরিমাণে প্রাক্তিক বিজ্ঞার আলোচনা হইয়া থাকে, তত্ত্ত্য লো-কেরা দেই পরিমাণে সভ্যতা-পদবীতে অধিরঢ় হয়, অর্থাৎ দেই পরিমাণে তাহাদিগের অবস্থার উন্নতি ও জ্ঞানের উৎকর্ম সাধিত হয়। প্রাকৃতিক জ্ঞান দারা মানুষ এই বিশ্ব-সংসারে জগদীশ্বরের অপূর্ব্ব ও অদ্ভুত কৌশল দেখিয়া ভাঁহার মহিমা বুঝিতে পারেন ও তাঁহাতে চিত্ত সমর্পণ করিয়া নির্মাল সন্তোষ লাভ করেন। অসঙ্খ্য প্রকার বর্ণ-বিশিষ্ট মেঘমালার মনোহারিণী শোভা; নবপলবিত ফলভারাবনত বিশাল রক্ষ সমূহ, নানা প্রকার স্থনর বর্ণ-বিশিষ্ট ইন্দ্রিয়সুখকর সুগন্ধপরিপূরিত মনোহর পুপ্রাঞ্চছ-সমন্ত্ৰত লতাপুঞ্জ ও ক্ষুদ্ৰ ক্ষুদ্ৰ পাদপ-শ্ৰেণী; অসঙ্খ্য প্রকার পশুপক্ষিগণের ভিন্ন ভিন্ন স্বর, রূপ ও গঠনের माधुती ७ (मोन्नर्य); मनीनिर्यात ७ कुछानित खाफ मिलन, দেই সলিল প্রবাহের কল কল ধনি, স্থ্য কিরণে তা-হার চাক্টিক্য এবং তম্মধ্যে অশেষবিধ রমণীয় বর্ণভূরিত

মংস্থাদি জল-জন্তুগণের অঞ্চলকান ও ইতন্ততঃ অক্লেশ্ সন্তরণ; প্রাতঃকালের অপূর্ব্ব তামবর্ণ স্থ্যমণ্ডল ও শিশিরদিক্ত স্থ্যমিন্তল, নিশিতে স্থাময়করসংযুক্ত নিশানাথের নয়নতৃপ্তিকর শোভা ও মেঘারত আকাশ-মণ্ডলস্থ উজ্জ্বল প্রতাবিশিষ্ট অচিরস্থায়ী বিদ্যামালার জ্যোতিঃ দেখিয়া কাহার মনে অপূর্ব্ব আনন্দ ও বিস্ময় উদয় না হইয়া থাকে!
কিন্তু যখন তাহাদের উৎপত্তি ও লয়ের কারণ, তাহাদিগের ভিন্ন ভিন্ন প্রকার স্বভাব, গুণ ও সাধকতা এবং প্রস্পারের সহিত সম্বন্ধ অবগত হওয়া যায়, তখন এই আনন্দ ও বিস্মান্তর পরিসীমা থাকে না।

প্রাক্তিক আলোচনাতে চেতন পদার্থের প্রকৃতি পর্য্যা-লোচনা অর্থাৎ অনুশীলন সর্ব্বাপেক্ষা অধিক আনন্দজনক ও হিতকর। প্রথমতঃ বে দকল জন্তু সতত আমাদিগের সংস্থাই হইয়া নয়নপথে থাকিয়া জনসমাজের নানা প্রকার হিত্যাধন করিতেছে, তাহাদিগের তত্ত্বাব্ধত হওয়া উচিত; পরে দূরবর্তী ও অপরিচিত পশুদিগের রক্তান্ত শিক্ষা করা কর্ত্তব্য। কুকুর, ঘোটক, বিড়ালাদি পশুবর্গ সর্ব্বদা আমাদিগের সমক্ষে কত প্রকার ধর্মের পরিচয়্ম দেয়, কিন্তু আমরা প্রায়ই অনবধানতা প্রযুক্ত তাহাতে দৃষ্টিপাত করি না। ইহাদিগের বিশেষ বিশেষ গুণ অব্যাত হইলে আমরা ইহাদিগের প্রিচর্ম্যার জন্ম এই সকল জীবের ক্রি, এবং আমাদিগের পরিচর্ম্যার জন্ম এই সকল জীবের ক্রি পরিমানন প্রাপ্ত হই। এই সকল জীবের

জন্ম, মরণ ও রদ্ধি, ইহাদিগের ভিন্ন ভিন্ন সভাব, আহার-জব্যের ভালমন বিচার, শাবকগণের প্রতি <del>স্নেহ</del> ও স্বস্থ জীবন-রক্ষার উপায় অবধারণ ইত্যাদি বিষয় সকল মনোযোগ সহকারে পরীক্ষা করা উচিত; অনন্তর বস্তু ও দরদেশবাদী জীববর্গের তত্ত্ব জানা আবশ্যক। হত্তির সহজে শিক্ষা করিবার শক্তি; ত্রদ্ধান্ত ব্যান্ত্র ও হায়ানা নামক পশুর ভ্রানক স্বভাব; উই্রদিগের ক্ষুধা, তৃষ্ণা, সহিষ্ণু-তার আশ্রহ্য শক্তি: গণ্ডার ও মহিষগণের প্রবল পরাক্রম; এই সকল আলোচনা অতিশয় আনন্দজনক। এক এক প্রকার জন্তুর এক একটা বিশেষ বিশেষ গুণ থাকাতে, তত্তৎ জন্তুসম্বন্ধে আমাদিগোর মনে বিশেষ বিশেষ কৌতুহল জন্মে, এবং দেই কৌতুহলের বশম্বদ হইয়া আমরা যত জানিবার চেন্টা করি, ততই নবনব বিষয় দৃষ্টিগোচর হইতে থাকে। আমরা এই অনুসন্ধান দ্বারা সুস্পাট্রপে জানিতে পারি যে, বিশ্বস্রষ্ঠা পৃথিবীর যে অংশে যে জাতীয় জীবের সংস্থাপন করিয়াছেন, তাহারা সেই সেই স্থানেরই নিতান্ত উপযুক্ত, স্থানান্তর হইলে তাহাদের স্বাস্থ্যভঙ্গ ও প্রাণপর্য্যন্ত বিয়োগ হইতে পারে। আমরা আরো দেখিতে পাই যে, দেই ভুতভাবন ভগবান জীবকূল রক্ষার্থে অনির্বাচনীয় করুণা-সহকারে হুর্দান্ত ও ভীষণস্বভাব পশুদিগের সঞ্জা অন্য জাতি অপেক্ষা অনেক অপ্প করিয়াছেন, ও যেখানে মানবাদির সমাগ্রের কোন সম্ভাবনা নাই, এমন ভয়ন্ত্র গহণ কাননে বা নির্জ্জন পর্ববিগহ্বরে তাহাদের বাসস্থান নিরূপণ করিয়া দিয়াছেন।

চতুপাদ জন্তসম্বন্ধীয় জ্ঞান লাভ করিয়া, পরে পরম শেভাকর স্বমধুরস্রনিদানভুত শান্তসভাব পক্ষি-জাতির বিষয়ে মনোধোগ করা উচিত। প্রথমে পক্ষি-জাতির প্রতি কিঞ্চ্ছি মনোযোগ পূর্ব্বক দৃষ্টিপাত করিলেই জানিতে পার্য হায় যে, সচরাচর যে সকল পঁকী বিবিধ মনোহর বর্ণে বিভৃথিত, প্রায় তাহাদের সুমধুর স্বর অবণ করা যায় না, আর যাহারা স্থমিফ স্বরে গান করিতে পারে, তাহাদের জ্রূপ দৃষ্ট হয় না। ভিন্ন ভিন্ন জাতীয় শুক-পক্ষীদিগের ও শিখিকুলের নানা প্রকার স্থন্য বর্ণ ও অত্যন্তুত শারীরিক গঠন অবলোকন করিলে চমৎক্রত হইতে হয়, কিন্তু তাহাদের মধুর স্বর নাই। আবার কোকিলাদি কতগুলি পক্ষিজাতির এরপ আশ্রুষ্ট্য স্বর বে, দুর হইতে তাহাদিগের কণ্ঠবিনিঃস্ত স্থললিত মধুমর গান অবণ করিলে মোহিত হইতে হয়, কিন্তু তাহা-দের ময়ুরাদির ভার জ্রপ দেখা যায় না। জগৎপাতার কি অদ্ভত কৌশল! তিনি এমনি এক একটী পক্ষীকে এক একটা গুণে বিভূষিত করিয়াছেন যে, তদর্শনে পরিতৃপ্ত হইতে হয়; তাহাদের অন্ত কোন গুণের অনুসন্ধানে প্রবৃত্তি হয় না। পক্ষিজাতির ইতিরত্ত শিক্ষা করিলে, দেখিতে পাওরা যায় যে, জল ও স্থল এই উভয় ভুতই কি অদ্ভুত নিয়মানুসারে তাহাদের নিবাসের উপায়ুক্ত হইয়াছে। ছংস, সারস প্রভৃতি কতওলি বিহগজাতি যেমন ভূপুষ্ঠে অনায়াদে ইতন্ততঃ বিচরণ করিয়া থাকে, সেই রূপ আ-ধার সনিলোপরি অতি সহজে সন্তরণ করিতে পারে।

প্রমেশ্ব পক্ষিগণের শ্রীর নির্মাণ বিষয়ে যে রূপ কৌশল প্রকাশ করিয়াছেন, তাহার উপমা দিবার স্থল নাই। তাহাদের যে যে অঙ্গের বিষয় বিবেচনা করিয়া দেখা যায়. তাহাতেই ভাঁহার নিৰুপম নৈপুণ্য প্রতীয়মান হয়। তাহা-দিগকে সউত ব্যয়্স্থগরে সন্তর্ণ করিতে হয় বলিয়া, প্র-মেশ্বর তাহাদিগের শরীর ঠিক একখানি তরণিষরপ কব্রিয়াভেন। তাহাদের পক্ষ দণ্ডস্বরূপ, পুত্ত কর্ণস্বরূপ এবং ২ক্ষন্তল নৌকার পুরোভাগস্বরূপ। শরীর ভারী হইলে, তাহারা আকাশপথে উভ্টায়মান হইতে অসমর্থ হইবে, এই বিবেচনায়, তিনি তাহাদের অঙ্গ সমুদায় অত্যন্ত লগু পদার্থে প্রস্তুত করিয়াছেন। তাহাদিগকে অক্রেশে বায় ভেদ করিতে সমর্থ করিবার নিমিত্ত তাহাদের মস্তকের অগ্রভাগ অস্থল ও চঞ্চপুট স্থতীক্ষ্ণ করিয়া নির্মাণ করিয়াছেন। এই সকল ব্যাপারের যথার্থ তত্ত্ব জানিতে পারিলে প্রাক্ত তত্ত্বারসন্ধায়ীর মন বিস্ময়ার্ণবে মগ্ন হয়। পরে তাহাদের চকু, পাখা ও পুচ্ছ ইত্যাদি বিবিধ অন্ধের অশেষবিধ নির্মাণ-কৌশল, তাহাদের ভিন্ন ভিন্ন প্রকার সংস্কার ও স্পরিষ্ণত কুলায় নির্মাণ করিবার শক্তি, শাবকগণের প্রতি স্নেষ্ঠ ইত্যাদি অসঙ্খ্য ব্যাপারের নিগূঢ় তত্ত্ব শিক্ষা করিলে অপার আমন্দ্রসাগরে ভাষিতে হয়।

বিহন্ধন জাতির একে বাহ্ন শোভা দেখিলেই মোহিত হইতে হয়, আবার তাহাদের আভাবিক রত্তি ও সংস্কার-ঘটিত তত্ত্ব সকল জানিতে পারিলে চিত্ত যে কি. পর্য্যন্ত প্রকুল্লিত হয় তাহা বলা যায় না।

পিক্ষিজাতির বিবরণ অবগত হইলে পর কুম্ভীর, সর্পাদি সরীস্প জাতীয় জীব সমূহের তত্ত্বাসুসন্ধানে প্রব্রত হওয়া উচিত। এই শ্রেণীস্থ প্রাণীদিগের মধ্যে অধিকাংশই দেখিতে মনোহর নহে, অধিকর পরানিষ্টকারী, স্বতরাং তত্ত্বাসুসন্ধায়ী ব্যক্তি ইহাদের তত্ত্বাসুসন্ধানে অপেক্ষাকৃত অপ্প প্রীতিলাভ করেন। ভয়ম্বর কুম্ভীর, তীক্ষ্ণবিষদংযুক্ত আশীবিষ, চঞ্চলমভাব মণ্ডুক, নির্মিরোধ কচ্ছপ প্রভৃতি জীববর্ষের রন্তান্ত অবগত হইলে আমরা স্থির জানিতে পারি যে, যাছার শরীরে যে যে বিশেষ বিশেষ ধর্ম নিছিত হইয়াছে, তাহার পক্ষে তাহাই সর্ব্বতোভাবে উপযুক্ত ও হিতকর, এমন কি দেই দেই ধর্ম না থাকিলে তাহার স্থাখে কালযাপন করার পক্ষে সম্পূর্ণ ব্যাঘাত হইত। এই শ্রেণীয় জীবদিগের মধ্যে যে জাতি অনিষ্টকারী. কৰুণাময় বিশ্বপাতা সেই সেই জাতির সঙ্গা অনেক ন্যুন করিয়াছেন। সর্প জাতিরা অনিষ্টকারী বটে, কিন্তু যখন আমরা ভাল রূপে ইহাদের অনুসন্ধানে প্ররত হই, তখন অশেষবিধ স্থন্দর ও স্থাচিকণ বর্ণবিশিষ্ট উরগজাতি আমা-দিগের দুর্ফিগোচর হইতে থাকে, আরো দেখিতে পাই যে, অনিষ্টকারী অপবাদ আছে বটে, কিন্তু অনেক জাতীয় সর্প বিনাদোষে হিংসায় প্রব্ত হয় না, এবং অনেকের পক্ষে এই অপবাদ নিতান্ত অমূলক, যেহেতৃক তাহাদের বিষ নাই। সরিস্প জাতীয় প্রাণিগণের বিবরণ অপ্রীতিকর হইলেও ইহাদের স্থাতিত জগদীশ্বরের এত আশ্চর্য্য কৌশল বিস্তারিত আছে, যে তাহাদের অনুসন্ধানে প্রাকৃতিক

ইতিশ্রেণর শ্রম ও আ্রাস অশেষ প্রকারে সার্থ হয়। সরীস্প জাতির অনুসন্ধানের পর প্রাক্ষতিক ইতিবৈতার জ্ঞাতব্য বিষয় মংস্থা জ্ঞাতি। এই জ্ঞাতির নিবাসস্থান জ্ঞা। মৎস্থানিগের জলের সহিত কি অদ্ত সম্বন্ধ ! অপার জীবের যে জলে পাসরোধ হইয়া প্রাণবিয়োগ হয়, মৎসাজাতি অতলম্পর্শ গভীর সাগ্রগর্ভে সেই জলের মধ্যে প্রমন্তর্খ কাল্যাপন করিতেছে। বিবিধ প্রকার মৎস্যজাতির শারী-রিক গঠন, বিষ্ময়কর শরীরাভ্যন্তরস্থিত বায়ুকোষাদি নানা প্রকার যন্ত্র কি পরিপাটী রূপে যথোপযুক্ত স্থানে নিয়োজিত হইয়াছে! অসঙ্য অসঙ্য অও প্রসবের নিয়ম কি অদুত ও বিষ্ময়কর ব্যাপার! এই সকল আলোচনাতে আমন্দ উপস্থিত হয়। মৎস্থাণ यथन नलवक्ष इहेश मार्शत, ननी वा महा-বরের তীরে উপানীত হয় ও মধ্যে মধ্যে মস্তকোত্তলন করিয়া উপরের বায়ুরাশী হইতে বায়ুগ্রাহণ করে, বা আহারের দ্রব্য নিক্ষেপ করিলে তৎক্ষণাৎ গ্রাস করিয়া জলম্ধ্যে নিমগ্ন হয়. তখন তাহাদিগকৈ দেখিতে কি মনোহর। মৎস্যের শারীরিক শোভা অতি চমৎকার! কোন কোন জাতির শরীর এরূপ স্থনর বর্ণে আরত, যে তাহা যত বার দেখা যায়, তত বারই মূতন বলিয়া বোধ হইতে থাকে ও দেখিবার জন্ম নয়নদ্বয়ের প্রতি বারই নবীন অনুরাগ উপস্থিত হয়। তাহাদিগের শারীরিক সৌন্দর্যাই যদি এত মনোর্ম্য হইল, তবে তাহাদের নিগূচ তত্ত্ব তন্ন করিয়া জানিতে পারিলে আমাদিগের চিত্ত যে কি অপরিস্ট্রিক্সিন্তের আধার হয়, তাহা অনিক্চনীয়। CA: 636

মংস্ঞাতির জানলাভ সমাপ্ত হইলে প্রাকৃতিক ইতি-বেভা পতত্ব ও কীট জাতি সম্বন্ধীয় অসীম বিস্তারিত জ্ঞান-সাগরতটে উপনীত হন। সহস্র সহস্র বৎসর অতিশয় বৃদ্ধি-মান ব্যক্তিরা অশেষ আয়াদ ও শ্রমদহকারে একান্ত চিত্তে এই বিষয়ের অভ্যাস ও আলোচনা করিয়া ইহার শেষ করিতে পারেন নাই। কিন্তু সাধ্য মতে যত দর জানা যাইতে পারা যায়, মনোনিবেশ পর্বাক তাহা জানিতে চেন্টা করিলে বিশ্বপতির অসীম কৌশলের সহস্র সহস্র নিদর্শন প্রত্যক্ষ করা যহিতে পারে। প্রত্যেক ক্ষুদ্র ক্ষুদ্র রক্ষ ও তাহার প্রত্যেক পত্র কোন না কোন পতত্রজাতিতে পরি-পূর্ণ আছে। এই রক্ষ ও পত্রে তাহার। যুগপৎ বাসস্থান ও ভক্ষ্য দ্রব্য লাভ করে। তাহাদের অধিকাংশকে অণুবীক্ষণ যন্ত্র ব্যতিরেকে দর্শন করিতে পারা যায় না। ইহাদের সকল জাতিই অওজ। অনেকানেক পতঙ্গজাতি শরীরের পূর্ণা-বস্থায় উপস্থিত হইবার পূর্বেডিন্ন ভিন্ন অবস্থা ধারণ করে। প্রজাপতি জন্মাবধি পূর্ণাবস্থা পর্যান্ত এত প্রকার ভিন্ন ভিন্ন 'অবস্থায় উত্তীর্ণ হয় যে, দেই ভিন্ন ভিন্ন অবস্থার এক একটী কীট একত্রে সংগ্রহ করিয়া নিরীক্ষণ করিলেও কোন ক্রমেই তাহাদিগকে একজাতীয় বলিয়া বিশাস হয় না। প্রজ্ঞাতির বাহু শোভা যে কত রূপ তাহা বলাযায় না। কোন কোন পতদজাতি দিবাভাগে প্রভাহীন সামাত্র মক্ষিক বা কীটের সার ইতস্ততঃ বিচরণ করিয়া থাকে, কিন্তু নিশাকালে উজ্জ্বল দীপের স্থায় প্রভা ধারণ করিয়া শৃত্তমার্ফো বা রক্ষোপরি জগৎপাতার কৌশল- ফণা বিস্তার করিয়া থাকে। আবার কোন কোন পতঙ্গ-জাতি নানা বর্ণে ভূষিত স্থুপরিষ্কৃত কাচের স্থায় মনোহর শোভা-বিশিষ্ট ও কোন কোন জাতিউজ্জল স্বর্ণ ও রৌপ্যের ন্সায় প্রভা-বিশিষ্ট; ইহাদের অশেষবিধ বাহ্ন শোভা দেখিলে অস্বাক হইতে হয়। আবার ইহাদের শরীরা-ভাররের কৌশল যত জানা যায়, ততই আমাদের জ্ঞাননয়ন বিক্ষারিত ও আনন্দপ্রবাহ বর্দ্ধান হইতে থাকে। পতঙ্গজাতির ত্থায় কীটজাতিরাও পৃথিবীর দকল স্থানেই ব্যাপ্ত হইয়া আছে, তাহারা মকভূমিস্থিত অস্থ্য বালুকাকণার স্থায় আমাদের পানীয় জল, আহার-দ্রব্য ও অবনীমগুলের সকল অংশেই দলবদ্ধ হইয়া বাস করিতেছে, কিন্তু কি আশ্চর্যা! তাহারা চক্ষুর অগোচর ষৎপরোমান্তি ক্ষুদ্রাকৃতি হইলেও বিশালাকৃতি পশুদিগের ক্সায় জীবনের নানাবিধ স্থপভোগে বঞ্চিত নয়। বিশ্বস্তম্ভা প্রমাশ্র্য্য কৌশলসহকারে তাহাদের শ্রীর ও বিভিন্ন প্রকার অঙ্গের সংস্থান করিয়া দিয়াছেন, বিবিধ রুভি প্রদাম করিয়া তাহাদিগকে বহুবিধ ভোগের অধিকারী করিয়া দিয়াছেন, স্ত্রী ও পুরুষ সহযোগে তাহাদিগের বংশ রদ্ধিরও আশ্চর্য্য নিয়ম করিয়া দিয়াছেন। কীট ও পতন্ত-জাতি অবলোকন করিলে কাছার মনে সেই বিশ্বপিতার মহিমা জাজ্বল্যতর রূপে প্রতিভাত ও তৎসম্বন্ধে বিখাস না হয়।

কীটপতদ্ব জাতির পর শঙ্ক, শমুক ও বিগুকাদি দাগার-গভঁন্থিত কঠিন হকবিশিষ্ট অদ্ভুত প্রাণীর ইতিহানে প্রাক্ত-

তিক ইতিবেত্তার মনকে আকর্ষণ করে। জগদীখর তাহা-দের গাত্রাবরণের স্মৃদৃ জকে যে কি অদ্ভুত শিপ্পনৈপুণ্য প্রকাশ করিয়াছেন, তাহা বর্ণনা করা যায় না।কোন কোন জাতির উপরিস্থিত ত্বক এরপ বিবিধ মনোহর উজ্জন বর্ণে আরত, যে তাহাতে দ্রফা অনার শ্যে নিজের প্রতিরূপ দর্শন করিতে পারে। এই শ্রেণীত্ব প্রাণীদের মধ্যে কোন কোন জাতি একবারে নিশ্চল স্বভাব, তাহার। সকলেই একছানে এরপ একভাবে অব-স্থিতি করে, যে কোন মতেই তাহাদিগকে সজীব পদার্থ বলিয়া বোধ হয় না। কিন্তু জগৎপাতার কি আশ্চর্য্য কৌশল। তাহার। দেই হ্বাভ্যন্তরেও আপন আপন জীবন-ক্রীয়া সম্পাদন করিয়া পরমস্থপে কাল্যাপন করিতেছে। ত্বকটা তাহাদের আবাসস্থান ও আত্মরক্ষার্থ অস্তের কার্য্য করে। এই ছগভাতরস্থিত বিভিন্ন প্রকার অঙ্গপ্রতাক্ষের নির্মাণকেশিল, জীবনক্রিয়া সম্পাদনের পরিমাত্ত নিয়ম প্রভৃতি যত প্রকার নিধূঢ় তত্ত্ব আছে, সমুদ্য অবগত হইতে পারিলে আমাদিগের মনোমধ্যে জ্ঞানসমুদ্রের তরন্ধ উথলিয়। উঠিতে খাকে।

সভাব ভাণ্ডারের সর্ব্ব প্রকার সচেতন পদার্থ সম্বাদ্ধ জানলন্ধ হইলে, উদ্ভিজ্ঞস্থি প্রাকৃতিক তত্ত্বাসুসন্ধারীকে আহ্বান করিতে থাকে। উদ্ভিজ্জ বিজ্ঞার পর ভূগর্ভনিহিত বহুবিধ ধাতু ও প্রস্তুর তত্ত্ববিদের পথে উপনীত হয়, ও সেই মৃহান্ পুক্ষের অপার জ্ঞানশক্তির পরিচয় দিয়। তত্ত্ব-দিদ্কে পরিহৃপ্ত করে। অন্তর তত্ত্বিদ্ ভূলোক হইতে ছ্য়ালোকে আরোহণ করিয়া অসীম শৃত্যমার্কে ঘূণীয়মান অস্ঞ্য জ্যোতির্যগুলের জ্ঞানলাতে মনকে নিয়োজিত করেন। কত কোটি কোটি নক্ষত্র শৃত্যমার্গে নিয়ত স্থিরভাবে অবস্থিতি করিতেছে। অগণ্য গ্রহণণ আবার তাহাদের চতুষ্পার্শে অনন্তকাল প্রবল বেগে পরিভ্রমণ করিতেছে, ও মধ্যেমধ্যে ধূমকেতৃগণ গগণমার্গে দৃষ্টিগোচর হইতেছে। এই ধূমকেতুগণ কোন পথে বিচরণ করিতেছে এবং কি নিয়-মের অধীন হইয়া বিধাতার কোন অভিপ্রায় সাধন করিয়া ফিরিতেছে তাহাকে বলিতে পারে? এই যে এক স্থর্য আমর। দেখিতে পাই, ইহার সদৃশ ও ইহা অপেক্ষা শতসহত্র গুণে রহত্তর কত অস্থ্য অস্থ্য সূর্য্যসম জ্যোতিমান্ পদার্থ অসীম শৃত্যময় স্থানে অবস্থান করিতেছে। এই সমুদায় এহ নক্ষত্র ও ধূমকেতুগণের আকার প্রকার তেজঃ স্বভাবের তারতম্যের বিবিধ কারণ, ইহারা কি উপাদানে নির্মিত,গগণ-মণ্ডলে ঘ্ণায়মান্ বা স্থিরভাবে অবস্থিতি করিবার অত্যা-শ্চর্যা নিয়ম, ইত্যাদি বিষয়ের নিগৃচ তত্ত্ব জানা মনুষ্যের পক্ষে নিতান্ত হুঃদাধ্য, কি হয়ত অসাধ্যু; কিন্তু বিধাতা মনুষ্যকে যে পরিমিত জ্ঞানালোকসম্পন্ন করিয়াছেন; তাহার সহায়তায় এই দুর্জের অনন্ততত্ত্বের যৎকিঞ্চিৎ যাহা জানা যায়, তাহাতেই আমাদিগের চিত্ত কত উন্নত হয় ও কেমন অপরিসীম আনন্দ অনুভব করে। অখিল ব্রন্ধাণ্ডের অন্তন্ত ব্যাপার সমুদায় যত আলোচনা করা যায়, ততই বিস্ময়সাগারে নিমগ্ন হইতে হয়, কিছুই স্থির করিতে পারা যায় না। অনবরত চিন্তা করিলে অনন্ত ব্রহ্মাণ্ডের দীমা প্রাপ্ত না হইয়াঅবশেষে আমাদিগের সবিষয়-চিত্ত ক্রমেক্রমে ভ্রমপথে পতিত হয়, কিন্তু যদি আমর। এই প্রকাণ্ড কাণ্ড চিন্তা করিতে করিতে সেই অখিলনাথের প্রতি লক্ষ্য রাখি, তবে চিন্তার কুটিল জাল হইতে মুক্ত হইয়া সত্যের পথে উঠিয়া সেই লক্ষ্যের অভিমুখে ক্রমশঃ অগ্রেসর হইতে পারি।

বটরক্ষ।

বটরক্ষ ! তুমি হও তরুকুলপতি।
দীর্ঘকাল ব্যাপী হয় তোমার জীবন।
তব সম মহাকায় কেহ নাহি আর,
স্থাভীর ভাব তুমি করহ ধারণ।

তকরাজ ! নানা দিকে বাত্ত প্রসারিয়া স্থপশস্ত ভূমি তুমি কর অধিকার। উত্তাপিত জীবগণে কর স্থশীতল, প্রান্ত পৃথিকের হও বিজ্ঞাম আগার।

শুনিয়াছি পুৰুত্বজ নামে আছে প্রাণী, তার কলেবরে জম্মে নব কলেবর; তব জটাকার মূলে জম্মে নব দেহ, তুমি কি কুটুস্ব তার ওহে তব্বর? সুদীর্ঘ অশ্বংশ তরু বিখ্যাত ভারতে, তাহারেও তব বক্ষে ধর শ্বেহ ভরে; সুগন্ধি মাধবী লতা বসন্তের স্থী, তোমারে প্রিয়ের সম আলিন্ধন করে।

কিবা শোভে তব ফল পদ্ধব ভিতরে, শুকপক্ষিচঞ্চম সিন্দূর বরণ। কেমনে জন্মিলে তুমি ক্ষুদ্রতর বীজে ? বিধির অদ্ভুত স্থি বুঝে কোন্ জন।

তুমি কি জিমিরাছিলে রক্ষাদির আগে ? যখন ধরণী জলে ছিল ভাসমান। পুরাণের এই কথা আছে স্থাবিদিত, তব পালে নারায়ণ ছিলেন শারাম।

গরাতে অক্ষর বট তব একরপ,
দূরদেশাগত লোকে করে আরাধন।
নানা প্রামে নারীগণ তব শুভ তলে,
হন্ধী, পঞ্চানন পূজে মঙ্গল কারণ।

বটরক্ষ ! তুমি হও জীবের আশ্রয়, তোমার দর্শন যোগ্য নহে ছাগ বলি, তাহা কি হেরিয়া ওহে সদয় পাদপ শোকে ক্ষয় প্রাপ্ত হয় তোমার হৃদয় ? এঃ গেঃ। শ্রীবন্মালী ঘোষ। ভাণ্ডারহাটী স্কুল।

## মধুমকিক।।

অতি প্রাচীন কাল হইতে মধুমক্ষিকার বিষয় বর্নিত হইর। আসিতেছে। পূর্বতন ইত্দিজাতির মধ্যে উহার গুণপ্রাম অবিদিত ছিল না, এবং গ্রীশদেশীয় জগৎ-বিখ্যাত পণ্ডিত আরিষ্টট্লও উহার প্রকৃতি নিরূপণে অপ্পা সময় যাপন করেন নাই; কিন্তু ফুান্নিস্ হিউবর জন্মগ্রহণ না করিলে, অছাপি উহার স্বিশেষ রভাত্ত অবগত হওয়া যাইত কি না সন্দেহস্থল। ঐ মহাত্মা অন্ধ ছিলেন, কিন্তু তাঁহার অসামাত্ত গুণবতী দেবচুর্লভ ভার্যার সাহায্যে, তিনি যে সমস্ত অপরিজ্ঞাত বিষয় আবিষ্কৃত করিয়া শিরাছেন, তাহাতে তাঁহার নাম চিরস্মরণীয় হইবে সন্দেহ নাই। অস্ফেশীয় কোন মহাত্মা মধুমক্ষিকাসম্বন্ধে কোন অমু-সন্ধান করিয়াছিলেন কি না, তাহা আমরা অবগত নহি; কিন্তু আমাদিগের আদিরস্প্রিয় পণ্ডিত মহাশ্রের। যে ঈদৃশ সামাত পত্ত্বের প্রকৃতি তত্ত্বানুসন্ধানার্থ রখা সময় ক্ষেপণ করিয়াছেন, ইহা সম্ভাবিত বোধ হয় না। ইংরাজী ভাষায় বাইবেল প্রভৃতি অতি প্রাচীন গ্রস্থ হইতে, জ্লাধুনিক অতি সামাত পুস্তক পর্যান্ত, সর্বত মধুমক্ষিকা কর্মিষ্ঠ বলিয়া বর্নিত আছে, এবং মধুপের দৃষ্টান্ত দেখাইয়া ইংরাজেরা শিশুদিগকে শ্রমণীল হইতে উপদেশ দিয়া থাকেন। কিন্তু ভারতবর্ষীয় পণ্ডিত মহাশয়দিগের বর্ণনাস্থলে, এ মধুমক্ষিকা কখন অলি নামধারণ করিয়া নবনায়কের এক মাত উপমা-স্থল হইয়া রহিয়াছে, কখন বা ষট্পদ নামগ্রহণপূর্ব্বক

গুণগুণ শব্দে বর্ণনার শোভা বর্দ্ধন করিতেছে, কখন বা ছুর ত্ত মধুকর রূপে বিকশিত কুস্থমদ্রমে শকুন্তলা প্রভৃতির মুখকমলে উপবেশন করিবার উপক্রম করিয়া ছুম্মন্ত প্রভৃ-তিকে স্মরণ করিতে উপদেশ প্রদান করিতেছে।

মধ্মক্ষিকার তুল কি আশ্চেষ্য বস্তু ! উছা থবা, স্মতরাং অত্যাপমাত্র বিষধারণ করে, কিন্তু সেই অত্যাপী বিষ কি প্রথর, উহার অগ্রভাগ কি ফুক্ষা, এমন কি যে সমস্ত অণুবীক্ষণ যান্ত্রে স্থচীর অপ্রভাগ এক বুরুলের চতুর্থাংশ পরিমিত সুলাক্তি দৃষ্ট হয়, দে যন্ত্র প্রয়োগ করিয়া দেখিলেও মধুমক্ষিকার হুলের কিঞ্চিন্মাত্রও উপলব্ধ হয় না। পেলি সাহেব বলিয়া গিয়াছেন যে, যদি মধুমক্ষিকার কলে বিধাতার নির্মাণ-কৌশল প্রতাক্ষ না হয়, তবে তাহা অন্ত কোন স্ফপদার্থেই বিজ্ঞমান নাই বলিতে হইবে। উহার পাঁচটী চক্ষু, বক্রাগ্র ও থলিযুক্ত পাগুলি, অদ্ভুত প্রশ-শক্তিনম্পন ভূঁয়াগুলি কি কৌশল প্রকাশ করিতেছে! মধুক্রম নির্মাণে উছারা কি অসাধারণ নৈপুণ্য প্রদর্শন করে, ও বিশুদ্ধ গণিতের শেষ প্রতিজ্ঞাসাধ্য প্রণালীতে একএকটী নিবাসকোষ নির্মাণ করিয়া থাকে, কিন্তু এতৎ সমুদায় বর্ণন করা সীমাদিগের অভিপ্রেত নহে। এসমস্ত বর্ণন করিতে হইলে এক খানি ব্লহৎ গ্রন্থ হইরা উঠে, অতএব এম্বলে আমরা মধুমক্ষিকার কি রূপ প্রকৃতি তাহারই কিছু কিছু বর্ণনা করিব।

মধুক্রমে তিন প্রকার মধুমিক্ষিকা থাকে। কর্মকর [১], পুক্ষজাতি [২], প্রস্থৃতি [৩]।

একএক ক্ষোত্তে ত্রিশ বা চলিশ হাজার মক্ষিকা থাকে, তাহার মধ্যে ত্রিশভাগের এক ভাগ পুরুষ, একটী মাত্র ন্ত্রী [প্রস্থাত], এবং অবশিষ্ট সমুদায়গুলি কর্মকর। কর্মকর শক্ষিকার। পূর্বের ক্লীব বলিয়া স্থির ছিল, কিন্তু **এক্ষণে স্থির হইতেছে যে,তাহারা অপরিক্ষুটলিম্ব স্ত্রীজাতি।** কর্মকর মন্ধিকারাই মধুক্রম মির্মাণ, মধুর্থ হৃষ্টি ও সন্তান-পালন করিয়া থাকে। পু্ৰুষজাতি অপেক্ষাক্ত স্থূল কায়, বংশপ্রবাহ রক্ষা করাই তাহাদের একমাত্র কার্য্য, এবং সেই কার্য্য সাধিত হইলেই তাহারা নিহত হয়। প্রস্তি-মক্ষিকা সর্ব্বাপেকা দীর্ঘাক্তি, তাহার অও প্রস্ব করা ভিন্ন অন্ত কোন কর্ম নাই। পূর্ণাবস্থা প্রাপ্তির পাঁচ দিন পরেই প্রস্থতি ডিম পাড়িতে আরম্ভ করে, এবং যত দিন শীতের প্রাত্মর্ভাব না হয়, অবিশ্রামে উক্ত কার্য্য করিয়া খাকে। গ্রীমকালে প্রতিদিন গড়ে প্রায় হুই শত করিয়া ডিম পাডে।

প্রস্তীমক্ষিকা কি রূপে গর্ভবতী হয়, পূর্ব্বে এ বিষয়ে পিতিতগণের অনেক মতভেদ ছিল। কেহকেই অনুমান করিতেন যে, মংস্থা প্রভৃতির ডিম্বের ন্থায় উহার ডিম্ব গর্ভ ইতে বহির্গত ইইলে পর, পুরুষের স্পর্শে দজীব হয়। কিন্তু হিউবরের পরীক্ষার পর এবিষয়ে আর দ্বিক্তি করিবার কথা নাই। তিনি স্থির করিয়াছেন, প্রস্থৃতিমক্ষিকা কোনমধ্যে থাকিয়া কথনই গর্ভবতী হয় না। অন্যান্থ পত্তের আর ইহাদেরও উভ্জেরনাবস্থায় গর্ভসঞ্চার হইয়া খাকে। ক্ষোদ্রমধ্যে একটী মাত্র স্ত্রী, অতএব এত অধিক

পুক্ষের আবশ্যকতা কি, ইহাও অনেক দিন পর্যান্ত দ্বির হয় নাই। কিন্তু হিউবর যে মত উদ্ভাবন করিয়াছেন, তম্বারা ইহার তাৎপর্য্যও অনায়াদ্রে বুঝা যাইতেছে। উড্ডয়ন কালে কে কোথায় ছটকিয়া পড়ে তাহার ঠিকানা থাকে না, যদি পুরুষসংখ্যা বিরল হইত, তবে এই কালে স্ত্রীপুরুষে একর সাক্ষাৎ প্রায় ঘটিত না। এই নিমিত্ত অধিক সংখ্যক পুৰুষের সৃষ্টি হইয়াছে, যে কোন না কোন পুৰ-বের সহিত স্ত্রীর সাক্ষাৎ হইবেই হইবে। পুরুষেরা মধক্রম ত্যাগ করিয়া বহির্ভাগে গমন করিলেই প্রস্থৃতিমক্ষিকা তাহাদের সজেসজে বহির্গত হয়। একবার মিলিত হইলেই তাহার গর্ভনঞ্চার হয়, এবং ক্রমাগত হুই বৎসর কাল ডিম পাডিতে থাকে। গর্ভাধানের ছয়চলিণ হোরার পর ডিম্ব প্রস্ব করিতে আরম্ভ করে। প্রথম এগার মাস নিরব-ছিন্ন কর্মকরপ্রভব ডিম্ব প্রদাব করে, তদনন্তর পুরুষ-প্রভব ও পরিশেষে প্রস্থৃতিপ্রভব ডিম্ব প্রস্বকরে। প্রস্থৃতিপ্রভব ডিম পাডিবার সময় উপত্তিত হইলে, কর্মকর মন্দিকারা তাহা জানিতে পারিয়া ভাবী প্রস্থতীমক্ষিকার বাসোপযুক্ত কোষ ত্রিমানে প্রব্রত হয়।

ক কর্কর-প্রভব ডিম্ব প্রদাব করিবার পূর্ব্বে প্রস্থৃতী কোষ-গুলি পর্যাবেক্ষণ করিয়া দেখে। যদি তাহাতে কোন দোষ না থাকে, তবে এক একটা কোষে এক একটা ডিম পাড়িয়া যায়। ডিমগুলি চতুর্থ দিনে ফুটিয়া উঠে এবং তত্ত্ৎপন্ন কীট দৃষ্টিগোচর হয়। এই সময় ধাত্রীরা আসিয়া তাহা-দের রক্ষণাবেক্ষণ ও উপযুক্ত আহার প্রদান করিতে আরম্ভ

করে। কীটগুলি পাঁচ দিনের পর আর আহার করে না, তখন ধাত্রীর। কোষের মুখ বন্ধ করিয়া দেয়। কীটগুলি তখন মুখ হইতে এক প্রকার অতি ফুক্ষা রেশমের সূত্র দারা আপনাদের শ্রীর পরিবেষ্টিত করে। ছত্রিশ হোরার মধ্যে ঐ বেষ্টনক্রিয়া সমাপ্ত হয়। ইছার • তিন দিন পরে তাহার। পূর্ণাবস্থা প্রাপ্ত হয়। অবশেষে ডিম্ব স্থাপিত হইবার কুড়ি দিন পরে, কোষের দার কার্টিরা পরিণত মক্ষিকাকারে বহির্গত হয়। পুরুষপ্রভব ডিম্বেরও অবিকল ঐ রূপ ঘটিয়া থাকে, কেবল এই মাত বিশেষ থে, উহার। চক্ষিণ দিনে পূর্ণাবস্থা প্রাপ্ত হয়। পুর্বে উক্ত হইয়াছে যে, প্রস্থৃতি এগার মাস কর্মকর-প্রভব অণ্ড প্রস্ব করিলে পর পুরুষ-প্রভব ডিম পাডিতে আরম্ভ করে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, প্রস্থৃতিমক্ষিকা কোন কারণে জন্ম গ্রহণের পর, বিংশতি দিবসের মধ্যে যদি গর্জনতী না হয়, তবে তাহার সমুদায় অণ্ড হইতেই পুরুষ জ্মে। প্রস্থৃতিম্ফিকার সংস্থার এত প্রবল যে, তাহার নিজের দোষে কখন এরপ অনৈস্থিক ফলোৎপত্তি হয় না, এমন কি যদি বল প্রায়াপ্রক তাহাকে কুড়ি দিনের অধিক বন্ধ রাখা যায়, তাহা হললে সে নিতান্ত ব্যপ্তা হইয়া বহির্থমনচেন্টা করে।

প্রস্তি-প্রভব অওওলি যে রূপ মন্দিকাকারে পরিণত হয়, তাহা পূর্ব্বোক্ত প্রণালী অপেক্ষা আকর্ষ্য। ধাত্রীরা প্রপ্রভালর লালনপালন বিষয়ে সমধিক যত্ন করে, এবং গৈল দিনের মধ্যেই তাহারা পূর্ণাবন্ধা প্রাপ্ত হইয়া থাকে।

কর্মকর ও পুরুষজাতির স্থায় প্রস্থৃতী-প্রভব ডিম্বগুলি পূর্ণাবস্থা প্রাপ্তিমাত্র কোষমুখ কর্ত্তন করিয়া বহির্গমন করিতে পায় না। যদি ব্লদ্ধা প্রস্থৃতি একবারে মধুক্রম পরিত্যাগ করিয়া যায়, অথবা অন্ত কোন প্রকারে প্রস্থৃতির পদ শুন্ত হয়, তাহা হুইলেই জ অভিনব প্রস্থৃতিগুলি বহির্গমন করিতে পায়। ধাত্রীরা প্রস্থৃতিনিবাসকোষগুলি দৃঢ়-তর রূপে বন্ধ করে, কেবল আহার প্রদানের উপযুক্ত একটা সামান্ত ছিত্র মাত্র রাখিয়া দেয়, এবং রন্ধা প্রস্থৃতি স্থানাত্র গমন করিলে, আমাদের কি হইবে, যেন এই ভাবিয়াই ঐ নবীন কায় প্রস্তুতিদিগকে সর্ব্বদা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে। রদ্ধা স্বাভাবসিদ্ধ সংস্কারবশে পরিণত বা অপরিণত প্রস্থৃতি-প্রভব কীট দেখিলেই তৎক্ষণাৎ তদিনাশে প্রারত হয়, এই নিমিত্ত ধাত্রীরা কোন ক্রমেই তাহাকে তাহাদের নিকট আসিতে দেয় না। ফলতঃ, প্রস্তিদিগের ঐ অদ্ভুত নৈদর্গিক প্রবৃত্তি এত প্রবল যে, সম্ম কোষনিঃসত প্রস্থৃতিও স্বজাতীয় বধে স্বতঃ প্রব্রুত হইয়া থাকে।

পূর্ত্তে ইইরাছে যে, এক একটী মধুক্রমে এক একটী প্রস্থৃতি থাকে, এইটী প্রস্থৃতি কদাচ একটী মধুক্রমে থাকিতে পার না। যে সমস্ত কারণে এইটী প্রস্থৃতি এককালে এক মধুক্রমে থাকিতে না পার, তৎসমুদার আলোচনা করিলে বিশায়ে অভিভূত হইতে হয়।

প্রথমতঃ, সচ্চোজাত প্রস্থৃতি কোষ হইতে বহির্গত হই-রাই তদীয় অক্ষ্টদেহ ভূগিনীগণকে হনন করিতে স্বতঃ প্রেত্ত হইরা থাকে, এবং যাহাতে এই প্রবৃত্তি চরিতার্থ হইতে পারে, এরপ স্ফিকোশলও দেখিতে পাওয়া যায়। প্রস্থৃতি-প্রস্তুব ডিয়গুলি একএক দিন অন্তর প্রস্তুত হয়, স্তরাং উহারা একএক দিন অন্তর পূর্ণাবস্থাও প্রাপ্ত হইয়া থাকে; অতএব জ্যেষ্ঠা, কনিষ্ঠাদিনকৈ বিনষ্ঠি করিবার সামর্থ্য ও অনেক স্বযোগ পাইয়া থাকে। যদি ঘটনাক্রমে মুইটা প্রস্তুতি যুগপং কোব-মুখচ্ছেদন করিয়া উদ্যাত হয়, তাহা হইলে উহারা তৎক্ষণাৎ ভীষণ যুদ্ধে প্রবৃত্ত হয়। আর যদি স্থানাত্রর হইতে একটা প্রস্তুতি আদিয়া মধুক্রমে প্রবেশ করে, তাহা হইলেও ক্ষোদ্রম্থ প্রস্তুতি তদ্ধেও তাহার সহিত্য যুদ্ধ করিতে আরম্ভ করে, এই রূপে এককালে ত্রুটা প্রস্তুতি এক ক্ষোদ্রে থাকিতে পায় না।

অনেকে আশক্ষা করিতে পারেন যে, যুদ্ধ প্রবন্ত হুইটা প্রস্থৃতিই এককালে নিহত হইতে পারে, কিন্তু তাহা কদাচ ঘটে না। ঈশরের এমনি কৌশল যে, যুদ্ধে একটা ভিন্ন কদাচ হুইটা মরিবে না, একটার মৃত্যু হওয়া আবশুক, হুইটা মরিলে ক্ষতি হয়, স্থৃতরাং তিনি এক সময়ে হুইটার মরিবার যো রাখেন নাই। মিক্ষকা-শরীরের উদ্ধর ভিন্ন আর কোন অংশই বিদ্ধি হইবার বোগায় নহে; অতএব যখন হুইটা প্রস্থৃতিমিক্ষিকা পরস্পর এবস্প্রকারে পরস্পরকে আক্রন্ধ করে, যে উভয়েই উভয়ের উদরে স্বন্ধ হল ফুটাইতে পারে, তখন তাহারা আশ্তর্য্য সংস্কারের বশবর্তী হইয়া তৎক্ষণাৎ যুদ্ধ হইতে বিরত হয়। যখন কোনটা আপনি

নিরাপদ থাকিয়া শক্রর উদর ভেদ করিতে সমর্থ হয়, কেবল তথনই যুদ্ধকার্য্য চলিয়া থাকে।

কর্মকর মক্ষিকারা মধ্যন্থ হইরা কখনকখন যুদ্ধ নিবারণ করিতে পারে, কিন্তু আশ্চর্যোর বিষয় এই যে, তাহারা তাহা না করিয়া বরং রণোৎসাহ বর্দ্ধন করিয়া দেয়। তালৃশ যুদ্ধে যাহাতে একটা নফ হয়, তদ্বিয়ে তাহারা সম্পূর্ণ চেফা করে। তাহারা অগ্লিতে য়তাহুতি স্বরূপ হইরা উঠে। যদি একটা পালাইবার উপক্রম করে, তাহা হইলে উহারা তাহাকে বেফন করিয়া পালাইতে দেয়ন।।

দ্বিভীয়তঃ, ক্ষোদ্র মধ্যে একটার অধিক প্রস্থৃতি থাকিতে না পারে, এই উদ্দেশ্য সাধনের নিমিত্ত দেখিতে পাওয়া বায়, আর একটা অতি চমৎকার উপায় অবলম্বিত হয়। পূর্ব্বে উক্ত হইয়াছে ডিমগুলি কীটাকারে পরিণত হইয়া মুখ হইডে এক প্রকার অতি স্ক্রম স্থ্র বহির্গত করিয়া তদ্বারা স্বন্দ শরীর পরিবেইতি করে। কিন্তু প্রস্থৃতপ্রপ্রকাট গুলি অত্যাত্য কীটের ত্যায় সর্বাঙ্গ বেইত করে না, অধ্যোজাগের কিয়দংশ অনারত রাখে। হিউবর বলেন, ইহার তাৎপর্যা এই বে, জ্যেষ্ঠা প্রস্থৃতি সহজে যবিষ্টের নিধনসাধন করিবে, কেননা যদি কীটগুলি সম্পূর্ণ রূপো আরত হইত, তাহা হইলে তাহাদিগকে প্র অবস্থায় বিনষ্ট করা কঠিন ব্যাপার হইত। বেইনস্ত্রগুলি অতি স্ক্রম ও স্ক্রমণ করিবে তাহা ভেদ করিয়া জ্যেষ্ঠা কখনই তাহাদের উদরে হল কুটাইতে পারিত না। আর যদি কথঞিৎ বেষ্ঠন-

ভেদ করিতে সমর্থ হইত, তথাপি হুলের প্রান্তন্ত্রিত ফলাটা
নিজ্ঞান্ত করা কঠিন হইত সন্দেহ নাই। জীবপ্রবাহ রক্ষার্থ
সংসারে যে সমুদার কোশল প্রদর্শিত হইরাছে, তৎসমুদার
আলোচনা করিরা পণ্ডিতেরা অপূর্ব্ব আনন্দ অনুভব করিরা
থাকেন। আবার জীবশ্রেণীর অসন্ধত রৃদ্ধি নিবারণার্থ
তাহাদের যে সমস্ত নিধনোপার নির্দারিত হইরাছে, তৎপর্ব্যালোচনা করিরাও তাঁহারা অনুপ্রম আনন্দ অনুভব
করেন।

কোন কারণে প্রস্থৃতি বিয়োগ হইলে ক্ষোক্ত মধ্যে বিষম গোলযোগ উপস্থিত হয়। মক্ষিকার। শীম্র ঐ রক্তান্ত অবগত হইতে পারে না, স্বতরাং সকলেই কিয়ৎক্ষণ রীতি-মত স্বস্থ কার্য্যে ব্যাপৃত থাকে, কিন্তু কিয়ৎকাল পরে ক্ষোদ্র মধ্যে এক প্রকার ভোঁ ভোঁ শব্দ উত্থিত হয়। ধাত্রীরা সন্তানপালন পরিত্যাগ পূর্ব্বক উন্মত্ত প্রায় হইয়া ক্ষোদ্রের ষ্টপর পরিভ্রণ করিতে আরম্ভ করে। তখন তাহারা বুঝিতে পারে যে কি বিপদ্ ঘটিয়াছে। কিন্তু কিরুপে ইহা তাহাদের হৃদয়ঙ্গম হয় ? ক্ষোদ্রের উপরিস্ত মক্ষিকার। কি প্রকারে জানিতে পারে, যে অমুক কোষ্ঠে প্রস্থৃতি নাই. সকলেই কিছু সমুদায় কোষ পর্যাবেক্ষণ করিয়া আইসে না। তবে এ সময়ে মক্ষিকার। বে পরস্পরের শুঁর। স্পর্শ করিয়া থাকে, বোধ করি ঐ স্পর্শক্রিয়াদারাই ঐ রপ শোচনীয় সংবাদ সর্বত্র প্রচারিত হয়। যাহা হউক, সক্লেই প্রস্থতির অন্বেষণে প্রবৃত্ত হয়। কেহ কেহ বা বেগে বহির্গমন করিয়া অনুসন্ধান করিতে আরম্ভ করে।

পাঁচ হোরার পর ঐ রপ গোলযোগ অনেক হ্রাস হইয়া থাকে। তথন উহারা বিষুক্ত প্রস্থৃতির স্থান পূরণে সচেষ্ট হয়, যদি পরিণত-অবস্থা-সম্পন্ন প্রস্থৃতি কোন কোষ মধ্যে থাকে, তাহা হইলে তৎক্ষণাৎ তাহাকেই মুক্তি দিয়া প্রস্থৃতির পদে অভিন্ধিক্ত করে। তাহার অভাবে যদি প্রস্থৃতিত প্রভাব ভিষ থাকে, তবে সর্ব্ধ প্রয়েত্ব তারই পোষণ করিতে আরন্ত করে। যদি অক্ত প্রস্থৃতি বা প্রস্থৃতি-প্রভব ভিষ না থাকে, কেবল কর্মকর ভিষমাত্র থাকে, তাহা হইলে ত্রই তিনটা কোষ বাছিয়া লয়, এবং প্র গুলির পাস ভাঙ্কিয়া প্রস্থৃতিবাদোপযোগী বিস্তৃত্ত কোষ নির্মাণ করে। পরে প্রে কীটাক্ষতি ক্ষুদ্র কর্মকরগুলিকেই বিশেষরূপে আহারদান দারা প্রস্থৃতি রূপে পরিণত করিয়া তুলে। কর্মকর মক্ষিকারা যে অপরিক্ষ্ণু টলিঙ্ক ক্রীজাতি বলিয়া পূর্ব্বে উক্ত হইয়াছিল, উল্লিখিত ব্যাপারটা তাহার সম্পূর্ণ পোষকতা করিতেছে।

কোন ক্ষোদ্রের প্রস্থৃতিটা স্থানান্তরিত হইলে, তাহার বিয়োগের ঘাদশ হোর। পরে যদি অপর একটা প্রস্থৃতি আনিয়া দেওয়া যায়, তাহা হইলে ক্ষোদ্রুস্থ সমস্ত মক্ষিকা বেফন পূর্বক তাহার শ্বাসরোধ করিয়া বিনাশ করে। অফাদশ হোরার পর কোন হতন প্রস্থৃতি আনিয়া দিলে তাহাকে যজ্ঞগা দিয়াই পরিত্যাগ করে, প্রাণে বিন্ফু করে না। কিন্তু সেই সময়ে তাহাদের পরিচিত প্রস্থৃতিটা পাইলে সকলেই আফ্লাদ পূর্বক তৎক্ষণাৎ তাহাকে গ্রহণ করে। আর যদি চতুর্বিংশ হোরার মধ্যে তাহাদের পূর্ব্বতন প্রস্থৃতিটী না পায়, তখন যে কোন স্তন প্রস্থৃতি
আনিয়া দিলে, তাহাকে আব অপরিচিত প্রস্থৃতির মায়
কয়্ট দেয় না, বরং আনন্দ প্রকাশপূর্ব্বক গ্রহণ করে ও
সকলেই তাহাকে মধুপান করিতে দেয়।

কর্মকরমক্ষিকারা কখন কখন অও প্রস্ব করিয়া থাকে,
কিন্তু অধিক বয়দে গর্ভবতী হইলে প্রস্থৃতিমক্ষিকা যেমন
কেবল পুক্রপ্রভব অওই প্রস্থান করে, উহাদের অওওলি
সেই রূপ পুক্রপ্রভব ভিন্ন অন্ত প্রকার হয় না। যে ক্ষোদ্রে
প্রস্থৃতি না থাকে, এবং যথায় কর্মকরপ্রভব অও সকল
প্রস্থৃতি-প্রভব করা হয়, সেই ক্ষোদ্রেই উক্ত ঘটনা হইয়া
থাকে, এবং প্রস্থৃতি-প্রভব ডিয়ের আবাসকোবের নিক্টস্থ
কোষে যে সকল কর্মকরমক্ষিকা থাকে, তাহারা ডিস্থ
প্রস্বশক্তিসম্পন্ন হয়। ধাত্রিরা যথন প্রস্থৃতিপ্রভব কীটগুলিকে আহার দেয়, তখন সেই সকল ভক্ষ্য ক্রেরের কিছু কিছু
চতুর্দ্নিকে ছড়াইয়া ফেলে। বোধ হয় এ পুর্যুক্তর আহার
পাওয়াতে উহাদের অও প্রস্ব করিবার ক্ষমতা জন্মে।

প্রীম্মকালে মধুমক্ষিকারা মধ্যে মধ্যে কাঁক বাঁধিয়া এক প্রকানী প্রস্থাকিকার সমজিব্যাহারে স্থানান্তরে গিয়া বাস করে। এই রূপ পরিবর্তিত বসতিকে মধুমক্ষিকার উপনিবেশ বলা যায়। প্রস্থৃতিমক্ষিকা যে দিকে যায় অহাক্র মক্ষিকারা সেই দিকেই ধাবমান হয়। এমন কি যদি প্রস্থৃতিমক্ষিকাকে ধরিয়া এক স্থানে স্থাপিত করা যায়, তাহা হইলেও অপর মক্ষিকাগুলি সেই স্থানেই জাসিয়া বনিবে। রুক্তির সময় প্রায় কাঁক উড়ে না।

মধুক্রমে অধিক সংখ্যক মক্ষিকা থাকিলেও গ্রীষ্ম অধিক বোধ হয় না, এবং তথায় বিশুদ্ধ বায়ু সঞ্চারিত হয়। কতকগুলি মন্দিকা কোষের দ্বারদেশে বসিয়া পক্ষসঞ্চালন দ্বারা কোষমধ্যে বিশুদ্ধ বায়ুর গতিবিধি সম্পাদন করিয়া ' খাকে। ক্রিন্ত কখনকখন গ্রীম্মাতিরেক বা মধুকর সন্ধ্যার রূদ্ধি হইলে মধুক্রম আর বাদোপ্যোগী থাকে না, তথন কতকগুলি মক্ষিকা দলবদ্ধ হইয়া অন্তত্ত উড়িয়া যায়, এই রূপে মধুকরের উপনিবেশ হইঃ। থাকে। কখন কখন এক এক খানি মধুক্রম হইতে বৎসরে গুইবার মক্ষিকাদল নির্গত ছয়। মক্ষিকাদলের মধুক্রম পরিত্যাগ করিয়া যাইবার আরও কারণ আছে। ব্লদা প্রস্থতি স্বীয় ক্যাগণের দৈন-নিন্দ রদ্ধি দেখিয়া মনে মনে ভীত হয় ও অন্তত্ত্র পলাইবার চেন্টা করে। সে কন্তাগণকে বিন্ফ করিবার জন্ম বার্মার তাহাদের কোষের নিকট যায়, কিন্তু ধাত্রিরা কোন মতেই তাহার অভীফ সিদ্ধ করিতে দেয়না। ধাত্রিরা তথন প্রস্তিকে দংশন করে, ও অন্ত রূপে আহত করিয়া দূরে তাড়াইয়া দেয়। ফলতঃ, উপনিবেশের সময় ধাত্রিরা সম-ধিক যতুশীল হয়। অক্তান্ত সময়ে রদ্ধা প্রস্থৃতি স্বীয় ক্তা-গণকেও বা প্রথমজাত প্রস্থৃতি স্বীয় ভ্রাদিশ্বকে বিনষ্ট করিতে উত্তত হইলে ধাতিরা বড় একটা বাধা দেয় না, কিন্তু উপনিবেশ করিবার সময় উপস্থিত হইলে তাহার কোন মতেই উহাদের হুরভিসন্ধি স্থাসিদ্ধ করিতে দেয় না। অনেক দল উপনিবেশ করিবার নিমিত্ত স্থানান্তরে যাইতে পারে, স্তরাং তখন অনেক প্রস্তিরও প্রয়োজন হইতে

পারে, এই ভাবিয়াই যেন তাছারা সে সময়ে তত সাবধান ও সতর্ক হয়।

### কোকিল 1

আনন্ধ-বিহন্ধ তুমি ও কাল কোকিল!
তোমার দাদশ মাসে, আতর চন্দন ভাসে,
আন্দোলিত অবিরত বসস্ত অনিল,
বে দেশে বসন্ত যবে করে আগমন,
সে সময়ে সেই দেশে তব নিক্তেন!

আলো করা কাল রূপ নয়ননন্দন।
ভাল রূপ ভাল স্বর, পাইয়াছ পিকবর,
ভাঁখি শ্রুতি উভয়ের আদর ভাজন ;—
"কোকিল কুৎসিত পাখী" কে বলিল হায়।
কুৎসিত কবিতে কবি-অঙ্ক জ্বলে যায়।

আনন্দ প্রক্ল মনে করি উন্মীলন,
অৰুণ নয়নদ্বয়, যেন রক্ত কুবলয়,
ভাসিতেছে কাল জলে বিকাশী তৃতন—
হৈরিতেছ অবনীর নব কলেবর,
সরস প্লবলতা মঞ্জী মনোহর।

মঞ্জরিল কুঞ্জ তব রদাল শাখার,
সুরভি মুকুলপুঞ্জ, পরিমাণে ভরে কুঞ্জ,
আবরিত করে কচি কোমল পাতার,
মন্দমন্দ গন্ধবহ আন্দোলিত হয়,
সুশীতল সুবিরল যেন দেবালয়।

এ হেন নিকুঞ্জে বসি হরিষ অন্তরে, করিতেছে কুহু রব, শুনিয়া মোহিত সব, ত্রিদিব-সম্ভব-রব শ্রবণ বিবরে। সরলা কোকিলা কাছে সাদরে বসিয়ে, সঙ্গীতে দিতেছে যোগ থাকিয়ে থাকিয়ে।

এমন পবিত্র স্থানে স্থপবিত্র মনে, বল কলকণ্ঠবর, করি এত সমাদর, গাইতেছে কার গুণ বিকম্পিত স্থনে; যে দিল তোমার রবে এমন স্থতার, বিজনে কুজনে পুজা করিতেছ তাঁর।

শৈশবে বসন্তস্থা বায়দী তোমায়
প্রতনে সমাদরে, লালনপালন করে,
সন্তাম-জীবন-জীবি জননীর প্রায়;
মহা প্রখী তব মাতা পিকরাজপ্রিয়া,
পালিল সন্তানে কাকী কিঙ্করীরে দিয়া।

দৌবকা সন্তানে পালে আপন-ভবনে:
তবে কেন বিরহিনী, শুনি কলকণ্ঠ ধনি,
ব্যথিত হৃদয়ে বলে সজল নয়নে,
কাকের পালিত তুই কঠিন হৃদয়,
স্বর শরে বধু নারী নাহি ধর্ম ভয়।

কুহর কুহর পিক স্থকোমল কলে, শুনিয়ে মধুর তান, আনন্দে নাচিছে প্রাণ, শুন নারে বিরহিণী কাতরে কি বলে— পাগলিনী বিরহিণী বিষাদে ব্যাকুল, বিমল স্থায় তাই বিষ বলে ভুল।

তোমার ভোজন হেতু, প্রির আরোজন, তেলাকুচা লতিকার, কেমন শোভিছে হার, পরিণত বিশ্বকুল হিন্ধুল বরণ। বামে লয়ে পিকরাজ কর হে আহার, সকালে ললিত তানে গাইবে আবার।

## भौन्यूरवत जन्म।

মানুষের জন্ম অতি আশ্চর্যা! বিবেচনা করিরা দেখিলে বিশ্বিত হইতে হয়। এই এক মনুষ্যজাতির ক্ষিতে ঈশ্বরের কত প্রকার ভিন্নভিন্ন কৌশল রহিয়াছে। এক একটা কৌশলে ঈশ্বরের শতসহত্র মদলাভিপ্রায় দেদীপ্যমান্ রহিয়াছে। এক একটা অভিপ্রায়েও আবার জীবলোকের শতসহত্র সুখ্রেণী জাজ্বল্যমান্ রহিয়াছে। প্রতি মানু-ষেরই মুখনী স্বতন্ত্র স্বতন্ত্র। পৃথিবীতে যত মানুষ আছে, বোধ হ্ এমন তুই জন দৃষ্ট হয় না বাহাদিগের মুখ জী এক প্রকার। সাসুষের আক্ষতিগত এই অসৌসাদুশুই সমাজ-স্থার দুলীভূত। এই প্রাক্তিক নির্ম সামাজিক সুখের ও সাংসারিক ব্যবস্থার মূলকারণ। যদি ভিন্নভিন্ন না হইয়া সকল মনুষোরই মুখনী সমান হইত, তবে এই সুখপূর্ণ পৃথিবী কি অস্থের স্থান হইয়। উঠিত বলা যায় না। স্মেহময় জনকজননী পুত্রকহাদিগকে চিনিতে পারি-তেন না: তাহাদের লালনপালন বা শিক্ষাসাধনের অনেক ব্যাঘাত ঘটিত। কেহই শক্রমিত্র ভেদ করিত্তে পারিত না; সংসারে হুঃখই স্থলভ ও বন্ধতাস্থ্য একবারে অতি চুর্লভ হইত। আর অমূল্য দাম্পত্যস্থও কেহ অনু-ভব করিতে পারিত না; দম্পতীর পরস্পর সংস্ঠাব ও সংভাবনিবন্ধন স্মন্তানোংপাদনের ব্যতিক্রম ঘটিত সন্দেহ নাই। কে কাহার পিতামাতা, কে কাহার পু<del>লুক্তা</del>। কে কাহার স্বামীন্ত্রী, মানুরের এ সকল চিনিয়া উচাই ভার হইত। ফলতঃ, এরপ হইলে সমাজ ভয়ন্বর বিশ্ঙালতার এবং সংসার নিরবচ্ছিত্র ক্ষেত্র স্থান হইয়া উঠিত তাহার আর সন্দেহ নাই। ভিন্নতা ও তারতমাই সকল বিষয়ের উৎকর্ষাপকর্য জ্ঞানের মূলীভূত। যে বিষয়ের ভেদ ও তারতম্য থাকে, সেই বিষয়েরই ভালমন্দ বিবেচনা হয়। পরমেশ্বর মানুষের এই একমাত্র মুখন্ত্রী ভিন্ন ভিন্ন করাতে;

রূপলাবণ্যের গোরিব, এবং সচ্ছন্দে সংসার্যাতা নির্বাহের উপায় হইয়াছে।

মানুষের স্বভাবও অতি আশ্চর্যা! প্রত্যেক মানুষের মুখনী যেমন ভিন্নভিন্ন, প্রত্যেকের স্বভাব বা মন্ত্রের গতিও তেমনি স্বতন্ত্রস্বতন্ত্র। এই নিমিত্তেই পৃঞ্চিবীর স্থিকিকাশাবিধি মনুষ্য-সমাজে ধর্মাধিকরণের স্থিকি হইরাছে; মতবিরোধ অপ্রতিহতরূপে চলিরা আসিতেছে; এক বিষয়ে নানা লোকের নানা মত প্রকাশিত হইতেছে; তাহার সঙ্গেদদের মনুষ্যসমাজের অবস্থাও ক্রমেক্রমে উন্নত হইতিছে। মানুষের মনের গতি পৃথক্ পৃথক্ হওরাতে সমাজের যার পর নাই উপকার হইতেছে।

পরমেশ্বর সকল বিষয়ই প্রাকৃতিক নিয়মের অধীন করিয়া
দিয়াছেন। কতকগুলি লোকের ভাষাশক্তি অতি প্রবল হয়।
কেহ শিক্ষা না দিলেও তাঁহাদের মন কেবল সাহিত্যশাল্রের আলোচনাতেই আশক্ত হয়। জীবিতকাল তাঁহারা
কেবল সেই সাহিত্যশাল্রেরই শ্রীরদ্ধির চেফা করেন। কতকগুলি মানুষের মন সেই প্রাকৃতিক নিয়মানুরোধে জন্মাবধি
কেবল বিজ্ঞানশাল্রের দিকেই আক্রফ হয়। তাঁহাদের সাহিত্যশাল্রে মন প্রবিফ হয় না; কাব্য পড়িয়াও আমোদ বা
তৃপ্তি জন্মে না। তাঁহারা কাব্যনাটক অমূলক ও অপ্রামাশিক্ বলিয়া তৎপ্রতি হাম্ম করেন। তাঁহারা চিরকাল
বিজ্ঞানশাল্রের আলোচনা করিয়া কেবল তাহারই শ্রীরদ্ধি
সাধনে জীবন যাপন করেন। কতকগুলি লোকের স্বতাবৃতঃ শিশ্পশাল্রের প্রতিই অনুরাগ থাকে। অহাম্ম শাস্ত্রে

তাঁহাদের তাদৃশ বত্ন থাকে না। নিপ্পীদের সহিত্ত আলাপপরিচয়, নিপ্পাযক্তির আবিজিয়া, নিপ্পাযক্তের পর্য্যালোচনাতেই তাহাদের জীবিতকাল পর্য্যাসেত হয়। এই রূপে প্রায় সকল মানুষই ভিন্নভিন্ন প্রকৃতির বশীভূত• হয়া ভিন্নভিন্ন কার্য্যের অনুষ্ঠান করিতেছে; এবং তাহার সঙ্গোর অনুষ্ঠান করিতেছে; এবং তাহার সঙ্গোর স্ক্রের জানের উন্নতি হইতেছে, এবং ব্যবহারপ্রণালী উৎরুষ্ট হইয়া সাংসারিক স্থের রিদ্ধি হইতেছে। এই সকল প্রকার কার্য্যেই মানুষের মনের ভিন্নভিন্ন গতি প্রকাশ পাইতেছে। পরমেশ্বর মানুষের মনের গতিকে এই রূপ ভিন্নভিন্ন করিয়া দেওয়াতে সামাজিক প্রথম্বদির পথা, জ্ঞানলাভের সহজ্ঞ উপায়, এবং প্রথম্বছনে সংসার্যাত্রা-

কারণ বিনা কার্য্যের কখনই উৎপত্তি হর না। কারণগুণ কার্য্যে সংক্রামিত হয়। সমুদায় স্ফ পদার্থই এই
অপরিহার্য্য প্রাকৃতিক নিয়মের অধীন। অতএব, কোন
অলোকিক ঘটনা বা আশ্চর্য্য কার্য্য দেখিয়া একবারে
বিন্মিত হওয়া উচিত নহে। সহসা বিন্মরকে হৃদয়ে ছান
দিলে আমাদিগের বুদ্ধিরত্তি সঙ্কুচিত ও বিবেচনাশক্তি
তিরোহিত হইয়া যায়। বিন্ময়াভিভূতচিত্তের কোন বিবয়েরই সিদ্ধান্ত করিবার শক্তি থাকে না। কিন্তু যদি বুদ্ধিকে
অবিচলিত ও বিবেচনাকে অপ্রতিহত রাখিয়া সেই অলোকিক ঘটনার কারণ অনুসন্ধান করা যায়, তবে অব্শুই
তাহার একটা না একটা কারণ প্রকাশ পাইবে। তথ্য

দে বিসায়বুদ্ধি দূরণত হইবে; কারণ বিনা কার্য্য হয় না, স্পাষ্ট বোধ হইবে, এবং তাহার সঙ্গেসঞ্জে মনের ভ্রম-প্রমাদও হরীভূত হইবে। রাজার রাজনিয়মানুদারে রাজ্য থেমন শাদিত ও পালিত হয়, প্রাকৃতিক নিয়মানুসারে সমুদায় স্ফুপদার্থও তেমনি শাসিত ও পান্ধিত ইইতেছে। সংসারের কোন বিষয়ই নিয়মের বহিভূতি নহে। মানুষের মুখন্ত্রীর পরস্পার অসে সাদৃশ্য ও মনোরভির বিভিন্ন ক্রিয়া দেখিয়া আপাতত বড় আশ্চর্য্য বোধ হয় বটে; কিন্তু অনু-ধাবন করিয়া দেখিলে এ সকলেরই কারণ নির্দেশিত হইতে পারে, সকলই বিশেষ বিশেষ প্রাকৃতিক নিয়মানুসারে ঘটি-রাছে। যে নিয়মের যে ফল, তাহা অবশ্যই ফলিবে। যে কারণ যে কার্য্যের তাছার কখনই ব্যক্তিক্রম হইবে না। সংসারে কারণবশতঃ কেছ প্রমরপ্রান স্থ শ্রীক ছইয়া প্রিবার্বর্গের আনন্দবর্দ্ধন হইয়াছে; আর কেহবা কদাকার বিদ্রী হইয়া **জন্মগ্রহণ** করিয়াছে। কারণবশতঃ কেহ অসাধারণ কবিত্ব-শক্তি লইয়া জন্মিয়াছে; আর কেছ বা কেবল গণিতশা-ক্তের আলোচনাতেই জীবন ক্ষয় করিতেছে। কারণবশতঃ কেহ স্ক্ষাদর্শী স্বুদ্ধি হইয়া জিমিয়াছে; আব কেহ বা স্থুলদর্শী নির্ব্বদ্ধি হইয়া ক্লেশ পাইতেছে। কারণবশতঃ কেছ দয়ালু হইয়া পরমস্থাখে সমাজের ছঃখভার বছন করিতেছে; আর কেছ বা স্বার্থপর নির্দ্য ছইয়া কেবল স্বকার্য্য সাধনেই ব্যতিব্যস্ত আছে। এ সকলই মানুষের শারীরিক মানসিক ও ভৌতিক নিয়মাবলীর ভিন্নভিন্ন ফল-স্থ্যপু ।

সকল ব্যাপারই পরমেশবের অপরিবর্ত্তসহও অনতি-ক্রম্য নিয়মের অধীন। মানুষের জন্মক্রম এই রূপ একটী নিয়মের অধীন। জীবসঞ্চারের সঙ্গেসঙ্গেই মানুষের শুভাশুভের কারণ সঞ্চার হয়, পূর্ব্ব পণ্ডিতগণের এ সিদ্ধান্ত भिशा नरह । वस्तु की नक्षांत्रकारल शिका भावा প্রাক্তিক নিয়ম পালন করিলে সেই পুণ্য বলে সন্তানের সুখ ও তাহা লঙ্ঘন করিলে সন্তানের হুঃখ হইয়া থাকে। ইদানীত্তন পণ্ডিতেরা নিরূপণ করিয়াছেন, জম্মের সঙ্গে-সঙ্গেই মানুষের সুখতুংখাদির কারণ জ্বো। কেবল জনক-জননীই সেই কারণের মূলীভুত। মানুষের জন্মবিষয়ক যে সকল মন্ধলময় প্রাকৃতিক নিয়ম নির্দিষ্ট আছে, তাহা স্থানররপে প্রতিপালন করিলেই রূপগুণসম্পন্ন স্থান জন্মে; আর অহাথাচরণ করিলেই রূপগুণবিক্ত কুসন্তান জিমিয়া পৃথিবীর চুঃখজঞ্জাল রৃদ্ধি করে। অতএব যাহাতে গর্ভসংস্থানবিষয়ক নিয়মাবলী জানা যায়, এবং গর্ভ পালনবিষয়ক বিজ্ঞতা জন্মে, দম্পতীদের এরপ বিষয়ে শিক্ষিত ও সাবধান হওয়া নিতাত আবশ্যক। মানুষ এই সকল বিষয়ে অনভিজ্ঞ থাকাতেই সুখময় পৃথিবী অনিষ্কম-জালে আচ্ছন্ন, হুঃখভারে অবনত ও পাপপঙ্কে নিমগ্ন হইয়া রহিয়াছে। শিক্ষা ব্যতীত মানুষ কোন বিষয়েই সুখ-সম্পত্তি লাভ করিতে পারে না।

গর্ভসম্বন্ধীয় সকল বিষয়ই অতি আন্দর্যগ্য ! শারীর-স্থানিকেরাপরীক্ষা করিয়াদেখিয়াছেন,গর্তের যে স্থানে বীজ পতিত ও অঙ্কুরিত ছইয়া সত্ব জ্বো, গর্ভসঞ্চারের পূর্ব্বে

তাহাতে বিন্দুমাত্ত কোন পদার্থ ধরে বলিয়া কোন মতেই বোধ হয় না। কিন্তু পরমেশ্বরের কি আশ্চর্য্য কোশল !-कि निर्माणनका।-कि महीयुमी भक्ति।-गर्ज म्रशाद्वत সন্ধেসন্ধেই গর্ভন্থ সত্তের উপযুক্ত বাসন্থান প্রস্তুত হইতে থাকে। যে পরম কাঞ্জিক পরমেশ্বর, নিঃসহার সদ্যোজাত সন্তানের প্রাণরকার্থে পুর্বেই জমনীর মাংসদোণিতময় স্তনমুগলে অতি উপাদের মুগ্ধ সঞ্চয় করেন, এবং তাহা পালনার্থে জনক-জননীর হৃদয়ে অনমুভূতপুর্ব স্নেহরস সঞ্চার করেন, তিনিই এই নিশ্চেষ্ট জীবের বাসার্থে অগ্রেই ইহার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া দেন। যে আশ্চর্যা কোষ-মধ্যে গার্ভ সঞ্চারিত ও সত্র বর্দ্ধিত হয়, তাহার নাম জরায়। জবারুর অপর নাম গর্ভাশয়। এ জরায়ু বা গর্ভাশয়ের ধর্ম অতি আক্ষর্য ! গর্ভ মধ্যে দিনদিন সত্ব যত বর্দ্ধিত হইতে থাকে, ততই সমত্ব জরায়ু বিস্তৃত হয়। গর্ভ সঞ্চারের পূর্ব্বে উহার যে ভাব থাকে, তাহার পর আর দেরপ থাকে না। দিনদিন তাছার অভাব পরিবর্তিত হয়। দিনদিন গর্ভ যত রদ্ধি পাইতে থাকে, অমনি তাহার সঙ্গেসজেই জ্বায়র শিরা মাংসপেশী ও অন্ত্র সকল স্থিতিস্থাপক হইয়া উঠে। তাহা ক্রমেক্রমে এরপ স্থিতিস্থাপক হয়, যে বল-পর্বক টানিলেও কিরৎ পরিমাণে প্রসারিত হয়। গর্তের এরপ স্থিতিস্থাপকতা না থাকিলে, সত্তের অবয়বসংস্থান, শন্নীর রৃদ্ধি ও গাত্রসঞ্চালনের বড়ই ব্যাঘাত হইত। গর্ভ थक निश्राम अनवत्र उद्देशिक इत ना। ध्रथम इत्र माम कानरे ইছার রদ্ধির মুখ্য কাল। ছয় মাদের পর নয় মাদ পর্যন্ত

ক্রমেক্রমে অতপ পরিমাণেই রুদ্ধি হয়। যদি প্রতি মানেই গভেঁর আকার বিস্তৃত হইত, তবে গভিঁনীর গভঁভার বহন ও গ্রভরক্ষা বড বিষম হইয়া উঠিত। দ্যাবান প্রমেশ্বর গৰ্ভকে এই আশ্চৰ্য্য স্থিতিস্থাপকতা প্ৰকৃতি দিয়া সে সম্ভা বিত তুঃশের • লাঘব করিয়াছেন। যে ছয়মাদ কাল গভ অংশে অংশে বদ্ধিত হয়, দেই সময়েই গর্ভজাত সংঘর অন্প্রতাঞ্জ ক্রেক্রনে প্রস্তুত ও সম্পন্ন হইতে প্রারম্ভ হয়। প্রথমে সত্ত্বের মন্তক চক্ষু কর্ণ মুখ নাসিকা প্রভৃতি প্রকাশিত হয়, পরে যত মাস যাইতে থাকে, ততই তার অস্তাম্য অঙ্গ-প্রতাঙ্গ সকল বর্দ্ধিত ও পরিপ্রক হয়। গর্ভন্থ সভের অঙ্গ-প্রত্যঙ্গাদি সুসম্পন্ন হইলে, জরায়ুর মধ্যে তাহা আপনা আপনিই সক্ষৃতিত হইতে আরম্ভ হয়। গর্ভস্থ সত্ব যদি এরপ স্মৃতিত ও অপ্ণায়ত না হইয়া প্রদারিত ও বিস্তৃত হইত, তবে গর্ভিনীর গর্ভধারণেরও বিষম ব্যাঘাত ঘটত সন্দেহ নাই। কিন্তু ঈশবের কি অনির্বাচনীয় কৌশল। গর্ভন্ত নিঃ-সহায় জীব, সকল বিষয়েই নিরাপদে গর্ভশ্যায় শয়িত ও ক্রমেক্রমে বর্দ্ধিত হইয়া উঠে। এই রূপে নয় মাস কালের মধ্যে গার্ভন্ত অচেতন সত্র ক্রমেক্রমে সচেতন জীবরূপে পরিণত হয়।

এ কাল বড় বিষম কাল। এ সময় বড় সতর্কতার সময়।
এ সময়ে দম্পতিদের কিঞ্চিৎ অসাবধানতা হইলে আর রক্ষা
নাই। গর্ভন্থ নিরুপায় জীবের নিমিত্তে পরমেশ্বর যে সকল
মলন্মর নিয়ম প্রণালীনির্দিট করিরাছেন, তাহা স্থনররূপে প্রতিপালিত না হইলে, পাপের ফল হঃখ ভোগ
করিতে হয়। সে হঃখ আমরণ কাল স্থায়ী।

পিতামাতার গুণাগুণ সন্তানে বর্ত্তে সর্বন্দেশীয় পণ্ডিতেরাই ইহা নিশ্চয় করিয়াছেন। এ সময়ে জনক জননীর
মনোরতি স্বভাব বেরূপ থাকে, তাঁহাদের আত্মজ সন্তানেরও স্বভাব সেই রূপ হয়। ফলতঃ, পিতামাতার সদসৎ
প্রকৃতি সন্তানে এক প্রকার প্রতিভাত হয় বলিয়াছেন, "য়ুক্থের আত্মাই পুত্ররূপে জন্মগ্রহণ করে!" বস্তুতঃ, এ কথা
মিখ্যা নহে। পুর্কেই বলা গিয়াছে, কারণগুণ কার্য্যে
সংক্রামিত হয়। সন্তানের জন্মকালে তাঁহারা যে রূপ
তাবহায় থাকিবেন, তাঁহাদের আত্মজ সন্তানও অবিকল
সেই রূপ ধর্মাক্রান্ত হইবে সন্দেহ নাই। তাঁহাদের সদসহ
গুণাগুণই সন্তানে অবভাষিত হইবে। তাঁহাদের সদসদ
মনোরতি সন্তানে বলবতী থাকিবে।

অতএব, এরপ বিষম সময়ে বৃদ্ধির তির পরিচালনা, ধর্মবৃদ্ধির উন্নতিসাধন ও সত্যপথে বিচরণ করিয়া কাল যাপন
করা পুণার্থী দম্পতীদের প্রধান ধর্ম। যাহাতে গর্ভন্থ
নিরুপার শরণাগত সন্তান উচিত্রমত মনস্বী, তেজন্বী ও
উৎক্কট মনোই ভিদম্পন্ন হয়, সোভাগ্য লোলুপ দম্পতীদের এরপ বিষয়ে সর্হ্বদা সতর্ক থাকা নিতান্ত কর্ত্ব্য;
যাহাতে আত্মজ সন্তান ভগ্নশরীর, হীনবীর্য্য ও ভীকন্মভাব
না হইয়া উত্তম স্কুশরীর, বিলক্ষ্ণ বীর্য্যবান্ ও অসাধারণ সাহসিক হয়, প্রত্যবায় ভাগী দম্পতীদের এরপ য়য়
করা অথ্যে কর্ত্ব্য। সকলে যদি সন্তানোৎপাদনের এই
স্কুল মঙ্গলম্ম নিয়ম রক্ষার অনুগামী হয়, তাহা হইলে

পাপ তাপ দূরে যায়, হুঃখ ক্লেশ তিরোহিত হয়, স্থা পদার্থত ক্রমে ক্রমে সহজ হইয়া আইসে। আহা! তাহা হইলে, পাপময় পৃথিবী পুলমর হয়, হুঃখপূর্ণ সমাজ স্থা পূর্ণ, এবং নিরামন্দ সংসাব আমন্দে ভাসমান হয় সন্দেহ নাই।

### জীগ শ্ব ৷

এক দিন নদীতটে করিতে ভ্রমণ করিলাম এক জীর্ণ শব বিলোকন। নাহি কিছু মাংস চর্ম অন্থিমাত্র সার, খ্যিয়া পড়েছে যত দশন তাহার; নাহি উক্ত পদ আর অন্থলি নখর, দেখিতে সিছরে অঙ্গ দৃশ্য ভয়ঙ্কর। স্বভীষণ সেই শব করিলে দর্শন, সহসা বিবেক যেন কহিল তখন ;— "হে সুরূপ অভিমানি যুবক সকল! রূপ-মদে কভু আর হওন। চঞ্চল। . বদন রদন-ছীন বিক্লত দর্শন, এক বার এই শব করহ ঈক্ষণ। কোথা সেই রম্য তবু চম্পক-বরণ, মবীন নীবদনিভ কেশ স্থৃচিকণ ?

"কোখা সে বিলোল নেত্র বিলাসমূর্ণিত। কোখার তারকা ইন্দীবর বিনিন্দিত ? কোখা মুক্তারাজিনিত স্থরম্য দশন, কোখা সেই স্থবিধ্যম জারুগ দর্শন। কোখার আরক্তাধর বিশ্ববিনিন্দিত, কোখা সে বদন ফুল গোলাপ গঞ্জিত। প্রকল্প কমলনিত স্থরম্য বিমল, কোখার কোমল করপল্লব যুগল ? মৃণালনিন্দিত কোখা বাত স্থাতিত, কতাত দশনে সব হয়েছে চূর্ণিত; অন্থিমাত্র অবশিষ্ট রহিয়াছে যাহা, কিছু দিন পরে হায়! মাটি হবে তাহা। আনিত্য সকল এই ওহে যুবজন" তাই বলি রূপমদ দেহ বিসর্জন।

# জীণ তরু।

একদা গোধূলি কালে ভ্রমণ কারণে,
চলিলাম ভাবময়ী কপ্সনার সনে।
পথিপ্রান্তে দেখি এক জীর্ণ তক্তবর,
সহসা সম্বোধি মম কহিল অন্তর।—
"ওহে রক্ষ একি দশা হয়েছে তোমার,
জীর্ণ শীর্ণ ভগ্ন শাখ বিরুত আকার।
কোথা সে শ্রামল পত্র নয়নরঞ্জন,
এক দিন ছিল যারা তব বিভূষণ।

কোথা দেই স্থদর্শন বিহলমগণ: যার। তব ভালে বসি করিত কুজন। लाखि विनामिनी काथा हारा महहरी, সেবিত যে জ্রান্ত জনে সুযতন করি। ছিল্ তব দশা যবে নেত্র তৃপ্তিকর, কত জনে কত মতে করিত আদর: পথতাৰ জনগণ বিভাম-আশায়. আসিয়া বসিত তব শীতল ছায়ায়। দোলাইয়া তব পত্র মন্দ সমীরণ, তালরন্ত প্রায় সবে করিত ব্যক্তন। ছিল তব সুগায়ক বিছন্ধমকুল, কি ছার সারদী তান নহে যার তুল। সদা তারা ডালে বসি স্থলনিত গান করিত রে, মানবের মোহিয়া পরাণ। নাই নাই নাই হায়! এবে কিছু তার, দেখিলে সন্তাপ হয় হুর্দ্দণা তোমার। ধরাশায়ি পত্র তব স্থপ্রিয় ভুষণ, ( হার! এবে শুষ্ক ) সবে করিছে দলন। কুঠার আনিয়া এবে কাঠুরিয়াগণ, আসি তব অঙ্গ হায়! করিবে ছেদন। "ভন্ছে ভাবুক জন জানিও নিশ্চয়, চির দিন এক দশা কাছারো না রয়।"

हिल्द्ररुगेन। हिः माः जीतः—

#### বিছা।

বিজ্ঞা অতি রমণীয় পদার্থ! নানা পুল্পান্থলোভিত পরম রমণীয় উল্পান ও শারদপূর্নিমার মনোমোহন চন্দ্রও কান্তিতে ইহার নিকট পরাজিত হয়!— প্রভাতকালের স্বদৃশ্য স্থ্য ও সহস্রসহস্র হীরক খণ্ডও ঔজ্জ্বল্যে ইহার নিকট পরাস্ত হয়!— এবং নিগৃঢ়প্রভ অয়স্কান্তমণি ও বিলাদিনীগণের বিভ্রমবিলাসও আকর্ষণী গুণে ইহার নিকট পরাভূত ও তিরক্ষত হয়। বিল্লা অক্ষয় রজু! যথেচ্ছ বিতরণ করিলেও ইহার ক্ষয় হয় না; প্রভ্যুত রিদ্ধিই হইতে খাকে।— বিল্লা স্পর্শমণি স্বরূপ!—ইহার সংসর্গে অপদার্থ মানুষেরও পদার্থ জন্মে ও সে লোক সমাজে পূজ্য ও আদরের আস্পদ হয়।

বিজ্ঞাই মনুষ্যের সুখ ও সচ্ছন্দের একমাত্র উপায়। ইতর
জন্তদের বিজ্ঞা বা শান্তের কিছু আবশ্যকতা নাই। পরমেশ্বর
তাহাদিগকে এক প্রকার সম্পন্ন করিয়া দিয়াছেন। সদসদ্বিবেচনার নিমিত্তে তাহাদিগকে কখন চিন্তিত বা প্রতিহত হইতে হয় না। অন্নের জন্তে তাহাদের ভাবনা নাই।
অযত্ত্বলভ বন্তর্রতিতেই তাহারা পরিত্তা ও সন্তুফ থাকে।
পরিধান বা পরিচ্ছনের জন্তে তাহাদিগকে বন্ত্রবয়ন করিতে
হয় না। গাত্রে লোম বা পক্ষ দিয়া পরমেশ্বর তাহাদের সে অভাব দূর করিয়াছেন। তাহারা আভাবিক
সংস্কার বলেই সকল কর্ম নির্বাহ করে। কাহারও নিকট
শিক্ষা বা পরামর্শ লইতে হয় না। সভঃপ্রস্তা গাভী

বংসের আক্র শরীর লেছন করিয়া তাছাকে শুক্ত করে। বংসের কাছে কেহ আদিলে, শৃত্তালনা করিয়া, তাহাকে মারিতে যায়। কাক কপোতাদি পক্ষি সকল ডিম পাড়ি-বার সময়ে তৃণকার্ছ আছরণ করিয়া মনোমত স্থানে কুলাঁয়-নির্মাণ করে। যথাসময়ে ডিম্ব প্রসাব করিয়া, তাহা প্রক্র-টিত করিবার নিমিত্তে কতই যতু ও পরিশ্রম করে। তাপ দিবার জন্মে পক্ষি ও পক্ষিণী পালা করিয়া লয়। ভিষের মধ্যে সত্ত জন্মিয়াছে কি না জানিবার নিমিতে সর্ব্যদাই ডিম্বের উপর কাণ পাতিরা থাকে। একবিংশ বা দাবিংশ দিবসে ডিম্বের মধ্যে এক প্রকার শব্দ শুনিরা চঞ্চপুট দিয়া ফুটাইয়া ফেলে। খাইবার সময় কৌশলে নিজ কণ্ঠ মধ্যে তণ্ডলকণা সঞ্চয় করিয়া রাখে। কুলায়ে গারা শাবক-নের চঞ্চত আপনার চঞ্ছ দিয়া দেই তণ্ডুলকণা খাওয়াইয়া দেয়। কোন কোন পক্ষি অত্য শাবকদিগকে পুঠে করিয়া উড়াইতে পর্যান্ত শিখায়। বিড়ালনকুলাদি জন্তুর ব্যামোহ इरेल जल्रा गिता এक श्रकात अवधित श्रे ठर्जन करता এ সকল অবশ্যকর্ত্তব্য কর্ম তাছাদিগকে কাছাকেও শিখা-ইতে হয় না। আপন আপন স্বাভাবিক সংস্কার বলতই করিয়া থাকে। কিন্তু মনুষ্যের সে রূপ ছইবার নছে। প্রমেশ্বর মানুষকে বুদ্ধি দিয়াছেন। সেই বুদ্ধিরতির পরিচালনা করিয়া মনুষ্যকে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দার % করিতে হইবে। শরীর নিনিত্তে মরুষ্যকে শারীরস্থান ওশারীরবিধান বিজ্ঞার অনুশীলন ও উন্নতি করিতে হইবে। যত দিন ইছার বিশেষ উন্নতি না ছইবে, তত দিন রোগা, শোক, জরা,

অকাল মৃত্যু প্রভৃতি পাপ সকল পৃথিবী হইতে নির্কাসিত হইবে না। পদার্থবিছ্যা মনুষ্যকে বুঝিতে হইবে, তবে তিনি আক্ষিক বিহ্নদায় হইতে পরিক্রাণ পাইবেন। বায়ুর শতি ও ধর্ম পরীক্ষা করিতে হইবে, তবে তিনি সাহস করিয়া, বাত্যা ও ঝটিকার আবাসস্থরপ অকল অমুদ্রে নির্দিষ্টে যাইতে পারিবেন। বিষ্যাই এই সকল কঠিন বিষয় সম্পাদনের মূল। বিছ্যা বিনা এ সকল বিষয়ের সদসদ্বিবেচনা ও কর্তব্যাকর্তব্য জ্ঞান কিছুই হয় না। অতএব বিছ্যার নিমিত্তে একান্ত যত্ন ও সাধ্যবসায় পরিশ্রম করা নিতান্ত কর্তব্য।

বিদ্যানের হৈ পালের আলোচনায় অনির্ব্রচনীয় সুখ!
বিদ্যানের হৈ সে অনির্ব্রচনীয় সুখের একমাত্র অধিকারী।
জন্মান্ধ বেমন শ্রামলশস্থপূর্ণ ক্ষেত্রের মনোহর শোভা
অমুন্তব করিতে পারে না; জন্মবির যেমন তানলয়বিলাশিনী বিশুদ্ধররসংযোগবতী গীত শুনিয়া মর্মপ্রহ
করিতে পারে না; বিদ্যাবিহীন, তেমনি বিদ্যামুশীলনের
অনির্ব্রচনীয় সুখের বিশ্বুমাত্রও বুঝিতে পারে না। জ্যোতিব্রিদ্ পণ্ডিত যখন তাঁছার পর্যাবেক্ষণিকায় আরোহণ
করিয়া প্রহনক্তর্ধকেত্ব প্রভৃতির পর্যাবেক্ষণ করেন,
তখন তাঁছার মনে কি অনির্ব্রচনীয় সুখ ও অতুল আনন্দের উদয় হয়। অন্য কেছ সে অনির্ব্রচনীয় সুখের
অধিকারী নহে। প্রহণ সময়ে রাছ আদিয়া চন্দ্রস্থাকে
প্রাস্ত্রান করে, এই স্ত্রীজ্ঞাপিত প্রাচীন কথা তিনি কি আর
বিশ্বাস করেন?—তিনি প্রহনক্তরের স্বরূপ, কক্ষা, গতি ও
তাহাদিগের পরস্পার সম্বন্ধ বুঝিতে পারিয়া মনে মনে

নির্মল আনন্দ অনুভব করেন। ভুগোলবিদপণ্ডিত, যখন চিত্র সকল লইয়া ভূগোল শান্তের আলোচনা করেন, তথন তাহার মনে কি অনির্ব্রচনীয় স্বর্থের আবির্ভাব হয় !- অন্য কেছ সে অখণ্ড স্বংখর অংশভাগী ছইতে পারে না। তিনি কি আর স্থানেককে স্থানার ও মানুষচক্ষর অগোচর বলিয়া বিশ্বাস করেন? তিনি পর্বতাদির স্বরূপ ও উৎপত্তির নিয়ম বুঝিতে পারিয়া,দে ভ্রমপ্রমাদ হইতে মুক্ত হন-তাঁহার আমনের আর পরিসীমা থাকে না। পদার্থবিদ পাওত। যখন পদার্থ সকলের প্র্যাবেক্ষণ ও পরীক্ষণ করেন তখন ভাঁহার মনে যে অনির্বাচনীয় সূত্র সূত্র আনন্দের সঞ্চার হয়, তাহা অন্যের হৃদয়জম হইরার বিষয় নহে-তিনি কি আর সহস্রফণাধর বাস্থকির শিরকম্পই ভূমিকম্পের কারণ, এই প্রমতজ্ঞিত রুখা কথা বিশ্বাস করেন ? তিনি প্লার্থ সকলের কার্য্যকারণভাবসম্বন্ধ রুঝিতে পারিয়া সুখসাগারে সন্তরণ করেন—অন্য কাছারো সে অনির্বচ-নীয় সুখে সুখী হইবার শক্তি নাই।

বিদ্যাবিহীন ব্যক্তি পশুতুল্য। হুর্ল ভ জ্ঞান পদার্থই
মনুষ্যকে পশু হইতে প্রভেদ করিতেছে, তাহা তাহার।
বুঝিতে পারে না—ইতর জন্তদের মত কেবল আহার
নিদ্রা ভর মৈথুনের বশীভূত হইয়া জীবিত কাল রখা নফ
করে। জ্ঞানগর্ভ পুস্তক তাহাদের হুই চক্ষের বিষম্বরূপ।
অমূলক গণ্প কলছ ও পরনিন্দাই তাহাদের যার পর
নাই ক্রতিস্থকর। শুনিয়া আহ্লাদ রাধিবার আর
স্থান পার না। বিভা না থাকিলে ধর্ম, বুদ্ধি ও উপচিকীর্ষা

হয় না। স্ক্রবাং, বিদ্যাহীনদিগের মনে পাপ বুদ্ধি ও অপচিকীর্যাই জনে জনে বলবতী হইতে থাকে। অর্থের অপ্রত্ন হইলে গ্রঃদাহদিকতা ও চৌর্যারতি অবলম্বন করে—নিরপ-রাধ ধার্মিকদিগকে দর্বস্থান্ত করিয়া পথে বদার। কামানল প্রভ্রলিত হইলে, দাধীদিগের সতীত্ব নফ্ট করিতে সম্ভূচিত হয় না।

বিদ্যাব্যতিরেকে জীবন বিফল। যে সকল বালক পিতার আজ্ঞাধীন থাকিয়া শৈশ্বে বিল্যাভাস না করে, তাহা-দিগের চির-জীবন কেবল ক্ষতেই যাপিত হয়, তাহার! প্রকৃত সুখের মুখাবলোকন করিতে কখনই পারে না; শাতি কি পাদার্থ তাহার। কখনই জানে না। তাহাদিগের কোন দ্মাজে কখন আহ্বান হয় না. কেছ আদর করিয়া তাহা-দিগের সহিত আলাপ করে হা, তাহারা লোকের অপ-কারী না হইলেও সকলে তাহাদিগকে য়ুণা করে। বিজ্ঞান থাকিলে, লোকে প্রায় সকল প্রকার অসম্বতি অবলম্বন করে, কুরতি সকল প্রবল হইয়া মনকে বিপথগামী করে, বুদ্ধিরতি একবারে ভন্মাচ্ছাদিত অনলের স্থায় নিস্প্রভো হইয়া পড়ে, কামাদি মিক্লফ্রতি সকল আপন আপন প্রস্বিতাকে প্রাপ্ত হয়। যেমন কোণীপাল হীন বীর্য্য হইলে দস্যপ্রভৃতি হুরত্ত লোকে রাজ্য বিপ্লব করণে প্রোৎসাহিত হইয়া অকুতোভয়ে সর্ব্ব স্থানে অত্যাচার করে, সেই প্রকার বিছা অভাবে বৃদ্ধির ক্ষীণতা হইলে কামাদি হুর্দান্ত রিপু সকল মনোরাজ্য অধিকার করিয়া একবারে পুরুষের সকল গ্রুণ ময় করে।

ধতি, ক্ষমা, ধৈষ্যা, বিনয়, শীলতা, দয়া, ধর্মা, শ্রহ্মা, ভক্তি প্রভৃতি গুণ থাকিলে মানুষ প্রতিষ্ঠাভাজন হয়, এ সকল গুণ বিছা। হইতে সমুৎপার হয়; স্তরাং বিছা। না থাকিলে হতগোরব ও হতাদর হইতে হয়, মূর্খ বলিয়া। সকলে উপহাস করে; অতি ইতর জনেও অপমান করে; স্বহ্ব বান্ধবাদিও য়ণা করে; অধিক কি, পিতা মূর্খ হইলে পুত্রের।ও অবজ্ঞা করিয়া থাকে।

পুত্র গুণবান্ হইলে জনক জননী যে প্রকার আনন্দার্থরি ভাবেণ, মূর্থ হইলে তেমনি হঃখদাগারে নিমগ্র হন। মূর্ণ সন্তানের কারণ, মাতা পিতা যাবজ্জীবন অন্তর্দাহে দগ্ধীভূত হন। তাহারা স্বরং দেখী না হইলেও অবোধ মূর্থ তনরের দোবে লোক সমাজে তিরক্ষত ও অব-মানিত হন।

মূর্থ ব্যক্তি, যদি প্রভূত ধনশালী রূপবান ও মহা কূলীন হয়, তথাচ মূর্থতা দোবের জন্ম কেহ তাহার সমাদর করে না. এবং তাহার সহবাদ করিতে অনেকে পরাঙ্মুখ হয়। যদিও ধনলুরুতাবকের। আপনাদিশের অভীক সিদ্ধির নিমিত্ত তাহার আশ্র গ্রহণ করে, এবং সাক্ষাতে কপট-ভাবে তাহার যশোকীর্ত্তন করে, কিন্তু পরোক্ষে তাহার নিন্দা করিতে জাট করে না। লোকে অ অথার্থ উদ্দেশেই মূর্খ ধনীজনের আশ্র গ্রহণ করে, কিন্তু সিদ্ধপ্রেজন হইলে আর তাহার নিক্টপ্থ হয় না।

মূর্খ লোকের ধন প্রায় অসৎ কার্য্যেতই পর্যাবণিত হয়। অসাধু বঞ্চদিগের সন্ধ প্রাপ্ত হইরা পান পর- দারাদি বিগর্হিত বিষয়ে বিপূল বিভব বিসর্জন করে, এবং ধনগর্কে বিমোহিত হইয়া লোকের উৎপীড়ক হইয়া দাঁড়ায়।

মন অতি চঞ্চল। বিষয় বিশেষে নিয়োজিত না হইলে ছির থাকে না। এ নিমিত্তে মূর্থেরা প্রায় দোবৈ নিযুক্ত না হইয়া থাকিতে পারে না। মূর্থেরা পৃথিবীতে পাপ ও অনিষ্টের প্রোত প্রবাহত করিতে থাকে। সর্ব্ধনিয়ন্তার নিয়নল্ডমনজন্ত তাহারা পদে পদে বিপক্তান্থ হয়, এবং পরিবাদেষে সমাজের ছ্রিসিহ গলগ্রহ হইয়া উঠে। অতএব, জানোপার্জনের নিমিতে, আন্তরিক যত্ন ও পরিশ্রম কর্ম উচিত। জীবিতকালের মধ্যে মানুষকে যত্যুলি কর্ত্ব্য করিতে হয়, এই কর্ত্ব্য টিই সেই সকল কর্ত্ব্যের প্রধান। বিজ্ঞার্থিনদের ইহা সর্ব্বদ্য মনে জাগরিত রাখা উচিত।

ভাষা, বিজ্ঞার অধিরোহিণী স্বরূপ। ভাষার উত্তম রূপ অধিকার না হইলে, সহজে ভিন্ন ভিন্ন পণ্ডিতগণের মতগ্রেহ হইতে পারে না। আপনি বুঝিয়া অন্তকে উপদেশ দেওয়া কঠিন হইয়া উঠে। অনেকের বোধ আছে, ভাষার অধিকার হইলেই, ব্যুৎপত্তি, পাণ্ডিত্য ও জ্ঞান জন্মে। তাহা ঠিক সত্য নহে। ভাষার কিছু জ্ঞানজননী শক্তি নাই, ভাষা কেবল জ্ঞানলাভের উপার বা দারস্করূপ, এনিমিতে বাল্যকালে অপ্রে ভাষা শিক্ষা করা উচিত। ভাষা শিক্ষা করিলেই শাস্তজ্ঞানের উত্তম স্বযোগ হয়। পর্যাবেক্ষণ, পরীক্ষা, অনুমিতি প্রভৃতি শাস্ত্র্কিন্দীর উত্তম উত্তম সাধন আছে বটে, কিন্তু, তথাপি, ভাষাও কিছু ইহার একটা গোণ

সাগন নছে। অতএব বিদ্যার্থীদের অথ্রে ভাষা শিক্ষা করিয়া, ব্যুৎপত্তি, পাত্তিতা ও জ্ঞান লাভ করা উচিত।

পণ্ডিতের। সমাজে আদৃত হন, চিরকাল সুখে ও সক্ষেদ্ধ দিনধাপন করেন। জীবিতকাল, তাঁহারা বন্ধুর্গণের প্রশাস স্পাদ, প্রতিবাদীদের পূজাস্পাদ ও সাধারণের অন্ধাস্পাদ হইরা, পৃথিবীর বথার্থ সুখ ভোগ করেন।

# বিনয় শৃন্য পুরুষের প্রতি।

শরীরের শোভা তব অতি মনোহর।
দীর্ঘাক স্থানারত চাক কলেবর ॥
সমুদার দেহে তব শোভা অতিশর।
কিন্তু তুমি মিজে ত স্থার কতু মর ॥
দেহ তব গেহ মাত্র গৃহীর কি হর ॥
থে গৃহে করহ বাস তাহাই স্থার।
কে রলে তোমাকে, তুমি জমমনোহর ॥
বে গৃহ সতত তুমি কর পরিফার।
স্থার ভাবিরা মনে কর অহলার ॥
স্থারের জাতিয়ার রবৈ কি তথ্য ?
করিবে কি তুমি জার দেহ পরিফার।
সংসারের দীকা যবে কুরাবে তোমার ।
সংসারের দীকা যবে কুরাবে তোমার ।
সংসারের দীকা যবে কুরাবে তোমার ।

তাই বলি সে গরবে দিয়া বিসর্জন।
আপনি সুন্দর হতে করহ যতন।
দোষ পরিশৃত ভবে হয় যেই নর।
ইহ কালে পরকালে সে হয় সুন্দর।
বিনয় বিহীন যেই জানিহ নিশ্চয়।
সুন্দর সে নয় কভু সুন্দর সে নয়।
বিনয় রহিত জন দোষের আধার।
বিনয় অধ্প্রয় যুবা উচিত তোমার॥

#### স্বচিত্তা-স্বাবলম্বন।

পরিশ্রমী ও অধ্যবসায়সম্পন্ন মানুষই যথার্থ স্থী।
স্বচিতাই তাঁহার সকল কার্য্যের সাধনস্বরূপ; এবং স্থাবলস্থাই তাঁহার সকল স্থার মূলস্বরূপ। স্বচিতাই মানুষের
হুরবন্থা সংশোধন ও উন্নতিসাধনের উৎকৃত্ত উপায়, এবং
স্থাবলস্থনই তাঁহার শরীরধারণ ও জীবনের স্থাবর প্রধান
কারণ। স্বচিতা ও স্থাবলস্থন মনস্বীও তেজস্বীদের আলোকসামাত্ত রত্ন। মানুষের এতাদৃশ মহা রত্নাতে পরাঙা্ধ
হওরা নিতাত বিভ্রমার কর্ম সন্দেহ নাই।

পরম কাঞ্নিক পরমেশ্বর স্থে সংসার্যাতা নির্কাহের নিমিত্তে স্কল মানুষকেই বুদ্ধি প্রভৃতি গুটিকত উৎকৃষ্ট উৎকৃষ্ট মনোরতি দিয়াছেন। লোক্যাতা নির্কাহেশপ্যোগী এই বুদ্ধি প্রভৃতি ধর্মে তিনি কাহাকেও বঞ্চিত করেন-নাই। শ্রালকুকুর প্রভৃতি ইতর জন্ত সকলও আপনআপন জীবিকা নির্ব্বাহের নিমিত্তে যথাসন্তব অপণ বুদ্ধি বা সংস্থার পাইরাছে। তাহারা কোন বিষয় কর্ত্তব্য বলিরা নিকা করে না, কাহার নিকটে উপদেশও লয় না। তথাপি দেই সামান্ত বুদ্ধিবলেই তাহাদিগকে কখন কাহারো অধীনতা অকার করিতে হয় না। অচিন্তা ও আবলম্বন বিবরে অসামান্ত বুদ্ধিসম্পান্ন মানুষ অপোক্ষা সামান্ত-বুদ্ধি ইতর জন্তব্যও প্রশংসা করিতে হয়। বস্তুতঃ, স্বস্থ জীবিকা নির্ব্বাহের নিমিতে কেহ কাহার মুখ চাহিয়া না থাকে, সকলেই স্বস্থ প্রধান হইয়া চলে, এই অভিপ্রায়েই পরমেশ্বর জীব সকলকে যথোপযুক্ত মানসিক রত্তি ও শারীরিক বল দিয়াছেন। সেই মনোরতি সকলের পরিচালনা ও শারীরিক পরিশ্রম করিলেই অনারাসে অভাবহঃখ দূর, ও নির্ব্বিশ্ব স্থ্যসম্পত্তি লাভ হয়।

মানুষের যে কিছু প্রয়োজন হয়, তৎসমুদায় উপার্জ্জন করা পরিশ্রম সাপেক। যতু ও পরিশ্রম ব্যতিরেকে কিছুই লাভ হয় না। অত্যের আনুগত্য ও মনস্তাই করিয়া জীবিকা অর্জন করা কাপুরুষের কর্ম, কিন্তু ইহাতেও যতু ও পরিশ্রমের আবশ্যক হয়। অত্যে দিবে, তবে আমার হইবে, এরপ বিবেচনা করিয়া চেন্টা করাও সামান্য পরিশ্রমে কর্ম নহে। কিন্তু এরপ র্থা যতু ও নির্থক পরিশ্রম করা হস্তপদবিহীন পক্ষু ও নির্বেদ্ধি জড়েরই শোভা পায় বিলক্ষণ সবলশরীর বৃদ্ধিমানের পক্ষে ইহা যারপার নাই নিন্দার বিবয়। অতএব কাপুক্ষতা সংগ্রহে এরপ প্রগাচ

যত্ন ও পরিশ্রম না করিয়া, অযত্নস্থলভ স্বচিন্তা ও স্বাব-লম্বন বিবরে যত্ন ও পরিশ্রম করাই সকলের উচিত।

শ্বচিন্তা ও স্থাবলম্বনের সুখ অতি অনির্ব্বচনীয়; মুখে বলিবার নহে। যিনি একবার পরের পরামর্শ অনুগামী ও পরাধীন হইয়া তাহার স্থাপ্তঃখ ভোগ করিয়াছৈন, তিনিই জানেন, স্বচিন্তা ও স্থাবলম্বনের কি অনির্বাচনীয় সুখ। এই ফুইটী ধর্ম যাহার আছে, তাহার বিপদ্কে বিপদ্ বলিয়া জ্ঞান হয় না, মহাত্বংখও তিনি মুখ্মান হন না। স্বচিন্তা ও স্থাবলম্বন তাহাকে অবলীলাক্রমে সকল হঃখ ও বিপদের পরপারে উত্তীর্ণ করিয়া দেয়।

অভিন্তা ও স্বাবলম্বনই মানুষের সকল স্থাসোভাগ্যের প্রস্তান্তরপ। স্বচিন্তা, স্বাবলম্বন ও পরিশ্রম ব্যতীত মানুষের দূরবন্থা দূর ও স্থাসম্পত্তি লাভের এমন দ্বির উপায় আর কিছুই নাই। ইচ্ছা করিয়া অন্তের বশীভূত হওঁয়া নিতান্ত কাপুক্ষের কর্ম, মনস্বীর কর্ম নহে। মানুষ সমান ধর্মশীন মানুষের অধীন হইবে, ইহা কখনই ঈশরের স্বভিপ্রেত নহে। অন্তের মত হন্ত পদাদি থাকিতে, অন্তের মত বুদ্ধির তি থাকিতে, অন্তের অধীন বা অনুগত হওয়া কি লক্ষার বিষয় নয়? বুদ্ধির তিকে পরিচালিত ও মার্জিত কর — স্বচিন্তা ও স্বাবলম্বনকে আত্রয় কর — অনায়াসে স্থান্ত লাভ করিবে। যদি বিপান্তান্ত হত, সে বিপদ্ হুইতে উত্তীৰ্ণ হুইবে; যদি দারি দ্ব হুংখে কাত্র হত, ধনা-গাম হইবে; এবং যদি বিক্লার জ্ব লাভে যত্ব থাকে, স্বতিভা ও স্কান্তন্ম এই ছুই ধর্মের সহায়তায় ভাহাও লাভ হুইবে।

## স|হিত্যমঞ্জরী।

# ক্ষত্রিয়দিগের প্রতি রাজা ভীমদিংহের উৎসাহবাক্য।

স্বাধীনতা হীনতার কে বাঁচিতে চায় ? দাসত্ব শৃঙাল আজি কে পারিবে পায় ? কোটিকত্প দাস থাকা নরকের প্রায়! দিনেকের স্বাধীনতা, স্বর্গসুথ তায় ৷ একথা যখন হয় মানদে উদয়— পাঠানের দাস হবে ক্তিয় তনর; তথনি জ্বলিয়ে উঠে হৃদয়-নিলয়; নিবাইতে সে অনল বিলম্ব কি সয় ? অই শুন ! অই শুন ! ভেরীর আওরাজ, সাজ সাজ সাজ, বলে, সাজ সাজ সাজ। চল চল চল সবে সমর সমাজ. রাখহ পৈত্রিক ধর্ম, ক্ষতিয়ের কাজ। আমাদের মাতৃভূমি রাজপুতানার, সর্বাঙ্গ বহিয়ে ছুটে ক্ধিরের ধার; স্বার্থক জীবন আর বাহু-বল তার, আত্মনাশে যেই করে দেশের উদ্ধার। রুতান্ত-কোমল-কোলে আমাদের স্থান; এস তার স্থাখে সবে হইব শরান; न्यत्र हेन्त्र क्रिक्ट के वीत्र भंग, পরহিতে, দেশহিতে, ত্যজিল জীবন ;

শারহ তাঁদের সব কীর্ত্তি বিবরণ।
বীরত্ব বিমুখ কোন্ ক্ষত্রিয়নন্দন!
অতএব রণভূমে চল ত্বরা যাই,
দেশহিতে মরে যেই, তুল্য তার নাই।
যদিও যবনে মারি চিতোর না পাই,
হুর্গ-সুখে সুখী হব, এস সব ভাই।

প, डे, ।

### স্বদেশানুরাগ।

অনেশানুরাণ সমাজের জীর্দ্ধির প্রধান কারণ। কি
অধীতশান্ত মনীযাসম্পান পণ্ডিতগণ, কি বর্ণজ্ঞান রহিত
নিরুদ্ধি পরিশ্রমোপজীবিগণ, সকলেরই মনে এই অনেশানুরাণ জাজ্বল্যমান আছে। কি ভন্ত, কি অভন্ত, অনেশের
বা অজাতীর নিন্দা শুনিলে আগুণ হইয়া উঠেন, প্রসংশা
শুনিলে অতিশয় প্রীত হন।

অদেশের অনুরাগ অতাত বিষয়ের অনুরাগের মত দর্শনসাধ্য বা প্রবণসাধ্য নহে। যে বিষয় দেখিবামাত্র মনের
তৃষ্ণা নির্তিও চক্ষুর তৃপ্তি জন্মে, তাহাতেই সকল মানুষের
অনুরাগ হয়; কিন্তু অদেশের সেরপ নহে। অপরাপর
বিষয় যাহাতে লোকের অনুরাগ জন্মে, তাহার অবতা কোন
প্রীতিকর ধর্ম থাকে। অদেশানুরাগের পক্ষে সে মিয়ম
দেখা যায় না। অদেশ অসভ্যতায় পরিপূর্ণই হউক, আর
জ্মতা আচার ব্যবহারে মান হইয়া থাকুক, তথাপি জন্মভূমি

বলিয়া তাহার প্রতি দেশীয়দের একটা অনির্কাচনীয় অমুরাগ থাকে। এই অদেশাবুরাগের বশবর্তী হইয়াই সকল জাতিরা শত্রু হইতে দেশ রক্ষার জন্ম ভয়ঙ্কর যুদ্ধে প্রেন্ত হয়। নিজ পরিবারের কার্য্য হইতেও প্রেষ্ঠতর ভাবিয়া অদেশের রক্ষায় একান্ত যত্নশীল হয়। ফলতঃ, অদেশ ও অজাতি আপনার আবাস ও পরিবারে অনুরূপ মাত্র।

নিজ আবাদে যেমন আমরা অপ্প পরিবার লইয়া থাকি, অদেশ গৃছে তেমনি অজাতীয় ভাতৃভূগিনী বত্পরিবারের বার লইয়া বাস করিতেছি, মনে করা উচিত। পরিবারের মঙ্গলকার্য্যাধন যেমন আমাদের অবশ্য কর্ত্ব্য, অদেশের মঙ্গলকার্য্যাধনও আমাদের সেইরপ অবশ্য কর্ত্ব্য সন্দেছ নাই। প্রতিদিন সংসার-যাত্রা নির্বাহের নিমিত্তে আমাদিগকে ধেমন ক্ষণকাল ভাবনা চিন্তা করিতে হয়, অদেশের মঙ্গলসাধনের নিমিত্তে আমাদিগের ভাবনা চিন্তা করা অত্যে কর্ত্ব্য। দেশের জীর্দ্ধি হইলেই পরিবারের জীর্দ্ধি হয়।

ব্দেশানুরাণ যথার্থ ও তারানুগত হওয়া আবশ্রক।
কিন্তু আপামর সাধারণের যে ব্দেশানুরাণ আছে, দেটী
বভাবসিদ্ধ, যাহা কিছু আপনার তাহারই প্রতি মমতাবশতঃ মানুবের অনুরাণ জন্ম; কিন্তু তাদৃশ অনুরাণের
বশষ হইয়া চলিলে দেশের উন্নতি না হইয়া, বরং জন্ম
জন্ম অবনতি হইবারই সন্তাবনা। ব্দেশের কুরীতি কুপ্রখা
দেখিয়াও তাহার মিথ্যা প্রশংসা ও গৌরব করিয়া বেড়ান,
ও সেই সমস্ত রীতি ও প্রথার সংখ্যারের চেন্টা না করা

কাপুক্ষের কর্ম। সকল জাতিরই কোন না কোন দোষ जाइ। काम ममाज है बकवारत विख्य है हैरे शारत मा; किस करम ज्या महे मकल दाय मश्रमाधन करा प्रभीश-দের কর্ত্তব্য। স্বদেশের অভাবঅপ্রতল মোচন ও কুপ্রথা প্রভৃতির সংস্থারসাধনই প্রকৃত সংদেশানুরাগের কর্ম। কতকগুলি লোক স্বদেশ ও স্বজাতির প্রতি অন্ধ অনুরাগের বশস্ত্র হইয়া, দেশের আচারগত দোষ বা আপনাদের কুসংস্কারজনিত দোষ, কিছুই বুঝিতে পারেন না। ওদিকে রিদেশের লোকদিগকে তুইচক্ষে দেখিতে পারেন না। वित्मनीत्मत छेन्नजितक छेन्नजि विनागांचे त्वांध करतम मा। বিদেশীদের নাম করিলেই অমনি একবারে জুলিয়া যান। अत्रभ अपनिश्वेशभारक यथार्थ अपनिश्वेत्रभा वरल न।। অতএব, এরূপ অনুচিত স্বদেশানুরাগের বণীভূত হইয়া, অদেশের সর্বনাশ করা দেশীয়দের কর্ত্তব্য নছে। যাহাতে স্থাদেশের হিত্যাধন ও উন্নতি হয়, তদ্বিয়ে আত্রিক যতু করা অতি কর্ত্বা।

স্ক্পেথ্যে স্থানেশের মঙ্গলসাধন করা উচিত বটে, কিন্তু তাছা বলিয়া, অন্তাদেশের প্রতি অত্যাচার করিয়া স্থানেশের হিতসাধন করা উচিত নছে। ইহা অত্যন্ত স্থভাববিশ্বদ্ধ কর্মা স্থানেশের স্থাসচ্ছন্দ রুদ্ধি হইবে বলিয়া, আর এক দেশকে চিরকাল অধীনতা হঃখে হঃখিত করা নিতান্ত স্থার্থপর অসভ্যের কর্মা। অন্তাকে হঃখ দিয়া আপনার স্থানের চেন্টা করা, ষেমন নিরুষ্ট প্রতি অসভ্যের কর্ম, অন্তাদেশের অনিষ্ট করিয়া, স্থানেশের উন্নতি করা, তদপেক্ষা

শতগুণে অসভ্যের কর্ম সন্দেহ নাই। সর্বাশক্তিমান্ পর্মেশরর পৃথিবীর সকল দেশকেই মসুষ্যের বাসোপযোগী করিয়া-ছেন। পরিশ্রম করিলে, সকল দেশেই প্রাণধারণের নিমিতে পর্যাপ্ত আহার পাওয়া যায়। তাঁহার অমুগ্রহে সকল দেশে বশিক্ষাই শাস্ত্রের আলোচনা হয়। সকল দেশেই আমাদের সকল বাসনা পূর্ণ হইতে পারে। অতএব, অমু-চিতু অদেশানুরাগের বশীভূত হইয়া, অমল্লের কারণ ভয়কর যুদ্ধ করা, ও যুদ্ধ করিয়া অহ্য দেশকে বশীভূত করা, কোন জাতিরই উচিত নহে। এরপ করিলে, পর্মেশ্বরের নিকট তাহার নিয়ম লজ্যন জহ্য অপরাধী হইতে হয়।

স্থানেশের প্রতি স্থেহমমতা অতি অনির্বাচনীয় ! স্থানেশের মত মনের আহ্লাদকর ও চলুর প্রিয়দর্শন পদার্থ এমন আর কিছুই নাই ! স্থাদেশ যে কি রমণীয় পদার্থ, তাহা চির প্রবাদী ব্যক্তি বই আর কেইই বুঝিতে পারেন না। যখন তাহার হৃদয়মুকুরে স্থাদেশের স্থেহমরী মূর্ত্তি প্রতিবিধিত হয়, তথন তিনি অন্থির হইয়া উঠেন ৷ আহা ! যেন্থলে বাল্যান্কালে মনের সাধে বাল্যাখেলায় নিযুক্ত ছিলাম, যে স্থানে পরমন্থথে যৌবনকাল যাপন করিয়াছি, যে স্থান স্থেহপূর্ণ পিতামাতা ভাতাভ্রি পুল্লকল বন্ধুবান্ধ্রবগণের আবাদ স্থান, তাহার নাম করিলে অন্তরাত্মা পর্যান্ত পুল্লকত হইয়া উঠে : তাহা অপেক্ষা প্রিয়তম পরম রমণীয় পালার্থ পৃথিবীতে আর কি আছে ? এমন স্থাময় স্থাদেশের মুরন্থা দেখিয়া, যাহার মন চঞ্চল না হয়, তাহার গান্তীয়তাগুণে কি প্রয়োজন ? স্থাদেশের মুরবন্থা দেখিয়া যিনি নিশিক্ষ

থাকেন, অদেশের তুরবন্থা দেখিরা যাহার চিত্ত বিচলিত হয় না, তিনি কখনই মনুষ্য নামের যোগ্য নছেন।

## বাজবাহাছরের হিন্দুরাণী।

অন্ত যায় নিনমণি, পশ্চিম গগণে এ লোহিত বরণ। ক্ষতিত কাঞ্চন বিভা, মেঘের অঞ্চলে কিবা, বিজ্ঞার রেখা প্রায়, শোভিত রঞ্জন । কাল কামিনীর অঙ্গে বিচিত্র ভূষণ॥ তাজিল কিরীট কান্তি, কাননের শৃঙ্গ, আর পর্বাত শিখর। তৰুরে ত্যজিল মায়া, পাছে তার নাহি ছায়া, ত্যজি পক্ষী গগণের কুলায়ে তৎপর। ত্যজিয়াছে বাজ রাজ মালব স্থন্দর ৮ তাজিয়াছে বাজ রাজ মালব স্বন্দরীরে, অনাধিনী প্রায়। বিজ্ঞাতী শত্রুর তরে, একাকিনী পশে ঘরে, ধীরে ধীরে আজ ধনী শরিত শ্যার। বসন অঞ্চলে ঢাকি বদন বিভায়॥ আসিছে আদম জয়ী, লভিতে স্বন্দরীরে, মালবের সার। উল্লাসে প্রমন্ত মন, লভিতে অমের ধন, এত যে করেছে রণ, আজি পুরস্কার। লভিবে বিজয়ী আজ রাজীব আশার॥ मन्दर्भ भित्र अही दागीत वागारत, वाशायश निद्रक्ता! সৌক্ত পরিল ছাণ, সার্থক নয়ন প্রাণ, महीर्ग वमत्न छाका ज्यमहीवमन। ক্রীপে ত করিল জয় বিজয়ীর মন॥

একাকিনী শুয়ে বামা, শোভিত শ্যায়, আহামুরতি মোহন! নীরব সে নিকেতন, বহে সুধু সমীরণ, গ্রখ খাসে ক্ষণে ক্ষণে, করিতে রোদন— কোথা বাহাত্তর বাজ আজ হে এখন ?॥ \*-উল্লাসে আইল জয়ী, হরিতে কুমুমরে, মালব উ্ভানে। মেপ্রিত বীরের মতি, আইল সে ফতগতি, (मर्थ धनी निजावडी, मलिन वशासा। নাতি খাস, নাতি হাস, নাতিক সজ্ঞানে॥ . চমরিল বীব্ছিয়া, দেখিয়া সুন্দরীরে, স্থির অচঞ্চল। ''উচ উচ প্রাণ ধন, এই দেখ কে এখন ,"— কহিল জয়ী তখন, ফেলিল অঞ্চল। নাছি বাক, নাছি সরে বদন কমল।। ধর হে মালব জয়ী, সুন্দরীর কর, তোল হাতেতে ধরিরা। तिथ তोत गूर्थ धति, काँनिट्छ कि स्म स्मारी, ছখিনী কি বাজরাণী, রাজত্ব লাগিয়া। ধর্মের দুর্গ তার কে লয় জিনিয়া? ধরিল স্বন্ধরী-কর, ফেলিল সে কর ফিরে, তাজিয়া নিশাস েখ ওছে ছুরাচার, নিধন কেমন ভার, বাড়ায়েছে রূপ, তোমা করিয়া নিরাশ। ছ রোনা সতীরে যাও আপন আবাস।। হলাহুল পানে ধনী, তাজিয়াছে প্রাণরে, তোমার স্থালায়। **১ই দেখ বিষাধার, পাশেতে রোয়েছে তার,** শিখাইতে প্রবাচার, ধরম তোমায়। কেমন প্রশান্ত মনে শেবিয়াছে তায়!

ফিরে যাও হে বিজয়ী, নারী-পরাক্ষিত তুমি হয়েছ নিশ্চয়।
বোলো লোকে প্রকাশিয়া, এ নারীর বীর হিরা,
তব বীর তরবার হতেও হর্জয়।
সতীর সতীত্ব কভু, ভালিবার নয়॥
এ নারীর ধর্ম ঘশ, ঘোষিবে কবীর গীত, চির্মানন ভবে।
য়ুগান্তর গত হবে, ভোমারে ছ্যিবে সবে,
যুগোন্তর মন্দিরে সতী সজীবন ররে।
বীরান্ধনা সতী বলে দেশে তারে কবে॥
বামাবোধিনীপতিকা।

## সামাজিকতা।

দর্মণক্তিমান্ পরমেশ্বর, প্রাণীয়ানের আবাসস্বরপ, এই পৃথিবীর স্থান্ট করিয়াছেন। পৃথিবীতে নানা জাতীয় জীব-জন্ত আছে। দকল জীবজন্তর অভাব বা অবস্থা সমান নহে। কতকণ্ডলি জীব অতি বিস্তীর্ণ বনেই থাকিতে ভাল বানে; অত্তেদী জীর্ণারক্তে আলয়। কতকণ্ডলি জীব কিবিড় বনই তাহাদের পরম স্থেশ্বে আলয়। কতকণ্ডলি জীব অতলম্পর্শ গাভীরজনে থাকিতে ভালবাদে; দ্রবিস্তৃত গাভীর সমুদ্র বা দ্রবাহিনী নদনদীই তাহাদের প্রধান আরামস্থল; এবং কতকণ্ডলি জীব ইচ্ছামত কথন জলে, কর্মন বা স্থলে, উভ্রেম্ শ্রানেই থাকিতে ভালবাদে; জলচরশ্মান্ত্রলি, উল্লেম্ব প্রিপ্রিত স্থল, উভ্রেষ্ট তাহাদের স্থানক্তি। সর্কানজ্কমান্ পরমেশ্বর পৃথিবীতে জ্লাচর, স্থলচর

ও উত্তচর এই ত্রিবিধ জীবের স্থাটি করিয়াছেন। এই তিন প্রকার জীব তাঁছার বিশ্বরাজ্যের প্রজাসক্রপ।

মনুষ্য সকল জীবের প্রধান। মনুষ্যকে সকল জীবের রাজা বলিলেও বলা যায়। মনুষ্য ইচ্ছা করিলে, অতি ছরন্ত বনহস্তিকেওঁ পিঞ্জরবদ্ধ করিতে পারেন, ও সহস্র সহস্চরের মধ্যন্থিত অতি ভয়ানক হুর্দ্ধর্ব বনব্যাস্তকেও আক্রমণ করিতে ভীত হন না। মনুষ্যকে কেবল স্থলচর না বলিয়া, সর্বচর বলিলে বলা যায়। মনুষ্য বিমানেও আরোহণ করিয়া, অবলাক্রকে পারেন, এবং অর্থবিধানে আরোহণ করিয়া, অবলাক্রকে সম্ভর্মপার সকল উত্তীর্ণ হইতে পারেন। মনুষ্য ও ইতরজ্জর স্থভাব অনেক বিভিন্ন বটে; কিন্তু কতকগুলি রতি প্রায় সকল জীবেরি স্থান। এই নিমিতে কতকগুলি বিষয়ে প্রায় সকল জীবেজন্তকেই স্থান দেখিতে পাওয়া যায়।

আসলনিপ্দা সকলজীবজন্তরই সমান। সকল জীবজন্তই
স্বজাতীয়কে লইয়া একতে থাকিতে ভাল বাসে। হতিরা
মিলিয়া একটী পরাক্রমশালী হস্তিকে আপনাদের দলপতি
করে। তাহারা তাহাকেই অবলম্বন করিয়া নির্ভাবনায় পরমক্র
স্থে একতে সহবাসপ্থ অনুভব করিতে থাকে। আহার বা
বনবিহারের ইচ্ছা হইলে, তাহারা সকলে একত্র না হইয়া
কোথাও যায় না। বিপদ উপস্থিত হইলে, একত্র হইয়া,
সকলেই স্ব স্থ বিক্রম প্রকাশ করে। প্রসিদ্ধ পর্যাটকেরা ইহা
প্রত্যক্ষ করিয়াছেন। চক্ষে দেখিতে পাইলে, কেহ শুনিতে
চাম না, এ নিমিত্তে আম্বা ইতর জন্ত্রগণের আসক্রলিপ্সার

একটা গ্রাম্য উদাহরণ দিতেছি। প্রাত্তংকালে ও সন্ধ্যাকালে
মংখ্যসকল জলাশরে ভাসমান হয়। ভাসিবার সময়
সকল মংখ্যই একবারে ভাসিয়া উঠে, সন্তরণ দিবার সময়
সকলেই একবারে সন্তরণ দেয়; আবার, জলমগ্প হইবার
সময় সকলেই একবারে জলমগ্প হয়। এই সকল দেখিয়া
শুনিয়া, বোধ হয়, একত্রবাসবিষয়ে সকল জীবজন্তরই
শ্বভাব একপ্রকার।

আসঙ্গলিপ্দা অপর জীব অপেক্ষা মনুষ্যের অধিক বলবতী। এ নিদিতে মনুষ্য কখন একাকী থাকিতে ভাল বাদেন না। নির্জন বাদের হুঃখ ও একত্র বাদের স্থখ বর্ণন করিবার এ স্থান নহে। ফলতঃ, বন্দি, চিরপ্রবাদী প্রভৃতি-গণের অবস্থা দেখিরা সকলেই ইছা সহজে অনুভব করিতে পারেন। নর্ব্বশক্তিমান্ পরমেখর, মনুষ্যের মনে এই রতি দিয়া পৃথিবীকে কি সংখের ও সচ্ছন্দের স্থান করিরাছেন, রলা যায় না। ইছা না থাকিলে, গৃহস্থজনস্থানাভিত পল্লী, শ্রোমীণজনপরিপুরিত প্রাম, ও বহুজনাকীর্প শোভনতম শ্রমানরাজিরঞ্জিত নগর কখন দৃষ্ট হইত না। রাজধানী নগর উপশল্য প্রভৃতির কার্য্য কিছুই হইত না। পরমে-শ্বরের অচিন্তা ও জনির্ব্বচনীয় শক্তির প্রমাণস্বরূপ শাস্ত্র-সকলেরও আবিক্ষার ছইত না। এই আসক্ষণিপ্রাই মনু-ধ্রের স্থের ও আমন্দের মূলীভূত।

ষতন্ত্রতা সকল হঃখের মূল। স্বতন্ত্র ব্যক্তি কখন স্থ ও সচ্চুন্দ লাভ করিতে পারেন না। পরমেম্বর আ্মাদিগবে বাক্শক্তি নিয়াছেন, কাছারো সঙ্গে কখাবার্তা না কছিয়

থাকিতে পারি না। মূকের মত সিঃশব্দ বদিয়া থাকিতে आभारतत रेक्टा रह ना। मत्नत जुखि वा जुकि करण ना। মনুবাসমাজই আমাদের এ বাসনাসিদ্ধির প্রধান উপায়। মনুষ্যমমাজে বাস ব্যতীত কথাবার্তা কহিয়া সুখী হইবার আর অন্ত তপায় নাই। যখন কোন গৃহত্তের জীবনসর্বস্থ একমাত্র পুত্রের অক্রালে মৃত্যু হয়, আর তাহার শোকে পিতামাতা ভাতাভগিনি প্রভৃতি ব্যাকুল ছইয়া, পাগলে মত শুক্ষকপ্রে ক্রন্সন করিতে আরম্ভ করে, তখন প্রতিবাসী বই সান্ত্রনা আর কে করিতে পারে ? তখন সেই প্রতি-শাদীদের অকপট স্নেছ ও যড়ই তাছার জীবন রক্ষার কারণ হইয়া উঠে। স্বতন্ত্র ব্যক্তি কখন আপনার বিপদ-সময়ে এরপ সমাজস্থ অযুক্তব করিতে পারেন না। সামা-জ্ঞিকেরাই এই সকল অনির্ব্বচনীয় স্থেষর অধিকারী। পর-(मधंद कांशांकि अम्भान वा मर्खक्य कदिशा (मन नारे। একটা মনুষ্যের ব্যবহারোপ্যোগী যত জব্যের প্রয়োজন হয়, একটা মনুষা কিছু একাকী তত দ্রব্যের আয়োজন করিতে পারেন না। বত পরিভাষেও ইছা সাধ্য হইবার বিষয় নছে। এ নিমিত্তে একত্তে থাকিয়া, কতকগুলি সামাজিককে কেত্তে रमिना शूर्यक कृषि कृषि रहाउ रहा, कडक्छनित वस्त्रहा ও বস্ত্রসীবন করিতে হয়, কতকগুলিকে শান্তের উন্নতি ও গ্রন্থাদি রচনা করিতে হয়। এরপ না করিলে, স্কলে সকল বিষয় সুখে সম্পন্ন হর না। এই প্রাকৃতিক নিয়মানু সারে, আবহমান কাল অবধি, মর্যাসমাজ নিয়মিত, সংক্র ও উন্নত হইয়া আদিতেছে।

্মনুষ্যসমাজ বড় সাধারণ সমাজ নহে। কোন একটী কল্যাণকর অনুষ্ঠানের নিমিত্তে একটা ক্ষুদ্র সমাজ সংস্থা-পিত ও নিয়মিত করিতে হইলে, তাহার স্বশুঞ্জার নিমিত্তে কতকগুলি নিয়ম বা শাসন প্রস্তুত করিতে হয়। তাহা মা করিলে, সে সমাজের কার্য্য স্কুচারুরপে সম্পন্ন হয় না, এবং अलीकेनिक ना इहेशा, वदश करम करम. अनिके इहेशा छेरते। একটা সামাত্র সমাজ সংস্থাপিত ও নিয়মিত করিবার নিমিতে যখন এরপ যত ও পরিশ্রম করিতে হইল, তখন বহুদুরবিস্তুত মনুষ্যসমাজ সংস্থাপিত ও নিয়মিত করা মনু-সহজ্ঞসাধ্য নহে। কিন্তু এই সমাজসংস্থাপনের নিমিত্তে মনুষ্যকে তাদৃশ পরিশ্রম স্বীকার করিতে হয় না। মনুষ্যের স্বাভাবিক যত্নেই ইহার কার্য্য স্কারুরূপে সম্পন্ন इहेश थाता। मामाजितका अकल इहेश, मनमिद्रतिहर्मा করিয়া, যাহা নিদ্ধারিত করেন, তাহাই এ সমাজের নিয়ম इरेश्ना, नकरलंद्र भरन करम करम तक्षमूल इरेर्ड शांरक।

জাতিভেদে সমাজভেদ হইয়া থাকে। একণে, পৃথিবীতে
মনুষ্যসমাজের মধ্যে অনেকগুলি ভিন্ন ভিন্ন অবাস্তর সমাজ প্রচলিত আছে। কারণ বশতঃ সকল সমাজের অবস্থা সমান নহে। দেশীয়দের অজ্ঞানতা ও পরাধীনতা প্রযুক্ত হউক, আর হুরুন্ত রাজার অবিচার বশতঃই হউক, সমাজের উন্নতি সর্বাদাই রুখচক্রের ক্রায় ভ্রমণ করিতেছে।

# মিথিলাধিপতির আক্ষেপবচনে লক্ষণ শৈবচাপ ভাঙ্গিতে উদ্যত। হরিশচক্র মিত্র প্রশীত রামায়ণ আদিকাও ২য় ভাগ।

লজ্জাম্বদি বরিল এরপ শুরগণে! কহিল জনক পুনঃ আপেক বচনে, আহা। আহা। আহা। অতি কোভের বিষয়। সমাগত এত শ্র-শ্রস্থতচয়! এত এত ধনুর্বার—মহা ধনুর্বার, বীরদর্শী—বীরগর্বী ভীম কল্লেবর; ইছাদের মধ্যে কি এমন একজন, নাই, বিনি পারেন পরাতে মম পণ। কি আশ্চর্য। মরি আমি এই মনন্তাপে, জনেক নারিল গুণ দিতে শৈবচাপে। ভাল ভাল যদি না পারিল কোন জন, আকর্ষি ধনুতে গুণ করিতে যোজন। টক্লারিতে সামর্থ্য কি হইল না কার, দরে থাক টক্ষার—দোয়ান হল ভার। থাকুক নোয়ান—নয় দূরে থাক সেহ, স্থানান্তরে রাখিতে কি শব্দ নন কেছ। किर्था शांचे चारक शत निक्तिशत हम, হায় হায় নিক্রীর কি হল উক্রীতল। **এইরপে আকেপিলে মিথিলাধীশর**, লাগিলেন কছিতে লক্ষণ বীরবর।

ওছে মিথিলাধিপতে. হেন বাকা কোনমতে, তদীয় বদনে নাহি হয় শোভাকর, হয়নি নির্মাল আজে। ক্ষতিয় নিকর। -वीत अमरिनी ७३ विश्वना धत्री। ভীক্যণে স্বত্ন গর্ভে করে না ধারণ। শৌর্যা, বীর্যা, প্রতিভায়, কত বীর এ ধরার, স্থবিশ্বাত-পারে কেবা করিতে গ্রণন, হয় নয় চিন্তি চিতে দেখুন সুমণি। বীরতাভিমানি যত ক্ষত্রিয়ের দলঃ পরীকা না করি নিজ নিজ ভুজ বল। রখা গর্কে হয়ে ক্ষীত, সভান্থলে উপনীত. গেলেন তুলিতে চাপ হইয়া চঞ্চল। লোভে ছইলেন সবে উপছাসত্তন। বয়োজ্যেষ্ঠ রাজগণে হেরি উপনীত ज्ञितिलाम (मादा वाँदा शत्ने उपन, क क्रांत्न (य देशांत्मत्र, भावतमत्र बीतायत्र, বাহিরে লক্ষণ মাত্র আছে বিলক্ষণ। ভিতরে সম্ভাব তার নাছিক কিঞ্ছিৎ। (कार्ष बिद्रारमद यह वास्ता वर्गित. आमि (य जाइनि मान-यनि इंग्डा करि, (मक जाकि मरारात, छेरशाहिता अहेक्टन, নিক্ষিপিতে পারি সিদ্ধ-সলিল উপরি। পিনাকীর জীর্ণ ধরুঃ কি কট্ট ভাঙ্গিতে।

#### नश्र ।

দরা অতি প্রধান ধর্ম। দরাবিহীন ব্যক্তি অপদার্থ পশুতুলা। দরা ধার্মিকের প্রধান লক্ষণ। ইহাই নির্মিয়ে দংসার্থাত্তা নির্ম্বাহের মূল, এবং লাভের প্রধান উপার। দরা দীন, দরিদ্র, অন্ধ, শঞ্জ, মৃক ও বধিরদের জীবনের অব-লম্বন স্থরপ। ইহা অতি রম্পীর পদার্থ-অলোকসমূত রত্ত্ব-স্থরপ। এই অলোকসামাত রত্ত্ত্ত্ত্তাতিঃ ঘাঁহার হৃদরে জাজ্ব্যমান্ আছে, তিনিই সাধু—তিনিই পৃথিবীর সমস্ত স্থের একমাত্র অধিকারী। যাহার শরীরে দ্য়া নাই, তাহার শরীর ধারণই রখা।

হৃংখী লোকদের হৃংখ দূর করিয়া যথাদাধ্য উপকার করা, বিপন্ন ব্যক্তিকে আদন বিপদ ছইতে উদ্ধার করা, অনাথদিগকে আজন দেওয়া, দাৰাজ আজ্লাদের বিষয় নহে। উপকত ব্যক্তিকে দেখিলে চক্ষু পরিতৃপ্ত, মন আজ্লাদে প্রকৃলিত হয়। উপকার করিবার ক্ষমতা থাকিতে এই স্কল অনুপম স্থেখ বঞ্চিত ছইয়া থাকা ঘোরতর বিভ্রনা। যিনি এই পরোপকার স্থেখ স্থী ছইয়াছেন, তাছার শরীরধারণ সার্থক। সংসার বিপদ্ আপদে পরিপূর্ণ। মানুষের যে কোন্ সময়ে কোন্ বিপদ্ আদিয়া উপন্থিত হয়, তাছা বলা যার না। আপদ্ বিগ্রাদ্ ও স্থমস্পদ অনবরতই রধচ্চকের জায় যাইতেছে আদিতেছে। অত্যন্ত সাবধান সতর্ক ছইয়া চলিলেও সমরে সময়ে বিপদ্ ঘটিয়া থাকে। জন্তএব অস্তেয় হংসময়ে সাধ্যানুসারে সাহায্য করা সকলেরই উচিত। সংসারের সকল মানুষের অবস্থা সমান নহে।

কারণ বশতঃ কেছ প্রভুত প্রস্থায়ের অধিকারী হইয়া নির্বিয়ে সংসার্থাতা নির্বাহ করিতেছে; আর কেহবা ভরঙ্কর দারিজহাংশে জর্জারিত ও হতবুদ্ধি হইয়া হাহাকার করিয়া বেড়াইতেছে। কারণবশতঃ কেছ সুবৃদ্ধি বলিয়া সমাজে প্রশংদিত হইতেছে; আর কেহবা অবোধ বঁলিয়া জন-সমাজে উপছদিত হইতেছে। কারণবর্ণতঃ কেহ স্বল, কেছ নির্বল; আর কেছ পণ্ডিত, কেছ মূর্থ ছইয়া কাল্যাপন कतिएएइ। धकाधारत मकल छन थारक ना, धवर प्रहे वाकि ममान अनम्भन थात्र पृष्ठे दत्र ना, खुउत्रार, मरमादत स्य প্রধান হইয়া চলা সকল লোকের সাধা নহে। অতএব পরস্পরের অসময়ে সাহায্য করিতে যতু করা সকলেরই কর্ত্তব্য। ধনীর উচিত নির্ধন দীনদরি এদিগকে ধন দিয়া প্রতিপালন করেন। সুবোধের অবোধকে পরামর্শ দেওয়া আবিশ্রক। বলবানের চুর্বলিকে অভয় দেওয়া উচিত। পণ্ডি-তের মূর্থকে উপদেশ দেওয়া নিতান্ত কর্ত্তরা। এ সকল দয়ার কৰ্ম।

দয়া প্রকাশ করিতে কেছই অক্ষম নহেন। পরমেশ্বর
সকলকেই উপচিকীবা রভিটা দিয়াছেন। পরের উপকার
করিবার ইল্ছা সকলেরই আছে। দয়ালু হইলে কেবল দান
করিতে হয় এরপ নহে। ঘাঁছার ধনবল নাই, তিনি ঋণ
দিয়া পরের উপকার করিতে পারেন না বলিয়া ছঃবিত
হওয়া উচিত নহে। আপনার যে শক্তি আছে সাধ্যানুসারে
তদ্বি। উপকার করিতে চেন্টা করা উচিত। তাঁছার শারীরিক বল থাকে, বল দিয়াই উপকার ককন ; বিভা থাকে

বিজাই বিভর্গ করুন; অদেশের জীর্দ্ধি সাধনের ইচ্ছা থাকে, জ্ঞান ও ধর্মের উপদেশ দিন। যে কোন প্রকারে ছউক পরের সাহায্য ও সমাজের উপকার হইলেই হইল। স্বদেশের জ্রীরন্ধি করা, দেশীয়দের স্থাসোভাগ্যের উন্নতি ८ की कहा, धेवर मर्शदामर्भ मिश्रा लोकरक स्थी कहा, এ সকল দয়ার কর্ম। মানুষের সহিত সদালাপ ও সংকথন, বন্ধুগণের সহিত সপ্রণায় সম্ভাষণ, বয়স্থাগণের সহিত অক-পট ব্যবহার এবং গুরুজনের প্রতি অচলা এন্ধা ভক্তি এ সকলই দুয়ার কার্য্য। পরিবারবর্গের প্রতি আন্তরিক স্নেছ, সন্তানগণের প্রতি সম্মেহ বাৎসল্য, এবং সর্বাদা তাহাদের হিত্তিতা, ইহাও দয়ার কর্ম। সকলের প্রতি দয়া উচিত বটে. কিন্তু দয়ার পাত্রাপাত্র বিবেচনা করাও অতি কর্ত্তব্য। বিবেচনা না করিয়া দান করিলে দে দান কোন কার্যোর হয় না। যদি কোৰ ব্যক্তি অতি পাপশীল হয়, চৌৰ্যায়ত্তি অবলম্বন করিয়া হৃদ্ধর্মে অসৎকর্মে অপব্যয় করে; সেকখনই দয়ার পাত্র নছে। এরপ অসংপাত্রকে দয়া করা, আর ইচ্ছাপ্রক পাপকর্মে উৎসাহ দেওয়া দুইই সমান। তাছা-দের কাকুতি মিনতি দেখিয়া আপাতত দয়া হয় বটে, কিন্ত দে দয়া ধর্মবৃদ্ধির অনুমোদিত নহে। দয়ালু ব্যক্তির তাহাকে সত্নপদেশ দিয়া দয়া প্রকাশ করা উচিত। যাহাতে দে অসংপথ পরিত্যাগ করিয়া সংপথ অবলম্বন করে, দয়াগুণে দেই সকল বিষয়ে যত্ন করা উচিত।

দরাধর্মে কাল্যাপন করা মহামুভ্ব ও মহাস্থার কর্ম। যিনি চিরকাল অহর্নিশি যারপর নাই ব্যস্ত থাকিয়াও এক মূহুর পরের উপকার করিতে ভুলেন না—যিনি পরের অনুপকারের বাসনা একবার মনেও করেন না, পঙ্গোপ-কারই ঘাঁহার প্রধান ব্রত, পরোপকারই ঘাঁহার সন্তোবের মূল, তিনিই মহানুভাব—তিনিই মহাত্মা এবং তিনিই যথার্থ পুণ্যান। তাহার জীবন সার্থক।

মেনকা স্বপ্নযোগে উমাকে দর্শন। विशंख यामिनी कारल, महीधत-महीशारल, - কহিতেছে মেনকা মহিষী। উঠ উঠ গিরিরাজ না হয় অন্তরে লাজ সুখে সুপ্ত আছু দিবানিশি॥ নির্থিয়া শুক্তারা, চক্ষেব্রে শত্থারা, इत्राय केन्य अभगक्रीय। ভেবে ভেবে নিরাধারা, হইয়াছি নিরাহারা, নিজাছারা নয়নের তারা **।** मारु पुरुष्त (जार्ग, विवस विजम वार्ग, দেখিলাম স্বপ্ন ভয়ঙ্কর। म प्रःथ कहित कांत्र, विमद्र शावांग कांत्र, ভিমহর ছিম কলেবর। আর কি অধিক কব, হৃদয় কঠিনতব, অদিদেহ আর্ড নছে স্বেহে। এতদিন নন্দিনীরে, ভাসাইয়া ত্রংখনীরে, স্থে বসি রাজ্য কর গেহে।

মৈনাক-মন্তান-শোকে, শৃক্ত দেখি তিনলোকে, আলোকে আঁধার গিরিপ্রী। প্রবল প্রতাপ যার, সাগর সনিলে তার, मध इला भाइनमाधुती ॥ সবে এর সুকুমারী, তাহারে ভিখারি নারী, করিলে হে নিদয় পাষাণ। হাহা করা গুণবতী, সরল প্রকৃতি সতী, তঃখানলে দহে তার প্রাণ॥ দেখিলাম স্থপনেতে, রুষ এক বাছনেতে, ভিখারির কোলে ভিখারিণী। मीमाशीमा कीशाकाद्य, **जिक्काक**द्य बाद्य बाद्य, ভূত প্ৰেত পেতিনী সন্ধিনী। অন্ত্ৰেতে ভ্ৰণ নাই, বিভব বিভৃতি ছাই, বিষধর বেণীর বন্ধন। অस्त्रिमाला कर्छ (भाष्ट्रा, मर्ह्राणंत्र मरनारलाष्ट्रा, বাঘছাল কটিতে পিন্ধন।। অল্লাভাবে তরুশীর্ণ, গোধুলিতে সমাকীর্ণ, তাত্রবর্ণ চাঁচর কুন্তল। मार्गाडा इड वर्ष, वमक्रममा कर्ष, নাহি আর স্বর্ণ-কুওল।

প্রভাকর।

### সীতার বিরহে রামের বিলাপ।

বিলাপ করেন রাম লক্ষ্মণের আগো। ভূলিতে না পারি সীতা সদা মনে যাগে॥ কি করিব কোখা যাব অনুজ লক্ষাণ। কোথা গেলে সীতা পাব কর নিরূপণ।। মন বুঝিবারে বুঝি আমার জানকী। লুকাইয়া আছেন লক্ষ্মণ দেখ দেখি॥ বুঝি কোন মুনিপত্নী সহিত কোথায়। গেলেন না জানাইয়া জানকী আমায়॥ গোদাবরী নীরে আছে কমল-কানন। তথা কি কমল-মুখী করেন ভ্রমণ॥ পদালয়া পদমুখী সীতারে পাইয়া। রাখিলেন বুঝি পদ্মবনে লুকাইয়া॥ চিরদিন পিপাদিত করিয়া প্রয়াস। চন্দ্রকলা ভ্রমে রাত্ত করিল কি প্র<del>য়াস</del>।। রাজ্যচ্যত দেখিয়া আমারে চিন্তান্বিতা। পৃথিবী হরিলেন কি আপন হুছিতা॥ রাজ্যহীন যদি আমি হইয়াছি বটে। তথাপিও রাজলক্ষী ছিলেন নিকটে ॥ আমার সে রাজলক্ষী হারাইল বনে। কৈকেয়ীর মনোভীষ্ট সিদ্ধ এত দিনে ॥ त्मीमामिनी नुकाश (यमन अनश्रद । লুকাইল তেমন জানকী বনান্তরে॥

কমলকলিকা প্রায় জনকত্বহিতা!
বনে ছিল কে করিল ভারে উৎপাটিতা॥
দিবাকর নিশাকর দীপ তারাগণ।
দিবানিশি করিতেছে তমোনিবারণ॥
ভারাশা হরিতে পারে তিমির আমার।
এক সীতা বিহনে সকলি অন্ধকার॥ রামায়ণ।

#### বাতাদ।

পৃথিবীর চতুর্দ্দিক বায়ুরাশিতে পরিবেইত। এই বায়ুরাশির উদ্ধানীমা ২২।২৩ কোশ হইবে। বায়ুনা থাকিলে যে প্রাণী মাত্রেই প্রাণধারণ করিতে পারিত না, ইহার উল্লেখ করা বাহুল্য। যদিও কোন উপায়ে জীবন রক্ষা করা সম্ভব হইত, তথাপি বায়ুর অসন্ভাবে আমাদিগকে যারপর নাই হুর্দ্দশাগ্রস্ত হইতে হইত; বায়ুনা থাকিলে অগ্লির উৎপত্তি হইত না, বায়ু বিরহে বারিবর্ষণও হইত না। নীলনভঃস্থলের প্রীতিকর ম্লিম্ম শোডা, উষা সতীর অনুপ্রমাঞ্চরের প্রতিকর মিম্ম শোডা, উষা সতীর অনুপ্রমাঞ্চরের মুখিছেবি বা পশ্চিমদিমিভাগোর সায়ংকালীন অপুর্ব্ব কাঞ্চনছেটা, যাহাতে নয়নমন হরণ করে, এসমন্ত বায়ুরাশির প্রভাবেই দেখিতে পাওয়া যায়। নিশাবসানে স্থ্যগ্রহ একবারে ঘোরতর তিমিরাছেয় গাণ্মগুলে আসিয়া উদিত হইতেন,এবং প্রাতঃকাল হইতেসন্ধ্যা পর্যন্ত অবিশ্রামেআয়িস্ফুলিক্ষ বিক্ষেপ দ্বারা পৃথিবীকে দম্ম করিতেন, আবার রাত্রিসমুপ্তিত হইলে একবারে নিবিড় অন্ধ্রকাররাশিতে টুপ্র

করিয়া নিময় ইইতেন। মলয়ানিল আর স্পর্শেক্তিয় চরিতার্থ করিত না, মলিকা, মালতী বা কমল, কদস্ব, কুম্মও আর স্থান্ধ বিতরণ করিত না। এই কোলাইলপূর্ণ পৃথিবী নিঃশব্দে অবস্থান করিত। কি প্রাণাধিক সন্তানের অর্জ্জোচ্চারিত মৃহ্মধূর জাবিত, কি প্রাণপ্রিয়া ভার্যার শ্রবণতর্পণ স্থানিত বচন-প্রস্পারা, কি অশেষ হুংখ বিষাতক বন্ধুনাণের সদালাপ, কি আত্মোন্নতিসাধক ধর্মসংগীত কিছুই আর কর্ণকুহরে প্রবেশ করিতে পারিত না।

বায় এক প্রকার তরল পদার্থ, এবং অপরাপর তরল পদার্থ সকল যে নিরমের অধীন বারুও তাহার বশীভূত। যদি কোন পুফরিণী বা নদী হইতে এক কলস জল লওয়া যার, তাহা হইলে জলাশয়ের কোন স্থানই শৃত হয় না, বে স্থান হইতে জল লওয়া যায়, সেই স্থান পার্থস্থ জল দারা পূর্ণ হইয়া যায়। ইহা সমাম পেষণ ধর্মেই ঘটয়া থাকে।

জালের ভায় বারুর ও সর্বত্তি সমান পেষণ। এই পেষণের
প্রমাণ জালের সমস্বে আমরা সর্বাদাই প্রত্যক্ষ করিতেছি।
বিদি একটা বারু জল পূর্ণ করিয়া রাখা বারু, আর পরে
ই বারের পার্থে চতুর্দিকে কুত্র কুত্র ছিত্র করিয়া দেওয়া
হয়, তাহা হইলে দেখা বাইবে যে, ঐ সমস্ত ছিত্র দিয়া
সমান বেগেজেল বাহির হইতেছে। ইহা হারা সপ্রমাণ
হইতেছে যে, জালের পেষণ বা বহির্মমনপ্রবলত। সর্বত্তই
সমান। যদি মুইটা শৃভাগর্জ বোতলের মুখে ছিপি দিয়া
বাজীর সমুজ গর্জে নিমর্ম করা যায়, এবং একটা অধামুখে
ও জাপরটা উদ্ধান্ধ খাকে, তাহা হইলে উপরিস্থিত জল-

রাশির পেবণে ঐ হুইটা ছিপিই বোতলের মধ্যে প্রবিষ্ট ছইবে। আপাততঃ অনেকে মনে করিতে পারেন যে, কেবল উর্দ্ধমুখ বোতলটাতেই ঐ রপ ঘটিবে, কিন্তু বাস্তবিক তাহা ঘটে না। এই প্রক্রিয়া দারা নিঃসংশয়িত রূপে প্রতিপন্ন ইয় যে, জলরাশির যে কোন স্থান পরীক্ষা কর সকল স্থানেই তাহার উর্দ্ধ অধঃ ও পার্শ চতুর্দ্দিকেই সমান পেষণ বাকে। স্তরাং,কোন জলাশার হইতে কিঞ্জিৎ জল লইলে সেই স্থান যেমন শৃত্ত হইবার উপক্রম হয়, অমনি পার্শন্ত জল্বাশির পেষণ বশতঃ ঐ স্থানে উপস্থিত হয়। সমসংস্থিত জল্বাশির মধ্য ছইতে যদি কিয়ৎ পরিমাণজল লওয়া যায়, তাহা হইলে শৃত্ত স্থানের প্রতিপেষণ থাকে না, কিন্তু চতুর্দ্দিগন্ত জলের পার্শ পেষণ অব্যাহত থাকে বলিয়া এরপ ঘটিয়া থাকে।

তরল পদার্থের মধ্যে যে অপেকারত লঘু বস্তু থাকে
না, ভাসিরা উঠে, তাছারও কারণ এই। জলের মধ্যে সোলর
ছুবাইরা রাখিলে সমসংস্থানের ব্যাঘাত হয়। জলনিম্ম সোলা যে ছান ব্যপিরা থাকে, পুর্বে সেই ছানে জল ছিল; তখন সমসংস্থান ছিল,অর্থাৎ উদ্ধ্রেষণ, অধঃপেরণ ইত্যাদি সমান ছিল; কিন্তু জলের পরিবর্তে সোলা রাখিলে উদ্দ্রে তুলিবার পেরণ সমাম থাকে, কিন্তু সোলার লঘুড় হেতু অধঃ পেরণের লাঘব হয়, স্তরাং সমসংস্থানের ব্যাঘাত জায়ে, এবং উদ্দ্রে পেরণ বশতঃ ঐ লঘু পদার্থ উদ্দ্রে উৎক্ষিপ্ত হয়।

অপর, কি কঠিন কি তরল কি বাষ্পীর স্মুদায় পদার্থই তাপদারা ব্যাকুটিত হইয়া থাকে। ব্যাকুটিত পদার্থের পরমার সকল অপেকান্তত বিরলসন্নিবিষ্ঠ হয়, ত্তরাং কোন উত্তপ্ত পদার্থ সমায়তন শীতল পদার্থ অপেকা লখু হয়।

তুলা পর্বতপ্রমাণ রাশিকত করিয়া রাখিলে দেখা যাইবে যে নিম্নের তুলা উপরিস্থ তুলার পেষণ বশতঃ অপেক্ষাক্ত সাত্র ছইয়াছে। বায়ুরাশিতেও সেইরপ। পৃথিবীর সন্নিহিত বায়ু উদ্ধের বায়ু অপেক্ষা অনেক সাত্র, স্থতরাং গুক। ইহার প্রত্যক্ষ প্রমাণ দেওয়াও সহজ।

পর্বতের উপরে বা ব্যোম্যানে উঠিয়া যদি একাটী পাত্র করিয়া উদ্ধের বায়ু আনা যায়, তবে ওজন করিলে দেখা যাইবে যে, দে বায়ু পৃথিবীর সন্ধিহিত বায়ু অপেক্ষা লঘু। ইছার অনেক প্রকার প্রমাণ দেওয়া যাইতে পারে।

যদি একটা পাতে (কাচ পাত্র হইলেই ভাল হয়) পরিক্ষত জল রাখা যায়, এবং জলের মধ্যে কতকগুলি করাতের গুঁড়া ফেলিয়া দিয়া ঐ পাত্র অগ্নির উপর স্থাপন করা যায়,তাহা হইলে দেখা যাইবে যে, ঐ গুঁড়াগুলি জলের মধ্য হইতে একবার উপরে উঠিতেছে, আবার পরক্ষণেই পাত্রের পার্খ দিয়া ক্রমে নিম্নে নামিতেছে। অরাদি পাকের সময়েও ঐ রূপ দেখিতে পাত্রমা যায়। ঐ ব্যাপারের কারণ এই যে, আয়ির উত্তাপে পাত্র উত্তপ্ত হইতেছে, ঐ তাপ পরিচালিত হইয়া পাত্রসংলগ্ন জলবিন্দু সমূহকে উত্তপ্ত করিতেছে, স্কতরাং ঐ বিন্দৃগুলির আয়তন বর্দ্ধিত ও লম্মু হইয়া পাত্রসংলগ্ন তিরেখ করিয়াছি যে, লমুম্রব্য মাত্রেই গুক্ত ক্রেথ করিয়াছি যে, লমুম্রব্য মাত্রেই গুক্ত ক্রের উপরিভাগে উঠে। অতএব উত্তপ্ত জলবিন্দু সকল উর্দ্ধিকে উঠিতে থাকে। আর জল অত্যন্ত মন্দপরিচালক বলিয়া

পাত্রের উপরিস্থ জলবিন্দু সকল সে পরিশাণে উত্তপ্ত হয় না।
উদ্ধাণানী উত্তপ্ত জলবিন্দু অপেকা উপরিস্থ জলবিন্দুগুলি
শীতল ও গুরু থাকে, স্বতরাং যেমন নিম্নস্থ উত্তপ্ত লঘু পরমার্ সকল উপরে উঠে, সেইরপ উপরিস্থ শীতল পরমার্গুন্তিগুরুত্ব বশতঃ নিম্নগামী হয়, পাত্রের মধ্যস্থ ইইতে লঘু পরমার্গুলি গুরুত্বশতঃ নিম্নগামী হয়; পাত্রের মধ্যস্থল হইতে লঘু পরমার্গুলি উঠিতে থাকে, গুরু পরমার্গুলিও
উহার পার্শ্ব দিয়া নিম্নে নামিয়া উহাদের স্থান অধিকার
করিয়া লয়। নিম্নাগত বিন্দুগুলি আবার উত্তপ্ত হইয়া উদ্ধে
উঠে এবং উপ্রিস্থ বিন্দুগুলিও আবার নিম্নে নামিতে থাকে।
পরমার্ সমূহের এইরপ উদ্ধাধোগ্যনকে আমরা সচরাচর
"কুটা" কহিয়া থাকি।

বারুর একটা ধর্ম এই বে, উহা স্থ্যকিরণে উত্তপ্ত হয় না, পৃথিবী যে পরিমাণে উত্তপ্ত হয়, তৎ সংলগ্ন বারুও সেই পরিমাণে তাপ প্রাপ্ত হয়, কিন্তু উদ্ধের বারু সেরপ তাপ পায় না। এই নিমিত্ত যত উদ্ধে উচা যায়, ততই বারুর তাপের হ্রাস হইতে দেখা যায়। নানা কারণে উদ্ধের বারু অপেক্ষাকত শীতল থাকে। কেহ কেহ বলেন পৃথিবী হইতে যত উদ্ধে উচা যায়, ততই প্রতি ৫০০ কুটে ১০৪০ তাপাংশের হ্রাস দৃষ্ট হয়, কিন্তু আধুনিক ব্যোম্যাত্রিকেরাবলিয়াছেন যে, বারুর তাপাংশহাসের নিয়ম নাই।

বাস্ত্র সঞ্চরণকৈ বাতাস কছে। যে কারণে বাস্ত্রাশির সমসংস্থান বিনক হর, সেই কারণে বাতাস হইয়া থাকে। তাপ ঐ সমসংস্থান নাশের কারণ। শীতকালে গৃহের, মধ্যে হঠাৎ যদি আশ্বা প্রজ্বলিত করা যার, এবং দেই জারিতে এক খণ্ড বস্ত্র দল্প করা যার, তাহা হইলে দেখা যাইবে যে, গৃহের মধ্যন্থলে যাহারা উপবিষ্ট আছেন তাহারা এই দল্প ব্রন্থর গান্ধ পাইবার পূর্বে শীতল ভিত্তি ও বাতারনের নিকটন্থ ব্যক্তি, ঐ গান্ধ অবুভব করেন। আহুর যদি গৃহ মধ্যে অনেক গুলি তাপমান যন্ত্র রাখিরা দেওয়া যার, তাহার হইলে দৃষ্ট হইবে যে, সকল গুলিতে পারদ সমান চিত্রে উঠিতেছে না; অভঃছাদের নিকটন্থ যন্ত্র গুলি যে চিত্র দর্শাহিব, কুটিমের সনিহিত গুলি তদপেক্ষা অভতঃ ১০ চিত্র কম দেখাইবে। এই ছই পরীক্ষা হারা জানা যাইতেছে যে,অগ্নির তাপবশতঃ তহুপরিস্থ বারুর উদ্ধাতি হয়, পরে অভঃছাদ হইতে শীতল ভিত্তির নিকট দিয়া বাতারনের নিকটউপন্থিত হয়; তথার অপেক্ষাক্রত অধিক শীতল হইয়া, ক্রমে কুটিমে আইদে এবং পুনর্ব্বার জগ্নির উপর গিয়া উত্তপ্ত হয়, প্র্ক্রবং আবর্ত্তন করিতে থাকে।

সামাদের অভিধানে বায়ুকে অগ্নিমখ কছে। পদার্থ বিল্লা দারা আমরা ঐ নামের সার্থকতা দেখাইতে পারি। প্রথমতঃ, বায়ুর সাহায্য ব্যতিরেকে অগ্নির উৎপত্তি হয় না, বায়ু সমাগম রোধ করিবা মাত্র অগ্নি নির্কাণ হয়ুদ দিতীয়তঃ, যে খানে অগ্নি প্রজ্জলিত হয়, সেই খানেই বাতাস হইয়া খাকে। গৃহদাহের সময় যেন কোথা হইতে বাতাস আসিয়া উপস্থিত হয়। উহার করেণ এই যে, অগ্নির তাপে নিকটন্থ বায়ু উত্তপ্ত হইয়া উদ্ধানমী হয়, স্তর্বাং পার্শান্থ নীতল বায়ু দেই স্থান পরিপুরণার্থ যেই দিকে ধাবমান হয়। বায়ুর এই রপ ধাবদান ক্রিয়াকে বাতাস বলে। এই রপে বায়ুর সঞ্চলন হওরাতে যে প্রাদে অধিক পরিদাণে গৃহ দাহ হয়, দে প্রাদের বায়ু বিশুদ্ধ হইয়া উঠে। সাহেবদিগের গৃহে এক একটা অগ্নিস্থান থাকে; উহাতে যে কেবল তাশ সেবন হয় এমত নহে, বায়ুরও পরিশোধন হইয়া থাকে। অপরাত্রে গৃহের দ্বার বন্ধ করিয়া সন্ধ্যার পর যদি খুলিয়া দেওয়া যায় এবং প্রদারের উচ্চ, মধ্য ও অধঃ তিন স্থানে তিনটা প্রদীপ ধরা যায়, তাহা হইলে প্রথম দীপটীর শিখা বহিমুখ হইবে, দ্বিতীয়টীর শিখা নিশ্চল থাকিবে এবং তৃতীয়টীর শিখা গৃহাভিমুখ হইবে। ইহার কারণ এই যে, গৃহফদ্ধ উষ্ণ ও স্বতরাং লঘু বায়ু দ্বারদেশের উপর দিয়া বহির্থমন করে এবং বহিঃস্থ অপেক্লায়ত শীতল বায়ু দ্বারের নিম্ন দিয়া গৃহ মধ্যে প্রবেশ করে, মধ্যস্থানে বায়ুর সঞ্চলন হয় মা, স্তরাং শিখা অবিচলিত থাকে।

গৃহমধ্যে বায়ুদ্দদ্ধে যে সকল নিয়ম দৃষ্ট হয়, পৃথিবীর চতুঃপার্থ নাপ্ত মহাগভীর বায়ু সমুদ্রেও অবিকল ঐ
নিয়ম বর্ত্তমান আছে। বিয়ুব রেখার সন্নিহিত প্রদেশ পৃথিবীর সর্ব্বছান অপেকা উত্তপ্ত, স্মতরাং সেই ছানের বায়ুও
অহাহ্য ছানের বায়ু অপেকা অধিকতর উত্তপ্ত হইয়া উঠে।
উহার উপরিস্থ বায়ু সেরপ উত্তপ্ত নহে, স্মতরাং নিয়্মন্থ
বায়ু উদ্ধানা হইয়া থাকে এবং সমকোটিবয়ের অপেকাকত শীতল বায়ু আসিয়া তাহার ছান পূর্ণ করিতে থাকে।

এই রূপ কার্য্য কারণ সর্ব্যদাই বিছ্যমান রহিয়াছে, স্থতরাং সমকোটির বায়ু যেমন উষ্ণ কোটিতে আসিয়া

উপাছিত হইতেছে, তেমনই মেকস্থ অতি শীতল বায়ুও আবার স্মকোটিতে যাইতেছে। অতএব, উত্তর গোলার্দ্ধে বায়ু চিব্লকালই সুমেক হইতে বিষুব রেখার দিকে থাবিত হইতেছে এবং দক্ষিণ গোলার্দ্ধে বায়ু কুমেক হইতে বিষুব রেখার দিকে প্রবাহিত হইতেছে।

্ৰাদিকে উদ্ধাৰ্থ বায়ু ক্ৰমে যত উঠিতে থাকে, ততই উপরিস্থ বায়ুরাশির অপ্পতা হেতৃ অপ্প পরিমাণে পেষণ পাইয়া থাকে এবং বাহু হতঃ ব্যাকোচণীল বলিয়া তাছার আয়ুত্রন বাড়িতে খাকে। সঙ্গোচকালে সকল পদার্থের অন্তর্গত তাপের বিকাশ হইতে থাকে এবং ব্যাকোচকালে তাপের অন্তর্জান হয়; এমন কি হঠাৎ বায় সংকৃচিত করিলে অগ্নির উৎপত্তি হয় ও ব্যাকুচিত করিলে বিষম শীতলতার উৎপত্তি হয়। এই কারণ বশতঃ উদ্ধৃগামী বায়ু ক্রমশঃ শীতল ছইতে থাকে, পরে যখন সমতাপযুক্ত বায়ুন্তরে গিয়া উপস্থিত হয়, তখন কিয়ৎক্ষণ জলের উপর তৈলের অায় ভাসমান থাকে, অনন্তর মেরু অভিমুখ হইয়া পড়ে। মেরুর শীতল বায়ু উঞ্চ কোটিবন্ধে আদিতে থাকে, সূতরাং সে ছান বায়ু শৃন্ত হইবার উপক্রম হয়, অতএব ঐ উফ কোটি-ব্যােশিত শীতলীভূত বারু সেই খ্যা ছান পূর্ণ করিবার নিমিত ধাবমান হয় ;—কিয়দংশ সুমেক ও কিয়দংশ কুমেকর দিকে প্রবাহিত হয়। অভএব সুমেক ও কুমেক হইতে যেমন চিরকাল বিষুব রেখার দিকে বায়ু আসিতেছে, বিষুব রেখা इंदें उ उपने के कित्रकान ग्राम उ ग्रामक निर्क नार्श्वे প্রবাহিত হইয়া থাকে।

মেকস্থ বায় যত বিষুব রেখার নিকটবর্তী হইতে থাকে, ততই উহা অপেকারত উত্তপ্ত হয়, স্তত্তরাং উদ্ধে উঠিতে থাকে। অতএব যে বাতাদ স্মেক ও কুমেক হইতে বিষুব রেখার দিকে বহিয়া থাকে, তাহা ক্রমে ক্রমে ভূমি হইতে অধিকতর উদ্ধে উঠে এবং ঐ কারণেই উফ কোটিবন্ধ হইতে যে বায় মেক অভিমুখে বহিয়া থাকে, তাহা ক্রমশঃ নিম্নামী হইয়া থাকে।

উপরে যাহা নির্দেশিত হইল, তদ্বারা এইটা প্রতিপন্ন হইতেহে যে, বায়ু সমুদ্রে চিরকাল চারিটা প্রবাহ প্রবাহিত হইয়া থাকে; তুইটা প্রবাহ মেক হইতে বিষুব রেখার দিকে নিম্নে প্রবাহিত হইয়া থাকে এবং অপর তুইটা বিষুব রেখা হইতে মেক অভিমুখে উর্দ্ধে প্রবাহিত হইয়া থাকে।

আপাততঃ মনে হইতে পারে যে,উত্তর গোলার্দ্ধের লোক চিরকালই উত্তরে বাতাস এবং দক্ষিণ গোলার্দ্ধের লোক চিরকালই দক্ষিণে বাতাস তোগ করিয়া থাকে। কিন্তু বাস্তবিক তাহা নহে। পৃথিবীর আদ্নিক গতি নিবন্ধন সংমেক হইতে যে বায়ু প্রবাহিত হয়, তাহা উত্তরের বায়ু বলিয়া প্রতীয়মান হয় না, ঈশান কোণ হইতে বহিতেছে।

পৃথিবীর উপরিস্থিত বায় পৃথিবীর সঙ্গে সাবর্তন করিয়া থাকে। পৃথিবী যেমন ২৪ হোরায় একবার আব-র্তন করিয়া থাকে, বায়ুরাশিও ঐ সঙ্গে একবার পশ্চিম হইতে পূর্ব্বে আবর্তন করিয়া থাকে। কিন্তু পৃথিবীর সকল স্থান সমান জবনতায় ঘর্ণিত হয় না, মেকস্কিছিত অক্ষ-

রভের জবনতা অপেকা বিযুব রেখার জবনত। অধিক। ও অক্ষাত হইতে বৈ কায়ু প্রস্থান করিয়া ২৯ অক্ষাত্ত যায়। তাহার আবর্তনের জবনতা ৩০ অকরতোচিতই থাকে, স্তরাং ২৯ জকরভের জবনতা তদপেকা অধিক বলিয়া সঙ্গে সজে আবর্তন করিতে পারে না পশ্চাদ্বর্তী হইয়া পড়ে। আমরাও পশ্চিম হইতে পূর্বাদিকে যুরিতে শাকি, উপরিম্বিত বায়ও দেই দিকে আবর্তন করিতে থাকে বটে, কিন্তু উহার জ্বনতার ন্যুনতা হেতু উহাকে পূর্ব্ব বায়ু विनय तिथ इस । यनि आमता वालीस नकटि आताइन করিয়া কলিকাতা হইতে বর্জনানের দিকে যাইতে থাকি, আর তথ্য যদি বারর সঞ্চলন মাত্র না থাকে, তবে আমর্ বিলক্ষণ উত্তরে বায়ুর অনুভব করিয়া থাকি। মনে কর যে তখন দক্ষিণে বায়ু বহিতেছে ৷ শকটের জবনতা ১৫ মাইল, বার র জবনতাও ১৫ মাইল, তাহা হইলে আমরা বাতাস व्यक्तिक कित ना ; किल यमि वासुत अवनका ५० मारेल इस. তাহা হইলে আমাদিগকে ৫ মাইল বেগবৎ উত্তর বায়ুর অন্তত্ত্ব করিতে হর ৷ এই নিমিত্ত সুমেক হইতে আগত बोळामरक आमामिरगद छेखत बाह्य बनिहा स्वाय ना बहेश উক্তরপর্ব বলিয়া বোধ হর। যতই এ বায়ু বিযুব রেখার নিকটবর্ত্তী হয়, ততই উহা অপেকারত অধিক পশ্চাম্বর্তী হইতে পাক্তে এবং তত্তই উহা পূর্ব্ব বাসু বলিয়া প্রতীত হয়। দক্ষিণ গোলার্ছে অবিকল ঐ কারণে দক্ষিণ পুর্ব বায়ুর অক্টাৰ্ডৰ হয়। এই দুইটা বাব, চিরকাল বহিরা থাকে। वैक्कारा वानित्कात कारमक ऋतिथा दश, अहे मिमिल देशन

দিগকে বাণিজ্য বার্বলিয়া থাকে। নিরক্ষরতের উত্তরে ১০ অংশ হইতে ২৫ অংশ পর্যন্ত পৃথিবীর উত্তর ভাগের বাণিজ্য বারু প্রবাহিত হয়, ও দক্ষিণ ভাগের বাণিজ্য বায়ু নিরক্ষরতের দক্ষিণে ১০ অংশ হইতে ২৮ অংশ পর্যন্ত ছারে প্রবাহিত হয়প

সুমেক হইতে আগত বারু প্রবাহ যেমন ক্রমেক উত্তর-পূর্বীর ও অবশেষে পূর্বীর হইরা পড়ে, এবং কুমেক হইতে আগত বারু প্রবাহ যেমন ক্রমে দক্ষিণ পূর্বীর ও পূর্বীর হইরা পড়ে। বিধুব রেখা হইতে যে প্রবাহন্তর কেন্দ্রাভি-মুখে গমন করে তাহারাও তেমনই দক্ষিণ পশ্চিমে ও পশ্চিমে এবং উত্তর পশ্চিমে ও পশ্চিমে হইরা পড়ে।

বিষ্ব রেখার নিকটে প্র বাণিজ্য বারুষর ক্রমণঃ পূর্ব বারু রূপে পরিণত হইয়া উর্চ্চি মিলিত হয়। প্র ছানে সর্বাদাই বারু উষ্ণ হইয়া উঠিতেছে, কখন কখন প্র ছান একবারে নির্বাত হইয়া পড়ে এবং কখন কখন প্রকাশু বঞ্জাবাতে আন্দোলিত হইয়া থাকে। ঐ ছান "নির্বাত ও ঝঞ্লাকোটি" নামে আখ্যাত। প্র কোটবছের নিক্ট উপস্থিত হইলে নাবিকেরা দশব্যন্ত হইয়া পড়ে। প্র কোটিব্রদ্ধ বিষ্কালিয়া থাকে।

পৃথিবীর ছান বিশেষে বিশেষ বিশেষ বায়ু বহিয়া খাকো আমরা বাতের সাধারণ কারণ মাত্র নির্দেশ করিলাম। উক্ত বিশেষ বিশেষ বায়ুর বর্ণন বা কারণ নির্দেশ করা আমানের অভিপ্রেড নহে। তবে আমানের দেশেকি কারণেশীত কালে উত্তরে বায়ু ও গ্রীষ্মকালে দক্ষিণে বায়ু বহিয়া থাকে তদ্বিষয়ে স্থূল স্থূল হুই একটা কথা বলা যাইতেছে।

স্থাতাপে ছল যেরপ উত্ত হয়, জল সেরপ হয় না, ছল অপেক্ষা জল অনেক শীতল থাকে। আবার রাত্রিকালে ছল যেমন শীত্রই শীতল হইয়া পড়ে, জল সেরপ হয় না। এই নিমিত্ত দ্বীপ সমূহে প্রতাহ হই প্রকার বায় বহিয়া থাকে। দিবা ভাগে সমুদ্রজল অপেক্ষা দ্বীপ উত্তপ্ত হয়, স্থতরাং তথাকার বায় উদ্ধানমী হয় এবং পার্শ্বছ অপেক্ষা-ক্ষত শীতল বায় আসিয়া উহার ছান পূর্ণ করে। এই নিমিত্ত দিবাভাগে দ্বীপোপরি সমুদ্রবায় বহন করে। রাত্রি হইলে সমুদ্রজল দ্বীপাপেকার উষ্ণ থাকে, স্তরাং তথাক দ্বীপা হইতে সমুদ্রের দিকে বাতাস বহিয়া থাকে। উপকুলেও প্রস্থ হটিয়া থাকে।

আমরা পূর্বে যেরপা বাণিজ্য বায়ুর কার্য্য কারণ নির্দেশ
করিয়াছি,তাহাতে পাচকবর্গ মনে করিতে পারেন যে,আমাদ্রের দেশে ৬ মাস অন্তর বায়ুর পরিবর্তন না হইয়া চিরদিন
উত্তর পূর্বে বায়ু প্রবাহিত হওয়া উচিত। কিন্তু ভারতবর্ষের
মবস্থান যেরপা তাহাতে বাণিজ্য বায়ু বহিতে পায় না।
নিজ্ঞান কৈরপা তাহাতে বাণিজ্য বায়ু বহিতে পায় না।
নিজ্ঞান কিন্তু ভারত সাগার রহিয়াছে, উহার কোন পার্শে
আর স্থল নাই। ভারতবর্ষের অধিকাংশ স্থান উফকোটি
বঙ্গে সংস্থিত; স্মুতরাং যদিও ভারত সমুদ্র বিয়ুব রেখার
নিতান্ত স্থিতিত, তথাপি ঘৌষ্মানে সমুদ্রজন অপেকা
ভারতবর্ষ অধিকতর উত্তপ্ত হইয়া থাকে। জভএব ঘৌষ্
কালে সমুদ্র বায়ুই বহিয়া থাকে, অর্থাৎ দক্ষিণ বায় প্রবল

হয়। শীতকালে আবার উহার সম্পূর্ণ বিপরীত ভাব ঘটিয়া থাকে। তখন উত্তরে বায়ু প্রবল হয়। পৃথিবীর আহ্নিক গাতিবশতঃ এই বাতাসদ্বর ক্রমশঃ দক্ষিণপিশিচ্ছে ও উত্তরপশ্চিমে হইরা পড়ে। মালব ভাষায় 'মুসম'' শক্ষে খতু বুঝায়, তাঁহা হইতে পারস্থ ভাষায় প্র বায়ুর নাম মৌসুম হইরাছে, ইংরাজেরা ইহাকে মন্সুম বলেন। জাবা প্রভৃতি দ্বীপে প্র বায়ুদ্বর যথা নির্মে বহিরা থাকে। যখন মন্সুমের দিক্ পরিবর্ত্তন হয়, তখন কির্দ্দিন ভ্রানক ঝঞ্জাবাত হইরা থাকে। কার্ত্তিকে ও বৈশাখী ঝড় আমাদের দেশে প্রসিদ্ধ আছে।

খূর্বায়ুর নিয়নগুলি সংপ্রতি মাত্র ছির হইয়াছে।

থ নিয়নগুলি অতিশয় দূরহ এবং ব্যাখ্যা করিবারও
ছান নাই। তবে এখানে এই মাত্র বক্তব্য যে, যখন ১৬০০
মাইল পরিধিযুক্ত বায়ুরাশি মহাবেগে ঘূর্ণিত হইতে থাকে,
এবং ঘূর্ণিত হইতে হইতে হোরায় প্রায় ২৫ ক্রোল পথ
অতিক্রম করে, তখল তাহার পরাক্রমের যে সকল অভুত
কথা শুনিতে পাওয়া যায় তাহা কোন ক্রমেই অবিশাস্ত
নহে। উত্তর আমেরিকার পূর্ব্বিক্ ও ভারত সাগার উহার
প্রধান আক্রমণের ছান। ঘূর্ণবায়ুর একটা আকর্য্য নিয়ম
এই যে, উত্তর গোলার্হে ঘূর্ণবায়ু পূর্বে হইতে উত্তর ওপাক্রম
দিয়া ঘূরিতে ঘূরিতে ক্রমে উত্তরপাক্তির দিকে চলিয়া যায়,
এবং দক্ষিণ গোলার্হে পাক্তিম ইইতে উত্তর ও পূর্ব্ব দিয়া
ঘূরিতে ঘূরিতে করে বিকিম দিকে চলিয়া যায়। এক জন
পদার্থবিৎ পণ্ডিত এই নিয়ম দেখিয়া তড়িতের হায়া ঐ

রূপ কার্য্য হইয়া থাকে বলিয়া যে অনুভব করিয়াছেন, তাহা অনুভবদিদ্ধ বোধ হয়। যাহা হউক, নাবিকদিগের এই নিয়ম জ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক; ইহা জ্ঞাত থাকিলে তাঁহারা ঐ ঘূর্বায়ুর মহাভীষণ কেন্দ্রমুখের অবহান বুঝিতে পারেন এবং তাহা হইতে পরিত্রাণ পাইবার উপায় করিতে পারেন।

কোন ইন্দ্রিয়জিত সত্রাটের প্রতি এক জিতে-ন্দ্রিয় জ্ঞানীর উক্তি।

'প্রামার সমান তুমি কোন্ গুণে হবে।

দাস অনুদাস মম থেহেতু সন্তবে॥

ইল্রির ও রিপু মোর ছই দাস আছে।

দাস হরে তুমি তাদের ফির পাছে পাছে॥

প্রথমে প্রভুত্ত কর আপন উপর।

তার পর কর গিয়া অন্তের উপর॥

দে কেমনে হবে প্রভু যার ছর প্রভু।

ছরের দাম দাস বই কেন হবে প্রভু ।

রপেতে সোনার ক্রীট শুণেতে কাঁটার।

অনিক্রে আপদ ভর উদ্বেশ আমার॥

সুবর্গ কোমলাসন ময় সিংহাসন।

ভাবিতে ভাবিতে ছর কর্টক আসন॥

লোভ তাজ তবৈ সভা করিলে রাজত।

থেহেতু অলোভিশির সর্বদা উন্নত॥

মাটি হতে দেহ তব মাটি হতে হবে। কিনে অহস্কার কিনে অগ্নিশ্ম। তবে॥ মাটি হতে হবেই হবে যদি সত্য জান। মাটি ছওয়ার আগে তবে মাটি নয় কেন?॥ মাটি হতে হইয়াছে মনুষ্যের ভাব। সেই তো মনুষ্য যার মাটির স্বভাব॥ মৃত্তিকাত্ব-হীন নর মনুষ্য কি হয় ?। গন্ধহীন চন্দ্ৰ ইন্ধ্ৰন বই নয়॥ সংসার বিষের রক্ষ বিষ ফলময়। তথাপি ফলিছে তাতে সুধা ফলদুয়॥ একতার বিজ্ঞারপ রসের আস্থাদন। অন্তর্গর সজ্জনের সঙ্গেতে মিলন। পরমুখে কটুভাষা সহিতে না পার। তবে আংগে আপনার মুখ মিষ্ট কর॥ দানের উচিত পাত্র দরিক্র চুর্বন। धनितक कतितन मान नाहि किहू कन। ্রেণ্যার ঔষধ পথ্য অরোগার নয়। বুনা ক্ষেত্রে বুনা বীজ করা অপচয়॥ অতি উফ হয়োনাক শ্লিশ্ব হতে হবে। অত্যন্ত হয়োনাক নত হতে হবে। উত্তাপে উন্নত বাস্প আক্রমে গ্রাগণ। জল করে ফেলে তারে অ**গে**তে তপন ॥ भग निम्म कदा यनि किर इस जुरे। আমিও তাহাতে তুফ নহি কতু ৰুই।।

শ্রম ব্যয় করে লোক তৃষ্টি জন্মে কত। অমনি হইবে ত্ট্ট আরো ভাল এতো॥ (অহিংদা পরম ধর্ম, পাপ আত্মার পীড়ন। অপরাধীনতা মুক্তি, স্বর্গ বাঞ্জার পুরণ) ॥ অপরাধী ব্যক্তি প্রতি যদি ক্রোধ হয়। ক্রোধের উপরে ক্রোধ কেন তবে নয় १॥ ধর্ম অর্থ কাম মোক্ষ চতুবর্গ ফল। দে ফল বঞ্চিয়া কোধ দেয় মন্দ ফল।। নরের স্বভাব যেন মাজ্জিত দর্পণ। যেমন দেখাবে তারে দেখাবে তেমন॥ অন্ত হইতে চাহ তুমি যেই ব্যবহার। কবিও তাহার প্রতি সেই ব্যবহার॥ যে জন করয়ে ভাল, করে আপনার। যে জন করয়ে মন্দ করে আপনার॥ দোষ দৃষ্ট তরু সৎ রাখেন গোপনে। অদুষ্ট তথাপি হুফ রটায় যতনে॥ করোনাক অপকার কর উপকার। এই ধর্ম এই কর্ম সংসারের সার"॥

## আকাশ।

মরি মরি! কি মাধুরী আকাশের শোভা।
যেন কোটী ছীরা খণ্ড রয়েছে এথিত;
মধ্যে মধ্যে বিরাজিত নীলবর্ণ আভা,
যথা নীল সরসীতে পদ্ম প্রফুলিত।

ক্ষণে খেত, ক্ষণে পীত, ক্ষণে বা ছবিত, দেখিতে দেখিতে হয় অভিনব মনে; কখন উড়িছে পাখী হয়ে হরষিত, কখন বা কাদ্যিনী ঢাকিছে গগণে।

কখন করিছে যুদ্ধ কাদিধিনী দলে,
আশনি সায়ক তার পড়িছে ভূমিতে;
মুহুর্ত্তে দে ভাব ছাড়ি পুনঃ কুতৃহলে
চলে সব মেঘাবলী বর্ষণ করিতে।

মোহিত হয়েছি আমি শুন হে আকাশ ? কেমনে তোমার মাঝে চরে মেঘদলে ? জগত ব্রহ্মাণ্ড করে তোমাতে নিবাস মোদের অবনী মাতা আছে তব কোলে।

ধরার পতিত যবে মাতৃগর্ভ হতে, তদবধি রূপ তব করি নিরীকণ ; পারিনা পারিনা তরু তুলনা করিতে, করিতে তোমার অন্ত মুধ হয় মন।

জনম অবধি আমি হেরি হে তোমায় ? কেন যে তোমার রূপ নহে পুরতিন ? কে হুজিল তব রূপ বল হে আমায় ? যখন দেখিতে পাই তখনি সূতন। থে জন করিল চিত্র তোমার অঙ্কেতে, খেত, পীত, নীলবর্ণে করিয়া রচন ; আমার মানস হয় তাঁহারে দেখিতে, দেখিব দেখিব বড় আছে আকিঞ্চন।

হার ! ঐ অনন্ত দেহ যাঁহার রচিত, না জানি তোমার নত ! মহিমা কেমন ! নিখিল জগত আছে যাঁহার আজিত, দেখিতে তাঁহার রপ বাাকুলিত মন।

এডুকেশন গেজেট।

भक

সকল জড় পদার্থই পর্মাণুপুঞ্জে নির্মিত। পরমাণুগুলি
দৃঢ়রপে সংশ্লিফ হইলেই পদার্থ কঠিন, আর ভাহানের
গৈছিলা থাকিলেই পদার্থ মৃহ হয়। পরমাণু সকল এত স্ক্রম
বে ভাহারা পৃথক পৃথক নয়নগোচর হয় না, এবং অক্তাপি
কেইই ভাহাদের পরিমাণ করিতে সমর্থ হন নাই। তথাপি
বিজ্ঞানবিৎ পণ্ডিভেরা এই অজ্ঞাত্ত্ররূপ পদার্থের "পরমাণু" এই নামকরণ করিয়াছেন। কোন জড়পিও যতদূর
বিজ্ঞক ইইতে পারে, ভাহার চরম সীলার নীত হইলে যে
আত অন্তিম্পুর্ অবনিক বাংক ভাহাকেই পরমাণু কছে।
যে অন্তিম্পুর্বানি পৃথিবীকে বেকন করিয়া উর্দ্ধে প্রায় ২৩
ক্রোক্রাণি পৃথিবীকে বেকন করিয়া উর্দ্ধে প্রায় ২৩
ক্রোক্রাণির বহিয়াছে, এবং জলে বেমন মংস্থের। বিচ-

রণ করে, সেইরূপ আমরাও যাহার মধ্যে সতত বাস করি-তেছি তাহাও প্রমাণুর সমন্তি মাত্র। বায়বীয় অণুগণ স্থান রিষ্ট নহে। ভাহারা সকলেই দূরে পৃথক্ পৃথক্ রহিন্যাছে। তাহাদের প্রস্পর অন্তর অন্তরঃ স্বীয় আয়তনের শত গুণ হইবেঁ। এই নিমিত্ত আমরা বায়ু দেখিতে পাই না। কিন্তু যদি অধিক পরিমাণে বায়ুকে বিলক্ষণ রূপে সঙ্কুচিত করিতে পারা যায়, তাহা হইলে তদীয় অণুসকল পরস্পর অতি সন্ধিতি হওয়াতে, বালুকাকণার আয়, স্থুল হইতে পারে, স্তরাং তদবস্থায় আমরা বায়ু দেখিতে সমর্থ হই।

বেমন বহুতর ইফ্টক-সংযোগে গৃহাদি নির্মিত হয়, সেই রূপ অসংখ্য প্রমাণু সংযোগে সমুদার জড়পিও নির্মিত হইয়াছে। কিন্তু ইফ্টকগুলি সংযুক্ত করিতে যেমন সংযোগ-সাধক পদার্থান্তরের-(চূণ, সুর্রিক, ইত্যাদির) আবশ্যকতা शांतक, शत्रमां प्रश्रंयां महत्व तम तश त्कान मामधीतरे প্রয়োজন হর না। আকর্ষণশক্তিই সেই কার্য্যসাধন করিরা থাকে। প্রমাণুগুলি কুত্র কুত্র চুক্তকমণির স্থার পরস্পার আকর্ষণ করিয়া শুড়ই একত্র মিলিত হইয়া থাকে। কিন্তু তাহানের পরস্পর সংস্পর্শ হাউতে পারে কথনই তাহারা এরপ সরিহিত হয় না। কোন পদার্থেরই এত সাক্রতা নাই যে উপযুক্তরপ বল প্রয়োগ করিলে তদীর অধুগণকে অধিক-তর সরিক্ট করিতে না পার। যার। আঘাত পাইলে সীসের অধুসকল থেমন পূর্ব্বাপেকা অধিক সাম্রভাব অব-লহন করে, সেইরপ অক্সাত্ত পদার্থেরও কিছু কা কিছু সান্দ্র বর্ধিত করিতে পারা হার। অভূপিও পুরুর পুরুঃ

আহত হইলেও তদীয় অগুসকল পরস্পার সংস্পৃষ্ট হয় মা কেন, ইহা অভাপি নিঃসংশয়িত রূপে নিরূপিত হয় নাই। ্বোধ হয় জড়পিতে যে অমুভূত তেজঃ (Latent heat) নিতা বিজ্ঞমান আছে, তাহার বিক্ষারণ শক্তিরূপ (Power of Expansion) প্রতিকূল বল দারাই উহাদের পৃথক্তাব অব্যাহত পাকে। সীস প্রভৃতি কতকগুলি পদার্থের প্রমাণু বলপূর্ব্বক আহত হইলে, পূর্বস্থান হইতে অপসারিত হইয়া, এক সূতন স্থানে আইদে, এবং তথায় অবস্থিতি করে। অন্তান্য কতক গুলি পদার্থের অণুগুলি আঘাতে ঐরপ অপসারিত হয় বটে, কিন্তু অভিনব স্থানে অবস্থিতি করে না, তাহারা তৎ-ক্ষণাৎ আসিয়া পূর্ব্বস্থান অধিকার করে। হস্তিদন্ত প্রভৃতি স্থলে ঐ রূপ ঘটিরা থাকে। কঠিন বস্তু আঘাতে ক্ষণমাত্র অবনত হয়, কিন্তু অপসারিত অবুগুলি প্রত্যাগমন করিলেই আঘাতের আর চিহ্ন থাকে না। যে সকল পদার্থ পূর্কোক্ত প্রকারে আঘাতের পরেই সম্পূর্ণরূপে বা বাছল্যতঃ পূর্ব্ব-ভাব অবলম্বন করে, তাহাদিগকে স্থিতিস্থাপক পদার্থ কহে। শ্বিতিস্থাপিক পদার্থ বেগে আছত হইলে, তদীয় কম্পিত অগু-সকল অব্যবহিত পরক্ষণেই পূর্বস্থান অধিকার ও পূর্বভাব ধারণ করিতে সমর্থ হয় না। আঘাত দারা যে পরমাণুগুলি অপসারিত হয়, তাহারা সমুখবর্তী অত কতকগুলি পরমাণু অপসারিত না করিয়া আপনারা অপসত হইতে পারে না, কিছু তাহাদিগকৈ অপনারিত করিতেগিয়া আপনারা প্রতি-ছাত প্রাপ্ত হয়। এইরপে তাহাদের একটী গতিজ্ঞা, তদ্ধারা তাহারা একবার একপার্বে একবার অপরপার্বে অপসারিত ছইরা দোলারমান হইতে থাকে। অত্তিপ্র পার্থ কএক মিনিট ইতন্ততঃ চালিত হইরা শান্ত হয় ও পূর্বভাব অবলম্বন করে।
থিতিস্থাপক পদার্থের প্রমাণু সমুহের এইরপ গতি প্রত্যানগতিকে কম্পন (vibration) কছে। ছিতিস্থাপক পদার্থ আহত হইলে তাহার সর্ব্বাবর্থ কম্পিত হইরা ধাকে। আহত হইলে উক্ত পদার্থের প্রত্যেক প্রমাণু অসমপ্রতী প্রমাণুকে কিঞ্চিৎ অপ্যারিত করে এবং তৎপ্রতিঘাতে নিজেও বিপরীত দিকে কিঞ্চিৎ সরিরা আইনে। এইরপে তাহাদের যে গতি জয়ে তাহা ক্রমশঃ দীর্গতর হইরা কম্পন ক্রিরাকে সর্ব্বে ব্যাপ্ত করিতে থাকে; কিন্তু ঐ গতি যত বিস্তৃত হয়, ততই উহার বেগ হাদ হইয়া পড়ে, এবং পরিশ্বের ঐ পদার্থের সমুদার অবয়বে সঞ্চারিত হইয়া নিঃশেবিত হয়।

ভূপৃষ্ঠে যাবতীয় পদার্থ বিজ্ঞমান আছে, সকলেই বায়ু-ভারে আক্রান্ত রহিয়াছে। বায়ু, সকল পদার্থকেই পেষণ করিতেছে, কিন্তু বায়ু নিজে সাতিশয় ছিভিস্থাপক গুণ-বিশিষ্ট। যখন ইহার অণুসকল বিচলিত হয়, তখন তাহা-দের পূর্বোক্ত প্রকার গতি সমুদ্রের তরক্ষের স্থায় অনেক দূর পর্যন্ত না হইয়া নির্ভ হয় না। যখন কোন ছিভিস্থাপক পদার্থ কম্পিত হয়, তখন তৎসংস্পৃষ্ট বায়ুও তাহার সঙ্গে সঙ্গেরত হইয়া থাকে, এবং প্র কম্পন ক্রিয়া বায়ুমধ্যে বহুদূর পর্যন্ত সঞ্চারিত হইয়া যায়। যদি একটী জলপূর্ণ পাত্রে আঘাত করা যায়, তাহা হইলে উহা কাঁপিতে থাকে, এবং তদীয় কম্পন জলমধ্যেও সঞ্চারিত হয়। পাত্রে আঘাত

করিলে তত্রস্থ জলে যে তরঙ্গ উঠে তাহার দ্বারাই ইহা স্পষ্ট প্রতীয়মান হইতেছে। যদি ঐ পাত্রের জল ফেলিয়া দেওয়া যায়, তাহা হইলেও অধিকল উহাই ঘটে; কারণ তথন জলের পরিবর্ত্তে তথায় বায়ু থাকিবে এবং পূর্বে যেমন জলৈ কম্পন সঞ্চারিত হইয়াছিল, এক্ণণেও সেইরপ বায়তে সঞ্গরিত হইবে। কম্প্রান পদার্থমাত্র হইতেই কম্প্রনক্রিয়া তৎসন্মিহিত বায়ুমধ্যে সঞ্চারিত হয় এবং তাহা বায়ুরাশিতে বহুদুর পর্যান্ত ব্যাপ্ত হইয়া ক্ষান্ত হয়। যেমন গঞ্জার তরঙ্গ সকল বেগে আদিয়া তদীয় তট ভূমিতে আঘাত করে, সেই রূপ কম্পবান বায়ুর নিকটেও যদি কোন স্থির পদার্থ সংস্থাপিত করাযায়, তাহাও ঐরপে বায়বীয় তর্জ দ্বারা আহত হইতে থাকে। যদি পুর্বোলিখিত পাত্রের তিন চারি হাত অন্তরে একতা কাগজ ধরিয়া ঐ পাত্রটীতে বিলক্ষণ আঘাত করা যায়, তাহা হইলে ঐ পাত্রের কম্পন বায়ুতে সঞ্চারিত হইয়া প্রস্ত হইতে হইতে সেই কাগজে আসিয়া আঘাত করে। কিন্ত মনে কর প্র কাগজ আচেতন ত্তুসমূহ দারা নির্মিত না হইয়া ঘদি বস্ততঃই চৈতকাবিশিষ্ট অনুভবক্ষম ধমনীসমূহ দ্বারা নির্মিত হইত, তাহা হইলে এ ধমনীগুলি স্থনর রূপে বায়ৰীয় কম্পান অনুভব করিতে সমর্থ হইত। দে যাহা इडेक, क्षे श्रकांत्र मजीव धमनी गकल जन्तरार्गत कर्गकूरद সন্ধিবেশিত আছে। তাহারা অতি স্ক্রাতর বারবীয় কম্পন ি পর্যান্তও অনুভ্র করিতে সমর্থ হয়। কম্পিত বায়ু কর্ণমধ্যে প্রবেশ করিয়া উক্ত ধমনী সমূহের প্রান্তে আঘাত করিলে যে জ্ঞান জম্মে তাহাকেই আমরা শব্দ কহি। নিকটে কোন

ন্থিতি স্থাপক পদার্থ কম্পিত হইলেই শব্দ শুনা যায়। কিন্তু যদি ঐ কম্পবান বস্তু কোন বায়ু শৃত্য পাত্রে থাকে, তাহা হইলে আর শব্দ শুনা যায় না। অতএব স্পান্ট বোধ হুই-তেছে যে, বায়ুর কম্পনে শব্দ কর্ণকুহরে নীত হইয়া থাকে।

শ্বিভিন্থাপিক পদ্ধার্থ কম্পুনাবস্থায় অবস্থিতি হইলেই
শব্দ জনায়। কারণ তদ্ধারা অতি শীয় চতুঃপার্শস্থ বায়্
কম্পিত হইয়া থাকে। ঢকা, বীণা, বেগু প্রভৃতি বিবিধ
বাদিত্র হইতে ভিন্ন ভিন্ন প্রকার স্থমধুর শব্দ নির্গত হয়।
ইহার কারণ আর কিছুই নহে কেবল দেই দেই যন্ত্রে স্থিতিস্থাপক ভাবে যে পরমাগুড়লি পরস্পর সম্বন্ধ তৎসমুদায়
ভিন্ন প্রকারে কম্পিত হয় এই মাত্র। এক দেকও মধ্যে
চতুর্ব্বিংশতি সহস্রবার কর্ণধমনী আহতহইদে তার স্বর শ্রুত,
হয়, এবং উক্ত সময় মধ্যে আটবার মাত্র হইলে যে শব্দ
উৎপন্ন হয় তাহা প্রায় শুনা যায় না। আঘাতের সংখ্যার
আধিক্য বা স্বপ্পতায় শব্দের উচ্চতা ও নীচতা হইয়া থাকে,
কিন্তু তদ্ধাত অন্তাত্ত বৈলক্ষণ্য আঘাতের প্রকার ভেদ ও
কম্পানের অজ্ঞাত গুণ বিশেষ দ্বারা জ্বিয়া থাকে।

### ठखं।

হে বিধু অন্বর পথে সাধিতে কি মনোরথে,
নিত্য আদি দেখা দাও, ধরি রপ বিমলে ?
আহা কি স্থান্ত-কার! শরীরের প্রতিভায়,
নিশির তমসরাশি নাশি, বিশ্ব উজলে।

হলে ভারু সুপ্রকাশ, কোথা গিয়ে কর বাস ? দিবসে তোমার কভু দরশন মিলে না ; পাইলে সূর্য্যের সাড়া, হয়ে চল দেশছাড়া, বুঝিতার সহবাসে কতু তুমি ছিলে না। বুঝিছি এ ভয় আছে, তাপে তরু গলে পাছে, নিশিতে উদ্য় হও সূর্য্য অন্ত হইলে ; ভাল যেন হল ভাই, বল পরে যা সুধাই; কভু নিশি মুখে কভু নিশি অৰ্দ্ধ বহিলে। কভু পূর্ণ কভু রেখা, কভু অদ্ধ কায়ে দেখা, দাও, কেন ? কি কারণ হেন দশা ঘটিল ? অমৃত দীধিতি ধর, সন্তাপ শীতল কর, কি হেত কলঙ্ক তব বিশ্ব মাঝে রহিল ?। মৃগ শিশু ধরি অঙ্কে, ডুবিলে কলঙ্ক পঙ্কে, বিধির অলজ্যা বিধি সাধ্য কার খণ্ডিতে। এ হুখ ভাবিয়া চিতে, বুঝি অমা রজনীতে, নিৰ্জন প্ৰদেশে যাও, আত্ম প্ৰাণ দণ্ডিতে! তব দরশন পেলে, হর্ষে পক্ষপুট মেলে, চকোর গগণে ধার, সুধাপান মানসে; কুমুদ সলিলে ভাসে, ভোমায় দেখিলে হাসে, ছদাসন বিস্তারিয়া, তিত মুখে সম্ভাষে। তৃষিতে কুমুদ মন, প্রিয়ে প্রেম সম্ভাষণ, जुमि कत्रह एक कोगूमित मश्याताः থাকি উচ্চতর ধাম, কুমুদ বান্ধব নাম, পেরেছ ভুবনে মাত্র, প্রণয়ের স্বােগে।

গগাণে উদিলে তুমি, কেন দিল্লু বেলা তুমি,
অতিক্রম করে, এর মর্ম কিবা কে বলে;
বুঝিছি পড়িল মনে, তুমিত কমলাসনে,
উদ্ধৃত সাগর হতে, কিষদন্তী তুতলে;
তুমি হৈ অপত্য রত্ন, তোমার দেখিলে যত্ন,
পার, অঙ্কে আনিবার, বেলা বাছ প্রসারি;
তাহাতে পুলকে ভাসি, প্রতিবিশ্বচ্ছলে আসি,
অঙ্কের ত্বণ হয়ে, বাস্ত্রণ পূর তাহারি।
চলিলে পশ্চিমাচলে, স্স্থানে যায় চলে,
হুংখে দিক্ত করি ধরা, নেত্রনীর শিশিরে;
তুমি যবে হও বাম, কে লয় তাহার নাম?
তমস্বিনী বলি লোকে নিন্দে সেই নিশিরে।

## প্রতিধানি।

কোন গহরর কথা গুমুজারতি মন্দির মধ্যে শব্দ করিলে,
অকমাৎ তাহার যে অনুকরণ উদ্ভব হইয়া শ্রুতিপুটে প্রবিষ্ঠ
হয়, তাহার নাম প্রতিধনি। ধনি সর্ব্যন্ত তুল্য হয় না,
ফান ও কারণ ভেদে ইহার অনেক প্রভেদ হইয়া থাকে।
কোন কোন প্রতিধনিতে ব্যর মাত্র প্রতিপন্ন করে, কোনতে
হই তিন শব্দ বা এক চরণ কবিতা পুনকৎপন্ন করে, কোন
ওতে বা প্র এক বা বহু শব্দ পুনঃ প্রনঃ উচ্চারণ করে।

ইদানীন্তন দার্শনিক পণ্ডিতের। সিদ্ধান্ত করিয়াছেন যে, শব্দ এক প্রকার উর্মিমাত্র। জলে লোই নিক্ষেপ করিলে,

জলের কম্পানে যে প্রকার উর্মি উৎপন্ন হয়, বায়তে কোন পদার্থ আন্দোলিত হইলে, সেই রূপ বায়ুর কম্পনে উর্মি উৎপন্ন হয়, এবং দেই উর্মি কর্ণকুহরে প্রবিষ্ট হইয়া ত্রকিশেবে আছত হইলে শব্দ জ্ঞান হয়। ইছার প্রমাণার্থে পণ্ডিতেরা নির্বাত স্থানে ঘণ্টা বাজাইয়া দেখিয়াছেন যে তথায় শব্দ উৎপন্ন হয় না, এবং বায়ুকে বর্ণদ্বারা রঞ্জিত করিয়া তম্বাধ্যে শব্দ করিলে ঐ উর্মিস্পট প্রত্যক্ষ হয়। অপর.ইহাও সপ্রমাণ হইয়াছে যে, বায়ু অত্যন্ত স্থিতিস্থাপক, স্মৃতরাং কোন দঢ প্রার্থে আহত হইলে, তথা হইতে তাহা প্রতি-ক্ষিপ্ত হয়; বেমন নদীর ভ্রোত বা বেগবান বর্ত্তল, কোন পদার্থে প্রতিহত হইলে মহসা প্রত্যারত হয়। শব্দ অর্থাৎ বায়ুর কম্পনও দেইরপ কোন পদর্থে প্রতিহত হইলে প্রতীপগামী হইয়া থাকে। পার্ব্বতীয় প্রদেশে রহৎ রহৎ ভূগু বিজ্ঞান থাকাতে, বায়ুর কম্পান তাহাতে প্রতিহত ও তৎক্ষণাৎ প্রত্যারত হয়। স্বতরাং, তথার স্বন্দর রূপে প্রতি-ধনি শ্রবণগোচর হইয়া থাকে। এই নিমিত্রই কবিগণ প্রতি-'अमिरक ' শৈলনিলয়' বিলয়া বর্ণনা করিয়া গিয়াছেন। পদার্থবিভার প্রভাবে এখন আমরা উহার কারণ ব্ঝিতে পারিয়াছি; কিন্তু শৈশবাবস্থায় যখন আমাদের স্বয়খ-বিনির্গত শব্দের প্রতিশব্দ কর্ণ কুহরে প্রবিষ্ট হইত, তথ্য মনোমধ্যে কেমন অকারণ ভয় ও কি অনির্বাচনীয় আহলা-দেৱই উদয় হইত !

আছত পদার্থের দূরত্ব অনুসারে প্রতিধনির আগমনের কাল বিলম্ব ছইয়া থাকে। শব্দ, এক সেকণ্ড মধ্যে ১,১৪২ কুট গামন করে; স্তরাং, যদি উক্ত পরিমাণের অর্দ্ধেক দূরে একটা পর্বত থাকে, তাহা হইলে এক সেকও কাল মধ্যে যে কয়েকটা বর্ণ উচ্চারিত হয়, শ্রোতা তাহাই স্পষ্ট রূপে শ্রবণ করিতে পারেন, কারণ তৎপরে প্রতিধনি আস্থিয়া বক্তার উচ্চারিত বর্ণের সহিত মিশ্রিত হইতে আরম্ভ হয়। সে যাহা হউক, উক্ত নিয়ম অবগত থাকিলে, আহত পদা-র্থের দূরত্ব, প্রতিধনি দ্বারা অনায়াসে নির্ণর করিতে পারা যায়। যদি আমরা একটা নদীর এক পার্শ্বে দণ্ডায়মান থাকি, এবং অপর পার্শ্বে একটা পর্বত থাকে, তাহা হইলে প্রতিধনির আগমনের কাল নিরূপণ করিয়া পর্বতের দূরত্ব অর্থাৎ নদীর প্রস্থ অনায়াসে নিরূপিত হইতে পারে। কখন কখন উচ্চ পর্বত হইতে অনেক কোশে দূরে প্রতিধনি পরিচালিত হইগছে।

যদি ছুইটা পর্ব্বত কিম্বাছুইটা প্রাচীর পরস্পর সমান্তরাল থাকে, তাহা হইলে একটা শব্দে বারম্বার প্রতিপ্রনি হইতে থাকে। অবশেষে পুনঃ পুনঃ প্রতিহত বায়ুর কম্পন সমূহ যখন ক্রেমে মন্দাতি হয়, তথন আর শব্দের অনুভব হয় না। কোন স্থলে (বিশেষতঃ যথার আহত পদার্থদ্বারের মধ্যে পুক্ষরিণী বা হ্রদ থাকে) একটা পিন্তলধ্বনির অন্তান চল্লিশবার প্রতিশব্দ শুনা গিয়াছে।

চতুঃপার্স বেটিত থাকিলে, বায়ু কম্পানের প্রতিফলন হয় বলিয়া প্রক্রপ স্থলে গান বাছ্য ভাল লাগিয়া থাকে। কিন্তু কথোপকথোনের পক্ষে উহা উপযুক্ত নহে। এক জন সামান্ত বংশীবাদকও একটী গিরিগুহুবর মধ্যে বংশীবাদন করিলে তাহাও স্থমিষ্ট লাগিয়া থাকে। গীতের তান এক রূপ হইলেও মন্দ মন্দ প্রতিফলিত শব্দ সমূহের সংযোগে তাহামনোহর হইয়া উঠে।

কৈছ কেছ এমন মনে করিতে পারেন যে,যদি বায়ুর কম্পন প্রতিহত ছইলেই প্রতিধনি হয়, তাহা ইইলে আমাদিগের গৃছের দ্বার ও গবাক্ষ প্রভৃতি ৰুদ্ধ করিয়া শব্দ করিলে প্রতিধনির উৎপত্তি হয় না কেন? ইহার কারণ এই যে, আমাদের গৃহ দকল অত্যন্ত ক্ষুদ্র, স্মতরাং বায়ুর কম্পন সমূহ এত অপ্প সময়ের মধ্যে ভিত্তি ছইতে প্রতিহত হইয়া আইনে ধ্ যে, ধনি ও প্রতিধনির ব্যবহিত কাল পৃথক্ রূপে উপলবি হয় না। তবে মন্দির প্রভৃতি স্থানে প্রতিধনি হইবার কারণ কি তাহা নিম্নে নির্দিষ্ট ছইবে।

অনেকে দেখিয়া থাকিবেন যে, আলোকের জ্যোতিঃ
তীব্রতর করিবার নিমিত্ত অনেক সময় লগুন প্রভৃতি আলোক
কাররণে এক এক খানি বর্তু লপৃষ্ঠ কাচ বা মহণ ধাতুফলক
সন্ধিবেশিত থাকে। আলোক যে নিয়মে প্রতিফলিত হয়,
শব্দও সেই নিয়মানুসারে প্রতিধনিত হয়, স্তরাং বর্তু লের
কুজ্রপৃষ্ঠ নিকটে থাকিলে স্থানররপ প্রতিধনিত হইয়া থাকে।
ক্যান কখন জলপ্রপাতের নিকটবর্তী গিরিগুহাতে শব্দের
এরপ প্রতিফলন হয় যে, উহার অধিপ্রয়ে কর্ণ লইয়া গেলে,
বেগধ হয় যেন ব্রহ্মাণ্ড ভাঙ্গিয়া পড়িতেছে। এই নিমিত্তই
রক্তাকার গৃহের মধ্যছলে শব্দের প্রতিধনি শুনিতে পাওয়া
যায়।

অর্থবানের পাইল বায়ুভরে ক্ষীত হইলে, উহা শব্দ

প্রতিফলনের উপযোগী হইয়া থাকে। একনা বাজিলের
নিকটন্থ সমুদ্রে একখানি অর্ণব্যান পাইল ভরে যাইতেছিল;
অর্ণব্যান তীর হইতে বহু দূরে ছিল, কয়ের জন আরোহী
উহার উপর বিচরণ করিতে করিতে অনুভব করিলেন যে,
যখন ভাঁহারা একটা বিশেষ স্থান (অবিপ্রয়) দিয়া গমন
করে, তখন উৎসবের ঘণীধনির স্থায় একটা শব্দ ভাঁহাদের
কর্গগোচর হয়। অর্পব্যানের সকলেই ক্রমে ক্রমে তথায়
আদিয়া প্র শব্দ প্রবণ করিতে লাগিলেন। কিন্তু কোথা
হইতে শব্দ হইতেছে, কৈহই দ্বির করিতে পারিলেন না।
কয়ের মাস পরে জানা গেল যে, প্র দিন বাজিল উপকুলে
দেউসালভেডর নগরে উৎসব ঘণী বাজিয়াছিল। প্র
সকল ঘণীর শব্দ, মন্দ মন্দ বায়ুর আনুকুল্যে সমপৃষ্ঠ সমুদ্রোপরি, এক শত্ত মাইল দূরে নীত হইয়া, পাইলের উপর
পতিত হওত, একটা অধিপ্রয়ে সমবেত হইয়াছিল।

আর্থ সাহেব বলেন যে, তাঁহার এক জন বন্ধু ডোভরের নিকটবর্ত্তী একটা উল্পানের প্রাচীরের নিকটে বসিয়া ওয়া-টারলুর যুদ্ধের কামানের শব্দ প্রবণ করিয়াছিলেন। মেঘ ঘারাও অনেক সময় শব্দের প্রতিধনি হইয়া থাকে।

কখন কখন প্রভারক লোকে শব্দের প্রতিফলনের নিয়ম
অবগত ছইয়া নানা প্রকার আপাততঃ বিন্দারকর ব্যাপার
সমাধা করিয়াছে। কোন স্থানে প্রশাকারেরা একটি গৃছে
দণ্ডায়মান থাকিয়া প্রশা করিত, এবং একটি গুপ্ত বর্ত্ত্রনপৃষ্ঠকলক দারা ঐ সকল প্রশা দূরস্থিত প্রভারকের নিকটে
নীত ছইত। সে ব্যক্তি তথা হইতে যে উত্তর প্রদান করিতই

সেই উত্তর কেবল ঐ প্রশ্ন কর্ত্ত†র নিকট আদিত। স্ক্তর†ং, সকলে ঐ সকল উত্তর দৈবব‡ণী বলিয়া মনে করিতেন।

রত্তাভাদ ,ক্ষেত্রের হুইটা অধিশ্র আছে। উহার অন্ত-তর শ্রেধিশ্রের আলোক, তাপ বা শব্দের উৎপত্তি স্থান হইলে, অপর কেন্দ্রে তাহা প্রতিফলিত হইলা থাকে; স্তরাং, এক অধিশ্রেরে বিদিয়া মৃহ্দরে কথা কহিলেও অপর অধিশ্রেরে তাহা প্রতিফলিত হয়। এমন কি হুই জন হুই অধিশ্রেরে অনারাদে আন্তে আন্তে পরামর্শ করিতে পারে, তথাচ মধ্যবর্ত্তী লোক তাহার ছন্দাংশও জানিতে পারে না।

কোন কোন দেতুর উভয় পার্ষে কোলঙ্গা থাকে। ঐ পরস্পর দমুখীন কোলঙ্গা হুইটা এরপ করিয়া নির্মাণ করা যাইতে পারে যে, হুই জন হুইটা কোলঙ্গাতে বদিয়া অনা-আদে কথাবার্তা কহিতে পারে। পথিকগণ উচ্চঃম্বরে কথা কহিতে কহিতে দেতুর উপর দিয়া চলিয়া যায়, অথচ তাহাদের কথাবার্তা ঐ শব্দে ভঙ্গ হয় না এবং পথিকেরাও তাহাদের প্রামর্শ শুনিতে পায় না।

নল দারা শব্দ অধিক হরে নীত হয়। ইহার কারণ এই
যে, বায়ুর কম্পনসমূহ উহার পাথে বারস্থার প্রতিফলিত
হয়, দূরে ব্যাপ্ত হইতে পারে না। শৃত্যে শব্দ করিলে বায়ুর
কম্পান চতুর্দিকে বিকীর্ণ হইরা পড়ে। মহণ দেওয়াল অথবা
সমপৃষ্ঠ জ্ঞল কেবল একদিকের ব্যাপ্তি মাত্র নিবারণ করে,
অথচ উহার দারা শব্দ কত দূরেই নীত হয়। মহণ দেওয়ালের নিকটস্থ ব্যক্তিরা দূর হইতেও কথোপকথন করিতে
পারে এবং হদের নিকট কুকুরের শব্দ কখন কখন সন্ধ্যা-

কালে পাঁচ মাইল অন্তরেও শুনা গিয়াছে। গোলাকার ঘরের দেওয়ালের নিকট দাঁড়াইয়া ত্বই জনে পরম্পর দূরস্থিত হইয়া আন্তে আন্তে পরামর্শ করিতে পারে।

দিবা অপেক্ষা রাত্রিতে শব্দ ভাল শুনিতে পাওয়া মার কেন, প্রতিপ্রক্রি সংক্রান্ত প্রস্তাবের মধ্যে এবিষয়ের মিমাংসা হওয়া উচিত নহে, তথাপি কেতিছল নিবারণেরজন্য আমরা এই সাধারণ ব্যাপারের তত্ত্ব নির্ণয় করিতেছি। প্রথমতঃ, দিবা ভাগো অনেক গোলমাল হইতে থাকে; বিতীয়তঃ, দিবা ভাগো স্বর্যতাপ বারা পৃথিবীর নিকটন্থ বায়ু সর্বাদা উপরে উঠিতেছে এবং উদ্ভের অপেক্ষায়ত শীতল বায়ু আমিয়া তৎস্থান অধিকার করিতেছে। রাত্রিকালে বায়ুস্তরের এরপ পরিবর্ত্তন হয় না, প্রায় সকল বায়ুস্তরেই এক রপ তাপাংশ ও এক রপ সাক্রতা থাকে; স্বতরাং এক রপ সাক্রতাযুক্ত পদার্থের মধ্য দিয়া আসাতে শব্দের অধিক হ্রাস হইতে পারে না।

পূর্বের্ব যাহা উক্ত হইল, তদ্বারা পাঠকবর্গের মনে অবশুই এরপ ভাবের উদয় হইবে যে, শব্দ ও আলোকের
প্রতিফলন প্রভৃতির নিয়ম যখন এক রপই হইল, তখন
দূরবীক্ষণ যন্তের স্থায় দূরপ্রবাণের যন্ত্র আবিদ্ধৃত হওয়া
বিচিত্র নহে; ফলতঃ, ত্রপ্রবাণের যন্ত্রও আবিদ্ধৃত হইয়াছে।
দৃষ্টিবিজ্ঞান শান্তপ্রসাদাৎ যেমন ক্ষীণদৃষ্টি ব্যক্তিগণের
স্তন চক্ষু হইয়াছে, প্রবণবিজ্ঞান শান্ত দ্বারাও তেমনই
বধিরের কর্ণ হইয়াছে বলিলেই হয়। ক্ষীণ শ্রবণ ব্যক্তিদিগের ব্যবহার নিমিত এক প্রকার শিক্ষার স্থিট হইয়াছে,

ঐ শিক্ষার যে মুখে শব্দ প্রবেশ করে তাহা প্রশন্ত, যে মুখ করে সংলগ্ন করা হয় সে মুখ সংকীর্ণ, পার্শনেশ এরপ বক্র যে, বায়ুর কম্পন সকল তদ্বারা প্রতিফলিত হইয়া কর্ণের নিকট আসিয়া অধিশ্রয় প্রাপ্ত হয়, স্থতরাং শব্দ সকল ঘনীভূত হইয়া কর্ণকুহরে প্রবেশ করে। শ্রুকণ যন্তের ন্থায় আবার ক্রথনযন্তেরও স্ফি হইয়াছে। দূরস্থিত ব্যক্তিকে আহ্বান করিবার পক্ষে উহা বিলক্ষণ উপকারী।

কর্ণের পশ্চান্তানে কর বাঁকাইরা ধরিলে এক প্রকার শ্রুবণযন্ত্রের কার্য্য হইরা থাকে। শ্বাপদ জন্তুগণের কর্ণ সমুখদিকে কোর করা, এই নিমিত্ত তাহারা সমুখ দেশ হইতে আগত শব্দের স্থানর রূপ আকর্ণন করিতে পারে। ভাহাদের জীবিকা নির্বাহের যে উপায় নির্বারিত আছে, তাহাতে প্র রূপ হওয়াই আবশ্রুক, পলায়িত পশুগণের সঞ্চার ধনি শ্রুবণ করাই তাহাদের জীবিকার প্রধান উপায়। এদিকে শশক প্রভৃতি যে সমস্ত জন্ত উহাদের কর্তৃক আক্রান্ত হয়, তাহাদের কর্ণ পশ্চাদিকে কোর করা; এরপ হওয়াতে তাহারা ধারণকারী জন্তুর সঞ্চার অনায়াসে বুঝিতে পারিয়া পলায়ন করত জীবন রক্ষা করিতে পারে।

প্রতিফলিত শব্দ সমুদায় এক অধিতারে সংগ্রহ করিবার যে উপায় আছে, প্রাচীনদিগের মধ্যে তাহা অবিদিত ছিল না। "ডায়নিসিয়সের কর্ণ" নামক সাইরাকিউস নগরের কারাগারে যে যন্ত্রটা ছিল, তাহা অতিশয় কেতি-কাবহ। উক্ত কারাগারের অন্তহাদের এরপ গঠন ছিল যে, সামাত শব্দ করিলেও তাহা ঘনীভূত হইয়া একটা অধিশ্ররে সমবেত এবং একটা গুপ্ত স্থুড় দারা দূরে নীত হইত। পাপাত্মা ডায়নিসিয়স দেই স্ফুলের প্রান্তে বসিয়া বন্দীদিগের সমুদায় পরামর্শ শুনিতেন।

এইক্ষণে কয়েকটা প্রসিদ্ধ প্রতিধনির উল্লেখ করিয়া প্রস্তী-বের উপসংহার করিতেছি। রাইন নদীর তীরস্থ লবলেফেল্স নামক স্থানে একটা কথার ১৭ বার প্রতিধনি হইয়া থাকে। রোম নগরের মেটেনিতে এক খানি কাব্যের প্রথম পংক্তি ৮ বার প্রতিধনিত হইত। ক্ষটলত্তের হ্রদ ও পর্বে-তের মধ্যে কখন কখন কথার ৪০ বার প্রতিগ্রমি শুনা গিয়াছে। পাটনায় অতাচ্চ ও প্রশস্ত মন্দিরাকার একটা গৃহ আছে, উহা গোলঘর বা গোলা নামে প্রসিদ্ধ। এ মন্দিরের মধ্যে একটা শব্দ করিলে অনেক ৰার তাঁহার প্রতিধনি হয়। এক দিন তুই জন সাহেব ও এক জন বাঙ্গালি এ মন্দির মধ্যে প্রবেশ করিয়া মৃত্তুরে কথাবার্তা করিতে-(इन, अमन ममत्य उँ। दान्त्र मक लाउ रे ताथ दहन, त्यन আর কএক জন লোক উহার মধ্য ছইতে গন্তীরস্বরে কথা কহিতেছে। গৃহটীতে স্থনর রূপে আলোক আসিতে পার না, আর সর্বাদা বন্ধও থাকে, স্বতরাং হুই একটা চামচিকাও তথার বাদা করিয়াছিল। দর্শকর্গণ আগমন করিবা মাত্র তাহাবাত উড্ডীন হইল। এই সকল দেখিয়া শুনিয়া আমা-দের বাঙ্গালি ভাতৃগণের মনে কিঞ্চিৎ ভয়ের উদ্রেক হইবে বিচিত্র কি! তিনি অর্দ্ধেক ভয়ে ও অর্দ্ধেক রহস্তচ্ছলে "গোষ্ট" (ভূত) বলিয়া উঠিলেন। অমনই মন্দিরের অভ্য-ন্তরে গন্তীর স্বরে "গোই" "গোই" "গোই" "গোই" শব্দ হইতে লাগিল। সাহেব তুই জন এই সমস্ত দেখিয়া শুনিয়া হাহা করিয়া হাসিয়া উঠিলেন। মন্দির মধ্যেও অমনি অট্ট অট্ট হাস্ত প্রতিধনিত হইতে লাগিল।

কিংবদন্তী আছে বে, ক্রাণসের পত্নী মেতেলার সমধি মন্দিরে একবার ধনি করিলে পাঁচবার ক্রমাণত প্রতিধনি উৎপন্ন হইত। কোন আফুকার লিখিয়াছেন যে, ব্রসলস্ নামে রাজধানীর কোন এক প্রাসাদে এক শব্দের ১৫টা প্রতিরব শ্রুতিগোচর হয় ৷ তন্তিন্ন তিনি আর এক আশ্চর্য্য বিবরণ উল্লেখ করেন, যে যৎকালে তিনি মিলান নগরে বাস করিতেছিলেন, সেই সময়ে তিনি এক ক্রোশ দূরে একটী পুরাতন প্রাসাদের নিকটবর্ত্তী এক নদীর ধারে একটা পিন্তল ছু ড়িয়াছিলেন, তাহাতে ৫৬ বার প্রতি-শদ হইরাছিল। এতিনবর্গ রাজধানীর সন্নিকটে অনেক গুলি প্রতিধনি-জনক স্থান আছে, তাঁহা অতি আশ্চর্যা বলিয়া বিখ্যাত; তমাৰী কোন ব্যক্তি এক বিশেষ আশ্চৰ্য্য প্রতিধনির ব্যাপার বর্ণন করিয়াছেন। ঐ নগরের সন্ধি-কট্ছ কোন পল্লীতে রণবাছ্য বাজিতেছিল, সেই সময়ে একটা ক্ষুদ্র পর্বতশিখরে অসঙ্খ্য কামানধনির সদৃশ প্রতি-ধনি হইয়াছিল I

প্রতিধনি নানা প্রকারে শ্রুত হইরা থাকে। কোন কোনটা স্থাব্য স্বরের স্থায় প্রবণমধুর। কোনটা বা দীর্ঘ-কাল স্থায়ী। প্লিনিনামক প্রাচীন পণ্ডিত লিখিয়াছেন, যে অলিম্পারান নগরে শিপা, সাহিত্য ও কাব্য প্রভৃতি সপ্ত বিজ্ঞার সমানার্থে যে সাতনী প্রাসাদ নির্মিত হইয়াছিল, তাহাতে এক এক শব্দের সাতনী প্রতিধনি হইত। জন্তিন্নামে স্মৃতিবেতা অনিম্পাস্ পর্বতের এক প্রতিধনির রভান্ত উল্লেখ করেন; উহা অজ্ঞাপি শ্রুতিগোচর হইয়া থাকে। তিনি বলেন, যে আদেন কতক গুলিশন্দ নিঃস্ত হইয়া যত সমুখীন পর্বতের নিকটবর্তী হইতে থাকে, ততই বজ্রের শব্দের স্থায় প্রচণ্ড হইয়া শ্রুতিগোচর হয়।

আর্গাই নামে জেলার এক যোবণাশনদিরে এরপ প্রতিধনি হইত যে, তাহার সন্নিকটবর্তী এক উন্নত ছানের উপর হইতে কথা কহিলে তাহা ঐ মন্দিরের সমাধি ছানের নিকট মনুষ্যের কথার হাার স্পষ্ট বোধ হইত।

এত দ্বির উত্থাস। অন্তরীপে ও ডেল্ফি নামক দ্বীপে
এক প্রকার প্রতিধনি পুনঃ পুনঃ হয়, তাহা অত্যন্ত শ্রনমনোহর। কিরদী রাজ্যের তুলবী নামক রাজবাদীতে
একটী ক্রন্তিম প্রতিধনি আছে, তাহাতে এক কবিতার সমস্ত
শব্দ প্রতিপর হয়, এক অক্ষরও লুপ্ত হয় না। তদপেক্ষা
আক্র্যা প্রতিধনি শান্তিনিমাতিনিদাদ নামক নারের সন্ধিকটে বর্ত্তমান আছে। তথাকার পর্বত্তমালা মধ্যে এক শব্দ
হইলে তাহার শত শতবার প্রতিধনি হয়; এবং পক্ষী সকল
আপন গানের প্রতিধনিতে মোহিত হইয়া বারস্বার তাহার
উত্তর দেয়। সমুদ্রের কুলে যে প্রতিধনি হয়, তাহাও শ্রবণ
করিলে অত্যন্ত আ্মাদে জন্মে। অধিকন্ত রাত্রিকালে দূরক্রেত নির্মর প্রপাতের প্রতিশব্দও অত্যন্ত মনোহর।

প্রাচীন কালের পণ্ডিতেরা এই আশ্চর্য্য নৈসর্গিক ঘটনার প্রকৃত কারণ নির্দেশ করিতে পারেন নাই, স্বতরাং প্রকৃ-তির পরিবর্ত্তে অলীক কম্পানার অনুসরণ করিয়াছিলেন। বিশেষতঃ, রূপক কম্পনায় ভাঁহারা বিশেষ পারগ ছিলেন, এই প্রয়ক্ত সকল বিষয়েই রূপক আখ্যায়িকা কম্পনা করি-তেন। প্রতিধনি অত্যন্ত রম্য পদার্থ, তাহার সম্বন্ধে রূপক অবশ্যই সম্ভব, এবং পূর্ব্বকালীন এন্থে তাহার অভাব নাই। জীক কবিরা লেখেন যে, প্রতিধনি প্রনের কন্তা। দে একদা তাহার প্রিয়দখী জুনের ফামীর সহিত রসাভাস ক্রিয়াছিল, তল্লিমিত্তে তাহার প্রতি জুম অসম্ভটা হইয়া তাহার বাকশক্তি রহিত করেন, কিন্তু প্রতিধনি করণের ক্ষতা তাহার অবশিষ্ট রহিল। সে তদবস্থায় বহ-কাল ভ্রমণ করিতে করিতে একদা নারসিস্কে অবলোকন ক্রিয়া, তাহাকে উদ্বাহের কথা ব্যক্ত করাতে, সে তাহার প্রতি অন্তর্মা প্রকাশ করে; সেই খেদে প্রতিধনি কলেবর পরিত্যাগ করিয়াছে, কিন্তু তাহার স্বর ভূমণ্ডলে অভ্যাপি বর্তমান রহিয়াছে।

এ প্রকার অপরাপর গণে অনেক আছে, কিন্তু ঐ সকল গণে যে প্রকৃত নছে, এবং ইহাতে প্রতিধনির প্রকৃত কারণ নিরপণ হয় না ইহা বলা বাহুলা।

#### আলোক।

রে জের সময় সহসা বাতায়ন ও দ্বারের কপাট বদ্ধ করিয়া দিলে শ্যা, আসন, বসন প্রভৃতি গৃহস্থিত যে সমস্ত বস্তু ইতি পূর্বে দৃষ্টিগোচর হইতেছিল, তৎসমুদায় আর দেখিতে পাওয়া যায় না, সকলই যেন একবারে অন্ত-হিত হইয়া যায়। দ্বার রোধ দ্বারা, স্ব্গালোক প্রতিক্ষম হওয়াতে, পূর্বোক্ত বস্তুজাত অদৃশ্য হয়, এতদ্বারা স্পাইই প্রতীয়মান হইতেছে, আলোক কোন না কোন প্রকারে প্রাসমান হইতেছে, আলোক কোন না কোন প্রকারে প্রসমান হইতেছে, আলোক কোন না কোন প্রকারে প্রসমান হরতেছে, আলোক কোন না কোন প্রকারে প্রসমান হরতেছে।

যেমন পৃথিবীর সর্বে স্থান বাছতে পরিপূর্ণ রহিয়াছে,
সেইরপ অসীম ব্রহ্মাণ্ডের অন্তর্গত যাবতীয় শৃত্তস্থল এক
প্রকার স্থিতিস্থাপক প্দার্থে পরিপূরিত আছে। এই পদার্থ
বায়ু অপেক্ষা অনেক গুণে স্ক্রম। ইহা বায়ুর আয় কম্পিত
হয়, কিন্তু তদীয় কম্পন বায়বীয় কম্পন অপেক্ষা শতসহজ্ঞ
গুণ অধিক জবনতা সহকারে ধাবমান হইয়া থাকে। এমন
কি, বায়ুর কম্পন সহজ্ঞ হস্ত যাইতে না যাইতে, উক্ত
পদার্থের কম্পন সহজ্ঞ ক্রোশ অতিক্রেম করিয়া যায়। এই
আশ্বর্ধা পদার্থকে ইউরোপীয় পণ্ডিতেরা ঈথর নামে নির্দ্ধি
করিয়াছেন। ঈথর আলোকের মূল কারণ। ঈথর না

থাকিলে বিশ্বক্ষাও প্রধান অন্ধকারে আচ্ছন থাকিত। উহা আছে বলিয়াই সকল পদার্থ উদ্ভাসিত বা প্রকাশিত হইতেছে। অতএব, বাঙ্গালায় উহার উদ্ভাসন এই নামকরণ হইলে নিতাত অসঙ্গতহইবে না। সচরাচর ঈথরকে আকাশ বলিয়া থাকে।

ু আলোকপ্রস্থ উদ্ভাদনের কিছু মাত্র গুরুত্ব নাই। বোধ হয় এই কারণেই এ পদার্থের কম্পন এমত অদ্ভুত বেগে স্থাবয়বে সর্বতঃ সঞ্চারিত হইয়া থাকে; এবং এই জন্মই স্থূল বস্তুর আঘাতে তাহা বায়ুর ন্যায় বিচলিত বা কম্পিত হয় না। তাহার কম্পন ও বায়বীয় কম্পন তুল্যরূপে অমুভূত হয় না। উহা এত স্থকোমল যে অনুভব পটু কর্ণ-ধমনী তত্বারা বারস্বার আহত হইলেও কিছু মাত্র জানিতে পার। যায় না। কিন্তু জন্তগণের শরীরে আর একটা এমন ইন্দ্রির আছে, যাহা উদ্ভাসনের এই স্থকোমল কম্পন স্থকর রূপে অনুভব করিতে সমর্থ হয়। এই ইন্দ্রির চক্ষু। চক্ষুর ধমনী গুলি কর্ণধমনী অপেক্ষা সমধিক অনুভবশক্তি-শালিনী। তাহার। উদ্ভাসনের কম্পন অনুভব করিতে পারিবে এই অভিপ্রায়েই নির্মিত হইরাছে। হেমন বায়ু কম্পিত হইয়া কর্ণধমনী আঘাত করিলে শব্দজান হয়, সেইরপ উদ্ভাসন কম্পামান ছইয়া নেত্রধমনী স্পর্শ করিলে আলোক জ্ঞান জবা।

জড়পিও আহত হইলে তৎ সংলগ্ন বায়ু কম্পিত হয়, কিন্তু উদ্ভাসন এরপ স্থুলোপায় দ্বারা বিচলিত হইবার নহে। অথবা তদ্বারা যদি কিঞিৎ পরিমাণে কম্পিত হয়, জন্ততঃ তাছা আমাদের অনুভ্বগোচর হয় না; ইহাকে বিচলিত করিবার অন্ত উপায় আছে। দাছমান পদার্থ সকল দয় হইতে হইতে যখন শিখাকলাপ বিস্তার করে, তখন ঐ শিখাসমূহ দারা চতুঃপার্যন্তিত উদ্ভাসন কম্পান ছইতে আর্ত্র হয়। হুর্য্য নিরন্তর নভোমগুলে বিজ্ঞমান খাকিয়া, জাজুল্যমান অনখর অগ্রিপিণ্ডের স্থায় কার্য্য করিতিছে। যদিও দিবাকর বহু দূরে অবস্থিত, তথাপি আহার প্রচণ্ড ভেজঃ প্রভাবে পার্শন্থ উদ্ভাসনে যে কম্পান সঞ্চারিত হয়, সেই কম্পান পৃথিবীতে আগমন পূর্ব্যক তত্ততা জীব্যাণের দর্শনেন্দ্রির আঘাত করে এবং সেই আঘাতে যে আলোকের জ্ঞান জন্তে, তাহাকেই আমরা হ্র্যালোক বা রৌদ্র কহিয়া থাকি। হুর্য্য ও জ্বন্ত পদার্থ সকল উদ্ভাসন কম্পিত করিবার প্রধান কারণ।

উদ্ভাসনের কম্পন প্রস্ত হইতে হইতে কোন জড়পিওে লাগিলে তৎক্ষণাৎ তাহা প্রতিফলিত হইরা পশ্চাদ্ভাগে গমন করে। তাহার এই প্রকার প্রত্যাবর্তন কালে, যদি আমাদিগের চক্ষু তৎপথে পতিত হয়, তাহা হইলে তাহা চক্ষুর মধ্যে প্রবেশ করে এবং তদ্বারা যে পিও হইতে প্রকম্পন প্রতিফলিত হইয়া আইসে, আমরা তাহার আরুতি অবগত হই। জড়পিওের প্রত্যেত্ অংশ হইতে এক এক কম্পন আসিয়া নয়নধমনী আঘাত করে এবং যে কম্পনতীয়ে অংশ হইতে আইসে, সে কেবল সেই অংশেরই রভান্ত জানাইয়া দেয়। এই রপে যে সকল অংশ হইতে কম্পন সমূহ আসিয়া য়ুগপৎ কনীনিকাতে প্রবেশ করে, আমরা

সেই সমুদায় অংশই একবারে দেখিতে পাই। কোন অন্ত-রাল না থাকিলে আমরা এক ছানে দণ্ডায়মান ছইয়া প্রায় হুই ক্রোশ পর্যাত্ত দেখিতে পাই। এই বিস্তীর্ণ দৃষ্টি-পথের প্রত্যেক অংশ হইতে অসংখ্য কম্পন যুগপৎ নয়ন-ধমনী আঘাৎ করিলে, আমাদের তত্ত্তা সমুদার বস্তুর দর্শনজ্ঞান জন্মিয়া থাকে। ফলতঃ, উল্লিখিত প্রকারে জড-পিশুই দৃষ্ট হইয়া থাকে, আলোক দৃষ্ট হয় না। বাতায়ন ও দারের কপাট উদ্যাটন করিয়া দিলে গ্রহের অভ্যন্তর-স্থিত বস্তুজাত দেখিতে পাওয়া যায়। কারণ উদ্ধাসনকম্পন বাতায়নাদি মার্গ দারা স্বোত্সরূপে গৃহ মধ্যে প্রবেশ করত তত্ত্ব সমুদায় পদার্থের উপর আঘাত করে, এবং তৎক্ষণাৎ তথা হইতে প্রত্যারত হইয়া আমাদের নয়ন মধ্যে প্রবেশ পর্ব্বক পর্ব্বোক্ত প্রকারে তত্তৎ পদার্থের উপলব্ধি করাইয়া দেয়। যেমন একটা কন্দুক বলপূর্বক গৃহকুটিমে নিকেপ করিলে পুনঃ পুনঃ প্রতিহত হইয়া বারস্বার প্রত্যা-ব্রত্ত হয়; সেই রূপ উদ্ভাসনকম্পন্ত ভিন্ন ভিন্ন পদার্থে লাগিয়া পুনঃ পুনঃ প্রতিফলিত হইয়া থাকে। কিন্তু এই কম্পন ক্রমে এত তুর্বল ছইয়া যায়, যে পরিশেষে নেত্রধমনী তাহা আর অনুভব করিতে সমর্থ হয় না।

যে জ্যোতির্ময় পদার্থের প্রভাবে উদ্ভাদনে কম্পন সঞ্চারিত হয়, এ কম্পন দেই পদার্থেরই কিরণ স্বরূপে প্রতীয়মান হয়। এই জন্ম এক কম্পনকেই আমরা স্থ্য-কিরণ, চন্দ্র-কিরণ, দীপ-কিরণ প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে নির্দেশ করিয়া থাকি। কিরণ কোন কোন পদার্থকে অপপ পরিমাণে এবং কোন কোন পদার্থকে অধিক পরিমাণে ভেদ করিয়া যাইতে পারে। কিরণ যে সকল পদার্থ ভেদ করিতে পারে, তাহাদিগকে স্বচ্ছ, আর যে সকল পদার্থ ভেদ করিতে পারে না তাহাদিগকে অস্কুচ্ছ কহে। বায় জন, কাচ প্রভৃতি স্বচ্ছ পদর্থ; কাঠ, ধাতু, মৃত্তিকা প্রভৃতি অস্কুচ্ছ পদার্থ। সার্মী বন্ধ করিয়া দিলে গৃহ মধ্যে বিলক্ষণ আলোক থাকে, কিন্তু কপাট বন্ধ করিলে আলোক থাকে না অন্ধকার হয়। এক স্থলে কিরণ সার্মীর কাচ ভেদ করিয়া গৃহ মধ্যে আইদে, অপর স্থলে করিন সার্মীর কাচ ভেদ করিয়া গৃহ মধ্যে আইদে, অপর স্থলে কাঠ ভেদ করিয়া আদিতে পারে না। গৃহস্থিত পদার্থ সমূহের উপর কিরণ পতিত ও তথা হইতে প্রত্যারত হইয়া নয়ন মধ্যে প্রবেশ করিতে না পারিলে তত্তৎ পদার্থের জ্ঞানলাভ হয় না। কাজে কাজেই কেবল অন্ধকার অনুভব হয়। বস্তুতঃ অন্ধকার একটা স্বতন্ত্র পদার্থ নহে, আলোকের অভাবই অন্ধকার।

কিরণ শৃত্যে সরল রেখায় গমন করে। অন্ত পদার্থের প্রতিঘাতে অথবা এক পদার্থ ছাড়িয়া অপেক্ষারুত ঘন বা স্থক্ষ্ম পদার্থান্তরে প্রবেশ করিলে তাহার গতি বক্ত হইয়। যায়। কিরণের এইরপ বক্তগতিকে বক্তীভবন কছে। কিরণ যখন এক পদার্থ ত্যাগ করিয়া অপেক্ষারুত ঘনপদার্থ ভেদ করিয়া গমন করে, তখন প্র ঘনতর পদার্থ প্রবেশমুখে একটা লম্বপাত করিলে কিরণটা বক্ত হইয়া লম্ব রেখার নিকটবর্ত্তী হইতে থাকে। করিণ সকল যখন লম্বভাবে পতিত হয়, তখন তাহারা ঘনপদার্থ ভেদকালীন প্ররূপ বক্ত হয় না। বক্তভাবের স্থানাধিক্য অনুসারে কিরণের ভির্ব

শ্চীনতারও তারতম্য ছইরা থাকে। যে স্ব্যকিরণ বক্রভাবে সমদাক্র বায়ুরাশি ভেদ করিরা এক সরল রেখার আইসে, তাইাও সাসী স্পর্শ মাত্র বাঁকিরা অপর এক সরল বেখার কাচ ভেদ করত গৃহ মধ্যে প্রবেশ করে। এক পদার্থ মধ্যেও ভিন্ন ভিন্ন প্রকার সাক্রভা থাকিলে ক্রিরণের গতি সেই সেই স্থলে তিরশ্চীন হয়।

উদ্ভাসনের কম্পন প্রবল রূপে নরন ধমনী আঘাত করিলে আলোক প্রথর, আর হুর্মন রূপে আঘাত করিলে আলোক মিশ্ব বৌধ হয়। এই রূপ আবার আঘাতের বাহন্য ও বিরন্তা অনুসারে ভিন্ন ভিন্ন বর্ণের জ্ঞান জবিয়া খাকে। কম্পন ছারা নেত্রধমনী অতি বিরল্জপে আহত হইলৈ লোহিত বৰ্ণ, আর অতি বলুলরূপে হইলে নীল বৰ্ণ দৃষ্ট হয়। কম্পন পরিমাণের রদ্ধি অনুসারে ছরিত, পীত, নারদ প্রভৃতি পৃথক পৃথক বর্ণ নয়নগোচর হইয়া থাকে। ৪২১ ০০০ ০০০০০০০ বার চক্ষুর ধমনী আহত হইলে লোহিত বর্ণের জ্ঞান জ্বো, আর ৭৯৯০০০০০০০০০ বার আছত হইলে নীল বর্ণের অনুভব হয়। ইহাতে আপাততঃ বিশাস হয় না, কিন্তু সার আইজাক নিউটন ইছা সুক্তিসিদ্ধ বিশ্বাস্থ বিবেচনা করিতেন। যে সকল পদার্থ নীল বা লোহিত বর্ণ দেখায়, ভাষাদের উপরিভাগ হইতে উলিখিত সংখ্যক কম্পন প্রভারত হইরা নয়নে আঘাত করে, তাহাতেই তাদৃশ দেখার। এত দ্বির তাহাদের নীলিমা বা লোহিত্যের কার-नास्त मारे। वर्ग जात्नारकत छन, भागार्गत छन नरका সচরাচর কহা যায় নীল, পীত ও লোহিত বর্ণ মিশ্রিত

হইলে খেত বর্ণ উৎপন্ন হয়। বস্ততঃ, খেত বর্ণে কোন বর্ণই মিশ্রিত নাই। কম্পনের যত সংখ্যক আঘাতে নীল, যত সংখ্যক আঘাতে পীত ও যত সংখ্যক আঘাতে লোহিত বর্ণ দৃষ্ট হয়, নেরধমনী, ঐ সংখ্যাক্রয়ের সমুষ্টি যতবার, তত্তবার কম্পনাঘাত সহু করিলে, আমরা খেত বর্ণ দেখিতে পাই।

प्रशास्त्रोक खन, किन्नु धक प्रशास्त्रोक जिन्न जिन পদার্থে পতিত হইয়া ভিন্ন ডিন্ন বর্ণ ধারণ করে কেন ? বর্ণ কিছু পদার্থের গুণ নছে। ইছার কারণ অতি আশ্চর্যা। সকল পদার্থই সর্ব্ধপ্রকার কম্পনায়াত প্রতিফলিত করে ন। কোন কোন পদার্থ কলানের কোন কোন অংশ আত্মাৎ করিয়া রাখে এবং অবশিষ্ট অংশ প্রতিফলিত করে। নীলকাত্তমণি পীত ও লোহিত বর্ণজনক কম্পানাখাত আত্মাৎ করিয়া নীলবর্ণজনক কম্পনাঘাত করে। এই জন্ত তাহা নীলবৰ্ণ দেখায়। পদাৱাগমণি নীল ও পীত বৰ্ণজনক কম্পনাথাত আত্মসাৎ করিয়া লোছিত বর্ণজনক কম্পন প্রতিফলিত করে। এই নিমিত্ত তাছা রক্তবর্ণ দেখায়। ফে পদার্থ কেবল নীলবর্ণজনক কম্পন আত্মসাৎ করিয়া লোহিত ও পীত বর্ণ জনক কম্পান প্রতিফলিত করে, তাহা नातक वर्ग मुक्के इत्र। धरे त्राप जिल्ल जिल्ल भागर्थ कम्पातन এক এক অংশ আত্মাৎ করিয়া রাখে। তাহাদের এই মছোপকারিশী শক্তি থাকাতেই প্রকৃতি নানা বর্ণে চিত্রিত হইয়াছে ৷

वर्ग भागार्थंत छन नरह, जारनारकत छन, हेहा जनाशारम

হৃদয়প্তম করিতে পারা যায়। তাহার একটা সামান্ত পরীক্ষা এই,—তৈলের পরিবর্তে স্বরাসার দ্বারা একটা দেজ জ্বালিয়া ততুপরি একখানি অস্থল টানের পাত রাহিতে হইবে। টীনের পাত খানি নিম্নন্তিত দীপশিখা দারা উত্তপ্ত হইলে, তত্নপরি কিয়ৎ পরিমিত জলমিত্র সুরা-সার ঢালিয়া দিয়া তাহাতে কিঞ্চিৎ লবণ ছড়াইয়া দিতে इहेट्य। এই ज्ञुश कृतिल कियु क्रिन शहर के मिल श्राम श्री महमा अनीश इहेशा ऐकिएन, किन्छ उनीश आलाक मर्क বৰ্ণ বিরহিত হইবে। যে সকল পদার্থ সূর্যালোকে অতি উद्धन (नंथाय, जरममूनाय के जात्नातक अधि विवर्ग দুষ্ট হইয়া থাকে। নীল, পাত, লোহিত প্রতৃতি সকল বর্ণের পদার্থই এক প্রকার বোধ হয়। এই পরীক্ষা অন্ধকারা চ্ছন্ন গ্রহ মধ্যে করা উচিত এবং এ সেজের নিম্নভাগে অর্থাৎ যে অংশ দিয়া টীন পাত্রের নিম্নস্থ দীপের আলোক বহির্গত হয়, এ অংশ এক গোলাকার টীনময় নল দারা আছো-দিত রাখা উচিত।

# সাবিত্রী। বঙ্গ দর্শন ৩৭১ পূ।

3

ত্মিপ্রা রজনী, ব্যাপিল ধরণী,দেখি মনে মনে প্রমাদ গণি, বনে একাকিনী, বসিল রমণী, কোলেতে করিয়াস্বামীর দেহ। আঁধার গাগণ ভূবন আঁধার, অন্ধকার গিরি বিকট আকার, ভূর্গম কান্তার ঘোর অন্ধকার, চলেমা কেরেনা নড়েনা কেহ॥ ર

কে শুনেছে হেথা মানবের রব? কেবল গরজে হিংঅপশু সব, কখন খাসছে রক্ষের পালব, কখন বসিছে পাখী শাখায়। ভারতে স্থন্দরী বনে একেশ্বরী, কোলে আরও টানে পতি দেহ ধরি,

পরশে অধর অনুভব করি, নীরবে কাঁদিয়া চুম্বিছে তায়॥ ত

হেরে আচম্বিতে এঘোর সঙ্কটে,ভরঙ্কর ছায়া আকাশের পটে, ছিল যততারাতাছার নিকটে, ক্রমে মান হরে গেল নিবিয়া। সে ছারাপশিল কাননে,-অমনি,পলার শ্বাপদ উঠে পদধনি, রক্ষশাখা কত ভাদ্দিল আপনি, সতী ধরে শবে বুকে ভাঁটিয়া॥

8

সহসা উজলি খোর বনস্থলী, মহাগদা প্রভা যেন বা বিজলি, লেখিলা সাবিত্রী যেন রত্বাবলী, ভাসিল নির্মারে আলোকে ভার।

মহা গদা দেখি প্রণমিলসতী,জানিলাকতান্ত পরলোকপতি, এ ভীষণ ছায়া তাঁহারই মূরতি, ভাগ্যে যাহা থাকে হবে এবার।

N

গভীর নিঅনে কহিলা শমন, থর থর করি কাঁপিল গৃছন, পর্বত গাহ্বরে ধনিল বচন, চমকিল পশু বিবর মাঝে। "কেন একাকিনী মানবনন্দিনী, সব লয়ে কোলে যাপিছ যামিনী, ছাড়ি দেহ সবে, তুমিত অধিনী, মমসকে তব বাদ কি সাজে ?

"এ मुश्मादि कान विज्ञाम विश्लोन, निज्ञत्मत त्रतथ किएत त्रोजि निन,

বাছারে পরশে সে মম অধীন, স্থাবর জন্ম জীব সবাই। সত্যবানে আদি কাল পরশিল, লতে তারে মম কিন্তর আদিল,

সাধী অল ছু য়ে লইতে নারিল, আপনি লইতে এসেছি তাই"॥

সব হলো র্থা না শুনিল কথা, না ছাড়ে সাবিত্রী শবের মমতা,

নারে পরনিতে সাধী পতিত্রতা, অধর্মের ভয়ে ধর্মের পতি। তথন ক্লতান্ত কছে আরবার,"অনিত্য জানিও এছার সংসাব, স্বামী পুত্র বন্ধু নছে কেছ কার, আমার আলয়ে সবার গতি॥

"রত্ব ছত্র শিরে রত্ব ভূষা অলে, রত্বাসনে বসি মহিবীর সঙ্গে, ভাসে মহারাজা সুখের তরজে, আঁধারিয়া রাজ্য লই

তাছারে !

বীরদর্প ভালি লই মহাবীরে, রূপ নফ্ট করি লই রূপদীরে, জ্ঞানলোপ করি গারাদি জ্ঞানীরে, সুখ আছে শুধু মম জাগারে॥

9

"অনিতা সংসার পুণ্যকর সার, কর নিজ কর্ম নিয়ত যে যার, দেহান্তে সবার হইবে বিচার, দিই আমি সবে করম ফল। যত দিন সতী তব আয়ু আছে, করি পুণ্য কর্ম এসে স্বামী পাছে,—

অনন্ত যুগাত রবে কাছে কাছে, ভুঞ্জিবে অনন্ত মহা মঙ্গল।।
১০

"অনন্ত বসত্তে তথা অনন্ত যৌবন, অনন্ত প্রণায়ে তথা অনন্ত মিলন,

অনন্ত সেন্দির্য্য হয় অনন্ত দর্শন, অনন্ত বাসনা তৃপ্তি অনন্ত।
দম্পতী আছিয়ে নাহি বৈধব্যঘটনা, মিলন আছয়ে নাহি
বিকেছদ যন্ত্রণা,

প্রণায় আছমে নাহি কলহ গঞ্জনা,রূপ আছে নছে রিপুত্রন্ত।

"রবি তথা আলো করে, না করে দাহন, নিশি সিশ্ধকরী নহে তিমির কারণ,

মৃত্ন গন্ধবছ ভিন্ন নাহিক পাবন,কলা নাহি চাঁদে,নাহি কলছ। নাহিক কণ্টক তথা কুন্মম রতনে, নাহিক তরঙ্গ, স্বচ্ছ কলো-লিনীগণে

নাহিক অশনি তথা স্বর্ণের ঘনে, পদ্ধজ সরসে নাহিক প্রঃ। ১২

"নাহি তথা মায়াবশে রথায় রোদন, নাহি তথা ভাত বলে রথায় মনন,

নাহি তথা রিপুবশে র্থার যতন, নাহি অম লেশ নাছিক জলস।

ক্ষা, ত্রা, নিজা শরীরে না রয়, নারী তথা প্রাণ্-য়িনী বিলাসিনী নয়, দেবের রূপায় দিব্য জ্ঞানের উদয়, দিব্য নেত্রে নির্থে দিক্
দশ॥

30

'জনতে জনতে দেখে পরমাণু রাশি, মিলিছে ভালিছে প্নঃ মুরিতেছে আদি,

লক্ষ লক্ষ বিশ্ব গড়ি ফেলিছে বিনাশি, অচিন্তা অনন্ত কাল তরক্ষে।

দেখে লক্ষ কোটি ভাতু অনন্ত গগণে, বেড়ি তাহে কোটি কোটি ফিরে গ্রহগণে,

অনন্ত বর্তন রব শুনিছে এবণে, সাতিছে চিত্ত সে গীত তরকো।

58

"দেখে কর্ম ক্ষেত্র নর কত দলে দলে, নিয়মের জালে বাঁধা সুরিছে সকলে,

ভ্রমে পিপীলিকা যেন নেমির মণ্ডলে, নির্দ্ধিষ্ট দূরতা লাভিযতে
নারে।

ক্ষণকাল তারে সাবে ভাবে দেখা দিয়া, জালে যেন জলবিম্ব যেতেছে মিশিয়া,

পুণ্যবলে পুণ্যধামে মিলিছে আসিয়া, পুণ্যই সত্য অসত্য সংসারে।

34

''তাই বলি কন্যে ছেড়ে দেহ মায়া, তাজ রখা ক্ষোভ, তাজ পতিকায়া,

ধর্ম আচরণে হও তার জারা, গিয়া পুণাধাম।

গৃহে যাও ত্যজি কানন বিশাল,থাক যতদিন না পরণেকাল, কালের পরশে মিটিরে জঞ্জাল, সিদ্ধ হবে কাম।"

১৬

শুনি যমবাণী, ক্লোড় করি পাণি, ছাড়ি দিয়া শবে, তুলি
মুখ খানি।

ভাকিছে সাবিত্রী;—"কোথার না জানি, কোথার ওছে কাল। দেখা দিয়া রাথ এ দাসীর প্রাণ, কোথা গেলে পাব কালের সন্ধান,

পরশিরে কর এ শঙ্কটে ত্রাণ, মিটাও জঞ্জাল।। ১০

'বামী পদ যদি সেবে থাকি আমি, কায়মনে যদি পুজে থাকি স্বামী,

যদি থাকে বিশ্বে কেহ অন্তর্যামী, রাখ মোর কথা। সতীত্বে যদ্যপি থাকে পুণ্যফল,সতীত্বে যদ্যপি থাকে কোন বল, পরিশি আমারে দিয়ে পদ স্থল, জুড়াও এ ব্যথা॥"

۱56

নিয়মের রথ ঘোষিল ভীষণ, আসি প্রবেশিল যে ভীম কানন, পারশিল কাল সতীত্ব রতন, সাবিত্রী স্থানরী। মহাগদা তবে চমকে তিমিরে, শবপদরেণু তুলি লয়ে শিরে, ত্যক্তে প্রাণ সতী অতি ধীরে ধীরে, পতি কোলে করি॥

33

বরষিল পুষ্পা অমরের দলে, স্থান্ধি পাবন বহিল ভূতলে, তুলিল রুতান্ত শরিরী মুগলে, বিচিত্র বিমানে। জনমিল তথা দিব্য তৰ্ক্তর, স্থান্ধি কুস্থমে শোভে নিরন্তর, বেড়িল তাহাতে লতা মনোহর, সে বিজন স্থানে॥

## মূগভৃষণ বা মরীচিকা।

মধ্যাহ্লকালে যখন দিবাকর অনবরত প্রথর কিরণ বর্ষণ করিতে থাকে, বিস্তারিত মৰুক্ষেত্রে বা প্রান্তরে পৃথিকগণের কখন কখন সাগার বা প্রশস্ত জলাশায় ভ্রম হয়, প্র মিখ্যা जन मुखित नाम मतीिका। उछ अट्रान्स, विट्रांच मक्डिम्ट সুধ্যের প্রচণ্ড উত্তাপে মৃত্তিকা উষ্ণ হয়, তাহাতে ভূমির গাতিত্ব বায়ুও উষ্ণ হইয়া লম্বু ও বন্ধিতায়তন হইয়া উদ্ধে উঠিতে থাকে। স্বাতাপে বায়ু উষ্ণ হয় না, ভূমি হইতে যে তাপ বিকীৰ্ হয় তাহাতেই উফ হইয়া থাকে। সূত্রাং উচ্চতর বায়ু তরল ও নীচের বায়ু যন ছইয়া থাকে; এইরূপে বারর ভিন্ন ভিন্ন শুর হইয়া পড়ে। সুর্য্যের কিরণ যুখন বায়ুর লম্ম স্থর ভেদ করিয়া ঘনতর স্থারে প্রবেশ করে, তখন তাহা ঠিক সরল রেখায় না আসিয়া তির্যাক ও প্রসারিত ইইরা পড়ে, ইহাতে নিম্নন্থ বায়ুর স্থরকে জল-রাশি বলিয়া ভ্রম হর। দূরস্থিত রক্ষাদি কিরণের পথে পতিত হওরাতে দৃষ্টিগোচর হয় এবং তাহাতেই উদ্ভানের ভ্রম জ্বে। যেমন বায়ু এবং জল এই হুই পদার্থের ভিতর দিয়া দেখিলে (यज्ञारी मृक्तिज्ञम इज्ञ, लच्च अ यन बाजूद मधा निज्ञा शामार्थ সকল দেখিলেও তজ্ঞপ হইয়া খাকে।

মরীচিকা তিন তেনীতে বিভাগ করা ঘাইতে পারে। লহমান, তলস্থ এবং পৃত্যস্থা

লম্মান মরীচিকা। কিরণ উদ্ধোধোভাবে তির্যকরপে পতিত ছইলে লম্বমান মরীচিকা উৎপন্ন হয়। এই মরীচিকার জলাশরের মত তট ও তটস্থ পদার্থ সমূহ ও তাহাদিণার উল্টা প্রতিবিশ্ব দেখা যায়। এই প্রকার মরীচিকা মিসর (मर्ग अक्कि मका इस् । महावीत (मर्भानसान सरकारन ঐ দেশে যুদ্ধযাত্রা করেন, তখন তাঁহার সৈত্যাণ এই রূপ মরীচিকা দেথিয়া অনেক কট পায়। ইহাতে রেজিপুর্ণ ভূমিকে বোধ হয় যেন তাহা বহাতে ভাসিতেছে এবং সেই ভূমির উপরি যে দকল গ্রাম থাকে তাহাকে হ্রদমধ্যছ দ্বীপের স্থায় দেখায়। প্রত্যেক গ্রামের নিম্নে তাহার উল্টা প্রতিবিদ্ধ দেখা যায়, যেন জলে ছায়া পড়িয়াছে। দর্শক কাছে আদিলে দে বহাও থাকে না, দে ছায়াও দেখা যায় না – সমুখে কিছু দূরে আবার তদ্রপ আর একটা মরীচিকা দৃষ্ট হয়। এই প্রকার মরীচিকা পারস্ত দেশে " শির অব " আশ্চর্যা জল বলিয়া প্রসিদ্ধ, ভারতবর্ষের পশ্চিমাঞ্চলম্ বালকারণ্যে "চিত্র" নামে খ্যাত।

তলস্থ মরীচিকা। কিরণসকল ধরাতলের সমান হইরা পড়িলে এই মরীচিকা উৎপার হয়। ১৮১৮ খ্রীফান্দের ১৭ই সেপ্টেম্বর জুরিন্ ও সোবেট নামে হুইজন সাহেব, জেনিবা হদের নিকটে এই রূপ মরীচিকা দেখেন। ১৬,০০০ হাত দূরে এক খানি অর্ণবিধান হদের বাম পার্য দিয়া জেনিবা নগরে আসিতে ছিল, সেই সময়ে ভাঁহারা দেখিলেন,জনের উপরে দক্ষিণতীরের ধারে ধারে অর্ণবিধানের প্রতিবিশ্ব চলিয়া যাইতেছে। অর্ণবিধান উত্তর হইতে দক্ষিণে বাইতেছিল, কিন্তু প্রতিবিম্ন পূর্বে হইতে পশ্চিমগামী বোধ হইল। ১৮০৬ প্রীষ্টান্দের ৬ই আগষ্ট বিনস্ সাহেব একটা আশ্চর্য্য প্রতিবিশ্ব দেখিয়াছিলেন। ইংলতের ডোবর উপকূলের হুর্গটী পর্বত পারস্থ রামস্গেট নামক স্থানের নিকট বোধ হইল এবং এই প্রতিবিশ্বটী এত স্পট্ট দেখা গেল, যে পর্বত অদৃশ্র হইল। ইংলও ও কাকা এতত্বভয়ের মধ্যে ইংলিস চানেল নামে এক রহৎ প্রণালী প্রবাহিত হইতেছে, কিন্তু মরীচিকা প্রভাবে এই হুই নেশের উপকুল সময়ে সময়ে একত্র সংলগ্ন বেধি হয়। মিসর ও ভারতবর্ষে এই রূপ মরীচিকা দেখা যায়। কর্ণেল টড সাহেব বলেন যে, রাজপুতনা, জয়পুর এবং হিসার প্রভৃতি প্রদেশে সুর্য্যোদয় হইলে বোধ হইত যে, ক্ষেত্রের আয় নানা রক্তের ও নানা আকারের অটালিকা সকলও দেখা যাইত। ঐ অঞ্লের ৬। ৭ ক্রোশ দূরস্থিত আগারোয়া নামে এক হুর্গ আছে, হিসারের লোকে তাহাকে হরি\*চত্ত রাজার ''ছুর্গ'' বলে, এই ছুর্গের প্রতিবিদ্ব পড়িয়া না কি এই রূপ হয়।

শৃত্যন্থ মরীচিকা। ইহাতে যে বস্তু যেখানে থাকে, তাহার উপরে শৃত্যে তাহার প্রতিবিদ্ধ দেখা যায়। পোর্টার নামে একজন সাহেব, বাগদাদ নগরের নিটকন্থ মকভূমিতে ভ্রমণ করিতে করিতে টাইগ্রীস নদীর জল অনেক উচ্চে উপিত দর্শন করিয়াছিলেন। এই প্রকার মরীচিকা প্রায় সমুদ্র বা উপকূলে দেখা যায়। ১৮১২ খ্রীফান্দে কাপ্তেন স্কোর্সবি

দেখিতে পান। সিসিলি ও ইটালীর মধ্যন্থ মেসিনা প্রণালীতে একটা আশ্চর্য্য শৃত্যন্থ মরীচিক। দেখা যায়, ইহাকে "কাতামর্গানা" কহে। মামুষ, সৈত্যশ্রেণী, উপ্তান, শক্ট ও অশ্ব প্রভৃতির প্রতিবিশ্ব কখন তীরে, কখন জলে, কখন শৃত্তে এবং কখন জলরাশির উপরে অশ্পন্ত দেখা যায়। কুজ্ঞাটিকা হইলে তাহা অতি স্পন্ত হয়। অনেক সময় একটা বস্তুর হুই প্রতিবিশ্ব হয়, একটা সোজা ও অপরটা উল্টা। এক এক প্লার্থের প্রতিবিশ্ব কখন ভয়ন্তর হুহুৎ দেখার।

নিম্নে কয়েকটী আশ্চর্য্য মরীচিকার দৃষ্ঠান্ত প্রদর্শন করা যাইতেছে।

ক্রাস দেশীর মঙ্গ নামা এক জন সাহেব, মিসরের সরিকটে একবার মরীচিকা সন্দর্শন করিয়াছিলেন, সমস্ত মঞ্বক্ষেত্রকে তাঁছার জলাশর বোধ ছইরাছিল, এবং তৎপার্য
ও মধ্যবর্ত্তী প্রাম ও নগর সকলকে তিনি সাগরবেষ্টিত ও
সাগরন্থিত দ্বীপবৎ অবলোকন ক্রিরাছিলেন। ক্লার্ক সাহেব
কহিয়াছেন যে, তাঁছার পরিব্রজন কালে, তিনি একদা
আরবের মঞ্চুমিতে এক মরীচিকা সন্দর্শন করিয়া চমৎকৃত
ছইয়াছিলেন। তিনি ও মঞ্চুমি অতিক্রম করিয়া একপ্রামে
যাইতেছিলেন, কিন্তু তাঁছার বোধ ছইয়াছিল যে, তিনি
ক্রমে ক্রমে এক প্রশন্ত নদীতীরে উপনীত ছইতেছেন এবং
ও নদী উত্তীর্গ ছইয়া তাঁছাকে পর পারে যাইতে ছইবেক।
ঐ মরীচিকার তাঁছার এমন গাঢ় ভ্রম ছইয়াছিল, যে তিনি
উছাকে যথার্থ জনবাধ করিয়া আপন নেতাকে জিজ্ঞাসা
করিলেন যে, আমরা কি উপায় ধারা এই সন্মুখন্থ নদী পার

হইব। তাঁহার নেতা, এই কথা প্রবণ করিয়া, হাস্থ করিয়া কহিল, উহা নদী নহে, বালুকা ভূমি, আমরা উহা উষ্ট্র-পৃষ্ঠেই অবিলয়ে উত্তীর্ণ হইব, কিন্তু সাহেবের একথা পরিহাস বোধ হইল। পরে যখন তাঁহার নেতা তাঁহাকে পশ্চাস্তাগে নিরীক্ষণ করিতে কহিল, তথন তিলি দেখিলেন
যে, তাঁহারা যে স্থান উত্তীর্ণ হইয়া আসিয়ছেন, তাহাও ঐ
প্রকার নদীর স্থায় প্রতীয়্মান হইতেছে; তখন তিনি এই
অন্তুত ঘটনার বিষয় চিন্তা করিয়া বিশ্বয়াপন্ন হইলেন।

যাহার। প্রশস্ত প্রশস্ত মকভূমিতে মরীচিকা অবলোকন করিরাছে,তাহারা কহিরাছে বে,স্মবিস্তীর্ণ জলাশরের সহিত মরীচিকার কিছু মাত্র ভিন্নতা বোধ হর না। এরপ জনশ্রতি প্রদিদ্ধ আছে, নিদাঘ কালে তৃঞার্ত্ত মৃগকুলও মরীচিকার জনভ্রম করিরা তৎপ্রতি ধাবমান হইরা প্রাণ ত্যাগ করে। মৃগগণ পিপাসায় কাতর হইরা যত মরীচিকার প্রতি ধাব-মান হয়, ততই প্র মিধ্যা জ্লাশয় তাহাদিগের নিকট হইতে অন্তরিত হইতে থাকে এবং তাহারা ক্রমাগত উদ্ধাসে প্র মরীচিকাভিমুখে গ্রমন করিয়া উত্রোক্তর কণ্ঠ শুক্ত হইয়া প্রাণ ত্যাগ করে।

জগতের মধ্যে যে সমস্ত অতি আশ্চর্য্য মরীচিকা দৃষ্ট হর, তথ্যধ্যে ইটালী দেশস্থ "ফাতা মর্গানা" নামক আতপ-প্রতিবিশ্ব কোন মতে কনিষ্ঠ ব্যাপার নহে। তাদৃশ অন্তুত মরীচিকা ভূমগুলের আর কোন অংশে দ্যিগোচর হয় নাই; ইটালী দেশের কেবল দক্ষিণ ভাগে এই অদ্ভুত দর্শন দৃষ্ট হয়। উল্লিখিত নৈদর্গিক ব্যাপার বছকালাব্যি ইটালী ও বিদিলী দ্বীপত্ব লোকদিগের স্থগোচর আছে। কিন্তু পদার্থ বিজ্ঞার প্রকৃষ্ট আলোচনা না থাকাতে, কিয়ৎকাল পূর্বে তাহারা উহার নিগৃত তত্ব অবধারণ পূর্বেক কোন প্রমাণ্য কারণের আধিকিন্তু প্রতিবিধের যে কাম্পানিক কারণ গুলি নির্দিট হইয়াছিল, ইদানী তাহা পদার্থবিভাবিৎ পণ্ডিত কর্তৃক খণ্ডিত হইয়া গিয়াছে।

वाहेजन नारम अक जन जमनकाती अनुमान करतन या, মেৰুদ্বয় নিকটবৰ্ত্তী অপ্রসিদ্ধ "আরোয়া বোরিয়েলিস" বা দ্বি-সেন্মিনী নামক নৈস্থিকব্যাপারের ন্যায় ইহা দীপ্তির ধর্মবিশেষে উৎপন্ন হয়। যে স্থানে এ অন্তত প্রতি-বিষ পরিদুর্শ্যমান হয়, তথায় বহুতর আংগ্রের কূপ আছে। এ আগ্নের কুপ হইতে প্রকৃষ্ট রূপে বিফ্রাৎ পদার্থ উদ্ধাবিত হয়, এবং বায়ুর সহিত অধিক পরিমাণে মিশ্রিত হইয়া অধঃস্থ বাতাবর্ত্তন দারা শুন্তে উৎক্ষিপ্ত হইয়া অত্যন্ত আন্দোলিত হইলে, সুর্য্যকিরণসহযোগে প্রস্তাবিত প্রতিবিদ্ধ নর্ম-গোচর হয়। পরন্ধ এই ব্যাখ্যা স্থানিন্দিত রূপে সাব্যক্ত হয় নাই। উক্ত প্রাচীন অনুমানের অন্তার্থবাদী মাজি-আঞ্জিলুসি ও অক্তান্ত তদেশীর লেখকদিগের মতে 🗳 অনুমান কিয়দংশে প্রামাণ্য, কিন্তু সম্পূর্ণ সত্য নছে। তরি-মিত্ত, তত্তাবৎ পরিত্যাগ পূর্বক মিলিস নামক পণ্ডিত দ্বারা এতদ্বিধরের যে নিগুঢ় তত্ব নিশ্চিত হইয়াছে, তাহা নিম্নে উদ্ভ করা হইল।

উলিখিত মহাতুভাব লিখিয়াছেন যে, বারতয় এই আৰুষ্য ছায়াবিষ তিনি প্ৰতাক করিয়াছিলেন। উহা প্রায় সচরাচর অরুণোদয়কালে নয়নগোচর হয়। উক্ত সময়ে সুর্ব্যের কিরণ অত্যন্ত তির্যাক্ভাবে সলিলের উপরিভাগে নিপতিত হয়। তৎসময়ে যদি সমুদ্রের উপরিভাগ নিশুর ভাবে স্থিত হয়, বায়ুর আঘাতে কিছু মাত্র আন্দোলিত না হয়,তাহা হইলে দর্শক সূর্য্যের দিকে পশ্চাৎ করিয়া সমূদ্রের প্রতি দৃষ্টিপাত করিলে, জলের উপর ছায়াবাজীর দৃখ্যের ন্তার অক্সাৎ চতুকোণ, অর্দ্ধ স্তম্ভ, খিলান-বিশিষ্ট রহৎ হুর্ব, গোলস্তম্ভ, হুর্বের উক্তর চূড়া, অপূর্ব্ব শোভাবিত গ্রাক ও বারাতাযুক্ত রম্ভিবন, তথা পাদপত্রেণী, পরাদি বিচরণীয় গোষ্ঠ, এই সমস্ত পদার্থের ছায়া উপর্যুপরি অতি রহুৎ পরিমাণে দৃষ্টিপথে পরিচালিত হইতে থাকে, তাহার 🐙খা এত অধিক যে, তাহার গণনা করা ভার হয়। তম্মধ্যে কোন পদার্থ গতি যুক্ত, কোনটা বা আভাবিক অবস্থায় স্থির ভাবে অবস্থিত বোধ হয়। ঐ সমস্ত ছায়া পদার্থে স্থ স্থ বর্ণেরও কোন বৈলক্ষণ্য অমৃত্তুত হয় না। অপর, উক্ত সময়ে শ্রোপরি বাপের অতিশয় প্রাচ্ধ্য থাকিলে এবং বায়ু দারা কোন ক্রমে প্রাপারাশির গাড়তা বিচ্ছিন্ন না ছইলে ঞ্জিপ প্রতিবিশ্ব অন্তরীকে ভাসমান হইয়া থাকে। কিন্ত जनवन्त्रात्र প্রতিবিশ্বিক শাদার্থ সকল আকাশবর্তী ধূমকেতৃর ক্রার অপা দ্রীপ্রিয়ক্ত প্রতীর্মান হয়—কোন বর্ণের আর ভেদ থাকে না। পকান্তরে বায়ু অতিরিক্ত বাপ দারা অভিশাস গাঢ় ও দৃষ্টিরোধক হইলে, এ সকল পদার্থ অপপ

মাত্র নোহিত, শ্রামল, পিঞ্চল ইত্যাদি বর্ণে প্রতীয়মান হয়;
কিন্তু তাহা হইলে শৃত্যে প্রতীয়মান না হইয়া সমুদ্রজলোপরি দৃষ্ট হয়। এই নৈসার্গিক ছায়বাজী বহুক্ষণ স্থায়ী হয়
না; পূর্ব্বেই কথিত হইয়াছে, স্থ্যকিরণ যাবৎ অত্যন্ত তির্যাক থাকে; তাবৎ উহা নয়নগোচর হয়, তৎপরে তাহা
দেখিতে দেখিতে মেঘে মিলিত হয়।

এই আশ্চর্য্য প্রতিবিদ্ধ প্রায় সর্ব্ব ঋতুতে কোন কোন
সময়ে দৃষ্ট হয়, এবং বংকালে এ আশ্চর্য্য প্রতিবিদ্ধ অবলোকিত হয়, তংকালে জনপদবর্ত্তী সর্ব্বসাধারণ জনগণ
মহোলাদে দীর্ঘ জনরব করিতে করিতে মেদিনা প্রণালীর
উপকূলাভিমুথে ধাবিত হয়, ও করতালি প্রদান পূর্ব্বক
'শের্মানা, মর্মানা, মর্মানা," এই বাক্যটী অনবরত উচ্চারণ
করে। প্রসময়ে সমুদ্রকলে এতাদৃশ জনতা ও মহোলাস
প্রকাশিত হয় বে, কোন বিশেষ পর্বাহে তাদৃশ জনতা
হয় না।

বিজ্ঞবর মিনাসি সাহেব অনুমান করেন যে, যে সকল
লঘু পরমাণু বায়ুসহকারে শৃত্যে পরিচালিত হয়, তাহা
দর্পনবং কার্য্য করে, এবং উপকূলে যে যে পদার্থ আছে
তন্তাবতের প্রতিবিশ্ব তাহাতে নানাবিধ বর্ণে প্রতীত হইয়া
দর্শনেন্দ্রিয়গোচর হয়। অপর, যথা এক ব্যু বহু দর্পণে
প্রতিবিশ্বিত হইলে বহু সংখ্যায় দৃষ্ট হয়, তথা ঐ দর্পনবং
পরমাণুরাশির বিভিন্ন পিও ব্যাপ্ত থাকিলে উপকূলের এক
দ্রুব্য বহু সংখ্যায় প্রতীত হয়। অধিকন্ত, সামান্ত দর্পনের
শমস্থুলতাদি অবয়বের ব্যাঘাত হইলে যে রূপ প্রতিবিশ্বিত

বস্তুর অবয়বের বিপর্যায় লক্ষিত ছইয়া থাকে, পরমাণুরাশির অবয়ব ভেদে দেই রূপ প্রস্তাবিত আতপ প্রতিবিধে উপ-ফুলের পদার্থের বিপর্যায় দৃষ্ট হয়। উহার অন্তবিধ কারণ নাই।

# চিন্তা।

সুশীতল সন্ধ্যানিলে জুড়াতে জীবন, জুড়াতে দিবস্থ্রম বিশ্বতি সলিলে, ভ্রমিতে ভ্রমিতে ধীরে, উঠিলাম গিরিশিরে, বাসনা, জুড়াতে ভ্রোতঃ সম্ভূত অনিলে, কার্য্য ক্লান্ত কলেবর, সন্তাপিত মন।

রজনীর প্রতিক্ষার প্রকৃতি কামিনী,
ললাটে সিন্দুরবিন্দু পরিল তথন,
রবি অন্তমিত প্রার, ত্বর্ণে মণ্ডিত কায়,
উজলিয়া গগণের ত্বনীল প্রান্দণ,
ভাসিতেছে স্থানে স্থানে রক্ত কাদস্থিনী।

রঞ্জিত আকাশ তলে, নীল তর্মণী, দেখাইচে প্রতিবিদ্ধ বিমল দর্গণে, ভালে তাহে মেঘগণ, কাঁপে তরু অগণন, নাচিছে ছিল্লোল মালা মন্দ সমীরণে, বছিতেছে গিরিমূল চুষিয়া ভটিনী। মনের আনন্দে গার বিহল নিচর,
স্থানল মাঠে চরে গাভীগণ,
নিক্তম্বেগ তক্তলে, তটিনীর কলকলে,
গাইছে রাখাল শিশু মধুর গায়ন,
নাহি কোন চিন্তা, নাহি ভবিষ্যৎ ভরঃ।

নাহি জানে অভাগার অবস্থা কেমন,
নহে ভারতের ভাগো বিষয় অন্তরে,
কে বা রাজা, প্রজা কেবা, নাহি জানে রাজসেবা,
নাহি জানে অধীনতা কেমন নিগড়,
স্বাধীনতা কি রতন, ভাবে না কথন।

শিশুমতি এ সকল নাহি কিছু জ্ঞান, নাহি ভাবে কিসে হবে দেশের মঙ্গল, বিধবা কুটুম্ব যারা, তাহাদের অভ্যধারা, নির্থিয়া কাঁদে বাছী প্রণয় বৎসল, কিন্তু কিসে যায় হুঃখ চিন্তে না বিধান।

অই দেখ তক্তলে প্রকুল হ্বদর,
গাইতেছে উচ্চৈঃস্বরে মা জানে কি গার,
লতা পাতা জড় করি, কড় ভাঙ্গি পুনঃ গড়ি,
হাসিতে হাসিতে দেখ পড়িছে ধরার,
হাররে! শৈশব কাল স্থেধর সময়।

চিন্তা কালভুজ দিনী করে নি দংশন, নিরাশ প্রণয় হুঃথে দহে নি জীবন, হুরাকাজ্জা পারাবার, বিশাল লহরী তার, খেলে না হৃদয়ে, আহা! জানে কি এখন, মানব জনম তার, দাসত্ব জীবন।

হাস হাস হাস শিশু, নহে দিন দূর, সংসার সাগার পারে বসিয়ে যথন, বিষাদ তরজমালা, গণিতে গণিতে কালা, হইবে প্রফুল্ল মুখ, জানিকে তথন, নির্মাল গৈশাব ক্রীড়া সুখের স্বপন।

আমিও ইহার মত ছিলাম নির্মাল,
ছিলাম পরম স্থাপে স্থাপের মনে,
আমার জীবন কলি, দিতে স্থাপ জলাঞ্জলি,
কে ফুটালে, পোড়াইতে ভীম হুতাশনে ?
কে মম স্থাসাগরে মিদালে গরল?

কেন বা ফুটল মম জানের নয়ন,
কেনই বিবেক শক্তি হলো বিকশিত,
উথলিতে অভাগার, গোকসিন্ধু অনিবার,
নিজ হীন অবস্থায় করিতে হঃথিত,
কেনুই ভাজিল মম শৈশব স্থপন।

মা জানি কি মন্ত্রে বিদ্যা করিল দীক্ষিত, যত পড়ি তত বাড়ে মনেতে বিবাদ, ততই অস্থ মনে, দহিতেছে প্রতিক্ষণে, কেন পড়িলাম আহা, একি পরমাদ, ভাগ্য গুণে সকলি কি ঘটে বিপরীত।

ভারতের ইতিহাস শোকের সাগর,
কেন দেখিলাম, আমি কেন পাইলাম,
আপমার পরিচয়, আর্য্য বংশ কীর্ত্তিচয়,
কেন পড়িলাম, আহা কেন জন্মিলাম,
এ হেন বংশেতে আমি অধ্য পামর।

বল মা ভারত ভূমি বল না আমায়,
কোথায় তোমার দেই বীর পুত্রগণ?
ফাহাদের বীর্য্যবলে, তব নাম ক্ষাতলে,
পূজ্যতম ছিল যেন অমর ভবন,
সে সকল পুত্রতব বল না কোথায়?

#### অগ্নি।

যে সমস্ত ক্ষমতা থাকাতে মানুষ অন্তান্ম জন্ত অপেক্ষা শ্রেষ্ঠ হইয়াছেন, অগ্নি উৎপাদনের শক্তি তম্বধ্যে একটা প্রধান ক্ষমতা ইহা বলিলে অত্যুক্তি হয় না। আমাদের প্রায় সমুদায় কার্যেই অগ্নি আবশ্যক; অগ্নি না থাকিলে আমাদের কি দশা ঘটিত তাহা অনুভব করা কঠিন। ফলতঃ, যদি আমরা ইচ্ছামত অগ্নি উৎপাদন করিতে না পারিতাম, তবে আমাদের অবস্থা ইতর জন্ত অপেক্ষা বড় উৎক্লচ্চ হইত না।

অগ্নির প্রশংসা করিয়া একটা দীর্ঘ প্রবন্ধ রচনা করা কোন ক্রমেই কঠিন ব্যাপার নহে। অগ্নি না থাকিলে কোথার বা বাজ্যান থাকিত, কি রূপেই বা শিপ্প কার্য্যের সমুস্থান হইত, কোথার বা তমোনাশিনী দীপমালা বিরাজ করিত, আর কি রূপেই বা উপাদের আহারসামন্ত্রী প্রস্তুত হইতে পারিত। অগ্নি আমাদের যেমন মিত্র, পক্ষান্তরে উহা আবার আমাদের তেমনি ভীষণ শক্র। অগ্নির প্রসাদে আমরা সর্কৃত্রণ অশেষবিধ মঙ্গল লাভ করিয়া থাকি, এবং তাহার কোপাবেশ হইলে মুহুর্ত্ত মধ্যে হতসর্ক্ষ হইয়া যাই। ঈদৃশ মহৎ পাদার্যের জানানুসন্ধানে প্ররত্ত হতরা সর্ক্রেভাবে বিধেয়।, অনুক্রণ আমরা উহার কার্য্য দেখিতেছি, কিন্তু ত্রু তিত্তনে একক্ষণ্ও নিয়োজিত করি না।

অগ্নির স্বরূপ কি? উহার দাহিকা শক্তি থাকিবার কারণ কি? ইত্যাদি প্রশ্নের উত্তর প্রদান করা মনুষ্যের সাধ্যাতীত। "কেন হয়" এপ্রশ্নের উত্তর প্রদান করা মানববুদ্ধির অসাধ্য; "কি হয়" কেবল এই প্রশ্নের উত্তর প্রদানই বিজ্ঞানশাত্রের সাধ্যায়ত্ত। আগ্নর প্রকৃতি ও উৎপত্তি বিষয়ে সকলেই সমান অজ্ঞ; স্তরাৎ দহন কার্য্য কাহাকে বলে আমরা কেবল সেই বিষয় লিখিতে প্রয়ত্ত হইতেছি।

কোন ছই পদার্থের রাসায়নিক মিশ্রণ ছইলে তাপ ও

আলোকের বিকাশ হয়(১); যখন বলবং রপে ঐ মিত্রণ ক্রিয়া সম্পন্ন হয়, তখনই সমধিক তাপ ও আলোকের বিকাশ হইয়া থাকে, এবং ঐ বিকাশকেই আমরা অগ্নি বলিয়া থাকি।

অমজান ও অজ্ঞানের যদি রাসায়নিক মিশ্রণ ইয়, তাহা হইলে তৎক্ষণাৎ অগ্নির উৎপত্তি হয়। হুই পদার্থ মিশ্রিত হইলে যে তাপের বিকাশ হয়, পাঠকর্মণের মধ্যে অনেকে তাহাদেখিয়াও থাকিবেন,—চূণেজল ঢালিয়া দিলে বিলক্ষণ তাপের বিকাশ হয়, এমন কি ঐ মিশ্রণ সময়ে তল্লগ্যে তালপত্র ধরিলে উহা তৎক্ষণাৎ জ্বলিয়া উঠে। এই কারণে চূণের ভাটিতে অনেকের হস্ত পদাদি দগ্ধ হইয়। গিয়াছে।

কোন হুই পদার্থের রাসায়নিক সংযোগ হইলেই তাপ ত আলোকের বিকাশ হয় বটে, কিন্তু আমরা সচরাচর যে অগ্নি দেখিয়া থাকি, তাহা কেবল অমজান বাজোর (গ্যাসের) সহিত অন্তকোন পদার্থের সংযোগ দারা উৎপন্ন হইরা থাকে\*। কাষ্ঠ, কয়লা প্রভৃতি দ্রব্যে জ্লনশীল পদার্থ আছে, ঐ পদার্থ বায়ুর অন্তর্গত অমজানের সহিত সংমি-

<sup>(</sup>১) কখন কখন তাপের বিকশি না হইয়া বর্থ হ্রাস হইয়া থাকে।

<sup>\*</sup> পাঠকবর্গ অবগত আছেন যে, অম্লভান ও যবকারজান সংযোগে বায়ুর উৎপত্তি ছইয়াছে, তল্মধ্যে প্রায় পঞ্চম অংশ অম্লভান। হরিতক, পুতিক, অরুণক ইত্যাদি পদার্থ অন্যান্য পদার্থের সহিত সংযুক্ত হুইলেও অগ্লিয় উৎপত্তি হইতে দেখা গিয়াছে।

লিত হয় এবং ঐ সংমিলন কার্য্যের সময় অগ্নির উৎপত্তি ক্রয়া থাকে।

আপাততঃ এমন মনে হইতে পারে যে, যদি কাঠের অন্তর্গত পদার্থের সহিত বায়ুর অন্তর্গত অমজানের সংযোগ হইলেই অগ্নির উৎপত্তি হয়, তবে সর্ব্বদাই ত অগ্নির উৎপত্তি হইতে পারিত, বায়ুরও অপ্রতুল নাই, কাঠ প্রভৃতিও সর্ব্বদাই বায়ু সমুদ্রে অবন্থিত রহিয়াছে, তবে কেন সর্ব্বদাই সমস্ত পদার্থই জ্বলিতে থাকে না? এ প্রশ্নের উত্তর এই যে, রাসায়নিক সংযোগ হইবার পূর্বে, পদার্থ মাত্রেরই যথোপযুক্ত তাপবিশিক্ত হওয়া আবশ্যক; যখন কাঠ প্রভৃতি দ্রব্য উপযুক্তরূপ তাপবিশিক্ত হয়, তখনই তাহারা বায়ুর অন্তর্গত অমজানের সহিত সংযুক্ত হইয়া থাকে। উপযুক্ত তাপবিশিক্ত করিবার নিমিত্তেই আমরা কাঠ প্রভৃতি দ্রব্যের নিকট অগ্নি লইয়া যাই, ঐ অগ্নির তাপে কাঠ যথন উত্তপ্ত হয়, তখনই বায়ুন্থ অমজানের সহিত কাঠের অন্তর্গত জ্বলনশীল পদার্থের সংযোগ আরম্ভ হয়, অর্থাৎ কাঠ জ্বলিতে আরম্ভ করে।

টিকা ধরাইবার সময় আমরা অগ্নিম্পর্শ দ্বারা তাহার এক পার্শ্ব উত্তপ্ত করি। অগ্নির তাপে যখন সেই পার্শ্ব উপ-যুক্তরপ উত্তপ্ত হয়, তখন অস্তজানের সহিত উহার সংযোগ আরম্ভ হয়। সংযোগ কার্য্য আরম্ভ হইবা মাত্র যদি আমরা নিয়োজিত অগ্নি স্থানান্তরিত করি, তাহা হইলে দহন ক্রিয়া বন্ধ হয় না; কারণ টিকার অন্তর্গত পদার্থের সহিত অস্ক্র-জানের একবার সংযোগক্রিয়া আরম্ভ হইবা মাত্র তাহাতে চ্তন তাপের ও বিকাশ হইয়া থাকে। সেই তাপ দারণ নিকচর্ত্ব পরমাণুগুলি বিলক্ষণ উৎপ্ত হয়, স্তরাং অমজানের
সহিত তাহাদের রাসায়নিক যোগ হইবার কোন বাধা
থাকে না। এই নিমিত্ত কোন ত্রব্য একবার প্রজ্ঞালিত
করিলে, যতকণ জ্বনশীল পদার্থ তদন্তর্গত থাকে, ততকণ
দহনক্রিয়াও চলিয়া থাকে।

দীপ, বর্ত্তিক। প্রভৃতিও ঐ রূপে জ্বিরা থাকে। অগ্রি সংযোজনার দশাটী বিলক্ষণ উত্তপ্ত হয়। দশার অন্তর্গত পদার্থ ও দশাসংলগ্ন তৈল অথবা বসা অসজানের সহিত্ত সংযুক্ত হইতে আরম্ভ হয়। ঐ রাসায়নিক সংযোজনাজনিত তাপে দশাসংলগ্নতৈল বা বসাবিন্দু সমূহ দ্ববীভূত হইয়া কৈশিক আকর্ষণ দ্বারা উহার অপ্রভাগে নীত ও পরিশেষে বাজ্যাকারে পরিণত হইয়া উদ্ধিনিকে ধাবমান হয়। এই উদ্ধ্যামী বাজ্যাকার পদার্থ অসজানের সহিত সংযুক্ত হয়, স্থৃতরাং আলোক ও ভাপের সঞ্চার হয়।

কাষ্ঠে কার্চে ঘর্ষণ করিলে অগ্নির উৎপত্তি হয়। মুফ পরমাণু সকল অত্যন্ত উত্তপ্ত হয়, স্মতরাং অন্তজানের সহিত সংযোজ্য হইয়া উঠে।

চক্মকি ঠুকিবার সময় কঠিন ইম্পাতের বলবৎ আখাতে প্রস্তরাগুসকল অত্যন্ত সংকৃচিত ও স্তরাং এরপ উত্তপ্ত হয় যে, তৎক্লাৎ তাহা অনুজানের সহিত সংমিলিত হইয়া অগ্নিউৎপাদন করে।

মৃতদেহ কিয়দিন কেত্রে ফেলিয়া রাখিলে, তাহা কলে পঢ়িয়া উঠে ও পরে অপা অপা ক্রিয়া নাশপ্রাপ্ত হয় বাস্তবিক দেহের পরমাণু সকল নাশপ্রাপ্ত হয় এমন নহে;
ঐ সমস্ত পরমাণু জীবিতাবস্থায় সমষ্টিভাবে থাকে, জীবনান্তে উহাদের ব্যক্তি হয়। যে পরমাণুর যাহার সহিত
রাসায়নিক আকর্ষণ অধিক, সেই পরমাণু সেই পদার্থের
সহিত সংমিলিত হইয়া তৃতন তৃতন যৌগিক পদার্থের উৎপাদন করিতে থাকে। এইরপে আপাততঃ দৃশ্যমান ক্ষয়ণীল
মৃতদেহ বাস্তবিক বিনফী হয় না, উহার পরমাণু সকল ভিন্ন
ভিন্ন পদার্থের সহিত সংযুক্ত হইয়া ভিন্ন ভিন্ন প্রকার
যৌগিক পদার্থে পরিণত হইয়া থাকে। যেমন মৃত দেহস্থ
পরমাণুর রাসায়নিক বিয়োগ হইতেছে, তেমনই আবার
রাসায়নিক সংযোগিও হইতেছে, কলতঃ যেখানে বিয়োগ
আছে, সেই খানেই সংযোগ আছে। এই সংযোগ ক্রিয়ায়
মৃতদেহে তাপের উৎপত্তি হইয়া থাকে, কিন্তু তাপের
অপতা হেতু অগ্নির উৎপত্তি হইয়া থাকে, কিন্তু তাপের

এইক্ষণে পাঠকবর্গ এক প্রকার বুঝিতে পারিলেন, বস্তু-দ্বরের রাসায়নিক সংমিলন হইলেই তাপের সঞ্চার ও ঐ তাপের আধিক্য হইলেই অগ্নি ও অগ্নিশিখা দর্শনগোচর হয়।

আগমরা পূর্বেই বলিয়াছি যে, কোন পদার্থের প্রকৃত স্বরূপ মনুষ্যের বুদ্ধিগমা নহে, স্থতরাং রাদায়নিক সংমিলন হইলেই তাপের সঞ্চার ইইবার কারণ কি ইহা চিরকালই অপারিক্তের থাকিবে, তবে এক জন রসায়নবিং পণ্ডিত এই বিষ্ক্রে যাহা বলিয়াছেন, তাহা অভিনিবেশ পর্বেক বিচার করিয়া দেখা উচিত।

তিনি বলেন উদ্ভিদ মাত্ৰই জল, বায় ও মৃতিকা ছইতে শরীর বর্দ্ধনোপযোগী পর্মাণু সমূহ আকর্ষণ করিয়া লয়: এ সমস্ত পরাণু রক্ষলতাদির শিরা দ্বারা সঞ্চালিত হইয়া তাহাদের শরীর মধ্যেই সন্নিবিষ্ট হয় এবং ঐ সমস্ত পর-मानूत मश्यारशंह भातीक श्रमार्थ इया आय भातीत श्रमार्थ হইতেই অগ্নির উৎপত্তি হইয়া থাকে। কাঠ, তৈল, বদা সম-স্তই শারীর পদার্থ। উদ্ভিদ্যুণের বর্দ্ধন অর্থাৎ শারীর পদা-র্থের উৎপত্তি কেবল দিবাভাগেই হইয়া থাকে। স্থ্যকির-ণেই উদ্ভিদগণের সম্ধিক রন্ধি হয়। অতএব সিদ্ধান্ত করা যাইতে পারে যে, স্থাকিরণ শারীর পদার্থ উৎপাদনের একটা প্রধান সাধন। এমন কি, ইছা স্বীকার করিলেও নিতাত অভায় হয় না যে, জলীয়, বায়বীয় ও পার্থিব পর-माव (यमन तक्कनतीत मध्य मित्रविष्ठे थात्क, स्थाकित्रवे তেমনই জ সকল পরমাণুর ভায় শারীর পদার্থ মধ্যে প্রোথিত থাকে। যখন শারীর পরমাপুর ধ্বংস হয়, অর্থাৎ উহাদের রাসায়নিক সংযোগের বিয়োগ হয়, তখন তৎ-সংশ্লিষ্ট কিরণাপুরও বিয়োগ হইতে দেখা যায়। এই কিরণা-ণর বিয়োগই তাপের বিকাশ।

উল্লিখিত রদায়নবিৎ পণ্ডিতের মতে অনুমোদন করিলে, বস্তুতঃ ইহাই স্বীকার করা হয় যে, তাপ ও অগ্নির আদি কারণ সূর্য্য।

আমরা এতক্ষণ কাষ্ঠের অন্তর্গত জ্বলনশীল পদার্থের নাম উল্লেখ করি নাই, এক্ষণে সেই জ্বলনশীল পদার্থগুলি কি কি, তাহা নির্দ্দেশ করিতেছি। কাৰ্চ, তৈল প্ৰভৃতি দহনশীল দ্ৰব্য মাত্ৰেরই প্ৰধান অঙ্গ ছইটী – অক্কান এবং অঞ্চার।

বিশুদ্ধ কর্মসাকে রসায়নবিৎ মহাপ্রেরা অঞ্চার (কার্বন) বলিয়া থাকেন। আমরা সচরাচর যে কয়লা ব্যবহার করিয়া থাকি, তাহা অঞ্চান্ত দ্রব্যের সহিত মিশ্রিত থাকে; বিশুদ্ধ কয়লার লক্ষণ এই যে, দহন করিলে উহার ভন্মাবশেষ থাকে না। সঞ্জিনা গাছের কয়লা প্রায় বিশুদ্ধ অঞ্চার। হীরক বিশুদ্ধ অঞ্চার, উহাকে দগ্ধ করিলে কিছুই অবশিষ্ট থাকে না। অঞ্চার রচু পদার্থ।

দহন কার্য্যের সময়, যে অঙ্কার অমজানের সহিত সংযুক্ত হইয়া স্তনবিধ যৌগিক পদার্থের উৎপাদন করে ও আপাতত দশ্বত ধংস হইতেছে বলিয়াযে বোধ হয়, বস্ততঃ যে তাহা হয় না, এই বিষয়ের হুই প্রত্যক্ষ প্রমাণ দেওয়া অতি সহজ।

একটি কাচমর পাত ১৬ রতি পরিমাণ অনজান দারা
পূর্ণ করিয়া তথাধ্যে ছয় রতি পরিমাণ একখণ্ড বিশুদ্ধ অন্ধার
য়াধিয়া পাতের মুখ বন্ধ করিতে ছয়; পরে স্থাকান্ত দারা
ঐ অন্ধারখণ্ড স্থ্যকিরণ পতিত করিতে হয়, তাহা হইলে
দেখা যাইবে যে, ঐ অন্ধারখণ্ড ধক্ধক্ করিয়া জ্বলিতেছে।
অট্রি নির্কাপিত ও পাত্রন্থ বাপা শীতল হইলে ওজন করিলে
জানা যাইবে যে, ঐ রাপা ১৬রতি নাই, ২২ রতি হইয়াছে।
ইহাতেই সপ্রমাণ হইবে যে, ৬ রতি অন্ধারের গ্রংস হয় নাই
কেবল অবয়বাত্তর মাত্র হইয়াছে। আবার পরীক্ষা করিলে
দেখা যাইবে, অন্ধারসংমিলিত বাপা (গ্যাস) স্তনবিধ

গুণোপেত হইরাছে, অন্তর্জানের কোন গুণই আর উছাতে বিভ্রমান নাই। পরস্ক যদি অন্ত্রজানের পরিবর্ত্তে অন্ত কোন বাষ্পা দ্বারা ঐ পাত্র পূর্ণ করা হইত, তাহা হইলে কোন মতে দহনকার্য্য নির্ব্বাহ হইত না।

অব্জানও একটা রা পদার্থ। উহা অঙ্গারের স্থায় কঠিন নহে। উহা অঞ্জা বাষ্পভাবাপার। অব্জান অপেক্ষা কোন পদার্থই লম্ব নাই। ব্যোম্যান এ বাষ্পে পূর্ণ থাকে। এক ভাগ অব্জান এবং আটণ্ডণ ভারী অম্রজান সংযুক্ত করিলেই জলের উৎপত্তি হয়। অম্রজান প্রজ্জনিত করিলে দিখা হয় নাক। কেবল লোহিত বর্ণ হয় এবং অম্রজানের সহিত সংমিলিত হইয়া অদৃশ্য বাষ্পা ভাবে পরিণত হইতে থাকে। কিন্তু অব্জান জ্বলিবার সময় এরপ তীত্র তাপের বিকাশ হয় যে, তদ্বারা ঐ বেগিক বাষ্পা জ্যোতর্ম্য হইয়া উঠে। অধিক তাপ পাইলে যেমন লোহি লোহিত বা শুল হয়, অব্জানে দভ্ত তাপ দ্বারা তেমনই ঐ বেগিক বাষ্পা দ্বারা কাম এইরপ প্রাণীপ্ত অবস্থাকেই আমরা শিখা বলিয়া থাকি।

এক্ষণে স্থির হইল যে, দহনশীল পদার্থ মাত্রেরই প্রধান অঙ্গ হুইটী, অঙ্গার ও অজ্ঞান। অঙ্গারের সহিত অমজ্ঞানের যোগ হইলে আঙ্গারিক অম হয়, এবং অব্জ্ঞানের সহিত ব অমজানের যোগ হইলে জলের উৎপত্তি হয়, স্তরাং কাঠাদি দাহন করিলে আঙ্গারিক অম ও জলীয় বাস্পের উৎপত্তি হইয়া থাকে। পরীক্ষা স্থারা ইহা নির্ণয় করা অতি সহজ্ঞ।

কাঁচা কাঠে জলীয় প্রমাণুখাকে। ঐ জলীয় প্রমাণু বাস্পাকারে পরিণত করিবার নিমিত্ত বিলক্ষণ তাপের আবশ্যকতা হয়, এই নিমিত্ত জ্বালানি কাঠ শুক্ষ রাখা আবশ্যক।

কাষ্ঠাদি দাহন করিবার সময় ধূম হইয়া থাকে। কাষ্ঠস্থ অঙ্গারের যে সকল পরমাণু উত্তম রূপে অমজানের সহিত সংমিলিত না হয়, সেই সকল পরমাণুই ঝুলের আকারে পরিণত হয়। বায়ুর অংপতাই ঝুল হইবার এক কারণ। এই নিমিত্ত ইংলতে অগ্নি মধ্যে যাহাতে প্রচুর রূপে বায়ু সঞ্চালিত হয় তাহার উপায় উদ্ভাবিত হইয়াছে। আমাদের প্রদীপে অনেক তৈল অনর্থক নফ হয়। আর্থাও ল্যাম্পে স্ফাকরপে বায়ু সঞ্চালিত হওয়াতে রখা তৈল নফ হইতে পায়না।

অগ্নিতে ফু দিলে কি নিমিত্ত উহার তেজ রিদ্ধি হয়, বোধ করি এক্ষণে পাঠকবর্গ তাহার মীমাংদা করিয়া লইতে পারিবেন।

#### সায়ংকাল।

চেরে দেখ চলিছেন মৃদে অস্তাচলে
দিনেশ, ছড়ারে স্বর্গ বিন্দু রাশি রাশি
আকাশে। কড বা যড়ে কাদ্যিনী আদি
শ্রিছে তা সবারে স্থনীল আঁচলে।

কেনা জানে অলকারে অকনা বিলাদী,
দিক্ত ধরা পরি ধনী দৈব মায়া বলে
বছবিধ অলকার পরিবে লো হাদি।
কনক কঙ্কণ হাতে, অর্ণ-মালা গলে,
সাজাইবে গজবাজী, পর্বতের শিরে
স্থবণ কিরীট দিবে; বহিবে অঘুরে।
নদ-কুলে উজ্জ্বলিত স্থর্ণবর্ণ নীরে,
স্থবর্ণর গাছ রোপি থোবে লো উপরে!
স্থর্ণ অঙ্ক বিহন্দম এবাজী করারে,
ভক্কণে দিনকর করদান করে। চতুর্দশ পদীকবিতা

### শত্ৰধমু।

কখন কখন নভোমগুলে নানা বর্ণ বিরাজিত পরম সম্পর ধনুর আরুতি লক্ষিত হইয়া থাকে। এতদেশীর অনেকে উহাকে ইন্দ্রদেবের ধনু অথবা রামের ধনু বলিয়া উল্লেখ করিয়া থাকে, কিন্তু বাস্তবিক উহা কোন ব্যক্তির ধনু নহে। ইদানীন্তন ইউরোপীর পণ্ডিতেরা, ঐ ধনুর সবিশ্রেষ অনুসন্ধান দারা, এই অবিস্থাদিত সিদ্ধান্ত করিয়াল্ছন যে, যখন স্থোর সমুখ দিকে বিন্দু বিন্দু র্ফিপাত হয়, তখন ঐ র্ফিবিন্দু সমূহে স্থারিশা পতিত ঐ রপানানা বর্ণের প্রমন্তন্তর আকার উৎপন্ন ইইয়া থাকে, এবং কোন ব্যক্তি স্থান থাকিলে ঐরপান্তানে স্থোর

পায়। স্থেয়র রশিপাত দারা যে আকারের উৎপত্তি হয়, তাহার কিয়দংশ দিখলয়ের অধোভাগে অদৃত থাকে, অবশিত ভাগ মাত্র দৃতিগোচর হয়, এজয় তাহাকে অর্ধ-চন্দ্রাকার অপেকা কিঞ্চিৎ মূান দেখায়। দর্শক যত উচ্চ স্থানে থাকিয়া শক্রধন্ন দর্শন করে, ততই সে তাহাকে মণ্ড-লাকার দেখিতে পায়। যখন কোন জল প্রপাতাদিতে সেরি কিরণ পতিত হইয়া ধনুর উৎপত্তি হয়, তথন কোন দর্শক পর্ব্বতাদির উচ্চ শিখর হইতে তাহা দর্শন করিলে, সম্পূর্ণ মণ্ডলাকার দেখিতে পায়। অবস্থিতির স্থানের উচ্চতা ও নিম্নতা অনুসারে প্রত্যেক দর্শকেরই ভিন্ন ভিন্ন আকারের ধনু দেখিবার সম্ভাবনা।

যখন স্থা ও তাহার সমুখন্থ রফিধারা সমস্ত ভাবে অবস্থিতি করে, প্রার তথনি শক্রমতু দৃষ্ট হয়। এই হেতু বশতঃ প্রাতঃকালে পশ্চিমনিকে ও বৈকালে পূর্ব্যদিকে শক্রমতু উদর হয়। কোন কোন সময়ে আকাশপথে উপর্যাধ্যাভাবে ছইটী শক্রমতু দেখিতে পাওয়া যায়। ত্মধ্যে অধঃস্থ ধনুটীর বর্ণ যেমন গাঢ় ও উজ্জ্বল দেখায়, উপরিস্থ ধনুর তাদৃশ দেখায় না। নিম্নের অপেক্ষা উপরের ধনু অনতিক্ষুট ও প্রভাহীন লক্ষিত হইয়া থাকে। রফিকালীন জলবিন্দু সমূহে সৌররশ্বিপাতের ইতর বিশেষ ঘটনাই ইছার প্রধান কারণ। রফিপাত কালে সমুদায় বারিবিন্দু

গুলি স্থ্য ও দর্শকের সমস্থাতে থাকে না, কতকগুলি সমস্থাতের
উপর থাকে, কভক গুলি নিত্রে থাকে এবং কতক গুলি সমস্থাতে থাকে, সতরাং প্র সমুদার বারিবিন্দুতে স্থ্য কিরণ

এক ভাবে পতিত হওয়া কোন ক্রমেই সম্ভব নছে। যে বিন্দু গুলির ঠিক মধ্য বা কিঞ্চিৎ উদ্ধভাগে সৌরকিরণ পতিত হয়, তাহাতে অতি উজ্জ্বল ও পরিষ্কার শত্রুধরু উদ্ভূত হয়, নিমে পতিত হইলে মান ও প্রভাহীন ধনু প্রকাশ পায়। আকাশে इरे भक्ष्यतू উদিত इरेवाइ ७ এरे काइन। यमि मकन রফিধারাতে স্থ্যরশ্মি সমান রূপে পতিত হইত, তাহা হইলে অভিন্ন রূপ একটা অতি প্রশন্ত ধনুই দেখা যাইত। এই হুই ধরুর উপাধ্যধোভাগে কোন সময় অতি মান বর্ণ যুক্ত কতি-পর অতিরিক্ত ধরুও দেখা যায়। অধঃস্থ প্রধান ধরুতে বারলেট, ধুমল, নীল, হরিত, পীত, পাটল, লোহিত এই সাত বর্ণ যথাক্রমে দৃষ্ট হয়। পদার্থ বিজাবিৎ পণ্ডিতের। প্রধান ধনুর প্রত্যেক বর্ণের আয়তন পরীক্ষা করিয়া স্থিত্ত করিয়াছেন যে, উহা ৪০° ১৭´ অপেক্ষা অধিক প্রশস্ত ছইবে না। নিম্নন্থ ধনু অপেক্রা উপরের ধনু দ্বিগুণ বড় এবং উহাতেও পুর্ব্বোল্লিখিত সাত প্রকার বর্ণ দেখা যায়, ইহার मर्था विरागत थरे या, ज्यान्य अनूत मर्क्वा भित्रिकारण या লোহিত বর্ণ থাকে, উদ্ধের ধরুতে সেই বর্ণ নিম্নদেশে দেখা যায়; আর নিমন্থ ধনুর সর্ব্বাধোভাগে যে বাওলেট পুলোর রল দেখা যায়, উপরের ধনুর সর্কোপরি তাহাই দৃষ্ট হয় !

পূর্বতন পণ্ডিতের। শক্রধসুর স্বরূপ সিদ্ধান্ত করিতে পারেন নাই। প্লিনি ও প্লুটার্ক উহার অনেক তথাসুসন্ধান করিয়া, পরিশেষে বিফল-প্রয়ত্ত হইয়া কহিয়াছিলেন বের উহার স্বরূপ নির্বন্ন করা মনুষ্যক্ষমতার অতিরিক্ত। ১৬১২ খ্রীক্টাব্দে এন্টোনিও ডি, ডমিনিস্ অনেক চেক্টার পর ছির করিয়াছেন যে, কোন গোলাকার স্বচ্ছ পদার্থে স্থ্যরিশি পতিত হইলেই শক্রধনুর তার বিবিধ বর্ণের উৎপত্তি হইয়া থাকে। সুর্য্যের সন্মুখে কাচপিও ধারণ করিলেও শক্রধনুর তার বর্ণ দৃষ্ট হয়। ফলতঃ, গোলাকার স্বচ্ছ পদার্থে স্থা-কিরণ বিকীর্ণ হইলে যে শক্রধনুর উৎপত্তি হয়, র্ষ্টিকালে আকাশে ধনুর উদয়ে তাহাই প্রতিপন্ন হইতেছে। উক্ত প্রসিদ্ধ পণ্ডিত প্রথকার প্রণালী অনুসারে ক্রত্রিম শক্রধনু প্রকাশ করিয়াছিলেন, কিন্তু তিনি বিবিধ বর্ণ উৎপত্তির বিষয়ে কিছু শ্বির করিতে পারেন নাই। তৎপরে বিশ্ববিখ্যাত সার আইজাক নিউটন প্রথমতঃ ইউরোপখণ্ডে প্রথমর উৎপন্ন হইবার কারণ প্রকাশ করেন, এবং তদনন্তর অনেক বিজ-লোক উহার অনেক তত্ব আবিকার করিয়াছেন।

## इेक्सभयू।

হে মানব! কর দেখি উদ্ধে বিলোকন,
অতুল সম্পাদ ঐ যে, ভবের আগাগরে,
অন্তরীক্ষে মরি কিবা অপারপ শোর্ভা!
মানস-মোহন যথা বসন্ত কুসুম,
রঞ্জিত বিবিধ বর্ণে। কিন্তা কাচ খণ্ডে,
দেখা যার যদি, সোরকর রাশি, শ্বেড,
শীত, নীল, লোহিত, ধুমল, আর আর

খর্ণ যত পায় প্রভা প্রতিক্ষণ। মরি केका नगरा । (म (य नश्न तक्षन; मानम बक्षन। किया कलात्री, जीमूट হেরিয়া, ছায়রে ! যবে প্রেমানন্দে পুরি বিস্তারি অপুচ্ছ ওচ্ছ, নাচে উদ্ধি পুচ্ছ করি, রবিকর পড়ি তাহার উপরে আবার বাডায় তারে, যেন কোটা কোটা বিবিধ বর্ণের মণি মিলিলে একতা ঝকু ঝকু জুলে। নভে উদিলে চপলা, যথা দশ দিশ তমোহীন দে রূপেতে। হেরে তার রূপ, কেনা চায় তার দিকে? মোহিত না হয় কেবা? তাহার শোভায় ! দে যে শোভা, আছা মরি ভুবনমোহন ! তেমতি হে ইন্দ্রধনু, আলো করি দিকু, গগণে উঠেছ নানা রছে রঞ্জি দেহ, বক্রভাব ধরি। কিছেত উদয় তব বল না আমায়, শুনি সেই বিবরণ, লে কৈ বলে ওছে ধনু বারিবিন্দূপরে পডিলে রবির কর, তোমার উদ্ভব। হয় হেকি তাতে মোর নাহি প্রয়োজন। যে জন অখিলফামী, যাঁহার আজায়, রবি, শশী করে কর দান; সমীরণ, সতত জীবের রাখে প্রাণ; বারি, বহু, জীবের মঙ্গল তরে, তুবন ভিতর,

তক, গুলা, পশু, পশ্দী, সাগর ভূধর,
প্রকাশে যাহার কীর্ত্তি, এ মহীমণ্ডলে।
অপার মহিমা তাঁর, প্রকাশিতে তুমি
ধরিরা মোহন বেশ, সময়ে সময়ে,
দেখা দাও আসি, বুঝি ভবের আগারে।
. এ, গে, ৭৪০

শ্রীজানকীনাথ সরকার। মাটীয়ারি।

#### শিশির।

আমরা সর্বাদা যে নৈস্থিকি ব্যাপার দেখিতে পাই, তাছার কারণ অতি সহজ ভারিয়া তাছাতে বিশেষ মনোযোগ করি না। দিবার পর রাত্রি ও রাত্রির পর দিবা
আপনা আপনই হইয়া থাকে, পৃথিবীর আছ্লিক গতিই
যে তাছার কারণ ইছা স্বিশেষ পর্যালোচনা না করিয়া
নির্দারিত হয় না। সেই রূপ শিশির। আমরা প্রায়
সর্বাদাই শিশির সঞ্চারিত হইতে দেখিতে পাই, স্তরাং
তাছার কারণ অতি সামান্ত বোধ করিয়া তাছার তত্ত্বাবধারণে মনোনিবেশ করিনা। এই নিমিত শিশির সঞ্চারের
বিষয় ইনানীন্তন বিজ্ঞানবিৎ পণ্ডিত্রাণ দ্বারা আন্দোলিত
হইয়া উহার তত্ত্ব নিরূপিত হইয়াছে।

জামরা প্রথমে লিশির সঞ্চারের কারণ নির্দ্দেশ না করিরা, তদ্বিরের অতি প্রাচীনকাল হইতে যে জ্রমাত্তক মত প্রচলিত হুইরা জাসিতেছিল, সংক্রেপে তাহারই উল্লেখ করিতে প্রাচন ত্রীক্ও রোমক পদার্থবিৎ পণ্ডিতগণের এ
বিষয়ে যে রূপ মত ছিল, তাছা শুনিলে একণে সকলেই
হাস্থ করিবেন সন্দেহ নাই। তাঁহারা বলিতেন যে, চন্দ্র ও
নক্ষত্র হইতে এক প্রকার অতি স্ক্রম তরল পদার্থ পতিঁত হয়
তাহাই শিশির। কিন্তু পণ্ডিতবর আরিফটলের মত উহাদিগের অপেক্ষা সমধিক বিশুদ্ধ ছিল। যাহা হউক, উক্ত
বিষয়ে সবিশেষ মনোযোগ করা আবশ্যক বলিয়া ইদানীন্তন
পণ্ডিতগণ তদ্বিয়ে নানা প্রকার পরীক্ষা করিতে আরম্ভ
করেন। তদ্বারা তাঁহারা যাহা দ্বির করিয়াছেন, সম্প্রতি
আমরা তাহারই উল্লেখে প্রেরত হইতেছি।

জনের অবস্থা ছই প্রকার, বাষ্পীয় ও তরল। জল সভাবতঃ তরল অবস্থাতেই থাকে, কেবল তাপ সংযোগে উহার বাষ্পীয় অবস্থা উপস্থিত হয়। বায়ুরাশিতে শুক্ষ বায়ু ও জলীয় বাষ্প এই ছই পদার্থ আছে। কিন্তু এই ছই প্রকার পদার্থ পরস্পার রাসায়নিক অমিশ্র ভাবে অবস্থিতি করে। যদিও অমিশ্র ভাবে অবস্থিতি করে, তথাপি এক নৈসর্গিক নিয়মের অসুসারে এরপে একটি স্থান ব্যাপিয়া থাকে যেন উভয়ে মিলিত হইরাই রহিয়াছে বোধ হয়। বায়ুরাশির জলীয় বাষ্পাৎশের পোষণার্থই জল হইতে নিরস্ভর বাষ্পা উঠিয়া থাকে।

যদি জলের উপরিভাগ কোন রূপ আবরণে আরত না থাকে, তবে সর্ব্ব প্রকার তাপাবছাতেই জল বাষ্পা রূপে। উথিত হয়। অতএব জনারত ছানে জল থাকিলে তাপাব-ছারুসারে তাহা বাষ্পাকারে পরিণত হয়, এবং সেই বাষ্পা

যাবৎ উপরিস্থিত বায়ুরাশিকে আর্দ্র করিতে না পারে, তাবৎ অবিশ্রামে উত্থিত হইয়া বায়ু মধ্যে প্রবেশ করে। যদি কোন দিন দিবা ভাগে বায়ুর তাপাংশ ৭০° বা ৮০° হয়, তবে জল হইতে অধিক পরিমাণে বাষ্প উঠিয়া ঐ বায়ুরাশির মধ্যে প্রবেশ করিয়া উছাকে আদ্র করিবে, কিন্তু প্র দিন রাত্রিতে যদি তাপাংশ ৪০° হয় ও তরিবন্ধন বাররাশি শীতল হইয়া পড়ে, তবে আর জলীয় বাষ্প উছার মধ্যে প্রবেশ করিতে পারিবে না। যে সকল বাজা প্রবেশ করিতে না পারে, তৎসমুদায়ই ঘনীভূত হইয়া শিশিরে পরিণত হয়। একণে ইহা জিজান্ত হইতে পারে যে, কি রূপে বায়রাশি শীতল হয়। সূর্য্য না থাকিলেই যে বায় শীতল হয়, কেহই এমন প্রতিপন্ন করিতে পারেন না। অপরাত্তে বা সন্ধ্যা সময়ে তাপের হ্রাস হইতে পারে বটে, কিন্তু একবারে শীতল হইবার সম্ভাবনা কি। বাস্তবিক বস্তুর তাপবিকিরণ দারাই এ ব্যাপার সম্পন্ন হইয়া থাকে। যদি ত্রইটা ভিন্ন ভিন্ন তাপাবস্থাপন বস্তু পরস্পর সমুখীন থাকে, তাহা হইলে অধিকতর তাপযুক্ত বস্তু হইতে অংশক্ষাকৃত অপ্স তাপবিশিষ্ট বস্তুর উপর তাপ বিক্ষিপ্ত হয়। যেমন সূর্য্য ও পৃথিবী। সূর্য্য অধিকতর তাপযুক্ত, আর পৃথিবী তদপেক্ষা অপ্যতাপ, স্তরাং সূর্য্য ছইতে পৃথিবীর উপর তাপ বিকীর্ণ হইতে থাকে। অতএব দিবাভাগে পৃথিবীর যে অংশ সূর্য্যের · অভিমুখে থাকে, সেই অংশ স্ব্যবিক্ষিপ্ত তাপ গ্রহণ করে এবং তদপেক্ষা স্বস্পতাপ বস্তুর উপর এ গৃহীত তাপ বিকি-্রণ করে। ঐরপ বায়ুও সুর্ব্য হইতে তাপ গ্রহণ ও তদপেকা


শীতল বস্তুর উপর তাপ বিকিরণকরে। কিন্তু আপাততঃ এরপ সন্দেহ উপস্থিত হইতে পারে যে, কেবল উপরিস্থিত বায়ুই অধিকতর উত্তপ্ত ও সমধিক তাপযুক্ত হয়। ফুলতঃ তাহা হয় না। নিম্ন লিখিত ছুইটা যুক্তি দ্বারা ঐ সন্দেহ ছরীভূত হইবে। প্রথমতঃ, উপরিস্থ বায়ু স্বভাবতঃ অতি বিরল, স্বতরাং উত্তপ্ত, অতএব উহা স্থাবিক্ষিপ্ত তাপ গ্রহণ না করিয়া বরং ও তাপ নিম্নন্থ বায়ুস্তরে সঞ্চালন করিয়া দেয়। উহা দ্বারা নিম্নস্থ বায়ু উত্তপ্ত হইয়া উদ্ধ্যামী হয় এবং তরিমন্থ অন্ত এক বায়ুস্তর আদিয়া উহার স্থানে উপস্থিত হয়, ক্রমে তাহাও আবার উত্তাপিত হইয়া উপরে উঠে। এই রূপে বায়ুরাশির সর্ব্ব স্থানই প্রায় সমতাপা-বস্থাপর হইয়া পড়ে। দ্বিতীয়তঃ, পৃথিবী ও অন্তরীক্ষ এই উভয়ের মধ্যে যে তাপ বিকিরণ হইয়া থাকে, তাহাতে পৃথি-বীর উপরিভাগের তাপবাস্থার হ্রাস হয়। কিন্তু উহা দ্বারা বায়ুরাশির তাপাবস্থার রদ্ধি হয় না, বরং দক্ষ নিম্নন্থ বায়ু পৃথিবীতে তাপ বিকিরণ করিয়া শীতল হইয়া পড়ে। তখন উহা আর উপরে উঠিতে পারে না। দিবাভাগে যে সমু-দার বাষ্পা উঠিয়া থাকে, তৎসমুদার আর ঐ শীতল বায়ুতে প্রবেশ করিতে না পারিয়া শিশির রূপে পরিণত হয়।

অনেকে জিজ্ঞাসা করিতে পারেন যে, শিশির রফির সায় ধারাবাহী হইয়া পড়ে না কেন? তাহার উত্তরস্থলে ইহা বলিলেই পর্য্যাপ্ত হইতে পারে যে, যখন জল বাজা রূপে পরিণত হয়, তখন তেজ ঐ বাজোর অন্তর্ভূত থাকে। পরে যখন ঐ বাজা ঘনীভূত হইয়া শিশিরাকার ধারণ করে, তথন উহার অন্তর্ভ তেজ বহির্নত হইয়া বায়্স্তরে প্রবেশ করে, স্তরাং প্র বায়্স্তর উত্তাপিত হইয়া উদ্ধান্মী হয় এবং উদ্ধন্ম অপেকারত শীতল বায়্স্তর অধােগামী হইয়া তাহার ছানে আইমে। প্র স্তর আবার প্র রূপে উষ্ণ হইয়া উপরে উঠে; প্রকার উপরিস্থ বায়্স্তর নিম্নে আইমে। অতএব স্পাইই প্রতীত হইতেছে যে, সর্ব্ব নিম্নস্তরেই শিশির সঞ্চার হয়। যদি উদ্ধন্ম বায়্স্তরে শিশিরের সঞ্চার হইত, তাহা হইলেই ধারাবাহী হইয়া পড়িবার সন্তাবনা থাকিত।

অতি উচ্চ স্থানে যে একবারে শিশির সঞ্চার হয় না
এমত বলা যায় না। দ্রব্যের বিকিরণ শক্তি অনুসারে অতি
উচ্চ স্থানেও শিশির সঞ্চার হইয়া থাকে। যদি এক খান
কাচের মধ্যস্থলে এক খণ্ড টিনের পাত বসান যায়, তাহা

হইলে টিনের পাত শুক্ষ থাকিবে, কাচ খানি শিশিরে আর্দ্র
হইয়া যাইবে। ইহা দেখা গিয়া থাকে যে, সেজের বাহির
অপেকা ভিতরে এবং তাদ্র ফলকের উপর অপেকা নিম্ন
অধিকতর শিশির সঞ্চার হইয়া থাকে ইহার কারণ কি?
বায়ুর অন্থির ভাবই ইহার কারণ। উষ্ণ বায়ু উপরে উঠে
এবং শীতল বায়ু নিম্নে পতিত হয়। আর কাচ ও তাদ্র তাপ
সঞ্চালন করে এবং যত তাপ প্রহণ করে। পুনর্কার উহা
নিম্নন্থ বায়ুরাশি হইতে তাপ প্রহণ করে। পুনর্কার উহা
নিম্নন্থ বায়ুরাশি হইতে তাপ প্রহণ করে, স্তরাং নিম্নন্থ
বায়ু শীতল হইয়া শিশির সঞ্চার করিয়া থাকে।

ঘনারত রাত্রিতে শিশির সঞ্চার হর না কেন জিজ্ঞানিত ছইলে, এই উত্তর প্রদান করিলে বোধ হয় প্রাচকবর্গ সন্তুষ্ট ছইবেন। নির্মাল আকাশে তাপ বিকিরণের কোন প্রতি-বন্ধক থাকে না, স্বতরাং যথোচিত রূপে তাপ বিকীর্ণ ছও-য়াতে শিশির সঞ্চার হইয়া থাকে। কিন্তু নভোমগুল মেঘা-চ্ছন্ন ছইলে, পুথিবী তাপ বিকিরণ করিলে যে পরিমাণে উহার তাপের ব্রাদ হয়, উহা আবার দেই পরিমাণে মেঘ-বিকীর্ণ তাপ গ্রহণ করে, স্বতরাং উহা অতি অপপ পরিমাণে শীতল হয়। এই নিমিত্র শিশির সংখার হয় না। বায় প্রবল ছইলে শিশির সঞ্চার হয় না তাছার কারণ এই যে. কোন এক বায়ন্তর পৃথিবীর উপরে স্থিরভাবে থাকিয়া শীতল হয় না। পৰ্ব্বতশৃদ্ধ অপেক্ষা উপত্যকা ভূমিতে অধিক পরিমাণে শিশির সঞ্চার ছইয়া থাকে। বায়ুর অন্থিরত্ই তাহার এক মাত্র কারণ। সম্ধিক শৈতা ছারা শিশির অধিকতর ঘণীভূত হইলে তাহাকে বরফ কহে। শিশির উদ্ভিজের যেমন মহোপকারী তেমনই বরক আবার অনিটকারী। যদি শিশির সঞ্চার না হইয়া ক্রমাণত বরক ज्याहेक, जाहा इरेल ममस छेस्डिक अकवादा विमर्के इरेश যাইত। কহুণানিধান পরমেশ্বর যে নিয়ম দ্বারা এই অনিষ্ট-কর বরফ হইতে উদ্ভিজ্ঞ রক্ষা করিতেছেদ, তাহা বিশেষ রূপে পর্যালোচনা করা আবশ্রক।



### পদ্ম। নদী।

"কেনো তুমি? গর্বভরে অতিক্রমি তীর, গন্তীর ভীষণ রবে করি হুঁহুঁ ধনি, নিয়ত জীবের কর্ণ করিছ বধির, ভয়াকুল প্রাণ শুনি যার প্রতিধনি।

পর্ব্বতন্ত্রহিত। তুমি, বুঝেছি এখন, পদ্মা তৰ নাম, অতি ভরঙ্কর বেশে প্রচণ্ড আবর্ত্ত কত করিয়া ধারণ, যাও কল কল রবে সাগর উদ্দেশে।

প্রবলরপিণী তব মূরতি ভীষণ!
কত তরি প্রাাসিতেছ সংখ্যা নাহি তার,
বহিত্র চালনে যেই অতি বিচক্ষণ,
হৈরি ভোমা তারো হয় ভয়ের সঞ্চার।

প্রচণ্ড প্রবাহ তব ভীষণ দর্শন!
অবিরত কোলাছলে, মহা কোলাছলে
বিশাল তরঙ্গ বাহু করি উত্তোলন,
ভাঙ্গিতেছে তটদেশ ভয়ানক বলে।

যে তোমায় অয়ি ধুমি! করেনি ঈক্ষণ, শুনি তব কথা কিন্তু পেয়ে অতি, ভয়, মজেষিধ-কৃদ্ধবীষ্য উর্গ মতন, আকুলিত মনে দেও ন্ত্রশির হয়।

### शमाननी ।

কিন্তু নাহি ভাবি আমি, সেই ভয়ম্বর ভাব, যাতে ভীত-মনা হয় জনগণ, -বহু কাল পরে তব শুনি কলস্বর, অপূর্ব্ব ভাবেতে মন হতেছে মগন।

ত্বধ্বরপণী তুমি জন্ম ভূমি-ন্তনে,
সুনির্মাল স্থিধ পায়ঃ করি সদা দান,
ভেদাভেদ জ্ঞান কিছু না ভাবিয়া মনে,
তুষিতেছ জীবকুল, সকলে সমান।

নির্মাল সৈকত তব অঙ্ক চাকতর !
সদা তাহে জীবগণ করিছে বিহার,
সাধারণ ধাতী তুমি সবার উপর,
সমভাবে বিতরিছ, দয়া অনিবার ।

তোমার প্রসাদে হয় স্বভাব স্থলর।
অপরপ ইন্দ্রজাল জান, পদ্মে! তুমি,
তব স্থনির্মল জলে হইয়া উর্বর,
স্থাধুর ফল ফলে হাস্যমতী ভূমি।

কি আর কহিব তোমা অয়ি কলম্বরে !

যাবে যবে পায়ো দিয়া জলধি তুষিতে।

এ মিনতি তার কথা বলিও সাগরে,

যে গাইল তার নাম বঙ্গের সঙ্গীতে"।

## বিছ্যুৎ।

অগ্নিও আলোকের স্থার বিহাৎ এক স্বডঃসিদ্ধ পদার্থ। তাপ যে প্রকার পৃথিবীর পদার্থে বিজ্ঞান আছে, বিহাৎও সেইরপ স্ফির সকল পদার্থে বর্ত্তমান আছে। তাপ যে প্রকার পদার্থের পরমাগুতে অন্তর্হিত থাকে, বিহাৎও সেই প্রকার পদার্থ মাত্রের পরমাগুতে অন্তর্হিত বা অপ্রকট থাকে। যে প্রকারে পদার্থ হাই বা আহত হইলে তাপনিঃস্ত হয়, সে প্রকারে পদার্থ হাই বা আহত অথবা উৎতপ্ত বা অন্ত কোন কারণে অবস্থান্তরিত হইলে বিহাৎ উৎপন্ন হয়।

কতকগুলি পদার্থ আছে যাহা বিহাতের পরিচালক অর্থাৎ বিহাৎ তাহার কোন অংশ স্পর্শ করিলে তৎক্ষণাৎ তাহার সর্ব্বত্র ব্যাপন কুরে; অপর কতকগুলি পদার্থ অপরিচালক অর্থাৎ বিহাৎ তাহার উপর দিয়া চলিতেপারে না। ধাতু, জল, সিক্ত উদ্ভিদ্ প্রভৃতি দ্রব্য সকল পরিচালক, ও কাচ, লাক্ষা, রবর, শুক্ষ বায়ু প্রভৃতি দ্রব্য অপরিচালক। কোন দ্রব্য মর্থা করিলে যে বিহাৎ অন্তর্ভিত অবস্থা ত্যাগ করিয়া পুষ্ট বা ভ্যক্ত হয়, তাহা নিকটে পরিচালক পদার্থ পাইলে, অর্মান চলিয়া যায়, প্রত্যক্ষ হয় না; কিন্তু নিকটে পরিচালক পদার্থ মাধিলে যে দ্রব্য উৎপত্র হয় তাহাতেই থাকে। পরস্তু এক বস্তুতে প্রপ্রকার প্রস্তু বিহাৎ ও নিকটন্ত জন্ম এক বস্তুতে প্রকার প্রস্তু বিহাৎ ও নিকটন্ত জন্ম পদার্থের বিহৃৎ পরস্কারকে আকর্ষণ করে, ও পদার্থ নিকটন্ত হইলে প্রস্তু

বিহাৎ যে পদার্থকৈ আশ্রয় করিয়া থাকে, তাহা হইতে
নিঃসত হইয়া আলোকরপে অপ্রকট-বিহাৎ-বিশিষ্ট অন্ত
পদার্থে পতিত হয়। বিহাতের এক পদার্থ হইতে পদার্থান্তরে
গমন সময়ে আলোক দৃষ্ট হইয়া থাকে। যথন ইহা এক মেঘপিও হইতে অন্ত মেঘপিওে গমন করে, তথন যে আলোক
হয়, তাহাকেই লোকে বিহাৎ কহে। বিহাতের অনেক নাম
আছে, তমধ্যে একটী নাম "তড়িৎ" এবং প্রকট ও অপ্রকট ভেনে ইহাপদার্থবিক্তায় "পুষ্ট তড়িৎ" ও "ক্ষীণ ডড়িৎ"
বলিয়া অভিহিত হয়।

যদি একটা পরিচালক পদার্থ একটা অপরিচালক পদার্থের সহিত একত্রিত, ঘর্ষিত বা রাসায়ণিক নিয়মে দ্রবীভূত হয়, তাহা হইলে বেটা পরিচালক তাহাতেই পুষ্ট তড়িৎ এবং যেটা অপরিচালক তাহাতেই ক্ষীণ তড়িৎ প্রকাশমান হয়।

যে যে বস্তুতে সমানবর্গ তড়িৎ মুক্তভাবে বিজমান থাকে, তাহারা পরস্পর বিযুক্ত হইনা পড়ে, আর যে যে বস্তুতে অসমান বর্ণ তড়িৎ মুক্তভাবে বিজমান থাকে, তাহারা পরস্পর সংযুক্ত হইনা পড়ে।

অভাবতঃ প্রত্যেক বস্তুতেই হুই প্রকার তড়িৎ সাম্যা-বস্থার বিগ্রমান থাকে, কিন্তু যথন কোন বস্তুতে পুষ্ট তড়িতের পরিমাণ অপেক্ষা ক্ষীণ তড়িতের পরিমাণ অধিক হয়, তথন ঐ ক্ষীণ তড়িতের অতিরিক্ত অংশ সেই বস্তুতে মুক্ত বা প্রকাশমান তড়িতের কার্য্য করে। ঐ রূপ যথন কোন বস্তুতে ক্ষীণ তড়িৎ অপেক্ষা পুষ্ট তড়িতের ভাগ অধিক হয়, তখন সেই পুষ্ঠ তড়িতের ঐ অতিরিক্ত অংশ সেই বস্তুতে মুক্তভাবে অবস্থিতি করে। এই মুক্ত তড়িতই যাবতীয় কার্যসাধন করে; ইহাই আকাশ হইতে আসিয়া গৃহাদি ধংশ করে, তারের মধ্য দিয়া বার্তাবহন করে, শরীর পোষণ করে এবং যাবতীয় সংযোগ বিরোগ সাধন করে।

বিহাৎ হুই প্রকারে পরিচালিত হয়, য়থা অন্তঃপরিচালন
ও বহিঃপরিচালন। যে পরিচালক বস্তুর অভ্যন্তরন্থ তড়িংভয় সাম্যাবন্থায় রহিয়াছে, তাহার নিকটে যদি মুক্ত তড়িংবিশিষ্ট একটা বস্তুকে আনিয়া ছাপন করা যায়, তাহা হইলে
ঐ পরিচালক বস্তুর তড়িং ভয় পরস্পর বিযুক্ত হইয়া উহার
প্রাস্তাভিমুখে গমন করে; তম্মধ্যে যেটা উক্ত মুক্ত তড়িতের
অসমানবর্ণ, তাহা তদভিমুখীন প্রাস্তে এবং যেটা উহার সমান
বর্ণ, তাহা অপর প্রান্তে উপুনীত হয়। অপরস্ত ঐ বস্তুর
সাম্যাবন্থ তড়িং ভয় বিয়ুক্ত হইয়া বিপরীত দিকে গমন
করিলে, ঐ মুক্ত তড়িং ও তদারুই অসমান বর্ণ টীর মধ্যে
একটা আপন অবস্থান পদার্থ ত্যাগ করিয়া অন্তানির
নহিত যাইয়া মিলিত হয়, এবং তাহাতে উভয়েই সাম্যাবন্থা প্রাপ্ত হয়। এইরপ পরিচালনকে বহিঃপরিচালন
বন্ধা যায়। এই বহিঃপরিচালনকে অন্তঃপরিচালনের চরমাব্রা বলিলেই উপযুক্ত হয়।

যদি হুই প্রকার তড়িং হুইটা বস্তুর সমানরপ প্রাত্তে থাকিয়া পরস্পার আকর্ষণ করিতে থাকে, ভাছা হইলে যে তড়িংটা প্রবল, সেইটা আপন আত্রয়ভূত প্রান্ত হইতে অপ্রসর ছইয়া মধ্যবর্তী বায়ু ভেদ করত: অপর্তীর সহিত মিলিত ছয়। কিন্তু যদি আ হুইটী প্রান্তের মধ্যে একটী স্থুলতর এবং অপরটী স্থানতর হয় এবং যদি হুইটী বস্তুই তুলারপ পরি-চালক হয়, তবে স্থুলাঅস্থিত তড়িং প্রবলতর হইলেও অপ্রায় হইতে পারে না। এম্বলে স্থানাআস্থিত তড়িংটী আপন আধার হইতে স্থালিত হয়। পিত্তলনির্মিত্যকটী গোলা আর একটা স্থানি ই মুয়ের মধ্যে গোলাটাতে প্রবলতর তড়িং থাকিলেও, স্চ্যাপ্রান্থিত তড়িং অপ্রায় হইয়া গোলাম্বিত তড়িংতর সহিত মিলিত হয়।

হুইটা অসমপরিচালক পদার্থ (তাত্র ও দন্তা) কিয়ৎপরি-মাণ জল ও অম প্রভৃতি কোন দ্রবকারক পদার্থের মধ্যে নিমগ্ন করিয়া রাখিলে হুই প্রকার তড়িংই উদ্ভূত হয়। এই রূপ যন্ত্রকে রাসায়নিক তড়িংখন্ত্র বলে; কিন্তু প্র যন্ত্রের হুইটা পরিচালক পদার্থের সহিত যে হুইটা ধাতুর তার সংযুক্ত থাকে, তাহাদিগের বহিঃপ্রান্ত পরস্পর সংস্পৃষ্ট না হুইলে প্র যন্ত্রের মধ্যে তড়িতোংপত্তি হয় না।

বিহাৎ জগতের সকল পদার্থে বিজ্ঞমান আছে, স্তরাং সর্বার উহার প্রভাব দেখা যার, কিন্তু বড় রাষ্ট্রির সমর উহার প্রাহুর্ভাব সর্বার তুলা হয় না। উষ্ণ দেশে উহার যে প্রকার প্রভাব, শীত-প্রধান দেশে উহার তালৃশ রন্ধি দেখা যার না; কিন্তু তথার বিহাৎ অপ্প আছে এমত নহে, সর্বারই সমান পরিমাণে আছে, কেবল বিবিধ নৈস্থিকি কারণে তাহাবিভিন্ন প্রকারে ব্যক্ত হয়। লাপ্লও প্রভৃতি শীতপ্রধান দেশে একপ্রকার জ্যোতিঃ নভোমগুলে ব্যক্ত হয়, তাহা

প্রকৃত বিস্তৃতি, কিন্তু তাহা এতদ্দেশীয় বিস্তৃতের স্থায় চঞ্চল না হইয়া স্থিরসৌদামিনীবৎ আকাশের কিয়দেশ ব্যাপিয়া থাকে। বিদাতে ইহাকে "অরোরা বোরিএলিস কছে।

মেঘ বারিবিন্দ্র সমষ্টিমাত্র। বিহ্নতের প্রভাবে এই বারিবিন্দ্র সকল মেঘাকারে থাকে। মেঘপিগু সকলের ঘর্ষণ ও আহননে ঐ তড়িৎ পুষ্ট হইরা নির্গত হইলে, বারিবিন্দু আর মেঘরপে থাকিতে পারে না, স্তরাং রফিরপে নিপতিত হয়। ফলতঃ, বিহাৎ নির্গমনই রফির এক প্রধান কারণ। কিন্তু সকল সময়ে ঐ নির্গমন প্রত্যক্ষ হয় না, যেহেতু মেঘপিণ্ডের নিকট শুষ্ক বায়ু থাকিলে বিহাৎ আলোকরপে নির্গত হয়, কিন্তু শিক্ত বায়ু থাকিলে গোপনে পরিচালিত হয়, প্রত্যক্ষ হয় না। বিহাৎ জ্যোতিঃরপে এক পদার্থ হইতে পদার্থান্তরে যখন গ্রমন করে, তখন বায়ুর উপর তাহার প্রতিঘাত দ্বারা শব্দ উৎপন্ন হইয়া থাকে। মেঘে কোন প্রকার মুক্ত তড়িতের আবির্ভাব নিবন্ধন হচাৎ অত্যন্ত শৈত্য উচুত হইলে বাজারাশি জমিয়া শিলারপ ধারণ করতঃ ভূপৃঠে পতিত হয়।

বজ্ঞ বিদ্রাৎ হইতে স্বতন্ত্র পদার্থ নহে। উপরে যে শব্দের
কথা লেখা হইল তাহাই বজ্ঞ। বিহাৎ এক মেঘ হইতে অহ্য
মেঘে প্রবেশ না করিলে, যখন উহা পৃথিবী দারা আক্রই
হয়, তখন দেই বিহাতের পতন ও শব্দকে লোকে "বক্ত্র"
কহে। নিকট্ম কুকল মেঘপিতে তুল্য পরিমাণে পুষ্ঠতড়িৎ
খাকিলে, তাহা পৃথিবীর ক্ষীণ তড়িৎ দারা আক্রই হইয়া
ভাত্তি প্তিত হয়, বজ্ঞাঘাতের এই এক মাত্র কারণ। যে যে

পদার্থ পৃষ্ঠ বিহ্নাদিশিক মেঘের নিকটে থাকে, তাহাতে অধিক বক্ত পতন হইবার সম্ভাবনা। নিম্ন অপেক্ষা উচ্চপদা-র্থেই অধিক বক্ত পড়ে, এপ্রযুক্ত তাল নারিকেলাদি রক্ষে যত বিহুৎ পড়ে তত আর কোন পদার্থে পড়ে না। একতালা গৃহ অপেক্ষা হুই তালা গৃহে অধিক বক্ত পড়ে, এবং হুই তালা অপেক্ষা তিনতালায় অধিক পড়ে। অপর, অপরিচালক পদার্থাপেক্ষা পরিচালক পদার্থে তাড়িতের আকর্ষণ অধিক, স্তরাং ইফক গৃহাপেক্ষা লৌহাদি গৃহে অধিক বক্ত পড়িবার সন্তাবনা।

বজ্ঞভয়-নিবারণের জন্ম বাজবন্ধ লৌহশলাকাই প্রশস্থ, যেহেতুক লৌহ পরিচালক, এবং সেই শলাকার স্থন্ধাঞা দারা মেঘস্থ পুট তড়িৎ গোপনে ভূমিতে নীত হয়, বজ্ঞধনি বাটার কোন অনিষ্ঠ করে না। লৌহশলাকা বাটার সর্ব্বোচ্চ স্থানে সংলগ্ন করা উচিত। শলাকার অঞ্জভাগটা বাটার শিখরদেশ হইতে অভাবতঃ পাঁচ হাত উচ্চ থাকা উচিত। লৌহশলাকার যে অঞা আকাশদেশে থাকিবে, তাহা স্থন্ম করা বিধেয়; তাহা স্থল গোলাকার হইলে বজ্ঞাঘাতের আপৎ অধিক ঘটিবার সম্ভাবনা। ঐ শলাকার যে প্রান্ত ভূমিতে প্রোথিত হইবে, তাহা ভূমির ত্রই হস্ত নিম্ন অবধি পোতা কর্ত্তব্য নহে, যাহাতে তাহা প্রাচীরের সর্ব্বত্ত সম্ভাবর থাকে এমত করা কর্তব্য, ও মধ্যে মধ্যে লোহ বন্ধন হারা তাহা প্রাচীরে আবন্ধ করা উচিত।

তড়িতের যে যে ধর্ম পূর্বের উল্লিখিত হইরাছে, চুহ্নকেও প্রায় দেই দকল ধর্ম নির্দ্ধিন্ত আছে। চুহ্নকণণ্ডের এক প্রান্তকে উত্তর এবং অপরিটাকে দক্ষিণ প্রান্ত বলা যায়; কারণ দণ্ড শারিতভাবে আলের উপর ছাপিত হইলে, একটা প্রান্ত নির্ভই উত্তর এবং অপরিটা নির্ভই দক্ষিণ-দিক্ নির্দেশ করিতে থাকে। যদি হইটা চুহ্নকণ্ড পরস্পর সন্নিকটে ছাপিত হয়, তাহা হইলে হইটা দণ্ডের মজাতীয় প্রান্তমন বিকর্ষণ বশতঃ বিযুক্ত এবং বিজাতীয় প্রান্তমন্ন আকর্ষণ বশতঃ সংযুক্ত হয়।

যদি হইটা চুম্বনতের অসমান বর্ণ প্রান্তরর পরস্পার সংস্পৃষ্টভাবে রক্ষিত হর, তাহা হইলে উভয়েরই চুম্বনশক্তি স্থির থাকে, কিন্তু যদি তাহাদিগের সমানবর্ণ প্রান্তর্মর কিছু দিন সংস্পৃষ্টভাবে থাকে, তাহা হইলে যে বিকর্ষণ বেগ উৎপন্ন হর, তাহা দ্বারা উভয়েরই চুম্বক্ত নফ্ট হইয়া যায়। চুম্বকদণ্ডকে অগ্নিতাপে তপ্ত ক্রিলেওতাহার শক্তি নফ্ট হয়।

চুষকের হই প্রান্তেই আকর্ষণ ও বিকর্ষণ গুণ প্রবল। প্রান্ত পরিত্যাগ করিয়া বতই মধ্যছান অভিমুখে যাওয়া যায়, ততই উক্ত গুণদ্বের লাঘব লক্ষিত হয়। পৃথিবীতে যথেই চুষক-ধর্ম আছে। লোহ ও কয়লা প্রভৃতি অনেক প্রকার পাদার্ঘ ইহার সংস্পর্শে চুছকত্ব প্রাপ্ত হইয়া থাকে। ইহার যে উত্তর ও দক্ষিণ প্রাপ্ত আছে, তাহাদিগের আকর্ষণ ও বিকর্ষণ বলেই ঘাবতীর চুষক দও আলের উপর শায়িত ভাবে ছাপিত হইলে উত্তর ও দক্ষিণ দেশ নির্দেশ ক্লরিতে থাকে। দিক্প্রদর্শক যুদ্ভের মধ্যে যে চুষকশলাকা আছে, তাহার উত্তর প্রাস্ত পৃথিবীর দক্ষিণ প্রাস্ত দ্বারা এবং দক্ষিণ প্রাস্ত পৃথিবীর উত্তর প্রাস্ত দারা আরুট হয় বলিয়াই তাহা দিক্প্রদর্শক হইয়াছে।

## যুদ্ধকালে কর্ণের উৎসাহ বাক্য।

জুৰ্য্যাধন ভূমতির শুনিয়া বচন। কহিতে লাগিল তবে বীর বৈকর্ত্তন । মলিন বদন কেন দেখি সব রখি। আচার্য্যের বাক্যে বুঝি হৈল ছন্ত্রমতি॥ না জানহ ইতিমধ্যে আছে কর্ণ বীর। কার শক্তি মোর আগে যুদ্ধে ছবে ছির॥ কিলা জামদগ্র রাম কিলা বক্তপাণি। কিষা বাস্তদেব সহ আস্ক কাল্পনি॥ বধিব সকল আমি একা ভুজবলে। সমুদ্র লছরি যেন রক্ষা করে কুলে। ভাগ্যে যদি থাকে তবে হইবে কিরীটী। প্রথমে বানরগ্রজ ফেলাইব কাটি॥ থও খণ্ড করিব ধবল চারি হর। দশদিকে যুড়িয়া করিব অন্ত্রময়। বিজয় ধরুক মম বিখ্যাত জগতে। দিব্য অন্ত্র দিল মোরে রাম ভৃগুনাংখ। পাত্তব অনলে সদা হঃখী হুর্য্যোধন। সে হঃখ মিত্রের আজি করিব খণ্ডন।

কণটিয়া পার্থের মুগু অথ্যে দিব ডালি।
নিক্ষণকৈ রাজ্য ভূঞা নাছি শক্ত শলী।
একেশ্বর আজি আমি করিব সমর।
সবে যাব গবী লয়ে ছন্তিনা নগর।
অথবা দেখহ যুদ্ধ অন্তরে থাকিনা।
ভূষ্য আক্রাদিব আজি বাণ বরষিয়া। মঃ ভাঃ

### ভূমিকম্প।

ভূতত্বিৎ পণ্ডিতেরা নির্দ্ধারণ করিরাছেন যে, তাপ বাস্থালা প্রযুক্ত পৃথিবীর অভ্যন্তর ভাগ তরল হইরা আছে। ইহার উপরিভাগ মাত্র কঠিন এবং সেই কঠিন ভাগের উপরি সমুদ্র, বন, সাগর, নদী প্রভৃতি সমুদার অবস্থিত রহিরাছে। যদি কোন কারণে পৃথিবীর অভ্যন্তরক্ত প্রতরল পদার্থের কোন অংশ উচ্ছনিত হইরা আন্দোলিত হয়, তবে প্র অংশের উপরিস্থিত কঠিন ভাগও বলপূর্বক উত্তোলিত হইবে এবং সেই স্থানের চতুর্দ্দিক উর্ঘিমান হইয়া বিলোড়িত হইতে থাকিবে। পৃথিবীর অভ্যন্তরক্ত উক্ত তরল পদার্থে কোন কারণে জলসংযুক্ত হইলেই বাস্প জন্মে, সেই বাস্প উদ্যাত হইবার চেফা করে, ভাহাতে উর্দ্ধনিকে আঘাত হয় এবং সেই আঘাতের বলেই পৃথিবীর উপরিভাগ একস্থানে ক্ষীত হইয়া উঠে এবং ভাহার চতুর্দ্দিকে ভূমিকম্প জন্মে। রসায়নবিৎ পণ্ডিভেরা কহেন, চূর্ণ বীজ্ঞ, ক্ষার বীজ, মৃদবীজ প্রভৃতি কতক্ণপ্রলি ধাতুবিশেষ পৃথিবীর অভ্যন্তরে নিহিত আছে, তাহাতে জলের স্পর্শ হইলেই অগ্নির উৎপত্তি হয়, ও দেই অগ্নি তত্ত্য প্রস্তর-মৃত্তিকাদি পদার্থকে দ্রবীভূত করে, এবং ঐ দ্রবপদার্থ সমস্ত বিস্তারিত ও পরস্পর ঘর্ষিত ও বিলোড়িত হইয়া ভূমিকে কম্পিত করে ও স্থানে স্থানে প্রস্কুটিত হইয়া আংগ্রেয় গিরির উৎপাদনকরে। লোহচূর্ণ ও গন্ধক যৎকিঞ্চিৎ জলের সহিত মিশ্রিত করত মৃত্তিকা মধ্যে প্রোথিত করিয়া রাখিলে অম্প ক্ষণ মধ্যে সেই পদার্থের প্রস্কোট হইয়া তত্রতা চতুর্দিগবর্তী ভূমিকে কম্পিত করে। এই ঘটনাদ্ধ্টে কোন কোন রসায়নবেতা কম্পনা করেন যে, গন্ধকমিশ্রিত লোহের খনিতে জল নিপ্তিত হইলে প্রস্তা-বিত উপদ্রব সমুৎপন্ন হয়।

সংস্কৃত ''অভুত সাগার" নামক জ্যোতিষ সংহিতা শাস্ত্রের । মতে পৃথিবীস্থ নানা ধাতুর সহিত স্থারশার সংযোগাধীন কখন কখন দেশ বিশেষে ভূমিকম্প হইয়া থাকে।

ভূমিকম্প কেমন সময়ে হয় তাহার সবিশেষ অবধারিত হয় নাই। এ পর্যন্ত যত ভূমিকম্পের বিবরণ পাওয়া নিরাছে, তদারা প্রতীতি হয় যে, প্রায়ই অমাবস্থা এবং পূর্নিমা তিথিকে লক্ষ করিয়া ভূমিকম্প সমস্ত ঘটয়া থাকে; কিন্তু ইহা বলিয়া অন্ত সময়ে যে ভূমিকম্প হয় না এমত নহে। ভূমিকম্পের কালের বিষয়ে অপর একটা ব্যাপার জানা নিয়াছে, উহা অধিকাংশ শীত ঋতুতে অর্থাৎ কার্ত্তিক মাস হইতে চৈত্র মাস পর্যান্ত এই হয় মাসের মধ্যে ঘটয়া থাকে। আরও চমৎকারের বিষয় এই যে, নিরক্ষ রত্তের দক্ষিণে যথায় ঐ কয়েক মাস গ্রীদ্বের আধিকা, তথায় উল্লিখিত

माम अर्भका अभन्न हन्न मारमहे, अर्थार देवनाथ इहेटड व्याचिम मान शरील धरे इस मात्मस मत्या व्यक्ति मश्याक ভূমিকম্পের ঘটনা হইয়া থাকে। ভূমিকম্পের কাল্সযন্ত্রে অপর একটা কথা এই যে, প্রায় একশত বংসর অন্তর এবং প্রতি শতাব্দীর মধ্যভাগে অতি প্রবলতর এবং পরম অপ-কারক ভূমিকলা সমস্ত সংঘটন হয়। ১৫৫০ খ্রীফারে ভূমধ্য-সাগারে প্রবল ভূমিকম্প হইরাছিল। ১৫৫২ খ্রীষ্টাবে চীন एएटम **ए**त्रक्षत कृषिकम्म इटेग्न'किल । ১१৫৫ श्रीकीटम निम्दम নগরে ভরঙ্কর ভূমিকম্পা হইরাছিল। ১৮৫৩ খ্রীফাব্দে রিও-বাষা নগরে ভয়ানক ভূমিকম্প হয়, এতদারা পর্বত মূলন্থিত আমের মনুষ্য পশ্বাদি পর্ব্বোতোপরি উৎক্ষিত হইয়াছিল। ১৮৫৯ খ্রীফ্টান্সে কুইটো ও রিওবাছা নগর ৪০০০০ মনুষ্য-সহিত উক্ত কারণে এককালে ভূমিসম হইয়াছিল। ১৮৬৮ খ্রী-ফীদে কারাকন্ নগর দাদশসহত্র প্রাণীসহিত প্রতাপৎ কর্ত্তক বিনষ্ট হয়। লাইসা নগর ভূমিকম্প দারা পঞ্চাশৎ वरमत गर्धा इहेरात विमर्के हता। जिलि मिटण कल्लिश्मम् নগর ১২০ বৎসরের মধ্যে ভূমি কম্পে তিনবার উৎসর ब्हेग्राट्ड ।

ভূমিক পারার যে কেবল গৃহাদি বিনষ্ট হয় এমত নহে,
নগরাদির ভূভাগ পর্যান্ত ওতপ্লোত হইয়া পঞ্জে পৃথিবী
ছানে ছানে ক্ষুটিত হয়, প্রাচীম জলোৎস সকল বিলুপ্ত
হয়, তৃতম ছান হইতে উৎস সকল নির্গত হয়। প্রায়ক্ত
ক্ষুটিত ছান হইতে জল, বাষ্পা, কর্মন, ধৃম, ধাতুমি প্রবাদি
পদার্থ অতি দূরে নিক্ষিপ্ত হয়। কথিত আছে, ইটালী

প্রদেশে ভূমিকম্প দারা হরুলেনিয়ম ও পম্পেয়াই
নগর বিংশতি হস্ত-মৃতিকার নিমে প্রোধিত হইয়াছিল।
ইংরাজি ১৮২২ অবে চিলি দেশের বাল্পরাসি নগরের
উত্তর ২৫ ক্রোণ ভূমি চুই হস্ত উদ্রে উৎক্ষিপ্ত হইয়াছিল।
প্রায় ৪০ বৎসর হইল, কচ্ছ দেশে যে ভয়ানক ভূমিকম্প হয়, তাছাতে উক্ত নগর সমিহিত নদীর গর্ভ ২০ কুট
নিময় হইয়া যায়, আর তদ্যারা ভূজনামা নগর ও তাছার
চতুর্দিগবর্তী ভূমি নিময় হইয়া রয় নামক হলে পরিণত হয়,
ও তাছার এক ভাগে ৫০ ক্রোণ স্থান অতি উচ্চ হইয়া
উঠিয়াছিল।

পারীকা দ্বারা দ্বিরীক্ত হইরাছে যে, ভূমিকম্পন তিন
প্রকার, উৎক্ষিপ্ত কম্পন, উর্মিবৎ কম্পন ও ঘূর্নিত কম্পন।
উৎক্ষিপ্ত কম্পনে বাধ হয় যেন ভূমি উর্ম্নে উৎক্ষিপ্ত হইল।
উর্মিবৎ কম্পনে ভূমি জল-তরজের স্থায় বিচলিত হয়,
সামান্ত ভূমিকম্প প্রায় এই প্রকারেই হইয়াথাকে; এবং
ঘূর্নিত বা অর্দ্ধ ঘূর্নিত কম্পনে গৃহ, রক্ষ ক্ষেত্রাদির ছান
পারিবর্তন হইয়া যায়। ইহাও নির্মারিত হইয়াছে যে, যত
ভূমিকম্প হয়, সকলেরই কেন্দ্র একটা আয়েয় গিরি, অথবা
অয়েয় গিরির প্রদেশ এবং ভূমিকম্প প্র প্রদেশ হইতে
আরম্ভ হইলা চতুর্দ্ধিকে গমনকরে। বঙ্গদেশ যে ভূমিকম্প হয়,
তাহার কেন্দ্রছান জাবা দ্বীপে। প্র দ্বীপের অয়ুৎপাত হয়,
সেই সময়ে আমাদিগের দেশপর্যন্ত কাঁপিয়া উঠে। এই
জন্তই এই দেশের ভূমিকম্প পূর্বাদিক হইতেই সঞ্চারিত

ইইয়া থাকে। রাস্থানে যে ভূমিকম্প ইইয়াছিল তাহা জাবা দ্বীপ ইইতে সমাগত ইইয়াছিল, কিন্তু পোলোয়রের ভূমি কম্পের কেন্দ্র তাহার দক্ষিণপশ্চিম ভাগে অবস্থিত। ঐ গতির বা কম্পোর্মির বেগ কোন কোন স্থলে পরিমাণ করা গিয়াছে। কোথাও কোথাও উহা প্রতি মিনিটে ১৬ মাইল পথ গমন করে। ভূমিকম্পের গতি সর্বাদা এক প্রকার হয় না, কথন কখন স্থির সলিলে লোই নিক্ষেপ করিলে যে তরন্ধ উৎপন্ন হয়, তজ্ঞপ সর্বাদ্র সমভাবে বিস্তৃত হয়। কখন বা ইহার গতি অণ্ডাকারে পরিব্যাপ্ত হয়, এবং কখন কখন উহা অম্প পরিসর অতি দীর্ঘ স্থান ব্যাপিয়া একদিগো অপ্রাণামী হয়।

ভূমিকম্পের স্থিতিকাল অত্যপ্প, বিশেষতঃ ভূমিকম্প যত প্রবল, তাহার স্থিতি ততই অপ্প হয়। অত্যন্ত ভয়স্কর কম্পান এক বিপাল কালের মধ্যেই নিরস্ত হয়। কোন কোন স্থলে ভূমি কিয়ৎকাল আন্তে আস্থে কম্পিত হইয়া পরে এক বার অতি সবলে কম্পিত হয়, কিন্তু অত্যন্ত অনিষ্টকর ভূমিকম্প এককালেই ঘটিয়া থাকে, তৎপুর্বে প্রায় কোন স্থপে কম্পান হয় না। ভূমিকম্পনের সময়ে পৃথিবীর মধ্যে গভীর ধনি হয়া থাকে। উক্ত ধনি মেঘের গর্জনবৎ কিম্বা দ্রাগত কামানের ধনির তার বোধ হয়। ভূমিকম্পানের সকল সময়ে যে শব্দ ভাত হয় এমত নহে,কোন কোন ভূমিকম্পে শব্দ ভাত হয় না, অপর কোন কোন স্থলে পৃথিবীর গর্ভে পুনঃ পুনঃ অতি ভীম নিনাদ আকর্নিত হইয়াছে, অথচ তৎসহ কোন ভূমিকম্পের সম্ভব হয় নাই। ইতিরত পাঠে ইছাই উপলক্ষ

হয় যে, পৃথিবীর পূর্ব্বান্ধের সর্ব্বেই ভূমিকক্ষাব্যাপার প্রায় সমান সংখ্যায় ঘটিয়া থাকে। এই উনবিংশ শতাব্দীর প্রথমার্দ্ধে ইউরোপে যে যে দেশে যতবার ভূমিকক্ষা •হইয়া গিয়াছে, তাহা নিম্নে উল্লিখিত ইইল। স্ইজর্ল ও এবং রীণ নদীর আবাহিকা মধ্যে ১৭০ বার; ব্রীটিন্ বীপপ্রজ্ঞে ১১০ বার; নরওয়ে, স্ইডেন্ ও আইসলও মধ্যে ১১০ বার; ফ্রাক্স, বেল্জিয়ম্ এবং হলও মধ্যে২১১ বার, ক্ষেইন্ এবং পটু গোলের মধ্যে ৮৫ বার; ডেমুব নদীর আবাহিকা মধ্যে ৪৭৮ বার; গ্রীস্ এবং সিরিয়ার মধ্যে ১৫০ বার।

পৃথিবীর পশ্চিমার্দ্দের বিভিন্ন দেশে ভূমিকম্প সংখ্যার অন্তরতা ইছা অপেকা অনেক অধিক ছর। ঐ সময়ে অর্থাৎ এই শতাকীর প্রথমার্দ্দের মধ্যে কানেডা এবং ইউনাইটেড্ দেশে ৫১ বার, মেক্লিকো এবং মধ্য-আমেরিকার ৩০ বার; আণ্টিলী দ্বীপপুঞ্জে ১৮৫ বার; চিলি এবং লাশ্লেটা দ্বীপ-পুঞ্জে ১৭৫ বার ভূমিকম্প ইইয়াছে।

যদিও তিরং দেশীর ভূমিকম্পের সংখ্যা পরস্পর নিডান্ত বিভিন্ন না হউক, তথাপি দেশভেদে উহার প্রাবদ্যের অত্যন্ত তারতম্য হইরা থাকে। আইসলণ্ড, প্রেইন, পটু-গোল, ইটালির দক্ষিণাংশ, ভূমধ্যসাগরের পূর্বদেশ, কালি-কর্নিরার দক্ষিণদিকস্থ প্রশান্ত মহাসাগরের সমুদার উপকুল এবং প্রশান্ত মহাসাগরের পূর্ব পাক্ষিম উভয় উপকুল সমু-দার এই সকল স্থানে ভূমিকম্পের প্রাবদ্য অধিক।

# প্রমীলা বীররদে উদ্দীপ্ত হইয়া বীরস্ত্রীর ন্যায় উৎসাহ বাক্য প্রদান করিতেছে।

"পশিব নগাব: বিকট কটক কাটি, জিনি ভুজ বলে, त्रमुट्यक, ध প্রতিজ্ঞা, বীরাঙ্গনা, মম, নতুবা মরিব রণে—যা থাকে কপালে! मानवकूल-मख्या आमरा मानवी; দানবকলের বিধি বধিতে সমরে। দ্বিত শোণিত—নদে, নতুবা ডুবিতে। जाश्दत श्रतित्ना मधु ; श्रतन त्नांहरन, অশ্মরা; নাহি কি বল এ ভুজ মৃণালে ! চল সবে ছেরি রাখবের বীরপনা। দেখিব, যেরূপ দেখি শূর্পণখা পিসী, मा जिला मनन मत्म शक्षवी वतन. দেখিব লক্ষণ শূরে নাগপাল দিয়া, ্বাধি লব বিভীষণে রক্ষঃ কুলাজারে, দলিব বিপক্ষ দল মাতজিনী যথা নলবন। তোমরা লো বিহাৎ আকৃতি; বিচ্যতের গতি চল পড়ি অরি মাঝে! - नामिल सामय बाला छ्ल्कांत्र द्राटन, , माउनिनी गृथ यथा मछ मधुकारन ! र्यू अमेनिनी मधी ( हेवाहला धनी !) কোদও টকারি রোবে কহিলা ত্কারে,

कि भी अ जान (इशे (जात मीजानारथ— वर्मत ; (क ग्रांट (जात जूरे मू अजीती! नाहि माति ज्ञ भाता (जात मम जर्म, हेन्द्रात ! म्थान मह मिश्ही कि विवादन! निम्न होड़ि ; श्रांन नात भना वनवामी। कि कम विध्या (जात जाताव ? या ग्रीन ; जाक मीजानार्थ (हथा, नक्ष्मण शेक्द्रत, लोकम-कून-कनक, जाक विजीवरण! जातमम हेल्डिंड श्रीमना सम्मती भंद्री जांत ; वाहबरन श्रांतिय श्रंव नक्षांभूरत भंजिभन भूक्षित्ज यूवजी! (कान त्यांथ माधा, मृष्ट (वाधित्ज जांहारत!

# সৌর জগৎ।

অধুনতিন ইউরোপীর জ্যোতির্বিদের। এই অথগুনীর দিকান্ত করিরাছেন বে, ব্রন্ধাণ্ডের যে খণ্ডে আমরা বাস করি, স্থ্য তাহার কেন্দ্র অর্থাৎ মধ্যবর্তী। আর কতকগুলিন গ্রহ, উপগ্রহণ ধূমকেতু তাহার চতুর্দিকে নিয়ত পরিভ্রমণ করে। স্থ্য গ্রহ মধ্যে পরিগণিত নহে; যাহারা স্থ্যের চতুর্দিকে পরিভ্রমণ করে তাহারাই গ্রহ। পৃধিবীও বুধ, শুক্র প্রভৃতি গ্রহের স্থায় যথা নির্মে স্থ্যের চতুর্দিকে পরিভ্রমণ করে, এই নিমিত উহাও গ্রহ মধ্যে পরিগণিত। আর যাহার। কোন আহের চতুর্দিকে পরিভ্রমণ করে তাহাদিগকে উপএছ ও দেই দেই আহের পারিপার্শিক বলে। চন্দ্র পৃথি-বীর চতুর্দিকে পরিভ্রমণ করে, এই নিমিত্ত চন্দ্র শুভত্ত এহ নহে, ইহা এক উপএছ, পৃথিবী আহের পারিপার্শিক মাত্র। এই এছ ও উপএছ ব্যতীত শতাধিক ধূমকেতু অতি

এই এই ও পশ্রহ ব্যত্তি শতাধিক ধূমকৈ বু আত প্রচণ্ড বেণো স্থ্যকে পরিভ্রমণ করে। স্থ্য স্থারং জ্যোতি-মান্, আর এই উপএই প্রভৃতি যে সমুদায় লোক স্থ্যকে পরিভ্রমণ করে, ভাহারা স্থাং জ্যোতির্বিশিক্ট নহে, স্থ্যের আলোকপাত দ্বারা ঐ রপ প্রতীয়মান হয়। এমন মনো-হর যে চন্দ্র দেও স্থ্যের কিরণ প্রাপ্ত না হইলে তাহার কিছু মাত্র শোভা থাকিত না।

হ্র্য ও তাহার চতুর্দিকে যে সমস্ত গ্রহ, উপগ্রহ ও ধূমকেতুর্গণ পরিভ্রমণ করে তৎসমুদারকে সেরিজ্ঞাৎ বলা
যার। গ্রহণণ যেমন হ্র্যুকে পরিভ্রমণ করে, হ্র্যুও দেইরপ
সমুদার গ্রহ, উপগ্রহ ও ধূমকেতুকে সমভিব্যাহারে করিয়া
অন্য এক নক্ষরকে পরিভ্রমণ করে। এই পৃথিবী ও গ্রহণণের
সহস্কে যেমন হ্র্যু, হ্র্যের সহস্কে দেই নক্ষরও তজপ।
সমুদার সেরিজ্ঞাৎ অবিভ্রান্ত প্রচণ্ড বেগে চলিতেছে নিমেবের নিমিত্ত হির নহে। ইয়ুরোপীয় ইদানীস্তন জ্যোতিবিদ্যো প্রার এক প্রকার হির করিয়াছেন যে, যে সকল
নক্ষরের প্রভা চঞ্চল তাহারা এক এক হ্র্যু, অর্থাৎ হ্র্যুসম
একএক জ্যোতিক, নিজে তেজোময় এবং একএক জ্যাতের
কেক্ষভ্ত। এই অপরিচ্ছিন্ন বিশ্ব মধ্যে আমাদের এই সৌর
ক্র্যুত্র স্থায় কত জ্যাৎ আছে, তাহার ইয়তা করা কাহা-

রও সাধ্যনতে, এবং উছারা সেই মঙ্গল অরপু বিশ্বপাতার প্রশাসনে অত্য স্থানে নিয়ত কাল স্থিতি করিতেছি; কণা-মাত্র তাঁহার নিয়দের বহিতুতি হইতে পারে না।

## मधाङ्ग मृधा । भनामाना ।

এখন উঠিয়া রবি মাথার উপর। বরিষিচ গার্বে বুঝি থরতর কর। নীচের স্বভাব তব উচ্চ পদ পেয়ে। আপনার পরিণাম নাহি দেখ চেয়ে । नीव शत अधि करम छेत्रियां ह भीदत । नामिए इहेरव नीरह श्रमः शीरत शीरत ॥ এখন দহিত সব পদ-মদভরে। পদহারা হয়ে লাজে ডুবিবে সাগরে 🛭 ভোমার প্রভাপে রবি নাহি করি ভয়। সিশ্বকর রক্ষছায়া ব্যাপ্ত দেশচয়॥ বসিলে তাহার তলে করিবে ব্যজন। যা কিছু হয়েছে ক্লান্তি হবে নিবারণ I কিন্তু যে হৃদয়ে বহি তুষানল প্রায়। জুলিতেছে ধিক্ ধিক্ দহিছে আমায়॥ খুজিলাম কত দেশ বন উপবন। কোথাওত এ তাপ না হোল নিবারণ ॥ কোখা সেই শান্তি-তৰ স্পর্শি যার ছায়া। শীতলিবে আমার এ দমীত্ত কারা।

এই সকল রত ব্যতিরিক্ত অন্থ এক রত্ত ভূমণ্ডল পরিবৈষ্টন পূর্বক তির্যাক্ভাবে উত্তর ও দক্ষিণ অরনাস্তরতে লগ্ন

হর ও শনিরক্ষরতোপরি ছুই ছানে তাহার সম্পাত হয়,
তাহার নাম কান্তিরত বা রবিমার্গ। পৃথিবী হইতে বোদ

হর যে স্থা এই কান্তিরতোপরি ভ্রমণ করিতেছে; বস্তুতঃ
ইহাই পৃথিবীর বার্ষিক গতির পথ, যাহাকে পৃথিবীর কক্ষ
কহে। কান্তিরত নিরক্ষরতের উপরে বক্রভাবে পতিত

হয়, এবং এই ছুই রত্তের সম্পাত ছানে ২০°২৮ পরিমিত
কোণ জ্মো। ক্রান্তিরতের সহিত পরিধিরতের যে ছুই ছানে

সম্পাত হয়, তাহার একটীকে বিষ্বপদদ্ধর ও অপর্টীকে

মহাবির্ব পদ কহে। যৎকালে স্থ্যকে বিষ্বপদ্ধরে উপ
ছিত হইতে দেখা যায়, তখন দিনমান ও রাত্মিমান সমান

হয়। সহৎসরে এই ছুই ক্রান্তিপাত অথবা বিষ্বপদে স্থ্য

ছুইবার উদয় হয়; এ নিমিতে বৎসরের মধ্যে ছুইবার দিন
মান ও রাত্মিমান সমান হইয়া থাকে।

নিরক্ষরতের সমান্তরাল এবং নিরক্ষরত হইতে ক্রমশঃ
দশ দশ অংশ অন্তরে, যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র রত কিপিত হয়
তাহাদিগকে অক্ষরত বা অক্ষসমান্তরাল কহে। নিরক্ষরত
হইতে পৃথিবীর কোন এক স্থানের দূরত্বপরিমাণকে অক্ষ
কহে। ঐ স্থান নিরক্ষের উত্তরে হইলে উত্তর নিরক্ষান্তর
এবং দক্ষিণে হইলে দক্ষিণ নিরক্ষান্তর বলা যায়। পৃথিবীর
পৃষ্ঠে আর কতক্ণুলিন অর্দ্ধরত কপানা করা যায়, তাহারণ
প্রত্যেকে নিরক্ষরতকে লম্বভাবে ছেদ করে এবং এক মেক
হইতে অপার মেক পর্যন্ত আয়ত, তাহাদিগকে মাধ্যাহ্নিক

রেখা বা জাঘিমা কছে। অক্ষয়ত ও জাঘিমা রেখা, ইচ্ছা-মত পুথিবীর সকল স্থানেই কম্পনা করা যাইতে পারে।

জ্যোতির্বেতারা স্ব স্ব দেশীর কোন স্থান বিশেষের মাধ্যাহ্নিক রেখা অবলম্বন করিয়া তথা হইতে দ্রাঘিনা অর্থাৎ দেশন্তরের দূরত্বাগনা আরম্ভ করেন। ভারতবর্থের জ্যোতি-র্বেতারা লক্ষা ও উজ্জয়িনী এবং ইংরাজেরা প্রিসুইচ, ও ফরানীশেরা পারিদ নগরের মাধ্যাহ্নিক রেখা হইতে দ্রাঘিনার গণনা করেন। এই মাধ্যাহ্নিক রেখাকে খগোলবেতারা প্রাথমিক মাধ্যাহ্নিক কহে। প্রাথমিক মাধ্যাহ্নিক বা দ্রাঘিনা রেখা হইতে অতাত স্থানের দূরত্বকে দ্রাঘিনান্তর কহে। প্রাথমিক প্রাথমিক দ্রাঘিনান্তর কহে। প্রাথমিক দ্রাঘান্তর করে। প্রাথমিক দ্রাঘিনান্তর করে। প্রাথমিক দ্রাঘিনান্তর উভরই জানিলে পৃথিবীর দকল স্থানই নিরপণ করা যাইতে পারে।

### (भानाश।

''কিবা মনোলোভা শোভা ধরেছ গোলাপ ! হেরিলে উহার রূপ যায় মনন্তাপ ॥ কিন্তু দেখ কি আশ্চর্য প্রস্ফুটিত হলে । স্বর্ণ বিবর্ণ হয় প্রতি পলে পলে ॥ ক্রেমশঃ মলিন হয় স্করে বরণ। অবশেষে শুক্ক হয়ে ভূতলে পতন ॥

এমন দেশিয়া বিধি কেন ছরে লয় ! সময় হইলে দেখ কিছু নাহি রয়॥ যদিও ছারার রূপ দণ্ডেকের পরে। তথাপি প্রভুত্ব আছে অন্য কুলোপরে **॥** ध्यम छेडात नम यात्र खकाहेता। সৌন্দর্য্য তথন সব ফেলে ছারাইরা॥ এমন দশায় দেখ কিবা চমৎকার। করিতেছে নিরন্তর সুগন্ধ বিভার॥ खकारल शोलांश मन नाहि योग रहना। আত্রাণে গোলাপ বলে জানিবেনা কে না।। সেই রূপ মাদবের জীবন যেবিন। নাহি থাকে ধন কিম্বা আত্মীয় স্বজন। সময় হইলে সব বিনাশিত হয়। তখন উহার আর কিছু নাহি রয়॥ গোলাপের মত নর হয় স্থােভিত। গোলাপের মত ক্রমে হয় বিকশিত॥ গোলাপের মত কর স্থান্ধ বিস্তার! মৃত হলে থাকে যেন নাহি যায় আর ॥ অতএব প্লাঘা নাহি কর কদাচন। যেহেতু অনিত্য জেনো জীবন যেবিন। এই জন্ম ধর্ম পথে সদা দাও মন। বাকিবে সৌরভ সব ছইলে পতন।

### ब्रमाय्य ।

পুর্বতন পণ্ডিতেরা মনে করিতেন যে, ক্লিভি, অপ, তেজ, মৰুৎ ও ব্যোম এই পঞ্চত ছইতে বিশ্বসংসারস্থ যাবতীয় পদার্থ উৎপন্ন হইরাছে, কিন্তু অধুনাতন পদার্থবিৎ পতি-তেরা উহাদিগকে ভেতিক পদার্থ বলিয়া স্বীকার করেন না। তাঁহারা নিঃসংশয়িত রূপে প্রতিপন্ন করিয়াছেন, বায়ু, সলিল ও পৃথিবী ভিন্ন ভিন্ন দ্রব্যের পরম্পর সংযোগে উৎ-পর হইয়াছে। যে জবাকে বিযুক্ত করিলে হুই কিয়া তদ-পেক্ষা অধিক ভিন্ন জাতীয় পদার্থ প্রাপ্ত হওয়া যায়,তাহা-मिश्ति (य)शिक शमार्थ वला यात्र, यथा- खंल, वात्र इंडानि। যে জবাকে বিযুক্ত করিলে ছুই কি ততোহধিক পদার্থ উৎপন্ন इस, जाशानिगरक कृष्ट भनार्थ वरल, यथा-वर्ग, स्त्रोभा, পারদ সীস, ভাত্র, লৌছ, রঙ্গ, গন্ধক, অঙ্গারক ইত্যাদি। মেলিক পদার্থ দ্বিবিধ, ধাতু ও উপধাতু। যে সকল মেলিক পদার্থ চাক্চক্যশালী এবং তাপ ও তড়িতের প্রিচালক তাহাদিগকে ধাতু কহে; - আর ধাতু ভিন্ন মেদিক পদার্থ-গুলিকে উপধাতু বলে•। ধাতু আকরে প্রাপ্ত ছওয়া যায়। আকরে বিশুদ্ধ ও বিমিশ্র হুই প্রকার ধাতু পাওয়া যায়। ধাত যখন সভাৰতঃ নিৰ্দোষ হয় তাহাকে বিশুদ্ধ কছে, আর যখন অন্য বস্তুর সহিত মিঞ্জিত থাকে তখন তাহাকে বিমিঞা বলে।

<sup>\*</sup> অম্ভান, অজ্ঞান, যবক্ষার্জান, অস্থারক, হরিতক,পুতীক অরুণক, কাচাস্তক, গন্ধক, উপগন্ধক, অনুপগন্ধক, প্রক্ষুরক, উস্থ এন, সকতাপ্রদ।

### অজ্ঞান।

অপ অর্থাৎ জলের উৎপাদক বলিয়া এই মূল পদার্থটীর নাম অ্জান হইয়াছে। অজান বায়ু বৰ্ণবিহীন, স্বাদ রহিত ও গন্ধশূন্য। ইহাকে কেহ এপর্যান্ত তরল করিতে পারে নাই। বায়ু অপেকা অজান প্রায় ১৪'৫ গুণ লঘু। ইহার তুল্য লঘু পদার্থ আর ভূমগুলে দৃষ্টিগোচর হয় না, এই জন্য যাহার। ব্যোম্যানে শূন্যোপরি গমন করিয়া থাকে, তাঁছারা এই বায়ু ব্যবহার করিয়া থাকেন। অজ্ঞান দাহক নহে, কিন্তু দাস্থ; ইছাতে প্রাণীর জীবনপোষক শক্তি নাই। তড়িৎ দ্বারাজনকে বিযুক্ত করিলে বিশুদ্ধ অজ্ঞান উৎপ্র হয়। পাঁচশত গ্রেইন চূর্ণ একটা বোতলের মধ্যে রাথিয়া তাহাতে তিন আউন্সজন ও এক ডাম গন্ধক দ্রাবক প্রদান করিলে অক্তান উৎপন্নহয়। অক্তান ও অমজান বোগে ভয়ন্তর তাপ উৎপত্ম হয়। ছই ভাগ অজ্ঞান এক ভাগ অমজান, একত্র করিয়া তাহাতে বিহাতীর ক্ষুলিক काम अकारत म्लाम कताहरल व्यूरकत मात्र मक छेर्शन ছয়। জ্জান বায়ু কোন একটা ক্লুদ্র পাত্তে পূরিত করিয়া তাহার মুখে দীপ শিখা প্রবিষ্ট করিয়া দিলে, তাহা তৎ-কণাৎ জ্বালিতে থাকে, কিন্তু তাহার শীখা অত্যন্ত প্রভা-नानी इय ना।

#### অয়জান।

অমুজান বায়ুর বর্ণ, স্বাদ ও গন্ধ নাই। অজান অপেকা

অমজান ১৬ গুণ ভারী, অর্থাৎ অজ্ঞান বায়ুর গুরুত্তক একক षात्र। निर्दर्भ कतिल, अमुकात्नत्र आशिकिक গুৰুত্ব ১৬ হয়। ইহাকে এপর্যান্ত কেহ তরল করিতে পারে নাই। যৈ বারুরাশি পৃথিবীকে পরিবেষ্টন করিয়া রছি-মাছে, এই অমজান বায়ু তাহার পঞ্চমাংশ। অমজান বায়ু ব্যতীত আমরা এক মুহূর্ত জীবন ধারণ করিতে সক্ষম হইতাম না; এই জন্য ইহাকে প্রাণবায়ু বলিলেও বলা যায়। এই বায়ুর দহন ও জীবন পোষণ শক্তি আছে। এই বায়ুকে আমরা নিঃশ্বাস দারা শরীরাভ্যন্তরে গ্রহণ করিয়া প্রাণ ধারণ করি এবং ইহার দ্বারা শোণিত আরক্তিমবর্ণ হইয়া থাকে। গন্ধক, লেহিময় তার প্রভৃতি অমজানের মধ্যে রাখিলে স্বতেজে দক্ষ হইয়া থাকে। নানা উপায়ে এই বায়ু উৎপন্ন হইয়া থাকে। তড়িৎ দ্বারা জলকে বিযুক্ত করিলে অমজান উৎপন্ন হয়। মেলনিক অমজান লেছিময় বোডলে করিয়া উত্তপ্ত করিলে অমজান নির্গত হয়। লে হময় বোত-লের মধ্যে সোরা চূর্ণ রাখিয়া এ বোতলের মুখ বন্ধ কর,পরে তথায় একটা দক নল প্রবিষ্ট করিয়া বোতলটা উত্তপ্ত করিলে এ নল দিয়া অনজান নিঃস্ত হয়। পটাসিক করেট উত্তপ্ত করিলে অমজান উৎপন্ন হইয়া থাকে। সূর্য্যালোকে क्रकानिक मतम श्रेजानिक बाजा वाजुङ आक्राहिक आज्ञ বিযুক্ত হইলে অমজান উৎপন্ন হইয়া থাকে।

# शमार्थविम्।।

ইন্দ্রির দারা যে সকল বস্তু প্রত্যক্ষ করা যার, তাহা-দিগকে জড়পদার্থ কছে। যে শান্তের দারা ঐ সকল জড় পদার্থের তত্ত্বাসুশীলন হইয়া থাকে, তাহাকে পদার্থ বিজ্ঞা ক্ষে।

পদার্থ বিজ্ঞা হুই অংশে বিভাজিত হইয়া থাকে।
ইহার যে অংশে জড় পদার্থের প্রকৃতি নির্নীত হয়, তাহাকে
প্রাক্ষতিক ইতিরত্ত কহে, আর যে ভাগা পাঠ করিলে প্রাক্ষতিক কার্য্য বিষয়ে জ্ঞান জ্ঞান, তাহাকে প্রাক্ষতিক বিজ্ঞান উত্যই তিন
কহে। প্রাক্ষতিকইতিরত্ত ও প্রাক্ষতিকবিজ্ঞান উত্যই তিন
ভিন ভাগে বিভাজিত হইয়া থাকে। প্রাক্ষতিকইতিরতের
যে ভাগে অঙ্গপ্রভাঙ্গবিরহিত জড় পদার্থের বিবরণ
থাকে, তাহাকে খনিজ্ঞবিজ্ঞা কহে। উহার যে ভাগে অঙ্গপ্রজ্ঞাকবিশিক্ষ কিন্তু স্বেড্রাক্ষতিশক্তিবর্জিত জড়পদার্থের
মর্গন ও বিবরণ থাকে, তাহাকে উদ্ভিজ্ঞ বিজ্ঞা কহে। আর
যে ভাগে স্বেজ্ঞাগতিশক্তিকক্ষান্ন জড় সমন্তের বিবরণ
বর্মিত থাকে, তাহাকে প্রাণিবিজ্ঞা কহে।

প্রাক্তিকবিজ্ঞানের যে ভাগে জড়ের প্রকৃতির কোন বিকার না জিয়িরা অর্থাৎ বস্তুর আস্তৃত্তিক কোন ভাবের পরিবর্ত্ত না ঘটিয়া কোন প্রাকৃতিক কার্য্য উৎপন্ন হয়, ভাহাকে বাছবিজ্ঞান কছে। এই বাছবিজ্ঞান ছয় প্রকাব, যথা—যক্তবিজ্ঞান, বারিবিজ্ঞান, বারুবিজ্ঞান, শব্দবিজ্ঞান, তাপবিজ্ঞান ও দৃষ্টি বিজ্ঞান। প্রাক্ষতিকবিজ্ঞানের যে ভাষ্ট্রা বস্তুর প্রকৃতির বিকার জন্মিয়া কোন প্রাকৃতিক কার্য উৎ-পন্ন হয়, তাহাকে রাসায়নিকবিজ্ঞান কহে। এই বিজ্ঞান হই প্রকার, অব্যূত্পদার্থ রসায়ন ও ব্যূত্পদার্থ রসায়ন। আর যে ভাগে সজীব পদার্থের শরীরগত কার্য্য অর্থাৎ সজীব পদার্থ সমস্তের শরীরে যে সকল রাসায়নিক বা অতি রাসায়নিক কার্য্য লক্ষিত হয়, তাহাকে শারীরবিজ্ঞান কহে। শারীর বিজ্ঞান হই প্রকার, উন্তিজ্ঞানারীর ও প্রাণি-শারীর।

জড়পদার্থের ইন্দ্রিয়প্রাহান্তন তিন প্রকার, তথাধ্যে আরুতিকে একটা প্রধান গুল বলিতে ইইবে। ইহার আর একটা নাম বিস্তৃতি; কারণ পৃথিবীতে এমন কোন বস্তু নাই, যাহার বিস্তার অর্থাৎ দৈর্ঘ্য, প্রস্তু ও বেধ নাই। আর একটা গুলের নাম স্থিতিবিরোধ অর্থাৎ পদার্থটা যে ছানে থাকে, সেই ছান কছা করিয়া বাথে, স্তর্গং ইটা দ্রব্য কোন রূপেই এক সময়ে এক ছানে অবস্থিতি কবিতে পারে না। আরুতি ও স্থিতিবিরোধ এই হুই গুলকে জড়ের স্বতঃ সিদ্ধ গুল কহে, অর্থাৎ আমরা এক প্রকার নৈস্থিকি সংস্কার ঘারা ও স্বস্তু গুল আছে বোধ করিয়া গাকি। জড়ের দ্বিতীয় প্রকার গুলের নাম পরীকাসিদ্ধরণ, করণা স্থতঃ সিদ্ধ গুলের মত উহা সহজে বোধগামা হয় না। জড়ের স্থিতিবিরোধ গুলের মত উহা সহজে বোধগামা হয় না। জড়ের স্থিতিবিরোধ গুলের ঘারা ইহা যে স্থানে থাকে সেই স্থান কছা করিয়া রাখে, কিন্তু আমরা কোন বল গুয়োগা করিয়া উহাকে পূর্বস্থান চ্যুত করিতে পারি।

জড়ের তৃতীর প্রকার গুগের নাম অরুমানসিম্ধ ওণ, व्यर्थार धारे मकल क्षर्भ कल्लामा कतिया निख्या रहा। जाकर्षन ক্রভের একটা অনুমানসিদ্ধ গুণ। আকর্ষণ ছয় প্রকার, মাধ্যা-वर्षन, याशोकाकर्यन, किनिक व्याकर्यन, त्रामात्रनिक व्याकर्यन, क्रीयकांकर्यन ७ जाज्जांकर्यन। देशात्र मत्था त्यांगांकर्यन ७ माधाकर्यन এই प्रवेधि श्रधान। एव छन थाकाटक अकिंग वखत নানা অংশে বিচ্ছিন্ন না হইয়া একত্রিত হইয়া থাকে, তাহাকে যোগাকর্ষণ কছে। আর যে গুণের দারা দুরস্থিত বস্তু সকল भद्रम्भारत्त्व म्राजा आक्रुक्ते इश्, जाहारक माधानकर्षन करह। हुई शामि काठ यमि अकब कड़ा याग्न, जादा दहेल मिरे हुई-টীকে বিভিন্ন করিবার নিমিত্ত কিঞ্চিৎ বল প্রদানের আব-প্রক করে। সেই কাচের একত্র থাকিবার আশয়কে যোগা-कर्रन करहा माधानकर्यात्र योगाकर्यन इहेट वह श्रास्त्र त्य. উহা একটা বস্তু যত দূরে থাকুক না কেন তহুপরি তাহার कार्या इहेट थारक। माधाकर्यन बाजा हत्यस्या निक्रनिक স্থানে রহিয়াছে। কোন একটা বস্তকে উদ্ধে নিকেপ করিলে निष्म आंत्रिज्ञा প্তिত इज्ञ, इंहा পृथिवीत माध्याकर्वन

শক্তি বশত্ৰা লৈ ৰাজনাভাৱ ই ্রি সাইত্রেমী
ভাক সংখ্যাতি ।
পরিগ্রহণ সংখ্যা
পরিগ্রহণ সংখ্যা
পরিগ্রহণ আদিৰ ১০/৭/2০০১

1883

